বৌদ্ধগান ও দোহা

হাজার বছরের

পুরাণ বাঙ্গালা ভাষায়

বৌদ্ধগান ও দোহা

(চর্য্যাচর্য্যবিনিশ্চয়, সরোজবজ্রের দোহাকোষ,
কাহ্নপাদের দোহাকোষ ও ডাকার্ণব)

মহামহোপাধ্যায় হরপ্রসাদ শাস্ত্রী এম্. এ., সি. আই. ই.
সম্পাদিত

বঙ্গীয়-সাহিত্য-পরিষৎ
২৪৩।১, আপার সারকুলার রোড
কলিকাতা-৬

সূচী

মুখবন্ধ

যখন প্রথম চারি দিকে বাঙ্গালা স্কুল বসান হইতেছিল এবং লোকে বিদ্যাসাগর মহাশয়ের বর্ণপরিচয়, বোধোদয়, চরিতাবলী, কথামালা পড়িয়া বাঙ্গালা শিখিতেছিল, তখন তাহারা মনে করিয়াছিল, বিদ্যাসাগর মহাশয়ই বাঙ্গালা ভাষার জন্মদাতা। কারণ, তাহারা ইংরাজীর অনুবাদ মাত্র পড়িত, বাঙ্গালা ভাষার যে আবার একটা সাহিত্য আছে এবং তাহার যে আবার একটা ইতিহাস আছে, ইহা কাহারও ধারণাই ছিল না। তার পর শুনা গেল, বিদ্যাসাগর মহাশয়ের আবির্ভাবের পূর্ব্বে রামমোহন রায় ও গুড়গুড়ে ভট্টাচার্য্য বাঙ্গালার অনেক বিচার করিয়া গিয়াছেন এবং সেই বিচারের বহিও আছে। ক্রমে রামগতি ন্যায়রত্ন মহাশয়ের বাঙ্গালা ভাষার ইতিহাস ছাপা হইল। তাহাতে কাশীদাস, কৃত্তিবাস, কবিকঙ্কণ প্রভৃতি কয়েক জন বাঙ্গালা ভাষার প্রাচীন কবির বিবরণ লিখিত হইল। বোধ হইল, বাঙ্গালা ভাষায় তিন শত বৎসর পূর্ব্বে খানকতক কাব্য লেখা হইয়াছিল; তাহাও এমন কিছু নয়, প্রায়ই সংস্কৃতের অনুবাদ। রামগতি ন্যায়রত্ন মহাশয়ের দেখাদেখি আরও দুই চারিখানি বাঙ্গালা সাহিত্যের ইতিহাস বাহির হইল, কিন্তু সেগুলি সব ন্যায়রত্ন মহাশয়ের ছাঁচেই ঢালা। এই সকল ইতিহাস সত্ত্বেও খ্রীষ্টাব্দের ৮০ কোটায় লোকের ধারণা ছিল যে, বাঙ্গালাটা একটা নূতন ভাষা, উহাতে সকল ভাব প্রকাশ করা যায় না, অনুবাদ ভিন্ন উহাতে আর কিছু চলে না, চিন্তা করিয়া নূতন বিষয় লিখা যায় না, লিখিতে গেলে কথা গড়িতে হয়, নূতন কথা গড়িতে গেলে হয় ইংরাজী, না হয় সংস্কৃত ছাঁচে ঢালিতে হয়, বড় কটমট হয়।

১৮৮৬ খ্রীষ্টাব্দের ১লা জানুয়ারি এইরূপ মনের ভাব লইয়া আমি বেঙ্গল লাইব্রেরির লাইব্রেরিয়ান নিযুক্ত হইলাম, কিন্তু সেখানে গিয়া আমার মনের ভাব ফিরিয়া গেল। কারণ, সেখানে গিয়া আমি অনেকগুলি প্রাচীন বাঙ্গালা পুস্তক দেখিতে পাই। সে কালের ব্রাহ্মণেরা বৈষ্ণবদের একেবারে দেখিতে পারিত না। বিশেষ, চৈতন্যের দলের উপর তাহাদের বিশেষ দ্বেষ ছিল। স্মার্ত্ত ব্রাহ্মণের বাড়ী বৈষ্ণবদের বহি একেবারে দেখা যাইত না। নৈয়ায়িকেরা ত আরও চটা ছিল। সুতরাং আমার অদৃষ্টে বৈষ্ণবদের বহি একেবারে পড়া হয় নাই। বেঙ্গল লাইব্রেরিতে আসিয়া দেখিলাম, বৈষ্ণবদের অনেক বহি ছাপা হইতেছে; শুধু গানের বহি আর সংকীর্ত্তনের বহি নয়, অনেক জীবন-চরিত ও ইতিহাসের বহিও ছাপা হইতেছে। বাঙ্গালা দেশে যে এত কবি, এত পদ ও এত বহি ছিল, কেহ বিশ্বাস করিত না। তাই ১৮৯১ সালে কম্বুলেটোলার লাইব্রেরির বাৎসরিক উৎসবে আমি একটি প্রবন্ধ পড়ি। ঐ প্রবন্ধে প্রায় ১৫০ জন কবির নাম এবং তাঁহাদের অনেকের জীবন-চরিত ও তাঁহাদের গ্রন্থের কিছু কিছু সমালোচনা করি। সভায় গিয়া দেখি, আমিও যেমন বাঙ্গালা সাহিত্য ও

তাহার ইতিহাস সম্বন্ধে বড় কিছু জানিতাম না, অধিকাংশ লোকই সেইরূপ ; বাঙ্গালায় এত বহি আছে শুনিয়া সকলেই আশ্চর্য্য হইয়া গেলেন, অথচ আমি যে সকল বহির নাম করিয়াছিলাম, তাহা প্রায় সকলই ছাপা বহি, কলিকাতাতেই কিনিতে পাওয়া যাইত। একজন সমালোচক বলিলেন,—"আমি প্রবন্ধ সমালোচনা করিব বলিয়া বাঙ্গালা সাহিত্যের সব কয়খানি ইতিহাস পড়িয়া আসিয়াছি, কিন্তু আমি এ প্রবন্ধ সমালোচনা করিতে পারিলাম না।" আর একজন প্রসিদ্ধ লেখক ঢাকা হইতে লিখিয়াছিলেন,—'আমি যেন একটা নূতন জগতে প্রবেশ করিলাম।'

এই সকল সমালোচনায় উৎসাহিত হইয়া আমি ভাবিলাম, যদি ছাপা পুথির উপর প্রবন্ধেই এত নূতন খবর পাওয়া গেল, হাতের লেখা পুথি খুঁজিতে পারিলে না জানি কত কি নূতন খবর দিতে পাইব। সুতরাং বাঙ্গালা পুথি খোঁজার জন্য একটা উৎকট আগ্রহ জন্মিল। সেই সময়ে রাজা রাজেন্দ্রলাল মিত্রের দেহান্ত হইল এবং বাঙ্গালা, বিহার, আসাম ও উড়িষ্যার পুথি খোঁজার ভার আমার উপর পড়িল, আমি সেই সঙ্গে বাঙ্গালা পুথি খুঁজিতে লাগিলাম, ট্রাবেলিং পণ্ডিতদেরও বলিয়া দিলাম, তোমরা বাঙ্গালা পুথির সন্ধান আনিবে এবং পার ত কিনিবে। নানা কারণে আমার সংস্কার হইয়াছিল যে, ধর্ম্মমঙ্গলের ধর্ম্মঠাকুর বৌদ্ধধর্ম্মের শেষ। সুতরাং ধর্ম্মঠাকুর সম্বন্ধে কোন পুথি পাইলে তাহার সন্ধান করা, কেনা ও কপি করা একান্ত আবশ্যক, এ কথাটা আমি বেশ করিয়া বুঝাইয়া দিয়াছিলাম। শুদ্ধ তাই নয়, যেখানে ধর্ম্মঠাকুরের মন্দির আছে, সেইখান হইতে মন্দির ও মন্দিরের দেবতার বিবরণ সংগ্রহ করিতে হইবে এবং ধর্ম্মঠাকুর সম্বন্ধে চলিত ছড়াও সংগ্রহ করিবে। প্রথমেই তাঁহারা মাণিক গাঙ্গুলীর ধর্ম্মমঙ্গল আনিয়া দিলেন। পুথির মালিক ছাড়িয়া দিতে চায় না, বিদ্যাসাগর মহাশয়ের সেজ ভাই শম্ভুচন্দ্র বিদ্যারত্ন জামিন হইয়া মাসিক ১০৲ দশ টাকা ভাড়ায় আমাকে ঐ পুথি পাঠাইয়া দেন, আমি বাড়ী বসিয়া তাহা কপি করাই। খাঁটী ব্রাহ্মণের ছেলে, ন্যায়শাস্ত্রের পড়ুয়া, ধর্ম্মঠাকুরের বহি কেন লেখে এবং কেমন লেখে, জানিবার জন্য বিশেষ আগ্রহ হইয়াছিল, তাই এইরূপ কঠোর নিয়মে আবদ্ধ হইয়া সে পুথিখানি ধার করিয়াছিলাম। সে পুথি বহু দিন হইল, সাহিত্য-পরিষদে ছাপা হইয়া গিয়াছে। আর একখানি পুথি পাইয়াছিলাম—শূন্যপুরাণ, রামাই পণ্ডিতের লেখা। তাহাতে ধর্ম্মঠাকুরের পূজাপদ্ধতি অনেক আছে এবং তাহার শেষে 'নিরঞ্জনের উষ্মা' নামে রামাই পণ্ডিতের একটি লম্বা ছড়া আছে। সে ছড়া পড়িলে ধর্ম্মঠাকুর যে হিন্দু ও মুসলমানের বার, সে বিষয়ে কোন সন্দেহ থাকে না। ব্রাহ্মণের অত্যাচারে অত্যন্ত প্রপীড়িত হইয়া ধর্ম্মঠাকুরের সেবকগণ তাঁহার নিকট উদ্ধার কামনা করিল। তিনি যবনরূপে অবতীর্ণ হইয়া ব্রাহ্মণদের সর্ব্বনাশ করিলেন। রামাই ঠাকুরের ছড়াগুলি নিশ্চয় মুসলমান অধিকারের পরে লেখা হইয়াছিল। বেশী পরেও নয়। মুসলমানরা ব্রাহ্মণদের জব্দ করিয়াছিল দেখিয়া ধর্ম্মঠাকুরের দল খুশী হইল, অথবা ইহাও হইতে পারে, তাহারাই মুসলমানকে ডাকিয়া

আনিয়াছিল। শূন্যপুরাণ সাহিত্য-পরিষদের জন্য নগেন্দ্র বাবু ছাপাইয়াছেন। আর একখানি পুস্তক পাইয়াছিলাম, অনেক কষ্টে, অনেক পরিশ্রমের পর ময়ূরভট্টের ধর্ম্মমঙ্গল; সেখানি বোধ হয়, পঞ্চদশ শতাব্দীর লেখা; কারণ, তাহাতে রাঢদেশে বর্দ্ধমান ও মঙ্গলকোট প্রধান জায়গা। আর একখানি পুস্তক পাইয়াছিলাম, তাহা না বাঙ্গালা, না সংস্কৃত, এক অপরূপ ভাষায় লিখিত। মঙ্গলাচরণ-শ্লোকের শেষে আছে,—"বক্তি শ্রীরঘুনন্দনঃ।" অর্থাৎ যিনি গ্রন্থ লিখিয়াছিলেন, তিনি আমাদিগকে বুঝাইয়া দিতে চান যে, তাহা রঘুনন্দনের অষ্টাবিংশতি তত্ত্বের এক তত্ত্ব; সুতরাং হিন্দুদিগের একখানি প্রমাণ-গ্রন্থ। উহাতে ধর্ম্মঠাকুরের ও তাঁহার আবরণ-দেবতাগণের উল্লেখ ও তাঁহাদের পূজাপদ্ধতির ব্যবস্থা আছে। এই পুথিখানি হইতে আরও বুঝিতে হইবে যে, রঘুনন্দনেরও পরে বাঙ্গালা দেশে এত বৌদ্ধ ছিল যে, তাহাদের জন্য একখানি তত্ত্ব লেখাও আবশ্যক হইয়াছিল।

আমি যখন এইরূপে বাঙ্গালা পুথি সংগ্রহ করিতেছি, তখন নগেন্দ্র বাবুও আমার মত পুথি সংগ্রহ করিতে লাগিলেন। তাঁহার পুথি-সংগ্রহ অন্যরূপ, তিনি ঘরে বসিয়া পুথি কিনিতেন। যাহারা পাড়াগাঁয়ে বটতলার বহি বেচিতে যায়, তারা বইয়ের বদলে পুথি লইয়া আসিত, নগেন্দ্র বাবু তাহাদের নিকট পুথি কিনিতেন। তিনি কত পুথি কিনিয়াছিলেন, জানি না; তবে তাঁহার পুথিগুলি এখন ইউনিভার্সিটিতে আছে। আমি প্রায় পাঁচ শত পুথি সংগ্রহ করিয়াছিলাম। এশিয়াটিক সোসাইটির জন্যই সংগ্রহ করিয়াছিলাম, এশিয়াটিক সোসাইটিতে আছে।

এই সময়ে বাঙ্গালা পুস্তক-সংগ্রহ-বিষয়ে আমার একজন সহায় জুটিয়াছিলেন। কুমিল্লা স্কুলের হেড মাষ্টার শ্রীযুক্ত দীনেশচন্দ্র সেন, বি. এ., বাঙ্গালা সাহিত্যের ইতিহাস লিখিবেন বলিয়া এশিয়াটিক সোসাইটির সাহায্য প্রার্থনা করেন এবং সোসাইটি তাঁহার চিঠি আমাকে পাঠাইয়া দেন। ইহাতে পূর্ব্ববাঙ্গালায় পুথি খোঁজার সুবিধা হইবে বলিয়া আমি আমার ট্রাবেলিং পণ্ডিত শ্রীযুক্ত বিনোদবিহারী কাব্যতীর্থ মহাশয়কে এক বৎসরের জন্য দীনেশ বাবুর কাছে রাখিয়া দিই এবং দীনেশ বাবুর কথামত বাঙ্গালা পুথি খরিদ করিতে বলি। আরও বলিয়া দিই যে, দীনেশ বাবু উহা যত দিন ইচ্ছা রাখিতে পারেন। দীনেশ বাবুর সাহায্যে পরাগলির মহাভারত, ছুটি খাঁর অশ্বমেধপর্ব্ব প্রভৃতি অনেকগুলি গ্রন্থ খরিদ হয়।

যখন ধর্ম্মঠাকুর সম্বন্ধে অনেকগুলি পুথি সংগ্রহ হইল এবং অনেক বৃত্তান্ত পাওয়া গেল, তখন ধর্ম্মঠাকুর যে বৌদ্ধ, আমি একটি বাঙ্গালা প্রবন্ধে সেইটি লিপিবদ্ধ করিলাম। এইরূপ লিপিবদ্ধ করার প্রধান কারণ এই যে, ঐ সম্বন্ধে বাঙ্গালায় যাহা কিছু পাওয়া গিয়াছে, তাহার একটা ইতিহাস লিখিয়া রাখিয়া, নেপালে হিন্দুরাজার অধীনে বৌদ্ধ ধর্ম্ম কিরূপ চলিতেছে, দেখিতে যাইব। সে প্রবন্ধ প্রকাশ করিবার আমার কিছুমাত্র ইচ্ছা ছিল না। প্রবন্ধটি যখন লিখিতেছি, তখন নগেন্দ্র বাবু আমার নৈহাটীর বাড়ীতে যান।

কথা ছিল, তিনি আমার সঙ্গে যাইবেন; তাঁহার যাওয়া হইল না, সেই কথা বলিবার জন্য তিনি নৈহাটী যান এবং সেখান হইতে সাহিত্য-পরিষদে দিব বলিয়া প্রবন্ধটি লইয়া আসেন। আসিয়া শুনিলাম, আমার অনুপস্থিতিতে যখন এই প্রবন্ধ পড়া হয়, তখন অনেকে ঘোরতর আপত্তি করিয়াছিলেন। একজন বলিয়াছিলেন,—ছিঃ! জেলে মালারা যে ধর্ম্মঠাকুরের পূজা করে, সে ধর্ম্মঠাকুর কি না বৌদ্ধ! ছিঃ!

যা হোক, আমি নেপাল হইতে আসিয়া "Discovery of Living Buddhism in Bengal" নামে একটি ইংরাজী প্রবন্ধ ছাপাই। এইবার প্রকাশ্যে বলিয়া দিই, ধর্ম্মঠাকুরের পূজাই বৌদ্ধধর্ম্মের শেষ।

আমি মনে করি, বাঙ্গালা পুথি খোঁজার এইটিই প্রথম ও প্রধান সুফল। ইহার দ্বারা আমরা বেশ জানিতে পারি যে, কেন ১২০০ শত বৎসর পূর্ব্বে আদিশূর রাজা বাঙ্গালা দেশে ব্রাহ্মণ আনাইবার জন্য এত ব্যস্ত হইয়াছিলেন, কেন ব্রাহ্মণদিগকে গ্রাম দান করিয়া বসাইবার জন্য রাজারা এত ব্যস্ত হইয়াছিলেন এবং কেন বাঙ্গালা দেশে কতকগুলি জাত আচরণীয় এবং কতকগুলি জাত একেবারে অনাচরণীয় হইয়া রহিয়াছে।

এইরূপ বাঙ্গালা পুথি খোঁজার আর একটি সুফল হইয়াছে। ইংরাজী ১৮৯৭-৯৮ খ্রীষ্টাব্দে যখন আমি দুই বার নেপালে যাই, তখন কতকগুলি সংস্কৃত পুস্তক দেখিতে পাই। উহার মধ্যে মধ্যে একরূপ নূতন ভাষায় কিছু কিছু লেখা আছে; হয় সেগুলি সংস্কৃতে যাহা লেখা আছে, তাহারই প্রমাণস্বরূপ, অথবা মূলটাই সেই ভাষায় লিখিত, টীকা সংস্কৃত। ডাকার্ণব নামে একখানি পুস্তক আছে, ইহার মাঝে মাঝে এইরূপ নূতন ভাষায় অনেক লেখা আছে। ডাকার্ণব নাম শুনিয়াই আমি মনে করিলাম, সেগুলি ডাকপুরুষের বচন হইবে এবং তাই মনে করিয়া উহার একখানি নকল লইয়া আসি। পড়িয়া দেখি, সে বাঙ্গালা নয়, কি ভাষায় লিখিত, তাহা কিছুই স্থির করিতে পারিলাম না। আর একখানি পুস্তক পাইলাম, তাহার নাম 'সুভাষিত-সংগ্রহ,' উহারও মধ্যে মধ্যে একটি নূতন ভাষায় কিছু কিছু লেখা আছে এবং আর একখানি পুস্তক দেখিলাম—'দোঁহাকোষ-পঞ্জিকা'।

'সুভাষিত-সংগ্রহ'খানি বেণ্ডল সাহেব নকল করিয়া লইলেন এবং 'দোঁহাকোষ-পঞ্জিকা'খানি আমি নকল করিয়া লইলাম। বেণ্ডল সাহেব 'সুভাষিত-সংগ্রহ'খানি ছাপাইয়াছেন এবং ছাপাইবার সময় আমার দোঁহাকোষ-পঞ্জিকাখানি লইয়া যান, আমি সেখানি আর ফিরিয়া পাই নাই। পরে শুনিতে পাইলাম, যে পুথিখানি হইতে আমার দোঁহাকোষ-পঞ্জিকা নকল হইয়াছিল, তাহা জাপানে চলিয়া গিয়াছে। ১৯০৭ সালে আবার নেপালে গিয়া আমি কয়েকখানি পুথি দেখিতে পাইলাম। একখানির নাম 'চর্য্যাচর্য্য-বিনিশ্চয়,' উহাতে কতকগুলি কীর্ত্তনের গান আছে ও তাহার সংস্কৃত টীকা আছে। গানগুলি বৈষ্ণবদের কীর্ত্তনের মত, গানের নাম "চর্য্যাপদ"। আর একখানি পুস্তক পাইলাম—তাহাও দোঁহাকোষ, গ্রন্থকারের নাম সরোরুহবজ্র, টীকাটি সংস্কৃতে, টীকাকারের নাম

অদ্বয়বজ্র। আরও একখানি পুস্তক পাইলাম, তাহার নামও দোহাকোষ, গ্রন্থকারের নাম কৃষ্ণাচার্য্য, উহারও একটি সংস্কৃত টীকা আছে।

বেণ্ডল যে সুভাষিত-সংগ্রহ ছাপাইয়াছেন, তিনি তাহার পরিশিষ্টে এই নূতন ভাষার আটাশটি দোহা টীকাটিপ্পনী সমেত দিয়াছেন। তিনি বলেন, ঐ ভাষা একটি প্রাচীন অপভ্রংশ ভাষা, তাহার একটি দোহা এখানে দিতেছি।

গুরু উবএসো অমিঅরসু হবহিং ন পিঅউ জেহি।
বহুসল্মমরুত্থলিহিঁ তিসিএ মরিথউ তেহি। [পত্রাঙ্ক ১০২]

বেণ্ডল সাহেবের পাঠ একটু আলাদা রকমের—

গুরু উবএসহ অমিঅ রসু হবহি ণ পীউ জেহি
জহ সথে(ণ) মরুত্থলিহিং তিসিঅ মরিউ তেহি।

প্রফেসর বেণ্ডল তাঁহার প্রথম পরিশিষ্টে এক বার বলিয়াছেন, ঐগুলি অপভ্রংশ ভাষা, আর এক বার বলিয়াছেন, বৌদ্ধ প্রাকৃত ভাষা এবং চতুর্থ পরিশিষ্টে শুদ্ধ প্রাকৃত শব্দে উহাদের উল্লেখ করিয়াছেন। সুতরাং এ ভাষাটি যে কি, তিনি স্থির করিয়া উঠিতে পারেন নাই। বাস্তবিক প্রাকৃত অপভ্রংশ পালি প্রভৃতি শব্দের কোন নির্দ্দিষ্ট অর্থ নাই। সংস্কৃত হইতে উৎপন্ন হইলেই তাহাকে প্রাকৃত বলে। অশোকের শিলালিপিও প্রাকৃত, পালিও প্রাকৃত, জৈনপ্রাকৃতও প্রাকৃত, নাটকের প্রাকৃতও প্রাকৃত, বাঙ্গালাও প্রাকৃত, মারাঠীও প্রাকৃত। প্রাকৃত ব্যাকরণে যে ভাষা কুলায় না, তাহাকে অপভ্রংশ বলে। দণ্ডী কাব্যাদর্শে বলিয়াছেন,—ভাষা চার রকম ;— সংস্কৃত, প্রাকৃত, অপভ্রংশ ও মিশ্র। দণ্ডী কোন্ কালের লোক, তাহা জানি না, তবে তিনি যে খ্রীঃ ৬ শতকের পূর্ব্বে, সে বিষয়ে সন্দেহ নাই। তিনি মহারাষ্ট্র ভাষাকে ভাল প্রাকৃত বলিয়াছেন এবং সেই ভাষায় লিখিত ‘সেতুবন্ধ কাব্যে’র উল্লেখ করিয়াছেন। ভরত-নাট্যশাস্ত্রে ভাষার আর এক রকম ভাগ আছে। উহাতে বলে,—সংস্কৃত ছাড়া দুইটা ভাষা আছে, ভাষা আর বিভাষা। তিনি মহারাষ্ট্র ভাষার নাম করেন না, দাক্ষিণাত্য, অবন্তী, মাগধী, অর্দ্ধমাগধী প্রভৃতিকে ভাষা বলেন, আর আভীরী, সৌবীরী প্রভৃতিকে বিভাষা বলেন। তিনি প্রাকৃত একটা ভাষা বলেন না, উহাকে পাঠ বলেন। সংস্কৃত পাঠ ও প্রাকৃত পাঠ। সুতরাং যখন নাট্যশাস্ত্র লেখা হয়, অর্থাৎ খ্রীঃ পূঃ ২য় শতাব্দীতে ভিন্ন ভিন্ন দেশে ভিন্ন ভিন্ন ভাষা প্রচলিত ছিল, ভাষা অর্থাৎ সংস্কৃত হইতে উৎপন্ন ভাষা, যেগুলি সংস্কৃত হইতে উৎপন্ন নয়, সেগুলি বিভাষা। তিনি বলিয়াছেন,—বিভাষাও নাটকে চলিতে পারে, কিন্তু অন্ধ্র, বাহ্লীক প্রভৃতি ভাষা একেবারে চলিবে না। ভরত-নাট্যশাস্ত্রে ও দণ্ডীর কাব্যাদর্শে ভয়ানক মতভেদ দেখা যায়। বররুচি ‘প্রাকৃত-প্রকাশে’ মহারাষ্ট্রী, সৌরসেনী, মাগধী ও পৈশাচী, চারিটি ভাষা প্রাকৃত বলিয়াছেন, তাহার মধ্যে মহারাষ্ট্রীর প্রকৃতি সংস্কৃত, সৌরসেনীর প্রকৃতি মহারাষ্ট্রী, পৈশাচীর প্রকৃতি সৌরসেনী। আরও অনেক প্রাকৃত ব্যাকরণ আছে। যিনি যখন প্রাকৃত ব্যাকরণ লিখিয়াছেন,

কতকগুলি প্রাকৃত বহি লইয়া একখানি ব্যাকরণ লিখিয়াছেন এবং যাহার সহিত মিলিবে না, তাহাকে অপভ্রংশ বলিয়াছেন। এইরূপে যে কত অপভ্রংশ ভাষা হইয়াছে, তাহা বলিতে পারা যায় না। তাই রাগ করিয়া বুঁদির রাজার চারণ সুরজমল বলিয়া দিয়াছেন, যে ভাষায় বেশী বিভক্তি নাই, সেই অপভ্রংশ। ভারতবর্ষে অধিকাংশ চলিত ভাষায় বিভক্তি নাই, তারা সবই অপভ্রংশ। প্রফেসর বেণ্ডল এই নূতন ভাষাকে অপভ্রংশ বলিয়াছেন বলিয়াই আমরা এত কথা বলিলাম। আমার বিশ্বাস, যাঁরা এই ভাষা লিখিয়াছেন, তাঁরা বাঙ্গালা ও তন্নিকটবর্ত্তী দেশের লোক। অনেকে যে বাঙ্গালী ছিলেন, তাহার প্রমাণও পাওয়া গিয়াছে। যদিও অনেকের ভাষায় একটু একটু ব্যাকরণের প্রভেদ আছে, তথাপি সমস্তই বাঙ্গালা বলিয়া বোধ হয়। এ সকল গ্রন্থ তিব্বতীয় ভাষায় তর্জ্জমা হইয়াছিল এবং সে তর্জ্জমা তেঙ্গুরে* আছে। প্রফেসর বেণ্ডল দুই চারি জায়গায় ঐ তর্জ্জমা ব্যবহার করিয়াছেন। ইংরাজী ৭ হইতে ১৩ শতের মধ্যে তিব্বতীরা সংস্কৃত বহি খুব তর্জ্জমা করিত, শুদ্ধ সংস্কৃত কেন, ভারতবর্ষের সকল ভাষার বহি তর্জ্জমা করিত, অনেক সময়ে তাহারা তর্জ্জমার তারিখ পর্য্যন্ত লিখিয়া রাখিয়াছে। তাহা হইলে এই বাঙ্গালা বহিগুলি ৭ শত হইতে ১৩ শতের মধ্যে লেখা হইয়াছিল ও তর্জ্জমা হইয়াছিল। খ্রীষ্টীয় ৮।৯।১০।১১।১২ শতে এই সকল বহিগুলি লেখা হইয়াছিল বলা যায়। প্রফেসর বেণ্ডল কয়েকটি দোঁহা মাত্র পাইয়াছিলেন, আমি দুইখানি দোঁহাকোষ পাইয়াছি, একখানিতে তেত্রিশটি দোঁহা আছে, আর একখানিতে প্রায় এক শতটি আছে। শেষোক্ত দোঁহাখানির সর্ব্বত্র মূল নাই। টীকার মধ্যে অনেক স্থলে পুরা দোঁহাটি ধরিয়া দেওয়া আছে, অনেক স্থলে কেবল আদ্যক্ষর ধরিয়া দেওয়া আছে। তবে ১০০ এক শতের অধিক হইবে ত কম হইবে না। দোঁহাগুলিতে গুরুর উপর ভক্তি করিতে বড়ই উপদেশ দেয়। ধর্ম্মের সূক্ষ্ম উপদেশ গুরুর মুখ হইতে শুনিতে হইবে, পুস্তক পড়িয়া কিছু হইবে না। একটি দোঁহায় বলিয়াছে,—গুরু বুদ্ধের অপেক্ষাও বড়। গুরু যাহা বলিবেন, বিচার না করিয়া তাহা তৎক্ষণাৎ করিতে হইবে। সরোরুহপাদের দোঁহাকোষে এবং অদ্বয়বজ্রের টীকায় ষড়্দর্শনের খণ্ডন আছে। সেই ষড়্দর্শন কি কি? ব্রহ্ম, ঈশ্বর, অর্হৎ, বৌদ্ধ, লোকায়ত ও সাঙ্খ্য। জাতিভেদের উপর গ্রন্থকারের বড় রাগ। তিনি বলেন,—ব্রাহ্মণ ব্রহ্মার মুখ হইতে হইয়াছিল; যখন হইয়াছিল, তখন হইয়াছিল, এখন ত অন্যেও যেরূপে হয়, ব্রাহ্মণও সেইরূপে হয়, তবে আর ব্রাহ্মণত্ব রহিল কি করিয়া? যদি বল, সংস্কারে ব্রাহ্মণ হয়, চণ্ডালকে সংস্কার দাও, সে ব্রাহ্মণ হোক্; যদি বল, বেদ পড়িলে ব্রাহ্মণ হয়, তারাও পড়ুক। আর তারা পড়েও ত, ব্যাকরণের মধ্যে ত বেদের শব্দ আছে! আর

---

* তিব্বত দেশের লোক বৌদ্ধধর্ম্ম অবলম্বন করিয়া ভারতবর্ষের অনেক বৌদ্ধ এবং হিন্দুপুস্তক তর্জ্জমা করে। এই সকল পুস্তকের দুইটি ভাগ আছে। যাহাতে বুদ্ধের বচন আছে, তাহাকে "কেঙ্গুর" বলে, অবশিষ্ট সমস্তের নাম "তেঙ্গুর"।

আগুনে ঘি দিলে যদি মুক্তি হয়, তাহা হইলে অন্য লোকে দিক না। হোম করিলে মুক্তি যত হোক না হোক, ধোঁয়ায় চক্ষের পীড়া হয়, এই মাত্র। তাহারা ব্রহ্মজ্ঞান ব্রহ্মজ্ঞান বলে। প্রথম তাহাদের অথর্ববেদের সত্তাই নাই, আর অন্য তিন বেদের পাঠও সিদ্ধ নহে, সুতরাং বেদেরই প্রামাণ্য নাই। বেদ ত আর পরমার্থ নয়, বেদ ত আর শূন্য শিক্ষা দেয় না, বেদ কেবল বাজে কথা বলে।

যাহারা ঈশ্বরধর্ম্ম মানে, তাহাদের সম্বন্ধে সরোরুহবজ্র বলেন,—ঈশ্বরপরায়ণেরা গায়ে ছাই মাখে, মাথায় জটা ধরে, প্রদীপ জ্বালিয়া ঘরে বসিয়া থাকে, ঘরের ঈশান কোণে বসিয়া ঘণ্টা চালে, আসন করিয়া বসে, চক্ষু মিট্‌মিট্ করে, কানে খুসখুস করে ও লোককে ধাঁধা দেয়। অনেক 'রণ্ডী' 'মুণ্ডী' এবং নানাবেশধারী লোক এই গুরুর মতে চলে। কিন্তু যখন কোন পদার্থই নাই, যখন বস্তুই বস্ত নয়, তখন ঈশ্বরও ত বস্তু, তিনি কেমন করিয়া থাকেন। ব্যাপকের অভাবে ত ব্যাপ্য থাকিতে পারে না। বলিবে, কর্ত্তা বলিয়া ঈশ্বর আছেন, যখন বস্তুই নাই, তখন ঈশ্বর কি করিবেন?

ক্ষপণকদের সম্বন্ধে তিনি বলিতেছেন,—ক্ষপণকেরা কপট মায়াজাল বিস্তার করিয়া লোক ঠকাইতেছে, তাহারা তত্ত্ব জানে না, মলিন বেশ ধারণ করিয়া থাকে এবং আপনার শরীরকে কষ্ট দেয়। নগ্ন হইয়া থাকে এবং আপনার কেশোৎপাটন করে। যদি নগ্ন হইলে মুক্তি হয়, তাহা হইলে শৃগাল-কুকুরের মুক্তি আগে হইবে। যদি লোমোৎপাটনে মুক্তি হয়, তাহা হইলে অনেক পদার্থের মুক্তি হইবে। ময়ূরপুচ্ছ গ্রহণ করিলে যদি মুক্তি হয়, তাহা হইলে হাতী-ঘোড়াকে ত ময়ূরপুচ্ছ দিয়া সাজায়, তাহা হইলে তাদের আগে মুক্তি হওয়া উচিত। সরোরুহপাদ আরও বলেন,—ক্ষপণকদের যে মুক্তি, সে আমার কিছুই বলিয়া মনে হয় না। তাহারা তত্ত্ব জানে না, তাহারা জীব বলিয়া যে পদার্থ মানে, সে জীব জীবই হইতে পারে না, সকলই কারণ হইতে উৎপন্ন হয়, সকলই ভ্রান্তি। তাহারা বলে,—মোক্ষ নিত্য, কিন্তু এ কথা হইতেই পারে না; কারণ, তাহারা বলে, ব্রহ্মাণ্ডের উপর মোক্ষ চন্দ্রাকারে ছিয়াশী হাজার যোজন ব্যাপিয়া আছে, কিন্তু ব্রহ্মাণ্ড ত অনিত্য, তাহার ত নাশ আছে, ব্রহ্মাণ্ড নাশ হইলে চন্দ্র কোথায় থাকিবে? মোক্ষ লোপ হইয়া যাইবে।

শ্রমণদের সম্বন্ধে সরোরুহ বলেন,—যে বড় বড় স্থবির আছেন, কাহারও দশ শিষ্য, কাহারও কোটি শিষ্য, সকলেই গেরুয়া কাপড় পরে, সন্ন্যাসী হয় ও লোক ঠকাইয়া খায়। যাহারা হীনযান, তাহাদের যদি শীলভঙ্গ হয়, তাহারা তৎক্ষণাৎ নরকে যায়। যাহারা শীল রক্ষা করে, তাহাদের না হয় স্বর্গই হউক, মোক্ষ হইতে পারে না। যাহারা মহাযান আশ্রয় করে, তাহাদেরও মোক্ষ হয় না; কারণ, তাহারা কেহ কেহ সূত্র ব্যাখ্যা করে, কিন্তু তাহাদের ব্যাখ্যা অদ্ভুত, সে সকল নূতন ব্যাখ্যায় কেবল নরকই হয়। কেহ

পুস্তক লেখে, কিন্তু পুস্তকের অর্থ জানে না, সুতরাং তাহাদের নরকই হয়। সহজ পন্থা ভিন্ন পন্থাই নাই। সহজ পন্থা গুরুর মুখে শুনিতে হয়।

এখানে পুথির একটি পাতা না থাকায় সরোরুহ কি প্রকারে লোকায়ত ও সাংখ্যমত খণ্ডন করিয়াছেন, তাহা জানা যায় না। তিনি বলেন,—সহজ-মতে না আসিলে মুক্তির কোন উপায় নাই। সহজ-ধর্ম্মে বাচ্য নাই, বাচক নাই এবং ইহাদের সম্বন্ধও নাই। যে যে-উপায়ে মুক্তির চেষ্টা করুক না কেন, শেষ সকলকে সহজ পথেই আসিতে হইবে। তিনি বলেন,—মানুষ আপনার স্বভাবটাই বুঝে না। ভাবও নাই, অভাবও নাই, সকলই শূন্যরূপ অর্থাৎ ভব ও নির্ব্বাণে কোনও প্রভেদ নাই। দু-ই এক, সুতরাং সহজিয়ারা অদ্বয়বাদী। মানুষের স্বভাব যদি এই হইল, তখন তাহাকে বদ্ধ করে কে? সরোরুহপাদের শেষ দুইটি দোঁহা এই ;—

পর অপ্পাণ ম ভত্তি করু সঅল নিরন্তর বুদ্ধ।
এহুসো নিম্মল পরম পউ চিত্ত সহাবেঁ সুদ্ধ॥

আপনি ও পর, এ ভ্রান্তি করিও না (দু-ই এক); সকলই নিরন্তর বুদ্ধ, এই সেই নির্ম্মল পরমপদ্মরূপ চিত্ত স্বভাবতই শুদ্ধ।

অদ্বঅচিত্ত তরুঅর ফরাউ তিহুঅণেঁ বিত্থা [র]
করুণা ফুল্লিঅ ফল ধরই ণামে পর উআর। [পত্রাঙ্ক ১১৯]

অদ্বয় চিত্ততরু ত্রিভুবনে বিস্তৃত হইয়া স্ফূর্ত্তি পায়, তখন করুণার ফুল ফোটে এবং ফল ধরে, সে ফলের নাম পর-উপকার।

যত দূর সংক্ষেপে পারিলাম, সরোরুহবজ্রপাদের দোঁহা ও অদ্বয়বজ্রের টীকার মূল কথাগুলি বলিয়া দিলাম। সহজিয়া ধর্ম্মের যত বই আছে, সকলেরই মূল কথা ঐ এক, কিন্তু ইহাতে একটি মুস্কিল আছে; সেটি এই যে, সহজিয়া ধর্ম্মের সকল বইই সন্ধ্যা ভাষায় লেখা। সন্ধ্যা ভাষায় মানে আলো আঁধারি ভাষা, কতক আলো, কতক অন্ধকার, খানিক বুঝা যায়, খানিক বুঝা যায় না অর্থাৎ এই সকল উচু অঙ্গের ধর্ম্মকথার ভিতরে একটা অন্য ভাবের কথাও আছে। সেটা খুলিয়া ব্যাখ্যা করিবার নয়। যাঁহারা সাধন-ভজন করেন, তাঁহারাই সে কথা বুঝিবেন, আমাদের বুঝিয়া কাজ নাই। আমরা সাহিত্যের কথা কহিতে আসিয়াছি, সাহিত্যের কথাই কহিব।

এখন এই যে ভাষা, যাহাকে আমি বাঙ্গালা বলিতেছি, ইহা বাঙ্গালা কি না? সরোরুহ-বজ্রের দুইটা দোঁহা দিয়াছি, একটা গান দিই। এই গানটি চর্য্যাচর্য্য-বিনিশ্চয় নামক সহজিয়া গ্রন্থে আছে। সরোরুহ শব্দ বাঙ্গালায় সরহ হয়, এই গানের ভণিতায়ও সরহ আছে—

অপণে রচি রচি ভবনির্বাণা
মিছেঁ লোঅ বন্ধাবএ অপনা॥ ধ্রু॥

অন্তে ন জাণঁহু অচিন্ত জোই
জাম মরণ ভব কইসণ হোই ॥ ধ্রু ॥
জইসো জাম মরণ বি তইসো
জীবন্তে মঅলেঁ ণাহি বিশেসো ॥ ধ্রু ॥
জাএথু জাম মরণ বিসঙ্কা
সো করউ রস রসাণেরে কংখা ॥ ধ্রু ॥
জে সচরাচর তিঅস ভমন্তি
তে অজরামর কিম্পি ন হোন্তি ॥ ধ্রু ॥
জামে কাম কি কামে জাম
সরহ ভণতি অচিন্ত সো ধাম ॥ ধ্রু ॥ (পত্রাঙ্ক ৩৮)

লোক মিথ্যা মিথ্যা আপনার মনে মনে ভব ও নির্ব্বাণ রচনা করিয়া আপনাকে বদ্ধ করিতেছে। আমরা কিন্তু অচিন্ত্য যোগী, আমরা জানি না, জন্ম-মরণ এবং ভব কিরূপ হয়। জন্মও যেমন, মরণও তেমনি, জীবন ও মরণে কিছুমাত্র বিশেষ নাই, এ ভবে যাহার জন্ম ও মরণের শঙ্কা আছে, সেই রস ও রসায়নের চেষ্টা করুক। যে সকল যোগীরা সমস্ত চরাচরে ও স্বর্গে ভ্রমণ করে, তাহারা অজর এবং অমর কিছুই হইতে পারে না। সরহ বলে,—জন্ম হইতে কর্ম্ম হয়, কি কর্ম্ম হইতে জন্ম হয়, সে কথা স্থির করা যোগীদিগের পক্ষে অচিন্তনীয়।

এশিয়াটিক সোসাইটির পুথিখানায় ৯৯৯০ নম্বরে তিনখানি তালপাতা আছে, উহাতে শান্তিদেবের জীবন-চরিত দেওয়া আছে। তালপাতাগুলি নেওয়ারী অক্ষরে লিখিত, অক্ষরের আকার দেখিয়া বোধ হয়, ইংরাজী ১৪ শতকে লেখা হইয়াছিল। শান্তিদেব একজন রাজার ছেলে। যে দেশের রাজা, সে দেশের নামটি পড়া যায় না। রাজার নাম মঞ্জুবর্ম্মা। তারানাথ বলেন,—শান্তিদেব সৌরাষ্ট্রের রাজার ছেলে। বেণ্ডল সাহেবও তাহাই বলিয়াছেন। এ কথা কিন্তু আমার ঠিক বলিয়া বোধ হয় না। কারণ পরে প্রকাশ হইবে। রাজা শান্তিদেবকে যুবরাজ করিবার ইচ্ছা করিলেন। শান্তিদেবের মা উহাকে বলিলেন,—তুমি যুবরাজ হও ও পরে রাজা হও, ক্রমেই পাপে ডুবিবে। তুমি যদি ভাল চাও, নিজের উন্নতি চাও, যে দেশে বুদ্ধ ও বোধিসত্ত্বেরা আছেন, সেই দেশে যাও। তুমি যদি মঞ্জুবজ্রের কাছে উপদেশ লইতে পার, তোমার ধর্ম্মে উন্নতি হইবে। এই কথা শুনিয়া শান্তি একটি সবুজ ঘোড়ায় চড়িয়া আপন দেশ ত্যাগ করিলেন। কয়েক দিন ধরিয়া তিনি ঘোড়ার উপরেই রহিলেন, আহার-নিদ্রা এক প্রকার বন্ধ হইয়া গেল। এক দিন একটি নিবিড় বনের মধ্যে একটি সুন্দরী বালিকা তাঁহার ঘোড়ার লাগাম ধরিল এবং তাঁহাকে নামিতে বলিল। সে তাঁহাকে ভাল জল খাইতে দিল এবং পাঁঠার মাংস খাওয়াইয়া দিল। পরিচয়ে জানা গেল, সে মেয়েটি মঞ্জুবজ্রসমাধির শিষ্যা। মঞ্জুবজ্রের নাম শুনিয়াই শান্তিদেব শিহরিয়া উঠিলেন; বলিলেন,—আমি উঁহারই নিকট উপদেশ লইতে আসিয়াছি। তখন উভয়ে মঞ্জুবজ্রের

নিকট গেলেন। শান্তিদেব তাঁহার নিকট বার বৎসর রহিলেন এবং মঞ্জুশ্রী সম্বন্ধে জ্ঞান লাভ করিলেন। বার বৎসরের পর তাঁহার গুরু বলিলেন, তুমি মধ্যদেশে যাও। শান্তিদেব মধ্যদেশে গিয়া মগধের রাজার রাউত হইলেন। রাউত শব্দ এখন প্রচলিত নাই। পূর্ব্বে এ কথাটি বেশ চলিত ছিল, উহার অর্থ সেনাপতি। আমাদের দেশের গন্ধবেণেদের চারিটি আশ্রম আছে, তাহার মধ্যে একটি রাউত আশ্রম অর্থাৎ রাউতাশ্রমের বেণেরা শুধু ছাউনিতে মসলা বিক্রয় করিত। অনেক বড় বড় নগরে রাউতপাড়া নামে একটি পাড়া থাকিত। রাউত হইয়া শান্তিদেবের নাম হইল অচলসেন। তাঁহার একখানি দেবদারু কাঠের তরবারি ছিল, তিনি সে তরবারি কাহাকেও দেখাইতেন না। ক্রমে তিনি রাজার একজন প্রধান প্রিয়পাত্র হইয়া উঠিলেন, অন্যান্য রাউতেরা তাঁহার হিংসা করিতে লাগিল, ক্রমে তাহারা টের পাইল যে, অচলসেনের তরবারি কাঠের। তাহারা রাজাকে বলিল—আপনি অচলসেনকে এত ভালবাসেন, ওর তরবারি ত কাঠের, ও কি করিয়া যুদ্ধ করিবে? তাই শুনিয়া রাজা এক দিন হুকুম দিলেন, আমি সকলের তরবারি পরীক্ষা করিব। সকলেই তরবারি দেখাইল, অচলসেন কিছুতেই রাজি হইল না। রাজা জিদ করিতে লাগিলেন। তখন সে বলিল, আমার তলয়ারের তেজে আপনি অন্ধ হইয়া যাইবেন। যদি নিতান্ত দেখিতে চান, একটি চক্ষু বাঁধিয়া রাখুন, অপর চক্ষে দেখুন। রাজা তাহাই করিলেন, তাঁহার একটি চক্ষু কাণা হইয়া গেল। রাজা খুব খুশী হইলেন এবং অচলসেনের খুব প্রশংসা করিতে লাগিলেন; কিন্তু অচলসেনের আর রাউতগিরি করা হইল না। সে পাথরের উপর আছড়াইয়া তলয়ারখানি ভাঙ্গিয়া ফেলিল, রাউতের বেশ ত্যাগ করিল এবং নালন্দায় গিয়া ভিক্ষু হইল। সে নালন্দার এক প্রান্তে একখানি কুঁড়ে করিল এবং সেইখানেই বাস করিতে লাগিল। সে ত্রিপিটকের ব্যাখ্যা শুনিত এবং যোগ করিত। সে সর্ব্বদা শান্তভাবে থাকিত, তাই লোকে তাকে শান্তিদেব বলিত। নালন্দার সঙ্ঘে তাহার আর একটি নাম হইয়াছিল ভুসুকু; কারণ, "ভুঞ্জানোপি প্রভাস্বরঃ সুপ্তোপি কুটিং গতোপি তদেবেতি ভুসুকুসমাধি-সমাপন্নত্বাৎ ভুসুকুনামখ্যাতিং সঙ্ঘেঽপি।" অর্থাৎ ভোজনের সময় তাঁহার মূর্ত্তি উজ্জ্বল থাকিত, শয়নের সময় উজ্জ্বল থাকিত এবং কুটিতে বসিয়া থাকিলেও উজ্জ্বল থাকিত।

এইরূপে বহু দিন যায়। শান্তিদেব কাহারও সহিত বড় একটা কথা কহিতেন না, আপন মনে আপন কাজ করিয়া যাইতেন, কিন্তু ছেলেগুলা তাঁহার সহিত দুষ্টামি আরম্ভ করিল। অনেকের সংস্কার হইল, তিনি কিছু জানেন না, সুতরাং এক দিন তাঁহাকে অপ্রস্তুত করিতে হইবে। নালন্দায় রীতি ছিল, জ্যৈষ্ঠ মাসের শুক্লাষ্টমীতে পাঠ ও ব্যাখ্যা হইত, নালন্দার বড় বিহারের উত্তর-পূর্ব্ব কোণে এক প্রকাণ্ড ধর্ম্মশালা ছিল, পাঠ ও ব্যাখ্যার জন্য সেই ধর্ম্মশালা সাজান হইত। সব পণ্ডিতেরা সেখানে আসিতেন এবং অনেক লোক শুনিতে আসিত। যখন সভা বসিয়াছে, পণ্ডিতেরা আসিয়াছেন, সব প্রস্তুত, ছেলেরা ধরিয়া বসিল,—শান্তিদেব, তোমায় আজ পাঠ ও ব্যাখ্যা করিতে হইবে। শান্তি যতই গররাজি হন, ছেলেরা ততই

জিদ করে, শেষে উহারা তাঁহাকে ধরিয়া বেদিতে বসাইয়া দিল। তাহারা মনে করিল, এ একটি কথাও কহিতে পারিবে না, আমরা হাসিব ও হাততালি দিব। শান্তিদেব গম্ভীরভাবে বসিয়া বলিলেন,—"কিম্ আর্ষং পঠামি অর্থার্ষং বা।" শুনিয়াই পণ্ডিত সকল স্তব্ধ হইয়া গেলেন। তাঁহারা আর্ষ শুনিয়াছেন, অর্থার্ষ শুনেন নাই। তাঁহারা বলিলেন—এ দুয়ে প্রভেদ কি? শান্তিদেব বলিলেন,—পরমার্থজ্ঞানীর নাম ঋষি অর্থাৎ তিনি বুদ্ধ এবং জিন; তিনি যাহা বলিয়াছেন, তাহাই আর্ষ। যদি বল, সুভূতি প্রভৃতি শিষ্যেরা উপদেশ দিয়াছেন যে সকল গ্রন্থে, তাহা কেমন করিয়া আর্ষ হইল? তাহা হইলে বলিতে হইবে যে, যুবরাজ আর্য্য মৈত্রেয় বলিয়া গিয়াছেন ;—

যদর্থবদ্ধর্মপদোপসংহিতং ত্রিধাতুসংক্লেশনিবর্হণং বচঃ।
ভবে শুবেচ্ছান্তমনুশংসদর্শকং তদ্বৎ ক্রমার্ষং বিপরীতমন্যথা॥

অতএব আর্ষ গ্রন্থ হইতে পণ্ডিতগণ যাহা আকর্ষণ করিয়া লইয়াছেন, তাহাই অর্থার্ষ আর সুভূতি প্রভৃতির যে উপদেশ, তাহা আর্ষ, যেহেতু ভগবান্ তাহার অধিষ্ঠাতা। পণ্ডিতেরা বলিলেন,—আমরা আর্ষ অনেক শুনিয়াছি, তোমার কাছে কিছু অর্থার্ষ শুনিব।

ইতিপূর্ব্বেই শান্তিদেব বোধিচর্য্যাবতার, শিক্ষা-সমুচ্চয় ও সূত্র-সমুচ্চয় নামে তিনখানি অর্থার্ষ গ্রন্থ লিখিয়াছিলেন। তিনি কিয়ৎক্ষণ ধ্যান করিতে লাগিলেন, শেষ বোধিচর্য্যাবতার পাঠ করিতে লাগিলেন। প্রথম হইতেই পাঠ আরম্ভ হইল, বোধিচর্য্যার ভাষা অতি সুললিত, যেন বীণার স্বরে বাঁধা, ভাব অতি গভীর, সংক্ষিপ্ত ও মধুর। পণ্ডিতেরা স্তব্ধ হইয়া শুনিতে লাগিলেন। ছেলেরা মনে করিয়াছিল, লোকটাকে হাসিয়া উড়াইয়া দিবে, তাহারা ভক্তিতে আপ্লুত হইয়া উঠিল। ক্রমে যখন পাঠ জমিতে লাগিল, যখন মহাযানের গূঢ় তত্ত্ব ব্যাখ্যা হইতে লাগিল, যখন শান্তি মধুরস্বরে—

যদা ন ভাবো নাভাবো মতেঃ সন্তিষ্ঠতে পুরঃ।
তদান্যগত্যভাবেন নিরালম্বঃ প্রশাম্যতি॥

ঐ শ্লোক ব্যাখ্যা করিতেছেন, হঠাৎ স্বর্গের দ্বার উন্মুক্ত হইয়া গেল, আর উজ্জ্বলবর্ণ বিমানে চড়িয়া, শরীর-প্রভায় দিগন্ত আলোকিত করিয়া মঞ্জুশ্রী নামিতে লাগিলেন। ব্যাখ্যা শেষ হইল, তিনি শান্তিদেবকে গাঢ় আলিঙ্গন করিয়া বিমানে তুলিয়া স্বর্গে লইয়া গেলেন। পরদিন পণ্ডিতেরা তাঁহার কুটিতে গিয়া বোধিচর্য্যাবতার, শিক্ষা-সমুচ্চয় ও সূত্র-সমুচ্চয় তিনখানি পুথি পাইলেন ও তাহা প্রচার করিয়া দিলেন। এই তিনখানির দুইখানি পাওয়া গিয়াছে, কেবল সূত্র-সমুচ্চয় পাওয়া যায় নাই। যে দুইখানি পাওয়া গিয়াছে, তাহা ছাপানও হইয়াছে। শান্তিদেব ও ভুসুকু যে এক ব্যক্তি, সে বিষয়ে সন্দেহ নাই। পূর্ব্বে যেমন সরহপাদের কতকগুলি গান দিয়াছি, সেইরূপ ভুসুকুপাদেরও কতকগুলি গান আছে। গানের ভুসুকু ও শান্তিদেব এক কি না, এ বিষয়ে সন্দেহ। কারণ, গানগুলি সহজযানের ও পুথিগুলি মহাযানের। কিন্তু শিক্ষা-সমুচ্চয়ের ভূমিকায় বেণ্ডল সাহেব বলিয়াছেন যে, এ পুস্তকে

তান্ত্রিক মতের কথা আছে। কিন্তু সে অতি অল্প। এশিয়াটিক সোসাইটির পুথিখানায় ৪৮০১ নম্বরের যে পুথি আছে, তাহাও ভুসুকুপাদের লেখা। এই পুথিখানি সম্পূর্ণ নহে, সাতটি মাত্র পাতা, কিন্তু এখানা পুরামাত্রায় সহজযানের পুথি। ইহাতে সহজিয়াদিগের কুটি-নির্ম্মাণ, ভোজন-বিধি, শয়ন-বিধি প্রভৃতি নানা বিধি আছে। ইহাতে মদ খাওয়া ও তাহার আনুষঙ্গিক ব্যাপারেরও ক্রটি নাই। ইহাতেও বাঙ্গালা ছড়া আছে, এই পুথির অক্ষরও খুব প্রাচীন। ইহা হইতে একটি বাঙ্গালা শ্লোক উদ্ধৃত করিয়া দিতেছি—

রবিকলা মেলহ, শশিকলা বারহ, বেণি বাট বহন্ত।
তোড়হ সমস্তা সমরস জাউ ন জায়তে কাগণ জগফলা খায় ॥

আরও— অম্বু পসরন্তু চন্দন বারহ অরুহেঁঠ কমল করি শয়ন অরু।
সুরচাপি শশি সমরস জায় রাউত বোলে জরমরণ ভয়।
বেঅদণ্ড চউদ্দ চর্য্যহ সুরকায় চ্ছাড়ি ন যাই
সো দুর যোগীএ ন জানহ খোজ গুরু নিন্দা করি যোগ।

শান্তিদেব যে শান্তিদেব নামেই একখানি বৌদ্ধ তান্ত্রিক গ্রন্থ লিখিয়া গিয়াছেন, তাহার প্রমাণ আমরা তেঙ্গুর হইতে পাইয়াছি। সে গ্রন্থখানির নাম শ্রীগুহ্যসমাজমহাযোগতন্ত্রবলি-বিধি। এইখানে লেখা আছে, শান্তিদেবের বাড়ী ছিল জাহোর। জাহোর কোথায়, জানা যায় না। কিন্তু পদকর্ত্তা রাউত ভুসুকুর বাড়ী যে বাঙ্গালায় ছিল, সে বিষয়ে সন্দেহ নাই। কারণ, চর্য্যাচর্য্যবিনিশ্চয়ে ভুসুকুর একটি গান আছে; সেটি এই,—

বাজ ণাব পাড়ী পঁউআ খালেঁ বাহিউ
অদঅ বঙ্গালে ক্লেশ লুড়িউ ॥ ধ্রু ॥
আজি ভুসু বঙ্গালী ভইলী
ণিঅ ঘরিণী চণ্ডালী লেলী ॥ ধ্রু ॥
ডহিজো পঞ্চধাটণ ইদিবিসংজ্ঞা ণঠা
ণ জানমি চিঅ মোর কঁহি গই পইঠা ॥ ধ্রু ॥
সোণ তরুঅ মোর কিম্পি ণ থাকিউ
নিঅ পরিবারে মহাসুহে থাকিউ ॥ ধ্রু ॥
চউকোড়ী ভণ্ডার মোর লইআ সেস
জীবন্তে মইলেঁ নাহি বিশেষ ॥ ধ্রু ॥ [পত্রাঙ্ক ৭৩]

বজ্রনৌকা পাড়ি দিয়া পদ্মখালে বাহিলাম, আর অদ্বয় যে বঙ্গাল দেশ, তাহাতে আসিয়া ক্লেশ লুটাইয়া দিলাম। রে ভুসু, আজ তুই সত্য সত্যই বাঙ্গালী হইলি, যেহেতু নিজ ঘরিণীকে চণ্ডালী করিয়া লইলি।

[সহজ-মতে তিনটি পথ আছে;—অবধূতী, চণ্ডালী, ডোম্বী বা বঙ্গালী। অবধূতীতে দ্বৈতজ্ঞান থাকে, চণ্ডালীতে দ্বৈতজ্ঞান আছে বলিলেও হয়, না বলিলেও হয়, কিন্তু ডোম্বীতে

কেবল অদ্বৈত; দ্বৈতের ভাঁজও নাই। বাঙ্গালায় অদ্বৈত মত অধিক চলিত, সেই জন্ম বাঙ্গালা অদ্বৈত মতের যেন আধারই ছিল। গ্রন্থকার এখানে বলিতেছেন,—রে ভুসু, তোমার নিজ ঘরিণী যে অবধূতী ছিল, তাহাকে চণ্ডালী করিয়া লইলে, এইবার তুমি সত্য সত্যই বাঙ্গালী হইলে অর্থাৎ পূর্ণ অদ্বৈত হইলে।]

তুমি মহাসুখরূপ অনলের দ্বারা পঞ্চস্কন্ধাশ্রিত সমস্ত দগ্ধ করিয়াছ। তোমার ইন্দ্রিয়বিষয় ও সংজ্ঞাও নষ্ট হইয়াছে। এখন জানি না, আমার চিত্ত কোথায় গিয়া পঁহুছিল, আমার শূন্ত তরুর কিছুই রহিল না। সে আপন পরিবারে মহাসুখে থাকিল, আমার চার কোটি ভাণ্ডার সব লইয়া গেল, এখন জীবনে ও মরণে কিছুই বিশেষ নাই। রাউতের আর একটি গান এই ;—

> আইএ অণুঅনাএ জগ রে ভাংতি এঁসো পড়িহাই
> রাজসাপ দেখি জো চমকিই ষারে কিং তং বোড়ো খাই ॥ ধ্রু ॥
> অকট জোইআ রে মা কর হথা লোহা
> আইস সভাবেঁ জই জগ বুঝষি তুট বাষণা তোরা ॥ ধ্রু ॥
> মরুমরীচিগন্ধনইরীদাপতি বিম্বু জইসা
> বাতাবত্তেঁ সো দিট ভইআ অপেঁ পাথর জইসা ॥ ধ্রু ॥
> বাঁঝি সুআ জিম কেলি করই খেলই বহুবিধ খেড়া
> বালুআতেলেঁ সসরসিংগে আকাশ ফুলিলা ॥ ধ্রু ॥
> রাউতু ভণই কট ভুসুকু ভণই কট সঅলা অইস সহাব
> জই তো মূঢ়া অচ্ছসি ভান্তী পুচ্ছতু সদ্‌গুরু পাব ॥ ধ্রু ॥ [পত্রাঙ্ক ৬৩]

জগৎ যে অনুৎপন্ন, পরমার্থজ্ঞ যাঁরা, তাঁরা এ কথা জানেন। তাঁহারা জানেন যে, জগৎকে সৎ বলা ভ্রান্তি মাত্র। দড়িকে রাজসাপ বলিয়া যাহারা চমকিয়া উঠে, সত্য সত্যই বোড়া সাপে কি তাহাদের খায়? ভ্রম গেলেই সত্য প্রকাশ হয়। কি আশ্চর্য্য, হে বালযোগিন্, ইহাতে হাত লোনা করিও না, যদি জগতের শূন্যস্বভাব অবগত হও, তাহা হইলে তোমার বাসনা দূর হইবে। মরীচিকা, গন্ধর্ব্ব-নগর, দর্পণ-প্রতিবিম্ব যেরূপ, জগৎও সেইরূপ। বাতাবর্ত্তে দৃঢ় হইয়া জল যেমন পাথর হয়, জগৎও সেইরূপ। জগৎ বন্ধ্যা স্ত্রীলোক, তিনি পুত্রবতীর ন্যায় কেলি করেন ও বহুবিধ খেলা দেখান। বালি হইতে তেল বাহির করেন, শশকের শৃঙ্গ বাহির করেন ও আকাশে ফুল ফোটান। রাউতু বলেন,—কি আশ্চর্য্য, ভুসুকু বলেন,—কি আশ্চর্য্য! সকলেরই একই স্বভাব। রে মূর্খ! তোর যদি ভ্রান্তি থাকে, তবে সদ্‌গুরুর কাছে গিয়া জিজ্ঞাসা কর।

কৃষ্ণাচার্য্যের একখানি পুস্তক আছে, তাহার নাম দোঁহাকোষ। উহাতে তেত্রিশটি দোঁহা আছে। প্রথম দোঁহাটি এই ;—

সোঅহ গব্ব সমুব্বহই হউ পরমথে পবিন
কোটিহ মাহ এক জত হোই নিরঞ্জনলীণ ॥

২য়— আগমবেঅপুরাণে পণ্ডিত্ত মান বহন্তি
পক্কসিরিফল অলিঅ জিম বাহেরিত ভুমযন্তি ॥ [পত্রাঙ্ক ১২৩]

৩০শ— বুঝি অবিরল সহজ স্থুণ কাহি বেঅপুরাণ
তোনো তোলিঅ বিষয় বিঅপ্প জগু রে অশেষ পরিমাণ ॥

৩১শ— জে কিঅ নিচ্চল মণ রঅণ ণিঅ ঘরণী লই এথো।
সো বাজিরণাহুরে মরি বুত্ত পরমথো ॥ [পত্রাঙ্ক ১৩২]

চর্য্যাচর্য্যবিনিশ্চয়ে কাহ্নুপাদের অনেকগুলি গান আছে।—

জো মণ গোএর আলাজালা
আগম পোথী ইষ্টা মালা ॥ ধ্রু ॥
ভণ কইসেঁ সহজ বোল বা জায়
কাঅবাক্‌চিঅ জসু ণ সমায় ॥ ধ্রু ॥
আলে গুরু উএসই সীস
বাক্‌পথাতীত কাহিব কীস ॥ ধ্রু ॥
জে তই বোলী তে তবি টাল
গুরু বোধসে সীসা কাল ॥ ধ্রু ॥
ভণই কাহ্নু জিনরঅণ কিকসই সা
কালেঁ বোব সংবোহিঅ জইসা ॥ ধ্রু ॥ [পত্রাঙ্ক ৬১]

বিকল্পজাল যে মনের গোচর, আগম, পুথি, ইষ্টদেবের মালা যে মনের গোচর, সে মন কেমন করিয়া সহজকে বুঝাইয়া দিবে? কারণ, কায়, বাক্, চিত্ত সহজের ব্যাখ্যা করিতে সমর্থ হয় না। গুরু যদি শিষ্যকে সহজ সম্বন্ধে উপদেশ দেন, তাহা বৃথা; কারণ, যে জিনিষ বাক্‌পথাতীত, তাহাকে কেমন করিয়া কথায় বুঝাইবে? যে সে-বিষয়ে কিছু বলে, সে টালিয়া দেয় মাত্র। গুরু বুঝিল, শিষ্য কালা, সুতরাং তাহাকে বুঝান যায় না। কাহ্নু বলেন,—কালা যেমন বোবাকে বুঝায়, সেইরূপে জিনরত্ন বুঝিতে হয়।

এই কৃষ্ণাচার্য্য এককালে এ অঞ্চলের একজন অদ্বিতীয় নেতা ছিলেন, তাঁহার বিস্তর গ্রন্থ আছে। তাঁহার দোঁহাকোষ পূর্ব্বেই উল্লেখ করা গিয়াছে, তাঁহার গানগুলির কথা উল্লেখ করা গিয়াছে, তিনি হেরুক হেবজ্র প্রভৃতি দেবতার তান্ত্রিক উপাসনা সম্বন্ধে অনেক বহি লিখিয়াছেন ও তাহার টীকা লিখিয়াছেন। ইনি একজন সিদ্ধাচার্য্য ছিলেন। কিন্তু এই সিদ্ধাচার্য্যদিগের যিনি আদি, তাঁহার কথা কিছু বলা চাই, তিব্বতদেশে এখনও সিদ্ধাচার্য্যগণের পূজা হইয়া থাকে। তাঁহাদের সকলেরই মাথায় জটা আছে এবং তাঁহারা

প্রায় উলঙ্গ থাকেন। চর্য্যাচর্য্যবিনিশ্চয়ের মতে লুই সর্ব্বপ্রথম সিদ্ধাচার্য্য। ঐ গ্রন্থে তাঁহার অনেকগুলি গান আছে, একটি দিলাম ;—

কাআ তরুবর পঞ্চবি ডাল।
চঞ্চল চীএ পইঠো কাল ॥
দিট করিঅ মহাসুহ পরিমাণ।
লুই ভণই গুরু পুচ্ছিঅ জাণ ॥
সঅল সমাহিঅ কাহি করিঅই।
সুখ দুখেতেঁ নিচিত মরি আই ॥
এড়িএউ ছান্দক বান্ধ করণক পাটের আস।
সুনুপাখ ভিতি লাহুরে পাস ॥
ভণই লুই আম্হে সাণে দিঠা।
ধমণ চমণ বেণি পণ্ডি বইঠা ॥ [পত্রাঙ্ক ১]

দেহ তরুবর, তাহাতে পাঁচটি ডাল আছে। চঞ্চল চিত্তে কাল প্রবেশ করিল ; লুই বলেন,—মহাসুখের পরিমাণ দেখিয়া, উহা কি, গুরুকে জিজ্ঞাসা করিয়া লও। যত রকম সমাধি আছে, তাহার দ্বারা কি হইবে ? সে সকল সমাধি করিলে সুখ ও দুঃখে নিশ্চয়ই মারা যাইবে। ছন্দের বন্ধন ও করণের পরিপাটী পরিত্যাগ করিয়া শূন্যপক্ষরূপ ভিত্তিকে লইয়া আইস। লুই বলিতেছেন,—আমি পণ্ডিতের বচনানুসারে দেখিয়াছি, ধমণ ও চমণ অর্থাৎ আলি ও কালি, এই উভয়ে আসন করিয়া আমার দেবতা বসিয়া আছেন।

তেঙ্গুরের যতটুকু ক্যাটালগ বাহির হইয়াছে, তাহাতে লেখা আছে, লুই বাঙ্গালা দেশের লোক, তাঁহার আর একটি নাম মৎস্যান্ত্রাদ। রাঢ়দেশে যাহারা ধর্ম্মঠাকুরের পূজা করে, তাহারা এখনও তাঁহার নামে পাঁঠা ছাড়িয়া দেয়। ময়ূরভঞ্জেও তাঁহার পূজা হইয়া থাকে। লুইয়ের সময় ঠিক করিতে হইলে এই কথা বলিলেই যথেষ্ট যে, তাঁহার একখানি গ্রন্থে দীপঙ্কর শ্রীজ্ঞান সাহায্য করিয়াছেন। সে গ্রন্থখানির নাম অভিসময়বিভঙ্গ। দীপঙ্কর শ্রীজ্ঞান ১০৩৮ সালে বিক্রমশীল বিহার হইতে ৫৮ বৎসর বয়সে তিব্বত যাত্রা করিয়াছিলেন।

লুই আচার্য্যের শিষ্যপরম্পরায় সিদ্ধাচার্য্য হইতেন, তন্মধ্যে দারিক নামে একজন লুইকে আপনার গুরু বলিয়া স্বীকার করিয়াছেন—

সুনকরুণরি অভিন বারেঁ কাঅবাক্চিঅ।
বিলসই দারিক গঅণত পারিম কুলেঁ ॥
অলক্খলখচিত্তা মহাসুহে।
বিলসই দারিক গঅণত পারিম কুলেঁ ॥
কিন্তো মন্তে কিন্তো তন্তে কিন্তো রে ঝাণবখানে।
অপইঠান মহাসুহলীণে দুলখ পরমনিবাণেঁ ॥

দুঃখেঁ সুঃখেঁ একু করিআ ভুঞ্জই ইন্দীজানী।
স্বপরাপর ন চেবই দারিক সঅলানুত্তরমাণী ॥
রাআ রাআ রাআরে অবর রাঅ মোহেরা বাধা।
লুই পাঅপত্র দারিক দ্বাদশ ভুঅণে লধা ॥ [পত্রাঙ্ক ৫২]

সিদ্ধাচার্য্য লুইপাদের বংশে তিলপাদ নামে আর একজন সিদ্ধাচার্য্য জন্মগ্রহণ করিয়াছিলেন, তিনিও সহজিয়া গান লিখিয়া গিয়াছেন। যে সকল গান পূর্ব্বে তুলিয়াছি, তাহা হইতে দেখা যাইবে যে, এগুলি কীর্ত্তনেরই পদ। সে কালেও সংকীর্ত্তন ছিল এবং সংকীর্ত্তনের গানগুলিকে পদই বলিত। তবে এখনকার কীর্ত্তনের পদকে শুধু পদ বলে, তখন 'চর্য্যাপদ' বলিত। এত ক্ষণে যাহা বলিয়া আসিলাম, তাহা হইতে আপনাদের বোধ হইবে যে, বৌদ্ধেরাই বুঝি সে কালে গান লিখিত। কিন্তু নাথেরাও সে কালে বাঙ্গালা লিখিত। মীননাথের একটি কবিতা পাইয়াছি, এখানে তুলিয়া দিলাম ;—

কহন্তি গুরু পরমার্থের বাট
কর্ম্ম কুরঙ্গ সমাধিক পাঠ
কমল বিকসিল কহিহ ণ জমরা
কমল মধু পিবিবি ধোকে ন ভমরা ॥ [পত্রাঙ্ক ৩৮]

এ বাঙ্গালা কবিতাটি মীননাথের। অন্যান্য নাথেরা যে বাঙ্গালায় বহি লিখিয়াছিলেন, তাহারও প্রমাণ আছে। তবে এই দাঁড়াইল যে, খ্রীষ্টীয় ৯ শতাব্দীতে বৌদ্ধদিগের মধ্যে লুই সহজ-ধর্ম্ম প্রচার করেন। সেই সময় তাঁহার চেলারা অনেকে সংকীর্ত্তনের পদ লেখে ও দোঁহা লেখে এবং সেই সঙ্গে সঙ্গেই অথচ তাহার একটু আগেই নাথেরা নাথপন্থ নামক ধর্ম্ম প্রচার করেন, তাহারও অনেক বহি ও কবিতা বাঙ্গালায় লেখা। নাথও অনেকগুলি ছিলেন, কেহ বৌদ্ধ ধর্ম্ম হইতে নাথপন্থ গ্রহণ করেন, কেহ কেহ হিন্দু হইতে নাথপন্থ গ্রহণ করেন। যাঁহারা বৌদ্ধ ধর্ম্ম হইতে নাথপন্থ গ্রহণ করেন, তাঁহাদের মধ্যে গোরক্ষনাথ একজন। তারানাথ বলেন,—গোরক্ষনাথ যখন বৌদ্ধ ছিলেন, তখন তাঁহার নাম ছিল অনঙ্গবজ্র। কিন্তু আমি বিশেষ প্রমাণ পাইয়াছিলাম, তখন তাঁহার নাম রমণবজ্র। নেপালের বৌদ্ধেরা গোরক্ষনাথের উপর বড় চটা। উঁহাকে তাহারা ধর্ম্মত্যাগী বলিয়া ঘৃণা করে। কিন্তু আশ্চর্য্যের বিষয় এই যে, তাহারা মৎস্যেন্দ্রনাথকে অবলোকিতেশ্বরের অবতার বলিয়া পূজা করে। মৎস্যেন্দ্রনাথের পূর্ব্বনাম মচ্ছঘ্ননাথ, অর্থাৎ তিনি মাছ মারিতেন। বৌদ্ধদিগের স্মৃতিগ্রন্থে লেখা আছে যে, যাহারা নিরন্তর প্রাণিহত্যা করে, সে সকল জাতিকে অর্থাৎ জেলে মালা কৈবর্ত্তদিগকে বৌদ্ধ ধর্ম্মে দীক্ষিত করিবে না। সুতরাং মচ্ছঘ্ননাথ বৌদ্ধ হইতে পারেন না। কৌলদিগের সম্বন্ধে তাঁহার এক গ্রন্থ আছে, তাহা পড়িয়া বোধ হয় না যে, তিনি বৌদ্ধ ছিলেন, তিনি নাথপন্থীদিগের একজন গুরু ছিলেন, অথচ তিনি নেপালী বৌদ্ধদিগের উপাস্য দেবতা হইয়াছেন।

এইগুলি যে বাঙ্গালা, তাহা প্রমাণ করিবার আরও দুইটি কারণ আছে। (১) একজন ফরাসীস্ পণ্ডিত তেঙ্গুরের ১০৮ হইতে ১৭৯ বাণ্ডিলে যত তন্ত্রের পুথি আছে, তাহার এক তালিকা দিয়া গিয়াছেন। ঐ তালিকায় গ্রন্থকারের নাম, তর্জ্জমাকারের নাম, অনেক স্থলে যে স্থানে বসিয়া তর্জ্জমা হয়, সেই স্থানের নাম এবং কয়েক স্থলে যাঁহারা এই তর্জ্জমা শোধন করিয়াছেন, তাঁহাদেরও নাম দিয়া গিয়াছেন। যে ফরাসীস্ পণ্ডিত এই তালিকাটি ছাপাইয়াছিলেন, তাঁহার নাম P. Cordier—তিনি ফরাসডাঙ্গার ডাক্তার সাহেব ছিলেন, তাঁহার সহিত আমার বেশ ঘনিষ্ঠতা ছিল। তিনি অনেক সময় আমার বাড়ী আসিতেন, আমিও অনেক সময় তাঁহার বাড়ী যাইতাম। তিনি এখান হইতে পণ্ডিচেরীর ডাক্তার সাহেব হইয়া যান, সেখান হইতে প্যারি নগরে কিছু কাল বাস করিয়া আবার পূর্ব্ব উপদ্বীপে ফরাসীদের যে রাজ্য আছে, তাহার ডাক্তার সাহেব হইয়া আসেন। অল্প দিন হইল, তাঁহার মৃত্যু হইয়াছে। তিনি ভারতবর্ষীয় ও তিব্বতীয় পুথিপাজির অনেক খোঁজ রাখিতেন। বৈদ্য-শাস্ত্রের পুথির উপর তাঁহার বিশেষ ঝোঁক ছিল। তিনি প্রায় চারি পাঁচ শত বৈদ্য-শাস্ত্রের পুথি সংগ্রহ করিয়াছিলেন। তাঁহার তালিকাতে যত গ্রন্থকার, তর্জ্জমাকার, শোধক ও স্থানের নাম পাওয়া গিয়াছে, আমি তাহার একটি অকারাদিক্রমে সূচী প্রস্তুত করিয়াছি ও এই পুস্তকের শেষে দিয়া দিয়াছি।* সে সূচীতে যাঁহাকে বাঙ্গালী অথবা বাঙ্গালা দেশের লোক বলিয়া উল্লেখ করা হইয়াছে, তাঁহার যদি বাঙ্গালা সংকীর্ত্তনের পদ থাকে, সে পদ যে খাঁটী বাঙ্গাল, তাহা আমি নিশ্চয় করিয়া লইয়াছি। (২) পরে তাঁহার সেই পদগুলিতে যত শব্দ পাওয়া গিয়াছে, অকারাদিক্রমে তাহার একটি তালিকা প্রস্তুত করিয়া সে কালের বাঙ্গালা ও এ কালের বাঙ্গালায় কি তফাৎ, তাহা দেখিয়া লইয়াছি। তাহাতে সে কালের বাঙ্গালার ব্যাকরণ ও অভিধান সম্বন্ধে আমার একটা ধারণা হইয়াছে। সেই ধারণা লইয়া অন্য যে সকল পদ পাইয়াছি, তাহারও অকারাদিক্রমে সূচী করিয়া লইয়া মিলাইয়াছি। তাহাতে যে সকল পদ বাঙ্গালা বলিয়া মনে হইয়াছে, তাহাকে বাঙ্গালা বলিতে কুণ্ঠিত হই নাই। একজন পদকর্ত্তার বাড়ী উড়িষ্যা দেশে, তাঁহার গানটিও উড়িয়া ভাষায় লিখিত। তাহাতে বাঙ্গালায় যেখানে ক্রিয়ার শেষে 'ল' থাকে, তাহাতে সেখানে 'ড়' আছে; যেমন 'গাহিল'—'গাহিড়'। সে পদটিকে আমি উড়িয়া ভাষার পদ বলিয়া স্থির করিয়াছি। এইরূপে বিশেষরূপে পরীক্ষা করিয়া যে ফল হইয়াছে, তাহাই এ পুস্তকে দিয়াছি। অকারাদিক্রমে প্রতি পদকর্ত্তার গানের প্রত্যেক কথার সূচী প্রস্তুত করিতে আমি দুই জন লোকের নিকট বিশেষ সহায়তা প্রাপ্ত হইয়াছি। একজন শ্রীযুক্ত ননীগোপাল বন্দ্যোপাধ্যায়, আমার ভ্রমণকারী পণ্ডিত, আর সাহিত্য-পরিষদের পুথিখানার মালিক শ্রীযুক্ত বসন্তরঞ্জন রায় বিদ্বদ্বল্লভ। বসন্ত বাবুর বয়স কত জানি না, কিন্তু তাঁহার দাড়ি সব পাকিয়া গিয়াছে; কিন্তু এ বয়সেও যেরূপ উৎসাহের সহিত সূচী প্রস্তুত বিষয়ে আমার

---

* বর্ত্তমান সংস্করণে এই সুবৃহৎ "বৌদ্ধতান্ত্রিক-গ্রন্থকার-নাম-সূচী" অংশ বর্জ্জিত হইয়াছে।

সহায়তা করিয়াছেন, তাহা ভাবিলেও আশ্চর্য্য হইতে হয়। তিনি পরিষৎ হইতে ছুটি লইয়া রাত্রি দশটা এগারটা পর্য্যন্ত আমার ওখানে কাজ করিয়াছেন। প্রাকৃত ভাষায়, উড়িয়া, হিন্দী, আসামী প্রভৃতি ভাষায় তাঁহার যে ব্যুৎপত্তি আছে, তাহাতেও আমার বিশেষ উপকার হইয়াছে।

যে সকল পুস্তক প্রকাশ করিতেছি, তাহার মধ্যে চর্য্যাচর্য্য ও ডাকার্ণব নেপাল দরবারের। সে পুথি ছাপা হইবার পর তাঁহারা লইয়া গিয়াছেন। আমি তাঁহাদের অনুমতি লইয়া পুথির অনেকগুলি পাতা ফটোগ্রাফ করিয়া রাখিয়াছি এবং আমার পুস্তকের সঙ্গে প্রকাশ করিতেছি। অপর দুইখানি পুথি আমার নিজের অথবা নিজের হইতেও অধিক প্রিয়; কারণ, নেপালের পুথিখানার সুব্বা সাহেব বিষ্ণুপ্রসাদ রাজভাণ্ডারী আমাকে প্রীতি-উপহারস্বরূপ ঐ দুইখানি প্রদান করিয়াছিলেন। তাঁহার পূর্ব্বপুরুষেরা চব্বিশ পুরুষ ধরিয়া নেপালের মল্লরাজাদের প্রধান মন্ত্রী ছিলেন। তাঁহার প্রপিতামহ শেষ নেওয়ার রাজার সহিত কাশীবাস করিয়াছিলেন এবং পরে গোর্খা পর্ব্বতে প্রাণত্যাগ করেন। তাঁহার পিতা জঙ্গ বাহাদুরের সহিত এক পাঠশালায় পড়িয়াছিলেন, কিন্তু জঙ্গ বাহাদুর যখন ১৮৪৬ সালে কোতের হত্যাকাণ্ডের পর গোর্খারাজের সহিত বন্দোবস্ত করিলেন,—"রাজ তুম্‌হারি, হুকুম হমারী," তখন তিনি গোর্খারাজ্যে তাঁহার যে উচ্চ পদ ছিল, তাহা ত্যাগ করিয়া ঘরে গিয়া বসিলেন। জঙ্গ বাহাদুর তাঁহাকে পুনর্ব্বার পদ গ্রহণ করাইবার জন্য অনেক চেষ্টা করিলেন, কিন্তু তিনি কিছুতেই লইলেন না; বলিলেন,—"আমি নেওয়ারদের নুন খাইয়া গোর্খাদের সঙ্গে মিলিয়াছিলাম, যথেষ্ট পাপ হইয়াছে। এখন আবার গোর্খাদের নুন খাইয়া তোমার সহিত মিশিব না।" জঙ্গ বাহাদুর তাঁহার পুত্রকে উচ্চ রাজপদ দিতে চাহিলে বিষ্ণুপ্রসাদ বলিলেন,—"যাহাতে অস্ত্র ধারণ করিতে হয়, এমন পদ আমি লইব না।" তাই তাঁহাকে পুথিখানার অধ্যক্ষ করা হয়। তিনি পুথিখানায় বসিয়া ক্রমাগত তন্ত্রের বহি পড়িতেন এবং তন্ত্রের অনেক খবর রাখিতেন। নেপালে যেখানে যে পুথি আছে, তাহা তাঁহার নখদর্পণে ছিল। তিনি একদিন কয়েকখানি প্রাচীন তালপাতার পুথি লইয়া আমার বাসায় আসিয়া বলিলেন, "তুমি ব্রাহ্মণ, আমার দেশে আসিয়াছ ও পুথি খুঁজিতেছ। তোমায় কি উপহার দিব, অনেক দিন ভাবিয়া ভাবিয়া এই পুস্তক কয়খানি আনিয়াছি। আমি জানি, তুমি ইহার সদ্ব্যবহার করিবে।" আমি দেখিলাম, তাহার মধ্যে সরোরুহ বজ্রের দোঁহাকোষ ও তাহার অদ্বয়বজ্রের টীকা আছে। আমি অত্যন্ত আনন্দিত হইয়া তাঁহাকে শত শত ধন্যবাদ দিয়া বলিলাম, আপনার নিকট হইতে আমি আমার দেশের ইতিহাসের একটা প্রধান সরঞ্জাম পাইলাম,—আমি নিশ্চয় এটি ছাপাইব। ছাপাইয়া আমি যদি তাঁহাকে ইহার এক কপি দিতে পারিতাম, তাহা হইলে আমার আনন্দের সীমা থাকিত না। কিন্তু ঠিক দুই বৎসর হইল, তিনি ইহলোক পরিত্যাগ করিয়াছেন।

কৃষ্ণাচার্য্যের দোহাকোষ ও তাহার টীকা, তাঁহারই উপদেশমত পুথিখানার লেখকেরা লিখিয়া আমায় উপহার দিয়াছিলেন, তাহাও আমি ছাপাইয়াছি। ইহার মূল পুথি এখন জাপানে আছে।

১৯০৭ সালে আমি নেপাল গিয়াছিলাম। তখন যে সকল পুস্তক পাইয়াছিলাম, তাহার একটা বিবরণ প্রকাশ করিয়াছিলাম এবং তখনই আমি বলিয়াছিলাম, বাঙ্গালা পুস্তকগুলি আমি ছাপাইব। ছাপাইতে বিলম্ব অনেক হইয়াছে। ইহাতে অনেক 'সাহিত্যামোদী' অত্যন্ত ব্যস্ত হইয়াছিলেন ; অনেকে বলিয়াছিলেন—"আমায় কেন দাও না, আমি ছাপাইয়া দিতেছি।" অনেকে বলিয়াছিলেন,—"শাস্ত্রী মহাশয় যক্ষের ধনের মত এই সকল অমূল্য রত্ন লুকাইয়া রাখিয়াছেন, কাহাকেও দেখিতে দিবেন না।" কিন্তু এই সকল ছাপাইতে যে কি পরিমাণ কাঠ-খড় দরকার, আমার মনে হয়, তাঁহারা তত জানিতেন না, তাই অত ব্যস্ত হইয়াছিলেন। অনেকে আছেন,—একটা নূতন কথা পাইলে তৎক্ষণাৎ তাহা ছাপাইয়া দিয়া নাম করেন। আমার সে প্রবৃত্তি নাই। তাই আমি মনে করিয়াছিলাম, বরং ছাপাইব না, তথাপি তাড়াতাড়ি করিয়া জিনিসটা নষ্ট করিব না। ভ্যাসিলিয়েফ বলিয়াছিলেন যে, অপভ্রংশ ভাষায় অনেক বৌদ্ধ গ্রন্থ আছে। প্রোফেসর বেণ্ডল সুভাষিত-সংগ্রহ নামে একখানি পুস্তক ছাপাইয়াছিলেন, তাহাতে অপভ্রংশ ভাষার কতকগুলি দোহা ছিল। আমি দেখিয়াছিলাম, সে দোহাগুলি পুরাণ বাঙ্গালা। তাঁহারা দুজনেই বলিয়াছিলেন যে, তেঙ্গুরে এই সকল অপভ্রংশ পুস্তকের তর্জ্জমা আছে। কিন্তু ভুটিয়া শিখিয়া তেঙ্গুর পড়িয়া পুস্তক ছাপান আমার পক্ষে অসাধ্য হইয়াছিল। সুখের কথা, কয়েক বৎসর হইল, কর্ডিয়ার সাহেব ঠিক যে অংশে ঐ সকল পুস্তকের কথা আছে, তাহার তালিকা ছাপাইয়া দিয়াছেন। তাহাতে আমার বিস্তর উপকার হইয়াছে। এ তালিকা না পাইলে বোধ হয় আমার পুস্তক ছাপাইতে সাহস হইত না।

পুস্তক ছাপাইতে অনেক বিলম্ব হওয়ায় আমার কোন কোন আত্মীয় মনে করিয়াছিলেন, টাকার জন্যই আমি পুস্তক ছাপাইতে পারিতেছি না। তাই তাঁহারা লালগোলার রাজা শ্রীযুক্ত রাও যোগীন্দ্রনারায়ণ রায় বাহাদুরের নিকট এই পুস্তক ছাপাইবার খরচের জন্য বলেন। বাঙ্গালা সাহিত্যের প্রতি রাজা বাহাদুরের অনুরাগ অসীম। তিনি শুনিবামাত্র সাহিত্য-পরিষদে যে টাকা দিয়া থাকেন, তাহা হইতে উহার খরচ দিতে রাজী হন এবং উহা সাহিত্য-পরিষৎ-পুস্তকাবলীর মধ্যে লইবেন বলিয়া স্থির হয়। কিন্তু ইহার মধ্যে আবার এক গোল উঠিল। আমি সাহিত্য-পরিষদের সভাপতি নিযুক্ত হইলাম। সভাপতি হইয়া সাহিত্য-পরিষদের খরচায় বই ছাপাইব, ইহা আমার ভাল লাগিল না। আমি রাজা বাহাদুরকে সে কথা জানাইলাম। তখন রাজা বাহাদুর স্বতন্ত্র ভাবে ঐ পুস্তক ছাপাইতে দিবেন এবং তাঁহার খরচ দিবেন, স্বীকার করিলেন। তিনি টাকা না দিলে এ পুস্তক এখন যে ভাবে ছাপা হইতেছে, এত ভাল কাগজে, এত ভাল ছাপায়, এত বেশী ফটোগ্রাফ দিয়া,

এত অনুক্রমণিকা দিয়া ছাপা হইত না। পুরাণ বাঙ্গালা সাহিত্যের যেরূপ সরঞ্জামে সদরে বাহির হওয়া উচিত, সেরূপ সরঞ্জাম আমার দ্বারা হইয়া উঠিত না। সুতরাং এই খরচ দিবার জন্য আমিও তাঁহার নিকট চিরদিন ঋণী থাকিব। বাঙ্গালা সাহিত্যও বোধ হয়, এ ঋণ শুধিতে পারিবে না। এ পুস্তক বঙ্গীয়-সাহিত্য-পরিষদের পুস্তকাবলীর ভিতর গণ্য হইবে।

২৬ পটলডাঙ্গা ষ্ট্রীট, কলিকাতা,
৮ শ্রাবণ, সন ১৩২৩ সাল।

শ্রীহরপ্রসাদ শাস্ত্রী

পদকর্ত্তাদের পরিচয়

১। লুই

যে তেত্রিশ জন পদকর্ত্তার নাম করিব, তাঁহাদের প্রথমেই লুইপাদের নাম করিতে হয়; কারণ, তেঙ্গুরে বাঙ্গালী বলিয়াই তাঁহার উল্লেখ আছে। তাঁহার সম্বন্ধে আর যে যে খোঁজ পাওয়া গিয়াছে, তাহা পূর্ব্বেই বলিয়াছি, সুতরাং এখানে বলিবার দরকার নাই। আমি স্থির করিয়াছি যে, তিনি রাঢ়দেশের লোক ছিলেন। তিনি এক নূতন সম্প্রদায় চালাইয়া যান। তাঁহাকে আদিসিদ্ধাচার্য্য বলে। তাঁহার সম্প্রদায়ের লোক সকলেই সিদ্ধ বলিয়া বিখ্যাত ছিলেন। তিনি যে বাঙ্গালী, সে বিষয়ে কোন সন্দেহ নাই। সংস্কৃতে তাঁহার চারিখানি পুস্তক আছে। একখানির নাম 'বজ্রসত্ত্বসাধন',—এখানি পূজতের পুথি। একখানি 'বুদ্ধোদয়',—এখানি অতি ছোট। তাঁহার নিজের মতে কি প্রকারে বুদ্ধের জ্ঞান লাভ করা যায়, তাহারই কথা। বাকী দুখানি অভিসময়ের পুথি;—একখানি 'শ্রীভগবদভিসময়,' আর একখানির নাম 'অভিসময়বিভঙ্গ'। দুখানিই বড় পুথি। অভিসময় বলিতে গেলে অভিধর্ম্ম অর্থাৎ দর্শনশাস্ত্রের পুথি বুঝায়। হীনযানে যাহাকে অভিধর্ম্ম বলে, মহাযানে তাহাকেই অভিসময় বলে। লুইপাদের অভিসময়ের পুস্তক দুখানি তাঁহার নিজের দর্শনশাস্ত্রের মত। এই দুইখানি ছাড়া তিনি একখানি বাঙ্গালা পুথি লিখিয়াছিলেন, তাহার নাম 'তত্ত্বস্বভাব-দোহাকোষগীতিকা দৃষ্টি'। এ পুস্তকখানি আমরা পাই নাই, কিন্তু এখানি যখন দোহাকোষ, তখন এখানি নিশ্চয় বাঙ্গালা। এতদ্ভিন্ন 'লুইপাদগীতিকা' নামে তাঁহার একখানি বাঙ্গালা সংকীর্ত্তনের পদাবলী আছে। উহার দুইটি পদ আমরা পাইয়াছি। উহাতে তিরানব্বইটি কথা আছে। উহার মধ্যে ষোলটি সংস্কৃত শব্দ—সবগুলি আজও বাঙ্গালায় চলতি আছে; যথা,—'আগম,' 'উদক,' 'উহ,' 'করণক,' 'কাল,' 'চঞ্চল,' 'চিহ্ন,' 'তরু,' 'ন,' 'পঞ্চ,' 'পরিমাণ,' 'বর,' 'বেণি,' 'ভাব,' 'রে,' 'সুখ'। চুয়াল্লিশটি বাঙ্গালা শব্দের প্রাচীন অবস্থা দেখাইতেছে; যথা,—'অচ্ছম,' 'আম্হে,' 'আস,' 'এড়িএউ,' 'করিঅ,' 'করিঅই,' 'কাআ,' 'কাহি,' 'কাহেরে,' 'কিষ,' 'কীষ,' 'কো,' 'চান্দ,' 'ছান্দক,' 'জা,' 'জাই,' 'জাহের,' 'জিম,' 'তাহের,' 'দিট,' 'দিবি,' 'দিস,' 'দুখেতেঁ,' 'পতিআই,' 'পাখ,' 'পুচ্ছিঅ,' 'বইঠা,' 'বখাণী,' 'বট,' 'বান,' 'বান্ধ,' 'বিলসই,' 'ভণই,' 'ভণি,' 'ভাইব,' 'ভিতি,' 'মরিআই,' 'মিচ্ছা,' 'লই,' 'লাত,' 'সাচ,' 'সাণে,' 'সো,' 'হোই'। আটটি চলিত বাঙ্গালা—'জাণ,' 'জাণী,' 'ডাল,' 'দুলক্খ,' 'পাটের,' 'পাস,' 'লাগে,' 'সুনু,' এই আটটি। প্রাকৃত শব্দ কুড়িটি—'অইস,' 'কইসে,' 'চীএ,' 'ণ,' 'ণা,' 'তিঅধাএ,' 'দিঠা,' 'নিচিত,' 'পইঠো,' 'পাণ্ডি,' 'পিরিচ্ছা,' 'বি,' 'বিণাণা,' 'বেএঁ,' 'মই,' 'মহাসুহ,' 'রূব,' 'সংবোহেঁ,' 'সঅল,' 'সমাহিঅ,' 'সুহ'। লুই ও লূই দুইটিই পদকর্ত্তার নাম। 'ধমণ' আর 'চমণ' কি কথা, জানি না; পারিভাষিক শব্দ বোধ হয়।

লুইএর গানে সম্বন্ধ-পদ 'র' দিয়াও হয়, আবার 'ক' দিয়াও হয়, যথা—'করণক,' 'পাটের'। অধিকরণ এ-কার দিয়াও হয়, 'তেঁ' দিয়াও হয়, যথা—চীএ, সাণে ও 'দুখেতেঁ' ; 'এঁ' দিয়াও হয়, যথা—'সম্বোহেঁ'। কর্ত্তা ও কর্ম্মে কোন বিভক্তি নাই। 'পইঠো কাল' কোন বিভক্তি নাই। 'সুনু পাখ ভিতি লাহুরে পাস'। 'গুরু পুচ্ছিঅ' ইত্যাদি।

২। কিলপাদ

লুইএর একজন বংশধর কিলপাদ। তিনি আচার্য্য এবং সিদ্ধ ছিলেন। তাঁহার এক পুস্তক আছে 'দোহাচর্য্যাগীতিকাদৃষ্টি,' এ পুস্তক আমরা পাই নাই, কিন্তু ইহা যে বাঙ্গালীর লেখা ও বাঙ্গালায় লেখা, সে বিষয়ে কোন সন্দেহ নাই।

৩। দীপঙ্কর শ্রীজ্ঞান

দীপঙ্কর শ্রীজ্ঞানের বাড়ী বাঙ্গালা দেশে। তিনি যে 'একবীরসাধন' ও 'বলবিধি' নামে দুইখানি বই লিখিয়াছেন, তাহাতে স্পষ্ট করিয়া বাঙ্গালী বলিয়া তাঁহার নাম আছে। এক জায়গায় তিনি আচার্য্য, পিণ্ডপাতিক, বাঙ্গালী, আর এক জায়গায় তিনি মহাচার্য্য, ভিক্ষু ও বাঙ্গালী। দুই জায়গায়ই তাঁহার ভুটিয়া নাম 'অতিশ' দেওয়া আছে। কিন্তু অনেক স্থলে তাঁহাকে ভারতবাসী বলিয়াও উল্লেখ করা আছে। যে সকল জায়গায় ভারতবাসী বলিয়া তাঁহার নাম আছে, তাহার অনেক স্থানেও তাঁহার ভুটিয়া নামও দেওয়া আছে। অনেক স্থানে তাঁহাকে হয় কেবল আচার্য্য, কেবল উপাধ্যায় বা কেবল পণ্ডিত বলিয়া বলা আছে ; সেখানে ভারতবাসীও নাই, বাঙ্গালীও নাই। ইহাতে মনে হয় যে, দুই জন দীপঙ্কর শ্রীজ্ঞান ছিলেন। একজন সামান্য পণ্ডিত বা উপাধ্যায় ছিলেন, আর একজন মহাপণ্ডিত ছিলেন। ইনি বিক্রমশীল বিহারের অধ্যক্ষ ছিলেন। ইঁহাকেই তিব্বতরাজ ১০৩৮ সালে বিক্রমশীল হইতে তিব্বতে লইয়া গিয়াছিলেন। তথায় ইনিই বৌদ্ধধর্ম্মের সংস্কার এবং বনপা ধর্ম্মের পুরোহিতদের প্রভাব খর্ব্ব করিয়া দেন। ইনি একজন প্রকাণ্ড পুরুষ ছিলেন, অসাধারণ পণ্ডিত এবং অসাধারণ শক্তিশালী ছিলেন। তিব্বতে গিয়া ইঁহারই নাম 'অতিশা' হইয়াছিল। ইঁহাকেই কোন কোন তর্জ্জমায় বঙ্গবাসী বলিয়াছে, কোন কোন তর্জ্জমায় বা ভারতবাসী বলিয়াছে। কারণ, দুই ব্যক্তির ভারতবর্ষীয় নাম দীপঙ্কর শ্রীজ্ঞান ও তিব্বতীয় নাম অতিশা হওয়া অনেকটা অসম্ভব। তাই আমরা দীপঙ্কর শ্রীজ্ঞানকে বাঙ্গালী বলিয়া ধরিয়া লইয়াছি। তাঁহার অনেকগুলি সংকীর্ত্তনের পদ ছিল। একখানির নাম 'বজ্রাসনবজ্রগীতি,' একখানির নাম 'চর্য্যাগীতি' এবং একখানির নাম 'দীপঙ্করশ্রীজ্ঞানধর্ম্ম-গীতিকা'। আমার এই কথা যদি সত্য হয়, তাহা হইলে বঙ্গ-সাহিত্যের সৌভাগ্য বড় কম ছিল না। এত বড় প্রকাণ্ড পণ্ডিতও মাতৃভাষায় পদ রচনা করিতে কুণ্ঠিত হইতেন না। আর আমাদের বাঙ্গালা গ্রন্থকারদের মধ্যে মধ্যে যদি সত্য সত্যই আমরা দীপঙ্কর শ্রীজ্ঞানের মত জগদ্বিখ্যাত লোক পাই, সেটা কি আমাদের আনন্দের ও গৌরবের বিষয় নহে ?

৪। ভুসুকু

বোধিচর্য্যাবতার প্রভৃতি মহাযানগ্রন্থের কর্ত্তা শান্তিদেবকে তাঁহার জীবনচরিতকার রাউত্তু ও ভুসুকু বলিয়া গিয়াছেন। তিনি ৬৪৮ হইতে ৮১৬ খ্রীঃ অব্দের মধ্যে তাঁহার বইগুলি লিখেন। তাঁহার বাড়ী কোথায় ছিল জানা যায় না। তারানাথ বলিয়াছেন, তাঁহার বাড়ী সৌরাষ্ট্রে ছিল। জীবনচরিতকার তাঁহার দেশের যে নামটি দিয়াছেন, তাহা পড়া যায় না, কিন্তু অনেক দিন মগধ ও নালন্দায় ছিলেন ও তিনি মঞ্জুবজ্রের নিকট উপদেশ পাইয়াছিলেন। ইহাতে বোধ হয়, ইনি ভারতের পূর্ব্বাঞ্চলের লোক হইবারই অধিক সম্ভাবনা।

আর একজন শান্তিদেব, উপাধি যোগীশ্বর, দুইখানি তন্ত্রের পুথি লিখিয়াছেন। একখানির নাম 'শ্রীগুহ্যসমাজমহাযোগতন্ত্রবালবিধি,' আর একখানির নাম 'সহজগীতি'। ইঁহারই বংশধর মেকলের মত অনুসারে আর একখানি তন্ত্রের পুস্তক লেখা হয়। উহার নাম 'চিত্ত-চৈতন্যশমনোপায়'। তেঙ্গুরে বলে, ইঁহার বাড়ী 'জাহোর'। একজন ভুসুকু সোসাইটির ৪৮০১ নম্বরের পুথিখানি লিখিয়াছেন। ঐ পুস্তকে তান্ত্রিক বৌদ্ধদিগের কুটিনির্ম্মাণ, শয়ন-ভোজন-পান ইত্যাদির ব্যবস্থা আছে। ঐ গ্রন্থেও আবার কয়েকটি বাঙ্গালা দোঁহা আছে।

আমাদের সিদ্ধাচার্য্য রাউত্তু ভুসুকু চর্য্যাচর্য্যবিনিশ্চয়ের ৮টি পদ লিখিয়া গিয়াছেন। প্রথম ভুসুকু শান্তিদেবের সহিত তাঁহার যে কোন সম্পর্ক আছে, এমন বোধ হয় না; কারণ, শান্তিদেব অনেক পূর্ব্বের লোক। আমাদের ভুসুকু লুই সিদ্ধাচার্য্যের পরের লোক। কারণ, লুই আদিসিদ্ধাচার্য্য ও তাঁহার সময় ৯৫০ হইতে ১০৫০এর মধ্যে। আমাদের ভুসুকু যখন একজন সিদ্ধাচার্য্য মাত্র, তখন তিনি যে লুইএর পরবর্ত্তী, সে বিষয়ে সন্দেহ নাই।

তবে কি তিনি তান্ত্রিক শান্তিদেবের সহিত এক? এ কথা বলিবার একমাত্র কারণ দেখিতে পাই যে, শান্তিদেব 'সহজগীতিকা' নামে পুস্তক লিখিয়াছেন, আর ভুসুকুও সহজিয়া মতের গান লিখিয়াছেন।

যে ভুসুকু সোসাইটি ৪৮০১ নম্বরের পুথিখানি লিখিয়াছেন, তিনি ও আমাদের সিদ্ধাচার্য্য ভুসুকু কি এক? এক হইতেও পারে; কারণ, দুজনেই বাঙ্গালা লিখিয়াছেন। কিন্তু আরও অধিক খবর না পাইলে ইঁহারা এক কি না বলা যায় না। আমাদের ভুসুকু যে বাঙ্গালী ছিলেন, তাহা তাঁহার গানেই প্রকাশ। তিনি বলিয়াছেন—

আজি ভুসু বঙ্গালী ভইলী।
ণিঅ ঘরিণী চণ্ডালী লেলী॥

তাঁহার আটটি গানে তাঁহার নাম ভুসুকু বাদে ৩২৩টি কথা আছে। ইহার মধ্যে ৩৭টি সংস্কৃত, ৬৮টি বিকৃত সংস্কৃত, ১৮৬টি পুরাণ বাঙ্গালা ও ৩২টি চলিত বাঙ্গালা।

সাঁইত্রিশটি সংস্কৃত শব্দের মধ্যে 'সমরস,' 'সহজানন্দ' ও 'বিরমানন্দ' বৌদ্ধধর্ম্মের শব্দ, বাকী-গুলি ঠিক এই ভাবে আজিও চলিতেছে। কেবল 'উহ' চলে না, কিন্তু 'উক্ত' চলে; 'খ' চলে

না, ‘কিং’ চলে না, ‘মা’ চলে না। বাকীগুলি বেশ চলে। বাঙ্গালা বত্রিশটি ত চলেই, বাঙ্গালার পূর্ব্বাভাস যে ১৮৬টি কথা আছে, তাহা সে কালের বাঙ্গালায় চলিত। বাকী যে ৬৮টি কথা, ভুসুকু তাহার সংস্কৃত উচ্চারণ বদলাইয়া লইয়াছেন, তাহারও অধিকাংশ প্রাচীন বাঙ্গালায় চলিত। ইহার মধ্যে অনেকগুলি কেবল বানান বদলান মাত্র—যেমন ‘ষষহর,’ ‘ষহজ,’ ‘সসর,’ ‘সেস’। এগুলি লেখকের ভুল হইতে পারে, অথবা সে কালের লোক বানানটা বড় গ্রাহ্য করিত না। সম্বন্ধের বিভক্তি ‘র,’ অধিকরণের বিভক্তি ‘এ’ বা ‘এঁ’ সম্পূর্ণ বাঙ্গালা। হিঅহিঁ, তহিঁ মাগধীর অধিকরণ-কারক। ‘অচ্ছসি’র মধ্যম পুরুষে একবচনে ‘সি’- প্রাচীন বাঙ্গালায় ব্যবহার হইত। অনুজ্ঞায় ‘অচ্ছহু’র ‘হু’ও প্রাচীন বাঙ্গালায় দেখা যায়। ‘জানমি’র উত্তম পুরুষের ‘মি’ও প্রাচীন বাঙ্গালায় অনেক স্থলে দেখা যায়। সুতরাং ভুসুকুর ভাষা আমরা অনায়াসেই প্রাচীন বাঙ্গালা বলিয়া গ্রহণ করিতে পারি।

৫। কৃষ্ণাচার্য্য

কৃষ্ণপাদ, কৃষ্ণাচার্য্য, কৃষ্ণবজ্র বা কাহ্নুপাদ সর্ব্বশুদ্ধ ৫৭ খানি বই লিখিয়া গিয়াছেন। তাহার মধ্যে দুইখানি বাঙ্গালা, একখানি ‘দোঁহাকোষ,’ আর একখানি ‘কাহ্নুপাদগীতিকা’। আমরা কৃষ্ণাচার্য্যের ১২টি সংকীর্ত্তনের পদ পাইয়াছি। কিন্তু তিনি কোন্ দেশের লোক, তাহা লইয়া বিশেষ গোল আছে। তেঙ্গুরে পনর জায়গায় তাঁহাকে ভারতবাসী বলিয়া গিয়াছে। কেবল এক জায়গায় লেখা—তিনি ব্রাহ্মণ, উড়িষ্যা হইতে আগত, সেও আবার তর্জ্জমাকার মহাপণ্ডিত কৃষ্ণ, তিনি গ্রন্থকার নহেন। সুতরাং তেঙ্গুরের লেখা হইতে পদকর্ত্তা কৃষ্ণের বাসস্থান নির্ণয় হইবে না। তাহার পর আবার কৃষ্ণ, কানু অনেক লোকের নাম হইতে পারে। এই যে ৫৭ খানি গ্রন্থের গ্রন্থকার একই কৃষ্ণ, তাহাই বা কে বলিতে পারে? কোন জায়গায় কৃষ্ণকে মহাচার্য্য বলা হইয়াছে, কোন জায়গায় মহাসিদ্ধাচার্য্য, কোন জায়গায় উপাধ্যায়, কোন জায়গায় মণ্ডলাচার্য্য বলা হইয়াছে। এক জায়গায় আবার তাঁহাকে ছোট কৃষ্ণ বলা হইয়াছে। পাঁচ জায়গায় তাঁহাকে কৃষ্ণাচার্য্য বা কাহ্নুপাদ বলা হইয়াছে। সুতরাং তেঙ্গুর হইতে যখন তাঁহার বাড়ী ঠিক হইল না, তখন তাঁহার ভাষা বিশেষরূপে পরীক্ষা করিতে হইবে। তাঁহার গানগুলিতে সর্ব্বশুদ্ধ ৪৩৮টি শব্দ আছে। ইহার মধ্যে সংস্কৃত শব্দ ৬৮টি। তাহার মধ্যে ৪টি বৌদ্ধ শব্দ, যথা—‘এবংকার,’ ‘তথতা,’ ‘তথাগত’ আর ‘দশবল’। আর তিনটি কথা বাঙ্গালায় চলিত নাই, যথা—‘উ,’ ‘মা’ ও ‘ভব-পরিচ্ছিন্না,’ বাকী ৬০টি শব্দ এখনও বাঙ্গালায় চলিতেছে। ৫৫টি চলিত বাঙ্গালা কথা বাঙ্গালাতেই চলে, অন্য কোন নিকটবর্ত্তী ভাষায় চলে না। ১৮৬টি শব্দ আমরা বাঙ্গালা পুরাণ পুথিতে দেখিতে পাই—এখনকার বাঙ্গালায় এই সকল শব্দ হইতে উৎপন্ন শব্দ চলিতেছে, যেমন—‘বোব্’—বোবা, ‘বোল’—বুলি, ‘ভলি’—ভাল, ‘দেহু’—দে, ‘মালী’—মালা ইত্যাদি। সংস্কৃত হইতে উৎপন্ন, অথচ বাঙ্গালায় প্রচলিত নাই, এমন ১২৯টি শব্দ আছে। উহার মধ্যে

কতকগুলি শব্দ, যথা—'অইস,' 'কৈসন,' 'কইসেঁ' ইত্যাদি পুরাণ বাঙ্গালায় চলিত ছিল, কিন্তু তাহা হইতে উৎপন্ন কোন শব্দ এখন বাঙ্গালায় চলিত নাই, বরং নিকটবর্ত্তী ভাষায় চলিত আছে।

এই সকল দেখিয়া পদকর্ত্তা কৃষ্ণপাদ বা কাহ্নুপাদের ভাষা বাঙ্গালা বলিতে কুণ্ঠিত হইবার কারণ দেখি না। চলিত বাঙ্গালার মধ্যে 'ছিনালী,' 'কৌতুক,' 'টাল' প্রভৃতি শব্দ বাঙ্গালায় খুব ব্যবহার হয়।

অলিএঁ কালিএঁ বাট রুন্ধেলা।
তা দেখি কাহ্নু বিমন ভইলা॥
কাহ্নু কহিঁ গই করিব নিবাস।
জো মন গোঅর সো উআস॥

* * * *

* * * *

জে জে আইলা তে তে গেলা।
অবণা গবণে কাহ্নু বিমন ভইলা॥ [পত্রাঙ্ক ১৪]

কৃষ্ণাচার্য্য বা কাহ্নুপাদের বংশধরেরা অনেকেই বাঙ্গালায় গান ও দোঁহা লিখিয়া গিয়াছেন। ইঁহাদের মধ্যে সরহ, ধর্ম্মপাদ, খেতন ও মহীপাদের বাঙ্গালা গান পাওয়া গিয়াছে।

৬। ধামপাদ বা ধর্ম্মপাদ

ধামপাদের আর এক নাম গুণ্ডরীপাদ। মূল গানে ধামপাদ থাকিলেও পুথিতে তাঁহার গানের মাথায় তাঁহাকে গুণ্ডরীপাদ বলা হইয়াছে। তাঁহার গানের মধ্যে আমরা দুইটি পদ পাইয়াছি। এই দুইটিতে ৯২টি শব্দ আছে। তার মধ্যে ২১টি সংস্কৃত, ইহার মধ্যে একমাত্র 'মণিকুল' শব্দটি বৌদ্ধ, আর সবগুলিই বাঙ্গালায় চলিত আছে। সংস্কৃত হইতে উৎপন্ন ১৪টি শব্দ আছে। সে সকল শব্দ বাঙ্গালীর বুঝিবার কোন ক্লেশ হয় না, যথা,—ধুম = ধূম, ণবগুণ = নবগুণ, মুহ = মুখ, বাহ্ম = ব্রাহ্ম, সুজ = সূর্য্য ইত্যাদি; কেবল একটু বানানের পরিবর্ত্তন। ৪৪টি পুরাণ বাঙ্গালা কথা আছে, তার মধ্যে 'কুন্দুরে' একটি বৌদ্ধ শব্দ, বাকীগুলি পুরাণ বাঙ্গালায় পাওয়া যায়। তেরটি চলিত বাঙ্গালা, সবগুলি কথাবার্ত্তায় চলে। ধর্ম্মপাদের বাঙ্গালা বইএর নাম 'সুগতদৃষ্টিগীতিকা'।

জোইনি তঁই বিনু খনহিঁ ন জীবমি।
তো মুহ চুম্বী কমলরস পীবমি॥ [পত্রাঙ্ক ৯]

এইগুলিতে যেন বৈষ্ণব কবির ঝঙ্কার পাওয়া যায়।

৭। ধেতন বা ঢেণ্ঢণ

ভোটবাসীরা ঢেণ্ঢণ উচ্চারণ করিতে পারে না বলিয়া ধেতন বলিয়াছে। ইঁহার একটি গান পাওয়া গিয়াছে—তাহাতে ৪৩টি শব্দ আছে। তাহার মধ্যে ৩টি সংস্কৃত, উহা আজও চলিত আছে, ৩টি সংস্কৃত হইতে উৎপন্ন, বেশ বুঝা যায়। ২৪টি পুরাণ বাঙ্গালা এবং ১৩টি চলিত বাঙ্গালা ; কথাবার্ত্তায় চলে।

টালত মোর ঘর নাহি পড়বেষী।
হাড়ীত ভাত নাঁহি নিতি আবেশী॥
বেঙ্গ সংসার বড হিল জাঅ।
দুহিল দুধু কি বেণ্টে ষামায়॥
বলদ বিআএল গবিআ বাঁঝে।
পিটা দুহিএ এ তিনা সাঁঝে॥
জো সো বুধী সো ধনি বুধী।
জো যো চৌর সোই সাধী॥
নিতে নিতে ষিআলা ষিহে ষম জুঝঅ।
ঢেণ্ঢণ পাএর গীত বিরলে বুঝঅ॥ [পত্রাঙ্ক ৫১]

৮। মহীধর বা মহীপাদ

ইঁহার একটি গান পাওয়া গিয়াছে, উহাতে ৬৩টি কথা আছে। তার মধ্যে ১৪টি সংস্কৃত, সবগুলি বাঙ্গালায় চলে। সংস্কৃত হইতে উৎপন্ন ১৩টি শব্দ। পুরাণ বাঙ্গালা ৩৪টি এবং এখনকার চলিত বাঙ্গালা ৩টি শব্দ আছে। ইঁহার গ্রন্থের নাম 'বায়ুতত্ত্বগীতিকা'।

তিনিএঁ পাটে লাগেলি রে অণহ কসণ ঘণ গাজই।
তা সুনি মার ভয়ঙ্কর রে সঅ মণ্ডল সএল ভাজই॥ [পত্রাঙ্ক ২৯]

৯। সরহ বা সরোরুহবজ্র

ইনি সরোজবজ্র, পদ্ম, পদ্মবজ্র ও রাহুলভদ্র নামে পরিচিত। ইঁহার অনেকগুলি দোঁহাকোষ ও গীতিকা আছে। একখানির নাম 'দোঁহাকোষগীতি,' একখানির নাম 'দোঁহাকোষচর্য্যাগীতি,' একখানির নাম 'দোঁহাকোষ-উপদেশগীতি'। 'দোঁহাকোষ-মহামুদ্রোপদেশ,' 'ভাবনাদৃষ্টিচর্য্যাফলদোঁহাকোষগীতিকা,' 'মহামুদ্রোপদেশবজ্রগুহ্যগীতি,' 'ডাকিনীবজ্রগুহ্যগীতি,' 'তত্ত্বোপদেশ-শিখরদোঁহাগীতি' পুথিগুলিও তাঁর।

ইঁহার ৪টি চর্য্যাগীতি পাওয়া গিয়াছে। ২৪টি সংস্কৃত শব্দ আছে, সবগুলিই বাঙ্গালায় চলিতেছে। সংস্কৃত হইতে উৎপন্ন ৩৫টি শব্দ আছে, তাহার অল্পবিস্তর বানান বদলাইলেই সংস্কৃত হইয়া যায়। ৯৫টি পুরাণ বাঙ্গালা কথা আছে ও ২৮টি চলিত বাঙ্গালা শব্দ আছে।

অপণে রচি রচি ভবনির্বাণা।
মিছেঁ লোঅ বন্ধাবএ আপনা ॥
অম্তে ন জাণহুঁ অচিন্ত জোই।
জাম মরণ ভব কইসণ হোই ॥
জইসো জাম মরণ বি তইসো।
জীবন্তে মঅলেঁ ণাহি বিশেসো ॥
জাএথু জাম মরণে বি সঙ্কা।
সো করউ রস রসানেরে কংখা ॥ [পত্রাঙ্ক ৩৮]

সরোরুহবজ্রের দোঁহাকোষের কথা এক বার বলা হইয়াছে, কিন্তু তিনি যে একখানি দোঁহাকোষ লিখিয়াছিলেন, এমন নহে; তিনি অনেকগুলি দোঁহা লিখিয়া গিয়াছেন। তাঁহার একখানি দোঁহার নাম 'কথগু দোহা,' ইহার টীকাও তিনি লিখিয়া গিয়াছেন। তাঁহার কয়েকটি গাথাও আছে। ইনি সে কালে অনেক বই লিখিয়া গিয়াছেন, সংস্কৃতে ইঁহার তান্ত্রিক পুস্তক অনেকগুলি আছে।

১০। কম্বলাম্বরপাদ

ইঁহাকে কখনও কখনও শুদ্ধ কম্বল এবং বাঙ্গালায় কামলি বলিয়া থাকে। ইনি 'প্রজ্ঞাপারমিতা উপদেশ' নামে একখানি মহাযানের পুস্তক লিখিয়াছেন। ইঁহার অধিকাংশ পুস্তকই বজ্রযান-সম্প্রদায়ের জন্য লেখা। ইনি নিজে যুগনদ্ধ হেরুকের উপাসনা করিতেন এবং ঐ উপাসনাক্রম লিখিয়া গিয়াছেন। ইঁহার বাঙ্গালা পুস্তকের নাম 'কম্বলগীতিকা'। ইঁহার একটি গান পাওয়া গিয়াছে; তাতে ৪টি সংস্কৃত শব্দ আছে; 'করুণ,' 'বহু,' 'বাস,' সদ্গুরু'; সংস্কৃত হইতে উৎপন্ন শব্দ চারিটি আছে—'উই,' 'কইসে,' 'গঅণ,' 'মহাসুহ'। চলিত বাঙ্গালা ৯টি,—'উপাড়ি,' 'কি,' 'কে,' 'গেলি,' 'চাপি,' 'নাহি,' 'মেলিল,' 'মেলিমেলি,' 'মিলিল'। আর পুরাণ বাঙ্গালা ২২টি।

খুণ্টি উপাড়ী মেলিলি কাচ্ছি।
বাহতু কামলি সদগুরু পুচ্ছি ॥ [পত্রাঙ্ক ১৬]

কম্বলাম্বরের এক শিষ্যের নাম প্রজ্ঞারক্ষিত, ইনিও কম্বলের মতানুসারে বজ্রযানের অনেক পুস্তক লিখিয়া গিয়াছেন।

১১। কঙ্কণ

ইনি কম্বলাম্বরের বংশধর; 'চর্য্যাদোঁহাকোষগীতিকা' নামে ইঁহার একখানি পুথি আছে। ইঁহার একটি গান পাইয়াছি, তাতে চারিটি সংস্কৃত শব্দ, ৮টি সংস্কৃত হইতে উৎপন্ন, ১৯টি পুরাণ বাঙ্গালা ও ৮টি চলিত বাঙ্গালা কথা আছে, উহার মধ্যে 'বিহাণ' = প্রাতঃকাল, 'থাকি,' 'সুন' = শূন্য।

১২। বিরূপ

ইনি সিদ্ধাচার্য্য ও যোগীশ্বর ছিলেন। ইনি বজ্রযান ও কালচক্রযানের পুস্তক লিখিয়াছেন। ইঁহার একখানি পুস্তকের নাম 'ছিন্নমস্তাসাধন,' আর একখানির নাম 'রক্তযমারিসাধন'। ইঁহার চারখানি গানের বই আছে;—'বিরূপগীতিকা,' 'বিরূপপদচতুরশীতি,' 'কর্ম্মচণ্ডালিকা-দোঁহাকোষগীতি,' 'বিরূপবজ্রগীতিকা'। ইঁহার একটি মাত্র গান পাইয়াছি; তাতে ৬টি সংস্কৃত শব্দ, ২টি সংস্কৃত হইতে উৎপন্ন, ১৯টি পুরাণ বাঙ্গালা ও ১২টি চলিত বাঙ্গালা কথা আছে। গানের নমুনা,—

এক সে শুণ্ডিনি দুই ঘরে সান্ধঅ।
চীঅণ বাকলঅ বারুণী বান্ধঅ॥
সহজে থির করী বারুণী সান্ধে।
জেঁ অজরামর হোই দিট কান্ধে॥
দশমি দুআরত চিহ্ন দেখইআ॥
আইল গরাহক অপণে বহিআ॥ [পত্রাঙ্ক ৭]

১৩। শান্তি

সিদ্ধাচার্য্য শান্তির আমরা দুইটি গান পাইয়াছি। তেঙ্গুরে অনেকগুলি শান্তির নাম আছে; তিনি যে কোন্ শান্তি, তা বলিতে পারি না। দশম শতকে রত্নাকরশান্তি নামে একজন দিগ্‌গজ পণ্ডিত ছিলেন, তিনি বিক্রমশীলবিহারের দ্বার রক্ষা করিতেন। তাঁহার অনেক পুস্তক আছে। ন্যায়শাস্ত্রের অতি গূঢ় কথা যে অন্তর্ব্যাপ্তি, তিনি তারও উপর বই লিখিয়া গিয়াছেন। বজ্রযান ও কালচক্রযানের উপর তাঁহার অনেক পুস্তক ছিল। সহজযানের উপরও তিনি 'সহজরতিসংযোগ' ও 'সহজযোগক্রম' নামে দুইখানা বই লিখিয়া গিয়াছেন। তিনি যদি আমাদের পদকর্ত্তা শান্তি হন, তবে পদকর্ত্তাদের মধ্যে আমরা আর একজন দিগ্‌গজ পণ্ডিত পাইলাম। ইনি যে রত্নাকরশান্তি, তাহা মনে করিবার কারণ এই যে, 'সুখদুঃখদ্বয়পরিত্যাগদৃষ্টি' নামে তেঙ্গুরে যে সহজযানের গ্রন্থের উল্লেখ দেখিতে পাই, তাতে সিদ্ধাচার্য্য শান্তিকেই রত্নাকরশান্তি বলা হইয়াছে। শান্তির দুইটি গানে অতি সহজ সংস্কৃত শব্দ ১৩টি, সংস্কৃত হইতে উৎপন্ন ১৯টি, প্রাচীন বাঙ্গালা ৫৫টি, আর চলিত বাঙ্গালা ১৩টি শব্দ আছে।

তুলা ধুণি ধুণি আঁসুরে আঁসু।
আঁসু ধুণি ধুণি নিরবর সেসু॥
তউষে হেরুঅ ণ পাবিঅই।
সান্তি ভণই কিণ সভাবি অই॥
তুলা ধুণি ধুণি সুনে অহারিউ।
পুন লইআঁ অপণা চটারিউ॥

বহল বট দুই মার ন দিশঅ
শান্তি ভণই বালাগ ন পইসঅ ॥
কাজ ন কারণ জএহু জঅতি
সঁএ সংবেঅণ বোলথি সান্তি ॥ [পত্রাঙ্ক ৪১]

এই গানে একটি 'বোলথি' শব্দ আছে। আমরা যতগুলি গান পাইয়াছি, তার মধ্যে এক জায়গায় মাত্র এই কথাটি পাই। 'থি' দিয়া আর একজন মাত্র ক্রিয়াপদ করিয়াছেন।

১৪। সবরপাদ বা শবরীশ্বর

ইঁহার অনেকগুলি সংস্কৃত পুথি আছে। ইঁহার একখানি পুথির নাম 'বজ্রযোগিনীসাধন'। উড়িষ্যার রাজা ইন্দ্রভূতি বজ্রযোগিনীর উপাসনা প্রচার করেন। তাঁহার কন্যা লক্ষ্মীঙ্করা এই বিষয়ে তাঁহাকে বিশেষ সহায়তা করিয়াছিলেন এবং সংস্কৃতে অনেক পুস্তক লিখিয়াছিলেন। শবরীশ্বর বা সবর সেই দলেরই লোক ছিলেন। তিনি বজ্রযোগিনী সম্বন্ধে পাঁচখানি বই লিখিয়াছিলেন; গীতি সম্বন্ধে তাঁর দুইখানি পুস্তক আছে; একখানির নাম 'মহামুদ্রাবজ্রগীতি,' আর একখানির নাম 'চিত্তগুহ্যগম্ভীরার্থগীতি'। 'শূন্যতাদৃষ্টি' নামে তাঁর আর একখানি বই আছে। আমরা তাঁহার দুইটি বড় বড় গান পাইয়াছি। এই দুইটি গানে ২৩টি সংস্কৃত শব্দ আছে, ৭৭টি সংস্কৃত হইতে উৎপন্ন, ৮৫টি পুরাণ বাঙ্গালা ও ২৫টি নূতন বাঙ্গালা কথা আছে।

উঁচা উঁচা পাবত তঁহি বসই সবরী বালী।
মোরঙ্গি পীচ্ছ পরহিণ সবরী গিবত গুঞ্জরী মালী ॥
উমত সবরো পাগল শবরো মা কর গুলী গুহাড়া তোহৌরি।
ণিঅ ঘরিণী ণামে সহজ সুন্দারী ॥
ণাণা তরুবর মৌলিল রে গঅণত লাগেলী ডালী।
একেলী সবরী এ বণ হিণ্ডই কর্ণকুণ্ডলবজ্রধারী ॥ [পত্রাঙ্ক ৪৩]

১৫। চাটিল

চাটিলের নাম তেঙ্গুরে নাই, অথচ তাঁর একটি সুন্দর গান পাইয়াছি। উহাতে ১১টি সংস্কৃত, ৮টি সংস্কৃত হইতে উৎপন্ন, ২৫টি পুরাণ বাঙ্গালা ও ২টি চলিত বাঙ্গালা শব্দ আছে।

ভবণই গহণ গম্ভীর বেগেঁ বাহী।
দুআন্তে চিখিল মাঝেঁ ন থাহী ॥
ধামার্থে চাটিল সাঙ্কম গটই।
পারগামি লোঅ নিভর তরই ॥ [পত্রাঙ্ক ১১]

১৬। আর্য্যদেব

আর্য্যদেব নামে মহাযান-মতের একজন বড় লেখক ছিলেন। তিনি খ্রীষ্টীয় তিন শতকে অনেকগুলি সংস্কৃত বই লিখিয়া মহাযান-মতকে উচ্চ হইতে অতি উচ্চে তুলিয়া গিয়াছেন। আমাদের আর্য্যদেব তিনি নন। আমরা আর্য্যদেবের একটি গান পাইয়াছি। উহাতে ২টি সংস্কৃত, ৯টি সংস্কৃত হইতে উৎপন্ন, ২৫টি পুবাণ বাঙ্গালা ও দুইটি চলিত বাঙ্গালা কথা আছে। আমাদের আর্য্যদেব (বা আজদেব) কাণেরিন্ বা বৈরাগীনাথ নামে অনেক স্থলে পরিচিত ছিলেন। তাঁহার 'কাণেরীগীতিকা' নামে একখানি বই আছে। নমুনা—

চান্দরে চান্দকান্তি জিম পতিভাসঅ।
চিঅ বিকরণে তহি টলি পইসই ॥
ছাড়িঅ ভয় ঘিণ লোআচার।
চাহন্তে চাহন্তে সুণ বিআর ॥ [পত্রাঙ্ক ৪৮]

১৭। দারিক

দারিক কালচক্র, চক্রশম্বর, বজ্রযোগিনী, কঙ্কালিনী প্রভৃতি দেবদেবী সম্বন্ধে অনেকগুলি বই লিখিয়াছেন। তথতাদৃষ্টি শ্রীপ্রজ্ঞাপারমিতার উপরও তাঁর পুস্তক আছে। তিনি একটি গানে লুইকে প্রণাম করিতেছেন; তাতে মনে হয়, তিনি লুইএর শিষ্য ছিলেন। ঐ গানটিতে ১০টি সংস্কৃত, ১২টি সংস্কৃত হইতে উৎপন্ন, ২৮টি পুরাণ বাঙ্গালা ও ২টি চলিত বাঙ্গালা শব্দ পাইয়াছি।

সুন করুণরি অভিন বারেঁ কাঅবাক্ চিঅ
বিলসই দারিক গঅণত পারিমকুলেঁ।

*　　*　　*

রাআ রাআ রাআরে অবর রাঅ মোহেরা বাধা।
লুইপাঅপএ দারিক দ্বাদশ ভুঅণেঁ লধা ॥ [পত্রাঙ্ক ৫২-৫৩]

১৮। জয়নন্দী

জয়নন্দীর নাম তেঙ্গুরে নাই। উঁহার একটি গান পাইয়াছি; উহাতে ৭টি সংস্কৃত, ১২টি সংস্কৃত হইতে উৎপন্ন ও ২৩টি পুরাণ বাঙ্গালা শব্দ আছে।

চিঅ তথাতা স্বভাবে ষোহিঅ।
ভণই জঅনন্দি ফুড় অণ ণ হোই ॥ [পত্রাঙ্ক ৭০]

১৯। তাড়কপাদ

ইঁহার আমরা একটি গান পাইয়াছি; তাতে ৮টি সংস্কৃত, ২১টি সংস্কৃত হইতে উৎপন্ন, ২১টি পুরাণ বাঙ্গালা ও ৫টি চলিত বাঙ্গালা কথা আছে। গানের নমুনা,—

অপণে নাহিঁ সো কাহেরি শঙ্কা।
তা মহামুদেরী টুটি গেলি কংখা॥
অনুভব সহজ মা ভোল রে জোঈ।
চৌকোটি বিমুকা জইসো তইসো হোই॥ [পত্রাঙ্ক ৫৬]

২০। ডোম্বী

ডোম্বী হেরুক নামে মগধের একজন রাজা ছিলেন, তিনি সন্ন্যাসী হইয়া যান। তাঁহাকে কখনও আচার্য্য, কখনও মহাচার্য্য ও কখনও সিদ্ধ বলা হইয়াছে। তিনি বজ্রযান ও সহজযান সম্বন্ধে পুস্তক লিখিয়াছেন। 'ডোম্বীগীতিকা' নামে তাঁহার এক সংকীর্ত্তনের পদাবলী আছে। আমরা তাঁহার একটি মাত্র গান পাইয়াছি। তাতে ৬টি সংস্কৃত, ৬টি সংস্কৃত হইতে উৎপন্ন, ৪০টি পুরাণ বাঙ্গালা ও ৯টি চলিত বাঙ্গালা কথা আছে।

গঙ্গা জউনা মাঝেঁ রে বহই নাঈ।
তহিঁ বুড়িলী মাতঙ্গি পোইআ লীলে পার করেই॥
বাহতু ডোম্বী বাহ লো ডোম্বী বাটত ভইল উছারা।
সদ্‌গুরুপাঅপএ জাইব পুণু জিণউরা॥ [পত্রাঙ্ক ২৫]

২১। ভাদেপাদ

আমরা ইঁহার একটি গান পাইয়াছি; তাতে ৪টি সংস্কৃত, ৭টি সংস্কৃত হইতে উৎপন্ন, ২৪টি পুরাণ বাঙ্গালা ও ৫টি চলিত বাঙ্গালা কথা আছে।

এত কাল হাঁউ অচ্ছিলেঁ স্বমোহেঁ।
এবেঁ মই বুঝিল সদ্‌গুরুবোহেঁ॥
এবেঁ চিঅরাঅ মকু ণঠা।
গণসমুদে টলিআ পইঠা॥ [পত্রাঙ্ক ৫৪]

২২। বীণাপাদ

ইনি বিরূপের বংশধর। ইনি বজ্রডাকিনী দেবীর গুহ্য পূজার পুস্তক লিখিয়াছেন। আমরা ইঁহার একটি গান পাইয়াছি। উহাতে ১০টি সংস্কৃত, ৫টি সংস্কৃত হইতে উৎপন্ন, ২৪টি পুরাণ বাঙ্গালা ও ৫টি চলিত বাঙ্গালা কথা আছে। ইনি 'সন্ধ্যাভাষায়' বীণা অবলম্বনে এই গানটি লিখিয়াছেন।

সুজ লাউ সসি লাগেলি তান্তী।
অণহা দাণ্ডী বাকি কিঅত অবধূতী॥
বাজই অলো সহি হেরুঅ বীণা।
সুন তান্তি ধনি বিলসই রুণা॥ [পত্রাঙ্ক ৩০]

২৩। কুক্কুরিপাদ

ইনি মহামায়ার উপাসক ছিলেন এবং অনেকগুলি বজ্রযানের পুস্তক লিখিয়া গিয়াছেন। আমরা তাঁহার দুইটি গান পাইয়াছি; তাতে ৯টি সংস্কৃত, ৭টি সংস্কৃত হইতে উৎপন্ন, ৫৯টি পুরাণ বাঙ্গালা ও ১৪টি চলিত বাঙ্গালা কথা আছে। আমরা যে সকল ক্রিয়াপদের শেষে 'ল' বলি, ইনি প্রায় সে সমস্ত স্থলে 'ড়' ব্যবহার করিয়াছেন এবং 'ভণতি'র স্থলে 'ভণথি' করিয়াছেন।

দুলি দুহি পিটা ধরণ ন জাই।
রুখের তেন্তুলি কুম্ভীরে খাঅ॥
আঙ্গন ঘরপণ সুন ভো বিআতী।
কানেট চৌরি নিল অধরাতী॥

* * *

অইসন চর্য্যা কুক্কুরীপাএঁ গাইড়।
কোড়ি মাঝেঁ একুড়ি অহিঁ সনাইড়॥ [পত্রাঙ্ক ৫]

২৪। অদ্বয়বজ্র

ইনি অনেকগুলি বাঙ্গালা বই লিখিয়া গিয়াছেন; ইঁহার বাড়ী বাঙ্গালায় ছিল। ইঁহার প্রধান বাঙ্গালা গ্রন্থ 'দোঁহানিধিকোষপরিপূর্ণগীতিনামনিজতত্ত্বপ্রকাশটীকা,' 'দোঁহাকোষহৃদয়-অর্থগীতাটীকানাম,' 'চতুরবজ্রগীতিকা'। সুতরাং অদ্বয়বজ্র বৌদ্ধ-সংকীর্ত্তনের একজন পদকর্ত্তা ছিলেন, সে বিষয়ে সন্দেহ নাই; কিন্তু দুঃখের বিষয়, আমরা এ পর্য্যন্ত তাঁহার একটি বাঙ্গালা গানও পাই নাই।

২৫। লীলাপাদ

ইনি 'বিকল্পপরিহারগীতি' নামে বৌদ্ধকীর্ত্তনের একখানি পদাবলী তৈয়ারি করিয়াছেন। গ্রন্থখানার অনুবাদ তেঙ্গুরে আছে।

২৬। সুগণ

ইনি কানেরিন্ বা আর্য্যদেবের বংশধর। ইনি রত্নাকরশান্তি-লিখিত একখানি সহজযানের গ্রন্থের টীকা লিখিয়াছেন। এঁর বাঙ্গালা বইএর নাম 'দোঁহাকোষতত্ত্বগীতিকা'।

২৭। মৈত্রীপাদ

গুরুমৈত্রীগীতিকা' নামে ইঁহার একখানি বাঙ্গালা পদাবলী আছে।

২৮। গুরুভট্টারক ধৃষ্টিজ্ঞান

ইঁহার দুইখানি বাঙ্গালা পদাবলী আছে। একখানির নাম 'বজ্রগীতিকা,' আর একখানির নাম 'গীতিকা'।

২৯। মাতৃচেট

ইনি মহাযান-সম্প্রদায়ের একজন বড় গুরু। তাঁহার 'কণিকলেখ' ইতিহাসপ্রসিদ্ধ। আমরা যে মাতৃচেটের কথা বলিতেছি, ইনি তাঁহার অন্ততঃ সাত শত বৎসর পরের লোক। ইঁহার বৌদ্ধ সংকীর্ত্তনের পদাবলীর নাম 'মাতৃচেটগীতিকা'।

৩০। বৈরোচন

বৌদ্ধদিগের মধ্যে বৈরোচন নাম প্রায়ই দেখিতে পাওয়া যায়। ইঁহাদিগের মধ্যে একজনের 'আচার্য্যবৈরোচনগীতিকা' নামে পদাবলী আছে।

৩১। নাড় পণ্ডিত

নাড় পণ্ডিতকে ভুটিয়ারা নারো বলে। ভুটিয়ারা ইঁহাকে সিদ্ধ পুরুষ বলিয়া পূজা করিয়া থাকে। ওয়াডেল সাহেব তাঁহার ভুটিয়া বৌদ্ধধর্ম্মের ইতিহাসে নাড় পণ্ডিতের চেহারা দিয়াছেন। গোঁফ-দাড়ি কামানো, মাথায় লম্বা চুল, ঠিক যেন আমাদের এখনকার বাউল-সম্প্রদায়ের লোক। ইনি হেরুক ও হেবজ্র প্রভৃতি যুগনদ্ধমূর্ত্তির উপাসক ছিলেন। ইঁহার প্রভাব এককালে ভারতবর্ষ ও তিব্বতে ছড়াইয়া পড়িয়াছিল। ইঁহার তিনখানি পদাবলী আছে, দুইখানির নাম 'বজ্রগীতিকা,' আর একখানির নাম 'নাড়পণ্ডিতগীতিকা'।

৩২। মহাসুখতাবজ্র

ইনি 'শ্রীতত্ত্বপ্রদীপতন্ত্রপঞ্জিকারত্নমালা' নামে তত্ত্বপ্রদীপের একখানা টীকা লেখেন। ইঁহার পদাবলীর নাম 'মহাসুখতাগীতিকা'।

৩৩। নাগার্জ্জুন

মহাযান-সম্প্রদায়প্রবর্ত্তক এবং শূন্যবাদের প্রধান আচার্য্য ইতিহাসখ্যাত নাগার্জ্জুন খ্রীষ্টের দুই শতকে বর্ত্তমান ছিলেন। আমাদের নাগার্জ্জুন তাঁহার অনেক পরের লোক। এ্যালবেরুনি বলেন যে, তাঁহার এক শত বৎসর পূর্ব্বেও একজন নাগার্জ্জুন ছিলেন। নেপালে একটি গুহা আছে, উহার নাম নাগার্জ্জুনগুহা। উহা চন্দ্রগড়ি পাহাড়ের একটি দুর্গম অংশে অবস্থিত। আমাদের নাগার্জ্জুন বোধ হয়, বেরুনি-কথিত শেষ নাগার্জ্জুন। ইঁহার সংকীর্ত্তনের পদাবলীর নাম 'নাগার্জ্জুনগীতিকা'।

এতদ্ভিন্ন আরও অনেকগুলি পদাবলীর নাম আমরা পাইয়াছি। যথা,—'যোগি-প্রসর-গীতিকা,' 'বজ্রডাকিনীগীতি,' 'চিত্তগুহাগম্ভীরার্থগীতি'।

চৈতন্যদেবের অন্ততঃ ৬ শত বৎসর পূর্ব্বে বাঙ্গালা ও পূর্ব্বভারতে বৌদ্ধ সিদ্ধাচার্য্যগণ সংকীর্ত্তনের গান বাঁধিয়া ও নানা রাগ-রাগিণীতে ঐ সমস্ত গান গাইয়া ভারতবাসীর মন বৌদ্ধ ধর্ম্মের দিকে আকৃষ্ট করিতেন। তাঁহারা সচরাচর যে সমস্ত রাগিণীতে গান গাহিতেন, তাদের নাম ;—পটমঞ্জরী, গবড়া, অরু, গুঞ্জরী, দেবক্রী, দেশাখ, ভৈরবী, কামোদ, ধানশী, রামক্রী, বরাড়ি, শীবরী, বলাড্ডি, মল্লারি, মালশী, কহ্নু গুঞ্জরী, বাঙ্গালা ইত্যাদি।

বৌদ্ধ সিদ্ধাচার্য্যেরা গীতিকা ভিন্ন দোঁহা রচনা করিয়াছেন। এক এক সময় মনে হয় যে, এই দোঁহা হইতেই পয়ারের সৃষ্টি হইয়াছে। সরহপাদের 'কখন্ত দোহা' তন্ত্রের মন্ত্র নির্ম্মাণের উপযোগী। সরহপাদের এক দোঁহাকোষ আমরা পাইয়াছি। সহজযানের মূল তত্ত্বগুলি ব্যাখ্যা করাই এই দোঁহাকোষের উদ্দেশ্য এবং তাই করিতে গিয়া তিনি ব্রাহ্মণদিগের, ঈশ্বরবাদীদিগের, সাংখ্যের, সৌগতদিগের, এমন কি, মহাযানেরও মতসকলের দোষ দিয়াছেন, সে কথা আমি পূর্ব্বে বলিয়াছি। ইহা ছাড়া তাঁর আরও দোঁহাকোষ ছিল, একখানির নাম 'দোঁহাকোষনামচর্য্যাগীতি,' একখানির নাম 'দোঁহাকোষ উপদেশগীতি'। কৃষ্ণাচার্য্যের 'দোঁহাকোষ' আমরা পাইয়াছি। উহাও সহজযানের পুস্তক। উড়িষ্যানিবাসী তেলিপের একখানি 'দোঁহাকোষ' ছিল। বিরূপেরও একখানি 'দোঁহাকোষ' আছে। তাহার পুষ্পিকায় লেখা আছে, উহা একখানি সংগ্রহ মাত্র। বিরূপ, কৃষ্ণ, শান্তিকপাদ, পূরপাদ এবং শ্রীবৈরোচন, এই কয় জনের দোঁহা লইয়া উহাতে সংগ্রহ করা হইয়াছে।

এতদ্ভিন্ন বৌদ্ধ সন্ন্যাসীরা অনেক সময় গাথা রচনা করিতেন। গাথা রচনার জন্য একটি স্বতন্ত্র ভাষা ছিল। রাজেন্দ্রলাল উহাকে 'গাথাভাষা'ই বলিয়া গিয়াছেন। সেনার উহাকে মিশ্র সংস্কৃত বলিয়া গিয়াছেন। ঐ ভাষায় যে বহু দিন পর্য্যন্ত গাথা রচনা হইতেছিল, এ কথা কিন্তু কেহই জানিতেন না। 'শতসাহস্রিকা প্রজ্ঞাপারমিতা রত্ন-সঞ্চয়গাথা' খ্রীষ্টের অন্ততঃ ৬ষ্ঠ শতকে লেখা হয়। কারণ, পাঁচ শতকের পূর্ব্বে 'শতসাহস্রিকা'ই ছিল কি না, সন্দেহ। এই ভাষা ক্রমে চলিত ভাষার সঙ্গে মিশিয়া অনেক নরম হইয়া আসিয়াছে, অনেকটা চলিত ভাষার মতনই দাঁড়াইয়াছে।

সরহপাদের 'দ্বাদশোপদেশগাথা' নামে একখানি গাথা আছে। সরহপাদের গীতি বাঙ্গালা, দোঁহাও বাঙ্গালা ; গাথাও যে বাঙ্গালা হইবে, সে বিষয়ে সন্দেহ নাই। আর একখানি গ্রন্থ আছে, তার নাম 'সার্দ্ধপঞ্চ-গাথা' ; সংগ্রহকারের নাম নাগার্জ্জুনগর্ভ। উহাতে শ্রীগিরি, সবর, কর্ম্মপাদ ও নাড়পাদের গাথা আছে। এরূপ গাথা আরও অনেকে লিখিয়া গিয়াছেন।

আমার নিজের সংগ্রহে ও তেঙ্গুরে যে সকল গীতি, গাথা ও দোঁহার নাম পাইয়াছি, তাহাদের মোটামুটি একটা বিবরণ দিলাম। কিন্তু ইহা ছাড়াও আরও অনেক গীতি, গাথা

ও দোহা আছে ; কারণ, আমি গাথা ও গীতির যে কয়খানি টীকা পাইয়াছি, তাহাতে কয়েক জন দোহা ও গীতিকারের নাম পাইয়াছি, যাহা এই দুইএর কোন সংগ্রহেই নাই। আর আমি নেপাল হইতে যে সমস্ত বৌদ্ধ বজ্রযান, সহজযান, কালচক্রযান ও মহাযানের পুস্তক আনিয়াছি, তাহাতেও মধ্যে মধ্যে বাঙ্গালা গীতি ও দোহা পাইয়াছি।

ডাকার্ণব

ডাকার্ণব নামে একখানি পুস্তকে অনেক চলিত ভাষার গান আছে। সে গানগুলি কি ভাষায়, তাহা স্থির করিতে না পারিয়া, আমি সেই অংশগুলি ছাপাইয়া ইউরোপে পাঠাইব স্থির করিয়াছি এবং ছাপাইয়াছি। কিন্তু যুদ্ধের জন্য পাঠাইতে পারিতেছি না। তাহারও শেষ দোহাগুলি আমার বাঙ্গালা বলিয়া মনে হয়।

রম রম পরম মহাসুখ বন্ধু।
প্রজ্ঞোপায়ই সিজ্জউ কজ্জু॥
লোঅণ করুনা ভাবহ তুম্ম।
সঅল সুরাসুর বুজ্ঝহ জিম্ম॥
জরণ মরণ পড়িহাস ন দিসই।
ইবোহ করহ চিত্ত জিণ না হই॥ [পত্রাঙ্ক ১৬১-৬২]

ইহার উপর আরও একটা কথা বলিয়া রাখি। মীননাথের একটি বাঙ্গালা পদ পূর্ব্বে দেখাইয়াছি। আমাদের দেশে প্রবাদ আছে যে, মীন ও মৎস্যেন্দ্র চন্দ্রদ্বীপের লোক। চর্য্যাচর্য্যবিনিশ্চয়ের টীকায় বহিঃশাস্ত্রের বলিয়া আরও দুই একটি বাঙ্গালা পদ তুলিয়াছি। তাহাতে বোধ হয় যে, নাথপন্থের নাথদিগেরও অনেক গ্রন্থ বাঙ্গালায় লেখা হইয়াছিল।

নাথদিগকে সিদ্ধও বলিত, বর্ণনরত্নাকরে তাঁহাদের একটি তালিকা দেওয়া আছে। বর্ণনরত্নাকর এশিয়াটিক সোসাইটির একখানি তালপাতার পুথি, নং ৪৮।৩৪—অক্ষর বাঙ্গলা—লিপিকাল লসং ৩৮৮। গ্রন্থকার কবিশেখরাচার্য্য জ্যোতিরীশ্বর, মিথিলার রাজা হরিসিংহদেবের সভার একজন কবি ছিলেন। হরিসিংহদেবের রাজত্বকাল খ্রীঃ অঃ ১৩০০—১৩২১।

পুস্তকে নানাবিধ বর্ণনা দেওয়া আছে ; যথা :—

নগরবর্ণনো নাম প্রথমঃ কল্লোলঃ।
নায়িকাবর্ণনো নাম দ্বিতীয়ঃ কল্লোলঃ।
আস্থানবর্ণনো নাম তৃতীয়ঃ কল্লোলঃ।
ঋতুবর্ণনো নাম চতুর্থঃ কল্লোলঃ।
প্রয়াণবর্ণনো নাম পঞ্চমঃ কল্লোলঃ।
ভট্টাদিবর্ণনো নাম ষষ্ঠঃ কল্লোলঃ।
শ্মশানবর্ণনো নাম সপ্তমঃ কল্লোলঃ।

অথ চৌরাসীসিদ্ধ বর্ণনা—

গ্রন্থকার চৌরাসীসিদ্ধের বর্ণনা করিতেছেন; কিন্তু মাত্র ৭৬টি নাম পাওয়া যায়।

১ মীননাথ, ২ গোরক্ষনাথ, ৩ চৌরঙ্গীনাথ, ৪ চামরীনাথ, ৫ তন্তিপা, ৬ হালিপা, ৭ কেদারিপা, ৮ ধোঙ্গপা, ৯ দারিপা, ১০ বিরূপা, ১১ কপালী, ১২ কমারী, ১৩ কাহ্ন, ১৪ কনখল, ১৫ মেখল, ১৬ উন্মন, ১৭ কাণ্ডলি, ১৮ ধোবী, ১৯ জালন্ধর, ২০ টোঙ্গী, ২১ মবহ, ২২ নাগার্জ্জুন, ২৩ দৌলী, ২৪ ভিষাল, ২৫ অচিতি, ২৬ চম্পক, ২৭ ঢেণ্টস, ২৮ ভুম্বরী, ২৯ বাকলি, ৩০ তুজী, ৩১ চর্প্ট টী, ৩২ ভাদে, ৩৩ চান্দন, ৩৪ কামরী, ৩৫ করবৎ, ৩৬ ধর্ম্মপাপতঙ্গ, ৩৭ ভদ্র, ৩৮ পাতলিভদ্র, ৩৯ পলিহিহ, ৪০ ভানু, ৪১ মীন, ৪২ নির্দ্দয়, ৪৩ সবর, ৪৪ সান্তি, ৪৫ ভর্ত্তৃহরি, ৪৬ ভীষণ, ৪৭ ভটী, ৪৮ গগনপা, ৪৯ গমার, ৫০ মেণুরা, ৫১ কুমারী, ৫২ জীবন, ৫৩ অঘোসাধব, ৫৪ গিরিবর, ৫৫ সিয়ারী, ৫৬ নাগবালি, ৫৭ বিভবৎ, ৫৮ সারঙ্গ, ৫৯ বিবিকিধজ, ৬০ মগরধজ, ৬১ অচিত, ৬২ বিচিত, ৬৩ নেচক, ৬৪ চাটল, ৬৫ নাচন, ৬৬ ভীলো, ৬৭ পাহিল, ৬৮ পাসল, ৬৯ কমল-কঙ্গারি, ৭০ চিপিল, ৭১ গোবিন্দ, ৭২ ভীম, ৭৩ ভৈরব, ৭৪ ভদ্র, ৭৫ ভমরী, ৭৬ ভুরুকুটী।

সুতরাং মুসলমান-বিজয়ের পূর্ব্বে বাঙ্গালা দেশে একটা প্রবল বাঙ্গালা-সাহিত্যের উদয় হইয়াছিল। তাহার একটি ভগ্নাংশ মাত্র আমি বাঙ্গালী পাঠকের কাছে উপস্থিত করিতেছি। ভরসা করি, তাঁহারা যেরূপ উদ্যম সহকারে বৈষ্ণব-সাহিত্য ও অন্যান্য প্রাচীন সাহিত্যের উদ্ধার করিয়াছেন, ঐরূপ উৎসাহে বৌদ্ধ ও নাথ-সাহিত্যের উদ্ধার সাধন করিবেন। ইহার জন্য তাঁহাদিগকে তিব্বতী ভাষা শিখিতে হইবে, তিব্বত ও নেপালে বেড়াইতে হইবে, কোচবিহার, ময়ুরভঞ্জ, মণিপুর, সীলেট প্রভৃতি প্রান্তবর্ত্তী দেশে ও প্রান্তভাগে ঘুরিয়া গীতি, গাথা ও দোঁহা সংগ্রহ করিতে হইবে। ইহাতে অনেক পরিশ্রম করিতে হইবে, অনেক বার হতাশ হইয়া ফিরিতে হইবে। কিন্তু যদি সংগ্রহ করিতে পারেন, তবে দেখিতে পাইবেন যে, যাঁহারা এ পর্য্যন্ত কেবল আপনাদের কলঙ্কের কথাই কহিয়া গিয়াছেন, তাঁহারা একেবারেই সত্যকথা কহেন নাই।

চর্য্যাচর্য্যবিনিশ্চয়ঃ

৭৩ পৃঃ   ৪৭ পৃঃ   ২৩ পৃঃ   ১৪ পৃঃ   ১ পৃঃ

চর্য্যাচর্য্যবিনিশ্চয়ঃ

বৌদ্ধ-সহজিয়া-মতের
অতিপুরাণ বাঙ্গালা গান
ও তাহার সংস্কৃত টীকা

নমঃ শ্রীবজ্রযোগিন্যৈ।

১

কাআ তরুবর পঞ্চ বি ডাল
চঞ্চল চীএ পইঠো কাল ॥ ॥
দিঢ় করিঅ মহাসুহ পরিমাণ
লুই ভণই গুরু পুচ্ছিঅ জাণ ॥ ধ্রু ॥
সঅল স[মা]হিঅ কাহি করিঅই
সুখ দুখেতেঁ নিচিত মরিআই ॥ ধ্রু ॥
এড়িএউ ছান্দক বান্ধ করণক পাটের আস
সুনুপাখ ভিতি লাহু রে পাস ॥ ধ্রু ॥
ভণই লুই আম্‌হে সাণে দিঠা
ধমণ চমণ বেণি পাণ্ডি বইঠা ॥ ধ্রু ॥

শ্রীমৎসংগুরুবক্ত্রপঙ্কজরসাস্বাদস্ফুরদ্ধীদয়ো
নত্বা শ্রীকুলিশেশমদ্বয়ধিয়ং শ্রদ্ধাপ্রসন্নাননঃ।
শ্রীলূয়ীচরণাদিসিদ্ধরচিতেঽপ্যাশ্চর্য্যচর্য্যাচয়ে
সদ্বর্ত্মা[১]বগমায় নির্ম্মলগিরাং টীকাং বিধাস্যে স্ফুটম্ ॥

১। পুথিতে বর্ত্মো আছে।

রাগপটমঞ্জরী—কাআতরুবরেত্যাদি। শ্রীমদগুরুচরণারবিন্দমকরন্দবিন্দুসন্দোহশান্ত[২]-সন্তর্পিতানন্দন্তিমিতহৃদ[দ]য়ঃ সত্যদ্বয়মহামোহভ্রমজলধিমধ্যনিমগ্নাঽশরণদীনজনসমুদ্ধরণকামো হি সিদ্ধাচার্য্য [২] শ্রীলুইপাদঃ প্রণিধিপ্রেরিতাবতারণার্থং কাঅতরুব্যাজেন সুদ্ধধর্ম্মতাপীঠিকাং প্রাকৃ[ত]ভাসয়া রচয়িতুমাহ কায়েত্যাদি[৩]। রূপাদয়ঃ পঞ্চস্কন্ধাঃ। ষড়িন্দ্রিয়াণি ধাতবো বিষয়াশ্চ গ্রাহ্যগ্রাহকগ্রহণোপলক্ষিতপল্লবত্বাৎ কায়তরুবরত্বেন গৃহীতঃ। নন্বচেতনত্বাৎ কথং কায়স্তরুবরঃ। নৈষ দোষঃ।

তথৈব[৪] বহিঃশাস্ত্রকারৈরপ্যুৎপ্রেক্ষালঙ্কারপরৈঃ কিঞ্চিদ্‌ ভেদাধিষ্ঠানং হি সাদৃশ্যমুদীরিতং। কিমুতাস্য প্রকৃত্যাভাষদোষবশাৎ চাঞ্চল্যতয়া প্রাকৃতসত্বেনাচ্যুতিরূপো হি রাহুঃ। স এব কালঃ। কৃষ্ণপ্রতিপদ্দশায়াং প্রবিষ্টঃ। যস্মাৎ নন্দাভদ্রা[৫]জয়ারিক্তাপূর্ণা[৫]তিথিক্রমেণ সংবৃত্তি-বোধিচিত্তমৃগাঙ্কং শোষং নয়তীতি। অয়মত্যর্থং **কৃষ্ণাচার্য্যপাদৈ**রভিহিতঃ

> বরগিরি-কন্দর-গুহির জগু সএল চিত্ত টুই।
> বিমল-সলিল শোষ যাইয়[৬] কালগ্নি পইটই।

তথাচ **রতিবজ্রে**—

> পতিতে বোধিচিত্তে তু সর্ব্বসিদ্ধিনিধানকে।
> মূর্চ্ছিতে স্কন্ধবিজ্ঞানে কুতঃ সি[২ক]দ্ধিরনিন্দিতা॥

তথাচ **সম্পুটোদ্ভবতন্ত্ররাজে**—

> অনল্পসংকল্পতমোভিভূতং
> প্রভঞ্জনোন্মত্ততড়িচ্চলঞ্চ।
> রাগাদিদুর্ব্বারমলাবলিপ্তং
> চিত্তং হি[৭] সংসারমুবাচ বজ্রী॥

তস্মাৎ যে কেচিৎ প্রাদেশিকাঃ পরিপককুশলাঃ ভগবতঃ পঞ্চক্রমপ্র[৮]বেশোপায়ধারণ-পূর্ব্বেণ যুগনদ্ধরূপং সহজানন্দফলং সতত[৯]মন্বেষয়ন্তি তেঽপি বজ্রোপ[ম]সমাধিং সাক্ষাৎ কুর্ব্বন্তি।

২। পুথিতে নূতন নেওয়ারী অক্ষরে শাত ও তাহার পরে পুরাণ বাঙ্গালা অক্ষরে ন্ত লিখিয়া মাথার দুটি দাঁড়ি টানিয়া কাটিয়া দেওয়া আছে।

৩। কায়েত্যাদি এই কয়টি অক্ষর নূতন নেওয়ারী অক্ষরে কপালটুকী করিয়া উপরে লেখা আছে।

৪। ব অক্ষরটি কপালটুকী করিয়া উপরে নূতন নেওয়ারী অক্ষরে লেখা আছে।

৫। ভদ্রা ও পূর্ণার পরে বৃথা এক একটি দাঁড়ি পুথিতে আছে।

৬। যকারটি নীচে নেওয়ারী অক্ষরে।

৭। হি-টি কপালটুকী করিয়া নেওয়ারী অক্ষরে।

৮। প্র অক্ষরটিও ঐরূপ।

৯। সতত শব্দের পর একটি বৃথা দাঁড়ি।

আর্য্যদেবপাদৈরপ্যুক্তং পঞ্চক্রমানুপূর্ব্বেণ বিনা নিষ্পন্নক্রমসম্বোধি[ং] সাক্ষাৎকর্ত্তুং ন প্রাপ্যতে।

দিটকরীত্যাদি। অনেনোপাশকসম্বরাদ্যনুপূর্ব্বা যথা পরিপাট্যাভিষিক্তো যোগিবরঃ সময়-সঙ্কেতদ্রব্যাপহারেণ সদ্‌গুরুমারাধ্যার্দ্ধরাত্রৌ প্রজ্ঞাজ্ঞানাভিষেক[ং] লব্ধা দৃঢ়ং যথা ভবতি। তথা মহাসুখং চতুর্থানন্দ[ং] ত্বং পরিমাণয়।

ভণই লুই ইত্যাদি। তস্মিন্ কুলিশারবিন্দসংযোগাক্ষরসুখোপায়ং (সুখোয়) শ্রীগুরূন্ পৃষ্ট্বা বিরমানন্দে ব্যাপ্যব্যাপকতয়া সর্ব্বধর্ম্মা[ণা]মুপলম্ভরূপং সহজানন্দমহাসুখং অহর্নিশং জানীহি।

তথাচ **শ্রীসমাজে**—

> ন বিনা বজ্রগুরুণা সর্ব্বক্লেশপ্রহাণকং।
> নির্ব্বাণঞ্চ পদং শাস্ত[১০]মবৈবর্ত্তিকমাপ্নুয়াৎ॥

তথাচ **নাগার্জ্জুনপাদৈঃ বজ্রজাপে** চোক্তং—

> গিরীন্দ্রমূর্দ্ধ্নঃ প্রপতেত্তু কশ্চিৎ
> নেচ্ছেচ্চ্যুতিং হি চ্যবতে[১১] তথাপি।
> গুরুপ্রসাদাপ্তহিতোপদেশঃ
> ইচ্ছের মোক্ষঞ্চ তথাপি মুক্তঃ॥

সরহপাদৈরপ্যুক্তং প্রবন্ধে—

> যা সা সংসারচক্রং বিরচয়তি মনঃসন্নিযোগাত্মহেতোঃ
> সা ধীর্যস্য[াঃ] প্রসাদা[১২]দ্দিশতি নিজভুবং স্বামিনো নিষ্প্রপঞ্চ[ং]।
> তচ্চ প্রত্যাত্মবেদ্যং সমুদয়তি সুখং কল্পনাজা(য়)লমুক্তং
> কুর্য্যাৎ তস্যাংঘ্রিযুগ্মং শিরসি সবিনয়ং সদ্‌গুরোঃ সর্ব্বকালং॥

শ্রীহেবজ্রেঽপি—

> আত্মনা জ্ঞায়তে পুণ্যাৎ গুরুপর্ব্বোপসেবয়া।

পদান্তরেণ মহারাগনয়সমাধ্যুদ্দীপয়[১৩]ন্নুশংসামা[১৪]হ।

সঅল সমাহীত্যাদি। ভগবতৈব নয়ভেদেনানংতাপর্য্যন্তাঃ সমাধয়ো দশাকুশলপরিহারায় ইন্দ্রিয়নিরোধায় নির্দ্দিষ্টাঃ। তৈ[তক]রত্র সমাধিভিঃ মহারাগনয়ে সুখরহিতত্বাৎ দুষ্করপোষধাদি-নিয়মৈশ্চ কিঞ্চিন্ন[১৫] ক্রিয়তে॥

১০। শান্ত শব্দের পর বৃথা একটি অনুস্বার আছে।

১১। চ্যবতের পর একটি বৃথা দাঁড়ি।

১২। দা অক্ষরটি কপালটুকী করিয়া নেওয়ারী অক্ষরে।

১৩। নীচে এই দুটি নেওয়ারী অক্ষরে লেখা আছে।

১৪। মা অক্ষরটিও নীচে দেওয়া আছে।

১৫। কিঞ্চি ন, পুঁথি।

অতঃ **শ্রীসমাজে**—

দুষ্করৈর্নিয়মৈস্তীব্রৈর্মূর্ত্তিঃ শুষ্যতি দুঃখিতা।
দুঃখাদ্বিক্ষিপ্যতে চিত্তং বিক্ষেপাৎ সিদ্ধিরন্যথা॥ ইতি।

তথাচ **শ্রীহেবজ্রে**—

রাগেণ বধ্যতে[১৬] লোকো রাগেণৈব বিমুচ্যতে।
বিপরীতভাবনা হ্যেষা ন জ্ঞাতা বুদ্ধতীর্থিকৈঃ॥

ইতি। এবং মহাসুখাববোধেন রহিতত্বেন বুদ্ধতীর্থিকো বহূনি দুঃখান্যনুভূয় উৎপদ্যন্তে ম্রিয়ন্তে চ। ন তে তস্য ভাগিনঃ।

তথাচাগমঃ—

তত্ত্বহীনা ন সিদ্ধ্যন্তি কল্পকোটিশতৈরপীতিবচনাৎ। মহারা[গ]নয়চর্য্যাম[১৭]প্যাহ—

শ্রীসমাজে—

পঞ্চ কামান্ পরিত্যজ্য তপোভির্ন চ পীড়য়েৎ।
সুখেন সাধয়েদ্ বোধিং যোগতন্ত্রানুসারতঃ॥

তথাচ **সরহপাদৈঃ**—

তনুতরচিন্তাঙ্কুরকো বিষয়রসৈর্যদি ন সিচ্যতে শুদ্ধৈঃ।
গগনব্যাপী ফলদঃ কল্পতরুত্বং কথং লভতে॥

মহারাগনয়চর্য্যার্থনিষ্যন্দিসাক্ষাৎপ্রমাণান্য[১৮]ন্যেষাং বিত[৪]থজ্ঞানাভিনিবিষ্টানাং আগ্রহ-খণ্ডনার্থং তৃতীয়পদমাহ।

এড়িএউ ইত্যাদি। পশ্চা[১৯]চ্ছন্দমোড্ডিয়ানকরণাদিবন্ধস্থিতায় শূন্যতাপক্ষকেতি নৈরাত্ম-ধর্ম্মপাশমিতি সমীপং তদীয়ালিঙ্গনং কুরু। রে সম্বোধনং। ভো মোক্ষশীলাঃ।

তথাচাগমঃ—

এতানি তানি শিখরাণি সমুন্নতানি
সৎকায়দৃষ্টিবিপুলাচলসংস্থিতানি।
নৈরাত্মবোধকুলিশেন বিদারিতাত্মা
ভেদম্প্রযাতি সহজৈরপি দুঃখশৈলৈঃ॥

১৬। তে অক্ষরটি কপালটুকী করিয়া উপরে দেওয়া আছে।

১৭। ম অক্ষরটি নীচে।   ১৮। ন্য-টি নীচে।

১৯। পুথিতে বাঙ্গালা অক্ষরে যঠা ছিল; কলাপটুকী করিয়া উপরে নেওয়ারী অক্ষরে পশ্চা লেখা আছে। কেহ পড়িবার সময় শুদ্ধ করিয়া দিয়াছে।

চতুর্থপদেন যথাভূতধর্ম্ম্যমাহাত্ম্যদৃষ্টপ্রত্যয়তামাহ—

ভণই ইত্যাদি।—আদিসিদ্ধাচার্য্যলুয়ীপাদ এবং বদতি, ময়া লুয়ীপাদেন সিদ্ধাচার্য্যেণ ধ্যানবসেনেতি। মনোবিজ্ঞানে বিষয়েন্দ্রিয়বলয়ত্বাৎ। শ্রীগুরৌ চতুর্থোপদেশলব্ধাভ্যাসেন যুগনদ্ধরূপং দৃষ্টং।

তথা চাগ[২০]মে—

ইন্দ্রিয়াণি স্বপন্তীব মনোস্তর্বিশতীব চ।
নষ্টচেষ্ট ইবাভাতি কায়:[২১] সংসুখমূর্চ্ছিত: ॥

ধবনং[২২] শশিগুহ্যালিনা চবণং রবিগু[হ্যক]ল্যা কালিনা তদুভাভ্যামাসনং কৃত্বা স্বদেবতাহংকারোপবিষ্ট: সন্ সাক্ষাৎ কৃতং।

তথাচ দ্বিকল্পে—

আলিকালিসমাযোগো বজ্রসত্ত্বস্তু বিষ্টরং ইতি ॥১॥

২

রাগ গবড়া

কুকুরীপাদানাম্। দুলি দুহি পিটা ধরণ ন জাই
রুখের তেন্তলি কুম্ভীরে খাঅ ॥
আঙ্গন ঘরপণ সুন ভো বিআতী
কানেট চৌরি নিল অধরাতী ॥ ধ্রু ॥
সুসুরা নিদ গেল বহুড়ী জাগঅ
কানেট চোরে নিল কা গই মাগঅ ॥ ধ্রু ॥
দিবসই বহুড়ী কাড়ই ডরে ভাঅ
রাতিভইলে কামরু জাঅ ॥ ধ্রু ॥
অইসন চর্য্যা কুকুরীপাএঁ গাইড়
কোড়ি মঝেঁ একুড়ি অহিঁ সমাইড় ॥ ধ্রু ॥

তমেব মহাসুখরাজানং স্বানন্দাসবপানপ্রমোদমনসা কুকুরীপাদা: সন্ধ্যাভাষয়া প্রকটয়িতুমাহু:।

২০। গ অক্ষরটি নীচে দেওয়ারী অক্ষরে। ২১। বিসর্গের পর দুটা একটি দাড়ি।
২২। পাঠে আছে ধবণ চমণ, টীকায় আছে ধবন চবন।

তুলীত্যাদি—দ্বয়াকারং যস্মিন্ লীনং গতং মহাসুখকমলং। তুলিসন্ধ্যাসঙ্কেতে বোদ্ধ(ধ)ব্যং। কর্ম্মমুদ্রাপ্রসঙ্গাৎ আনন্দাদিক্রমদ্বারেণ তস্য দোহনং সংবৃত্তিবোধিচিত্তং তৎ অবধূতীমা[৫]র্গেণ গত্বা পীঠকে বজ্রমণৌ পতৎ ধরণং ন যাতি। বালযোগিনস্তস্য ধরণে ন সমর্থাঃ ॥

তথাচ কৃষ্ণাচার্য্যপাদাঃ—

এহু সে দুধরণ ধর[২৩]ণিধর সমবিষম উত্তারণ পাবই।
ভণই কাহ্নু দুল্লক্খ্যা দুরবগাহ কো মণে পরিভাবই ॥

তস্মাৎ গুরুপারম্পর্য্যক্রমজনিতযোগীন্দ্রাঃ কায়বৃক্ষস্য ফলং তদেব বোধিচিত্তং চিঞ্চাফলবৎ বক্রং। কুম্ভীরমিতি। বিলক্ষণপরিশোধিতকুম্ভকসমাধিনা স্বানুভবক্রমেণ চ তস্য ভক্ষণং নিঃস্বভাবীকরণং কুর্ব্বন্তি।

ধ্রুবপদেন দৃঢ়ীকুর্ব্বন্নাহ—

অঙ্গনমিতি। ব্যুত্থানবাতমুৎপ্রেক্ষাপ্রবেশঞ্চ বোদ্ধব্যং। বিআতীতি আত্মনি পরিশুদ্ধাবধূতীরূপমধিমুচ্য যোগীন্দ্রো বদতি ভোঃ পরিশুদ্ধাবধূতীকে শৃণু প্রথমং বজ্রজাপোপদেশেন বিরমানন্দাবধূতীগৃহমুভয়ং নয়। তস্মিন্ গৃহে পুনরর্দ্ধরাত্রৌ চতুর্থীসন্ধ্যায়াং কানেট ইত্যাদি। তদেব প্রবেশাদিবাতদোষবিভবং সহজানন্দচৌরেণ হৃতং।

দ্বিতী[৫ক]য়পদেন তমেবার্থং প্রতিনির্দ্দেশয়তি।

সসুরেত্যাদি[২৪] স্বরিতাদিশ্বাসং চতুর্থান[ন্দং] যোগনিদ্রাং নীত্বা হবধূতীশব্দসন্ধ্যয়া অনাদিভববিকল্পঞ্চ ধৃত্বা প্রকৃতিপরিশুদ্ধাবধূতীরূপেণ যোগিন্যোহপ্যহর্নিশং জাগরণং কুর্ব্বন্তি। কানেট্ট[২৫] প্রভাস্বরচোরেণ প্রবেশাদিবাতদোষো যদা নীতস্তদা গ্রাহ্যাভাবে যোগীন্দ্রো দশদিশি কাপি কিঞ্চিন্ন[২৬] প্রার্থয়তি।

দ্বিতীয়পরিশুদ্ধাবধূতীভেদেন সত্যদ্বয়স্যানুশংসামাহ—

দিবসই ইত্যাদি। মৃদ্বাস্তধ্যাসয়[২৭] ভেদেন সা অবধূতীকা সংবৃত্ত্যা শুক্ররূপেণ ত্রৈলোক্যং নির্ম্মায় পুনঃ স্বয়মেব দিবাদিজ্ঞানমুৎপাদ্য কাড়ই ইতি। কায়কালপুরুষায় বিভেতি সন্ত্রস্তা ভবতি।

তথা চা[গ]মঃ—

যথা চিত্রকরো রূপং যক্ষস্যাতিভয়ঙ্করং।
সমালিখ্য স্বয়ং ভীতঃ[২৮] সংসারে হ্যবুধস্তথা ॥

রাত্রীতি। প্রজ্ঞাজ্ঞানেন প্রকৃতিপরিশুদ্ধাবধূতিকা পঞ্চস্কন্ধাদীন্ অভিষিচ্য। কামরূরিতি। স্বয়মেব মহাসুখচক্রস্বস্থানে নির্ব্বিকল্পং গচ্ছতি। [৬]

২৩। র উপরে নেওয়ারী অক্ষরে।
২৪। গানে আছে সুসুরা; টীকায় সসুরা।
২৫। গানে কানেট; টীকায় কানেট্ট।
২৬। পুথিতে ন স্থানে না আছে।
২৭। পুথিতে অধ্যাসয়ে আছে।
২৮। পুথিতে ভীতিঃ।

তথাগমঃ। স্বস্থানস্থঃ সহজপবনঃ কল্পনাজালমুক্তঃ
শান্তস্তোষং কিমপি জনয়ত্যেষ শুদ্ধস্বভাবঃ।
অস্মাদ্[২৯]গুর্ব্বাহিতবহুকৃপোপায়হেতোরবাধ্য-
সংসারেঽস্মিন্ প্রভবতি সদানন্দসম্বার্থকৃত্যঃ॥

অতিদৌর্লভ্যপ্রতিপাদনা[য়] চতুর্থপদমাহ—

অইসনীত্যাদি। ঈদৃশ্যতীবনিষ্প্রপঞ্চচর্য্যা যোগীন্দ্রস্য স্থিতির্বিহরণাদিকং কুক্কুরীপাদৈনৈবাভিহিতং। অস্যার্থো যোগি[৩০]কোটীনাং মধ্যে যস্যৈকযোগিন্দ্রদয়েঽপ্যুর্ত্তবতীতি।

তথাচ কৃষ্ণাচার্য্যপাদাঃ—

লোঅ গব্ব সমুব্বহই হউ পরমথে পবীণ
কোড়িঅ মঝেঁ একু জই হোই নিরঞ্জনলীন ॥২॥

৩

রাগ গবড়া

বিরুবাপাদানাং। এক সে শুণ্ডিনি[৩১] দুই ঘরে সান্ধঅ
চীঅণ বাকলঅ বারুণী বান্ধঅ ॥ ধ্রু ॥
সহজে থির করী বারুণী সান্ধে
জেঁ অজরামর হোই দিট কান্ধ(ন্ধঃ) ॥ ধ্রু ॥
দশমি দুআরত চিহ্ন দেখইআ
আইল গরাহক অপণে বহিআ[৬ক] ॥ ধ্রু ॥
চউশঠী ঘড়িয়ে দেট পসারা
পইঠেল গরাহক[৩২] নাহি নিসারা ॥ ধ্রু ॥
এক স ডুলী সরুই নাল
ভণন্তি বিরুআ থির করি চাল ॥ ধ্রু ॥

পরিশুদ্ধভেদেন তামবধূতিকাং বিরুআপাদাঃ পরমকরুণাম্রেড়িতমনসা নিঃসংশয়ং প্রকটয়িতুমাহঃ—

এক সে শুণ্ডিনীত্যাদি। একবা ষট্পথযোগাৎ সা অবধূতিকা শুণ্ডিনী উর্দ্ধনাসাঘটিকারন্ধ্রে চন্দ্রসূর্য্যৌ বামদক্ষিণৌ প্রৌঢ়যোগী বলবন্তৌ যৌ সন্ধয়তি মধ্যমায়াং প্রবেশয়তি।

২৯। পুথিতে অস্মাৎ-এর পর দাঁড়ি আছে। ৩০। পুথিতে গী।
৩১। পুথিতে শুণ্ডিনিনী আছে। ৩২। গরাহকের পর একটি বৃথা দাঁড়ি আছে।

এতেন স্বাধিষ্ঠানং দ্রঢ়য়তি। পুনঃ স্বয়মেব আগত্যাধোনাসায়াং বজ্রমণিশিখরগুসিরে বোধিচিত্তং বিন্দুমবিদ্যাবীজদ্বেষ(যা)কল্করহিতেন প্রভাস্বরেণ গুরূপদেশাদভিসন্ধ্যা বারুণীতি সুখপ্রমোদত্বাৎ বোধিচিত্তং বন্ধয়তি।

ধ্রুবপদেন পরমার্থবোধিচিত্তং দৃঢ়ীকুর্ব্বন্নাহ—

সহজেতি। বজ্রগুরুপ্রসাদাৎ বিরমানন্দেন সহজানন্দং স্থিরীকৃত্য ভো বালযোগিন্। বারুণীতি সন্ধ্যাবচনেন তদে[৭]ব সংবৃত্তিবোধিচিত্তং বোদ্ধব্যং। তস্য বোধিচিত্তস্য স্বাধিষ্ঠান-গতস্যাক্ষরতাসুখপাশেন বন্ধনং কৃত্বা যেনাভ্যাসবিশেষেণাঽজরামরত্বং দৃঢ়স্কন্ধং লভসে তৎ কুরু।

তথাচ যোগরত্নমালায়াং[৩৩]—

দৃঢ়ং সারমশৌষীর্য্যমচ্ছেদ্যাভেদ্যলক্ষণং।
অদাহী অবিনাশী চ শূন্যতা বজ্র উচ্যতে॥

পদান্তরেণাস্য প্রতিনির্দ্দেশমাহঃ—

দশমীত্যাদি। বৈরোচনদ্বারেঽপি মহারাগসুখপ্রমোদচিহ্নং দৃষ্ট্বা গন্ধর্ব্বসত্ত্বো হি স্বয়মেবাগত্য তেন দ্বারেণ প্রবিশ্য মহাসুখকমলরসপানেন সুচিতপ্রীণনং করোতি।

তথাচ কৃষ্ণাচার্য্যপাদাঃ—

এবংকার বীঅলই কুসুমিঅ অরবিন্দ
হো মহুঅররূপং সুরঅবীর জিংঘই মঅরন্দ।
ভণই কাহ্নু মণ কহবি ণ ফিটই
ণিচল পবণ ঘরণি ঘরে বট্টই॥

চতুর্থোপদেশমাহ—

এক ঘ ডুলীত্যাদি। সৈব[৩৪] পূর্ব্বোক্তাবধূতিকা সংবৃত্তিপরমার্থসত্যদ্বয়ং ঘটতীতি কৃত্বা ঘটী[৩৫] আভাসত্রয়নিরোধাৎ[৭ক]সূক্ষ্মরূপা। বিরুআপাদাঃ এবং বদন্তি। তয়া শুক্রনাড়িকয়া[৩৬] গুরোরুপদেশাৎ তমপতিতং বোধিচিত্তং স্থৈর্য্যং কৃত্বা নিস্তরঙ্গরূপেণ চালয়।

তথা সেকোদ্দেশে—

যাবন্নো প[ত]তি প্রভাস্বরময়ঃ শীতাংশুধারাদ্রবো
দেবীপদ্মদলোদরে সমরসীভূতো জিনানাং গণৈঃ।
স্ফূর্জ্জদ্বজ্রশিখাগ্রতঃ করুণয়া ভিন্নং জগৎকারণং
গর্জ্জদ্বীকরুণাবলস্য[৩৭] সহজং জানীহি রূপং বিভোঃ। ৩।

৩৩। পুথিতে চাগমখেলায়াং আছে, তাহার মধ্যে আগমখে কাটিয়া উপরে যোগরত্নমা তুলিয়া দিয়াছে।

৩৪। পুথিতে সেব আছে।

৩৫। গানে আছে এক স ডুলী, টীকায় আছে এক ঘড় লী, ব্যাখ্যায় আছে ঘটতীতিকৃত্বা ঘটী।

৩৬। নাড়িকায়া কা-এর আকারটি বৃথা।

৩৭। পুথিতে এই অক্ষরগুলি প্রায় মুছিয়া গিয়াছে।

৪

রাগ অরু

গুণ্ডরীপাদানাং।

তিঅড্ডা চাপী জোইনি দে অঙ্কবালী
কমলকুলিশঘাণ্ট করহুঁ বিআলী ॥ ধ্রু ॥
জোইনি তঁই বিনু খনহিঁ ন জীবমি
তো মুহ চুম্বী কমলরস পীবমি ॥ ধ্রু ॥
খেঁপহু জোইনি লেপ ন জায়
মণিকুলে বহিআ ওড়িআণে সমাঅ ॥ ধ্রু ॥
সাসু ঘরেঁ ঘালি কোঞ্চা তাল
চান্দসুজবেণি পখা ফাল ॥ ধ্রু ॥
ভণই গুণ্ডরী অহ্মে কুন্দুরে বীরা
নরঅ নারী মঝেঁ উভিল চীরা ॥

তমেবার্থং শ্রীহেরুক[৩৮]চ[৮]র্য্যাবগমেন গুণ্ডরীপাদা অন্তেষু নিঃস্বভাবং প্রতিপাদয়ন্তি—

তিয়ড্ডেত্যাদি[৩৯]। ললনা-রসনা-অবধূতিকা নাড্যঃ ত্রিনাড্যং চাপয়িত্বা নিরাভাসীকৃত্য সৈব পরিশুদ্ধাবধূতিকা নিরাত্মযোগিনী। অঙ্কবালীতি। অঙ্কং স্বচিহ্নং সাধকায় দদাতি। তং পালয়তি চ। অথবা বিচিত্রাদিলক্ষণযোগেনানন্দাদিক্রমং দদাতি। পুনঃ সৈব ভাবকস্তাবিরতাভিযোগাদা-শ্বাসং দদাতি। কমলকুলিশমিতি। ভো যোগিবর সম্যককুলিশাব্জসংযোগঘট্টৌ আনন্দসন্দোহ-তয়া। বিকালিমিতি কালরহিতাং মহামুদ্রাং সিদ্ধিং সাক্ষাৎ কুরু। অতএব মহাসুখ(খং)-লম্পটোঽহং ভাবকঃ ॥

এবং বদন্তি।

ভো নৈরাত্মযোগিনি ত্বয়া বিনা ক্ষণৈকং দুর্দ্ধারবেগচপলত্বাৎ প্রাণবাতধারণে ন সমর্থোঽহং।

তথা চা[গ]মঃ—

উৎপাদস্থিতিভঙ্গেষু অন্তরাভবসংস্থিতিঃ।
যাবতী কল্পনা লোকে বায়ুশ্চিত্তবিজৃম্ভিতং ॥

তব বক্ত্রং সহজানন্দং পুনশ্চুম্বয়িত্বা কমলরসমিতি [৮ক] উষ্ণীষকমলমধুমদনং পরমার্থ-বোধিচিত্তং গুরুসম্প্রদায়াদ্বিরমানন্দকালিঙ্গরসময়ে করোমি(মী)।

৩৮। পুঃ হেরুকাচর্য্যা। কা-এর আকারটা বৃথা।

৩৯। গানে তিঅড্ডা; টীকায় তিয়ড্ডা।

তথা চ **শ্রীহেবজ্রে**—

অভব্যং ডিণ্ডিমং প্রোক্তং ভব্যং কালিঞ্জরম্ম[হৎ]।

পদান্তরেণ যোগিন্যানুশংসামাহ (অনুসসমাহ)—

খেপেত্যাদি। ক্ষেপাৎ স্বস্থানযোগাৎ সা বোধিচিত্তরূপা নৈরাত্মযোগিনী বিলক্ষণশোধিতা-হনন্দেন মণিমূলেন মোহমলাবলিপ্তা ভবতীতি। পুনস্তস্মিন্ ক্রীড়ারসমনুভূয় মণিমূলাদূর্দ্ধং গত্বা গত্বা মহাসুখচক্রে অন্তর্ভবতীতি। অতঃ **কৃষ্ণাচার্য্যপাদৈ**রভিহিতং

এহু সো গিরিবর কহিঅ মই এহু সে মহাসুহ ঠাব।

এক্কু রঅণি মহু সহজ খণ্ড লব্ভই মহাসুহ জাব॥

তৃতীয়পদেন পরিশুদ্ধিমাহ—

সাসু ইত্যাদি। প্রথমং তাবৎ যোগীন্দ্রেণ দেবতাযোগপূর্ব্বকং কায়বজ্র[ং] দৃঢ়ীকৃত্য বজ্রজাপোপদেশেন চন্দ্রসূর্য্যয়োঃ পক্ষগ্রহং খণ্ডয়িত্বা বাগ্‌বজ্রং স্থিরীকৃত্য চিত্তবজ্রদৃঢ়ীকরণায় সা বির[৯]মানন্দাবধূতিকা সহজানন্দৈকলোলীভাবং ন শ্বাসমাগারং সুমেরুশিখরং নীত্বা। কুঞ্চি-কেতি। তালসম্পুটীকরণে মণিমূলদ্বারনিরোধং কর্ত্তব্যমাত্মানং সংবোধ্য স্বয়মেব বদত্যনু-পূর্ব্বিকাং।

তথাচ **কৃষ্ণাচার্য্যপাদাঃ**—

জহি মণ পবণ গঅণ দুআরে দিট তাল বিদিজ্জই

জই ত সুঘোর[৪০] অন্ধাঁরে মণি দিব হো কিজ্জই।

জিণ[৪১] রঅণ উঅরেঁ জই অম্বরু ছুপ্পই

ভণই কহ্নু ভব ভুঞ্জন্তে নিব্বাণ বিসিস্‌সই॥

বজ্রোপমসমাধিসাক্ষাৎকারণেন সিদ্ধাচার্য্যো হি গুড্ডরী[৪২] স্বয়মেব অনুশংসামাহ—

ভণ ইত্যাদি। অন্যেষাং সম্প্রদায়বহির্ম্মুখযোগিনীযোগিনাং মধ্যে কুন্দুরেণ। দ্বীন্দ্রিয়-সমাপত্তি(ত্তিং)যোগাক্ষরসুখেন ক্লেশারিমর্দ্দনাদ্বীরোঽহম্। পুনরপি তেষাং মধ্যে। চীরমিতি। যোগীন্দ্রচিহ্নমষ্টগুণৈশ্বর্য্যাদি ময়োদ্ধৃতমভিজ্ঞাসন্দর্শনার্থং। ৪।

৪০। পুথিতে প্রথম সুত্তর লিখিয়াছিল, পরে ত্ত কাটিয়া উপরে ঘো করিয়া দিয়াছে।

৪১। জিণ এই শব্দের পর একটি বৃথা ণ কি শ আছে।

৪২। গানের মাথায় আছে গুণ্ডরী, গানের ভণিতায় আছে গুডরী, টীকায় আছে গুড্ডরী। চর্য্যাপদ যিনি রচনা করিয়াছেন, তাঁহার নামের এই তিনরূপ বানান একই স্থানে পাওয়া গেল।

রাগ গুঞ্জরী

চাটিল্লপাদানাম্। ভবণই গহ[৯ক]ণ গম্ভীর বেগেঁ বাহী।
দুআন্তে চিখিল মাঝেঁ ন থাহী ॥ ধ্রু ॥
ধামার্থে চাটিল সাঙ্কম গটই।
পারগামি লোঅ নিভর তরই ॥ ধ্রু ॥
ফাড্ডিঅ মোহতরু পটি জোড়িঅ।
আদঅদিঢি টাঙ্গী নিবাণে কোহিঅ ॥ ধ্রু ॥
সাঙ্কমত চড়িলে দাহিণ বাম মা হোহী।
নিয়ড্ডী বোহি দূর ম জাহী ॥ ধ্রু ॥
জই তুম্হে লোঅ হে হোইব পারগামী।
পুচ্ছতু চাটিল অনুত্তরসামী ॥

তমেব যথাভূতার্থঞ্চাটিল্লপাদাঃ শব্দান্তরেণ প্রকটয়ন্তি—

ভ[ব]ণই ইত্যাদি। পূর্ব্বোক্তজল[৪৩]নারসনাদ্যাভাব[৪৪]ত্রয়ং পারাব[া]রগম্ভীরত্বেন নদীসন্ধ্যয়া বোদ্ধব্যং। দিবারাত্রৌ চ সন্ধ্যায়াং বিষয়োল্লোলমুৎপদ্যতে[৪৫] বিনশ্যতি চ। অতএব গহন[ং] ভয়ানকং। প্রকৃতিদোষাদ্ গম্ভীরং। ষট্‌পথদ্বারেণ মূত্রপুরীষাদিকং চ প্রবহতীতি। অতএব অন্তদ্বয়ং পারাবারং বামদক্ষিণং চিখিলমিতি প্রকৃতিদোষপঙ্কানুলিপ্তং। মধ্যে তস্যা[ঃ] থাহং। অবধূত্যাঃ প্রমা[১০]ণস্বরূপং কর্ত্তু[ং] ন পার্য্যতে বালযোগিনা। ধ্রুবপদেন চতুর্থানন্দমুদ্রী-পয়ন্না[হ]।

ধর্ম্মার্থং স্বলক্ষণধারণাৎ ধর্ম্মঃ ঘটপটস্তম্ভকুড্যাদিভূতবিকারঃ। তস্য স্বরূপেণ নাস্তি রূপমিতি ॥ **শ্রীহেরুকতত্ত্বতন্ত্রপটলোক্ত**বিচারানুপলম্ভতয়া। চাটিলসিদ্ধাচার্য্যঃ। শক্রমমিতি সংবৃত্তি-পরমার্থয়োরৈক্যং[৪৬]গুরুসম্প্রদায়াৎ(য়)। ঘটয়তি তথা চ **সরহপাদাঃ** ॥

> সুন্ন করুণ জো পুণু জোহণ বেন বিকসই
> ণো ভবণো নিব্বাণে থক্কই।
> অহবা কেবল করুণা ভাবই
> জন্মসহস্রেঁ মোক্‌খ ন পাবই ॥

৪৩। ল-এর পর বৃথা একটি আকার আছে।

৪৪। পুথিতে কারে ছিল, কাটিয়া উপরে ভাব করিয়া দেওয়া আছে।

৪৫। উৎপদ্যতে, এই শব্দের পর পুথিতে একটি বৃথা আকার আছে।

৪৬। পুথিতে রৈক্যাং।

অনেন সিদ্ধাচার্য্যোপায়েন মোক্ষোৎসুকা যে[৪৭] যোগিনঃ। তেঽপি নিয়তং সংসারসমুদ্রস্য পারঙ্গচ্ছন্তীতি।

পদান্তরেণোক্তার্থব্যক্তিকরণমাহ—

ফাড়িঅ[৪৮] ইত্যাদি। মোহতরুং বিষয়ং ব্যাবৃতিব(বি)শাৎ তমেব সংবৃতিবোধিচিত্তবৃক্ষং পাটয়িত্বা তস্য বিষয়গ্রহং খণ্ডয়িত্বা সততালোকং পাটকেন সহ একীকরণং ঘটয়তি। পুনরস্য ফ[১০ক]লপ্রতিপাদনায় যুগনদ্ধপরশুনা দৃঢ়ং করোতীতি।

তৃতীয়পদেন মার্গস্য অনুশংসামাহঃ—

সাঙ্কম ইত্যাদি। স্বাধিষ্ঠানপ্রভাস্বরয়োরৈক্যং সংক্রমং জিনস্য সত্ত্বানাং সংসারসমুদ্রপার-করণায়। ভো যোগিনঃ। তন্নারূঢ়ে সতি বামদক্ষিণচন্দ্রসূর্য্যাভাসৌ পূর্ব্বং বজ্রজাপং নিরোধাৎ পুনরপি পশ্চাদ্ভাব[ং] মা চিন্তয়িষ্যথ। এতেনাভ্যাসবশেন বোধিমহামুদ্রাসিদ্ধির্ন দূ[র]তরা। অতীব সন্নিহিতেব। ততো বিমার্গং মা যতথা দূরং মা গচ্ছথ ইত্যর্থঃ।

যোগাস্পদেন চতুর্থপদমাহ—জই তুম্হেত্যাদি। আভাসত্রয়মহামোহনদ্যাঃ পারগমনং যদীষ্যতে ভো যোগিনস্তদা সিদ্ধাচার্য্যোপদেশপারম্পর্য্যেণানুত্তরধর্ম্মস্বামিনমাহ—পৃচ্ছথেতি। অতএব সহজানন্দোপদেশং জানাম্যহং নিশ্চিতমিতি। অন্যযোগিনস্তথাবিধন্ন জানন্তি। পুস্তকদৃষ্টগর্ব্বত্বাৎ।

তথাচ কৃষ্ণাচার্য্যপাদৈরভিহিতং দোহাকোষে—

সহ এক্কু পব অচ্ছিতহিং [১১] ফুড় কাহ্নু পরিজানই।
বহু সব্বাগম পটই শুণই বট কিম্পি ণ জানই ॥ ৫ ॥

৬

রাগ পটমঞ্জরী

ভুসুকুপাদানাম্। কাহেরি ঘিনি মেলি অচ্ছহু কীস।
বেটিল হাক পড়অ চৌদীস ॥ ধ্রু ॥
অপণা মাংসেঁ হরিণা বৈরী।
খনহ ন ছাড়অ ভুকুঅ হেরি ॥ ধ্রু ॥
তিণ ন চ্ছুপই হরিণা পিবই ন পাণী।
হরিণা হরিণির নিলঅ ণ জাণী ॥ ধ্রু ॥
হরিণী বোলঅ হরিণা সুণ হরিআ তো।
এ বণ চ্ছাড়ী হোহু ভান্তো ॥ ধ্রু ॥

৪৭। পুথি, মোক্ষোৎসুকা। ৪৮। গানে ফাড্ডিঅ ; টীকায় ফাড়িঅ।

তরঙ্গন্তে হরিণার খুর ন দীসঅ।
ভুসুকু ভণই মূঢ়া হিঅ হি ণ পইসই ॥ ধ্রু ॥

তমেবার্থং পরার্থায় করুণান্দোলিতচিত্তেন ভুসুকুপাদো হরিণাশব্দসন্ধ্যাভাষয়া কথয়তি—

কাহেরে[৪৯]ত্যাদি। অনাদিকালমাদায়াসংপ্রজন্যদোষেণ মৃত্যুমারবিষাবেষ্টিতঃ সন্ স্মারমা[রে]রতি হাকং মম চিত্তহরিণেন শ্রুতং। ইদানীং গুরুচরণরেণুপ্রভাবাৎ তং বিহায় সর্ব্বধর্ম্মানুপলম্ভতয়া গ্রাহ্যগ্রাহকাভাবত্বাৎ কাপি গৃহী[১১ক]ত্বা মুক্ত্বা স্থিতোঽহম্।

ধ্রুবপদেন দৃ[ঢ়]যতি—

অপণেত্যাদি অত এবং স্বয়ং কৃতাবিদ্যামাৎসর্য্যদোষেণ চাঞ্চল্যতয়া পু[ন]: স এব চিত্তহরিণঃ (ণাঃ) সর্ব্বেষাং বন্ধবৈরী। ক্ষণমপি চিত্তং চিত্তহরিণং বিহায় ভুসুকুপাদাঽহখেটিকঃ। সদ্গুরুবচনবাণেনাঙ্গং প্রহরতি। তমেবমিতি।

তথাচ বোধিচর্য্যাবতারে—

> ইমং চর্ম্মপুটং তাবৎ স্ববুদ্ধ্যৈব পৃথক্ কুরু
> অস্থিপঞ্জ[৫০]রতো মাংসং প্রজ্ঞাশস্ত্রেণ মোচয় ॥
> অস্থীন্যপি পৃথক্ কৃত্বা পশ্য[৫০]জ্ঞানমনন্ততঃ
> কিমত্র সার[৫১]মস্তীতি স্বয়মেব বিচারয় ॥

চিত্তহরিণস্য নিঃসংশয়ং প্রতিপাদনায় আহ—

তিণ ন খণ্ডই[৫২] ইত্যাদি। যথা বাহ্যমৃগৈঃ তৃণচ্ছেদনির্ঝরপানং ক্রিয়তে তদ্বৎ চিত্তহরিণর করোতি। বিশিষ্য বিচারস্বরূপেণ তয়োঃ চিত্তপবনয়োঃ নিলয়ং নিবাস ইন্দ্রিয়দ্বারেণ নাবগম্যতে।

তথাচ কৃষ্ণাচার্য্যপাদৈরভিহিতং দোহাকোষে—

> বরগিরিশিহর উত্তুঙ্গ থলি শবরেঁহিং কিঅবাস।
> নৌ লংঘিয় পঞ্চাননেঁহিং করিবর দূরি নিবাস ॥

তৃতীয়পদেন কায়পবনবিষয়পল্লবোপসংহারমাহ—

হরিণীত্যাদি। বিষপানভবগ্রহান্ (ণ) হরতি খণ্ডয়তি। হরিণীতি সন্ধ্যাভাষয়া সৈব জ্ঞানমুদ্রা নৈরাত্মা ভাবকস্যাভ্যাসপ্রকর্ষবশাৎ আশ্বাসং ভো চিত্তহরিণ[৫৩] অস্য কায়বনস্য কায়গ্রাহং বিহায় মহাসুখকমল[৫৪]বনং গত্বা বিশ্রান্তিবিকল্পৈশ্চচার(রঃ)।

৪৯। গানে কাহেরি ; টীকায় কাহেরেত্যাদি।
৫০। পুথি, পঞ্জর।
৫১। পুথি, সারে।
৫২। গানে ছুপই ; টীকায় খণ্ডই।
৫৩। পুথি কাটিয়া উপরে তোলা আছে চিত্তহরিণ।
৫৪। পুথি, কমলবলবনং।

তথাচ **সহজসম্বরে**—

সর্ব্বব্যাপি নিরাভাষি করুণৈকরসং মনঃ।
আলিঙ্গতি ঝটিত্যেষা বৃষস্তী চ শূন্যতা॥

চতুর্থপদেনাধিমাত্রাধিমাত্রস্যানুশংসামাহ—

তরংগতে[৫৫] হরিণা ইত্যাদি। সহজজ্ঞানাববোধেন যোগিনস্তস্য স্বচিত্তহরিণস্যাবয়বাদি—বিকল্পং ন কল্পয়ন্তি[৫৬]। যেঽপি বহিঃশাস্ত্রাগমাভিমানিনঃ পণ্ডিতাস্তে[৫৭] ঽপ্যস্মিন্ ধর্ম্মে সংমূঢ়া দূরতরাঃ। ভুসুকুপাদসিদ্ধাচার্য্যো হি বদতি তেষাং হৃদয়ে কিঞ্চিৎ তত্ত্বোন্মীলি(ল)তমাত্রং ন ভবতীতি। যদুক্তং [১২ক] ভগবতা **চতুর্দেবীপরিপৃচ্ছামহাযোগতন্ত্রে**।

চতুরাশীতিসাহস্রং ধর্ম্মস্কন্ধে মুনেঃ + + ।
তত্ত্বং যে ন [হি] জানন্তি তে সর্ব্বে(র্ব্ব) নিষ্ফলায় বৈ॥ ৬॥

৭

রাগ পটমঞ্জরী

কাহ্নুপাদানাম্।

অলিএঁ কালিএঁ বাট[৫৮] রুন্ধেলা।
তা দেখি কাহ্নু বিমন ভইলা॥ ধ্রু॥
কাহ্নু কহিঁ[৫৯] গই করিব নিবাস
জো মনগোঅর সো উআস॥ ধ্রু॥
তে তিনি তে তিনি তিনি হো ভিন্না
ভণই কাহ্নু ভব পরিচ্ছিন্না॥ ধ্রু॥
জে জে আইলা তে তে গেলা।
অবণাগবণে কাহ্নু বিমন ভইঈলা॥ ধ্রু॥
হেরি সে কাহ্নি নিঅড়ি জিনউর বট্টই
ভণই কাহ্নু মোহিঅহি ন পইসই॥ ধ্রু॥

৫৫। গানে তরঙ্গন্তে; টীকায় তরং গতে। ৫৬। পুথি, কল্পয়তি। ৫৭। পুথি, পণ্ডিতাতে।
৫৮। পুথিতে বাট ও রুন্ধেলা, এই দুইটি শব্দের মধ্যে একটি বৃথা একার আছে।
৫৯। কহি ও গই, এই দুই শব্দের মধ্যে একটি বৃথা ব আছে।

জগদর্থকরুণাতারস্তিমিতহৃদয়াঃ কৃষ্ণাচার্য্যপাদাস্তমেবার্থং বিশেষ[ি]য়তু[ম্] আহঃ—

আলীত্যাদি[৬০]। উক্তার্থস্বদেবতাযোগপূর্ব্বক[৬১]বজ্রজাপোপদেশং লব্ধা কৃষ্ণাচার্য্যেণালিনা লোকজ্ঞানেন কালিনা লোকভাসেন চ একীকৃত্যাবধূতীমার্গং সুদৃঢ়ং কৃতং পুনঃ স [১৩]-দ্গুরুপ্রসাদাৎ প্রকৃতিপরিশুদ্ধাবধূতিকারূপেণ কৃষ্ণাচার্য্যপাদা বিশিষ্টমনসো ভূতাঃ।

কাহ্ন কহি গই ইত্যাদি। ধ্রুবপদেন নিজবাসারোপণখণ্ডনমাহঃ। স্বয়মেবাত্মানং সম্বোধ্য বদন্তি। ভোঃ কৃষ্ণবজ্রপাদাঃ ব্যাপ্যব্যাপকরূপেণ সুখেন ব্যাপিতং জগৎ ইতি। শ্রীমদ্ধেরুক-তন্ত্ররাজো[৬২]ক্তার্থ[৬৩]মামুখীকরণাৎ কুত্র স্থানে অস্মাভির্নিবাসঃ করণীয়ঃ স তন্ময়ত্বাৎ যেহপি যোগিনো মনোগোচরা মনেন্দ্রিয়বোধপ্রধানা ভবন্তি তেহপাস্মিন্ ধর্ম্মে উদাসাঃ সু(স)দূরতরা এব।

তথাচ সরহপাদাঃ—

> জহি মণ পবণ ন সঞ্চরই
>
> রবি শশি নাহি পবেশ।
>
> তহি বট চীঅ বিসামকর
>
> সরহেঁ কহি উববেস ॥

দ্বিতীয়পদেন তং স্ফোতয়ন্ত আহঃ—

তে তিনি ইত্যাদি। বাহ্যে স্বর্গমর্ত্তারসাতলমধ্যাদ্যে কায়বাক্চিত্তদিবারাত্রিসন্ধ্যাযোগ-যোগিণীতন্ত্রাদিকং বোদ্ধব্যং। এতৈবস্তোক্তং মহাসুখব্যাপকত্বেন ভেদোপলব্ধিলক্ষণং নাস্তি যোগিনাং পরমার্থবিদাং।

তথাচাগমঃ—

স্বর্গমর্ত্তপাতালমে[১৩ক]কমূর্ত্তি ভবেৎ ক্ষণাৎ। ইতি বচনাৎ এতদর্থ চর্য্যাপাদেনোক্তমস্তি।

আতেঁ তিসেঁ নব তিসিঁ এঁ তিঅ মণ্ডল নাহি বিসেসে ইত্যাদি বিস্তরং সকলধর্ম্মাধি-গমনেন[৬৪] কৃষ্ণাচার্য্যপাদা বদন্তি। ভববিকল্পচ্ছেদকা বয়মিতি।

তৃতীয়পদেন স্বকীয়ানুশংসামাহঃ—

জে জে ইত্যাদি। যে যে ভাব[াঃ] উৎপন্নাস্তে তে ভাবা বিলয়ঙ্গতাঃ। এসামুৎপাদভঙ্গেষু সংবৃতিসত্যস্বভাবপরিজ্ঞানেন গুরুপ্রসাদত্বাৎ কৃষ্ণাচার্য্যচরণা বিশিষ্টমনসঃ পরিশুদ্ধভূতাঃ।

তথাচাগমঃ—

> ভবস্যৈব পরিজ্ঞানে নির্ব্বাণমিতি কথ্যতে।

চতুর্থপদেন চাত্মানুশংসামাহঃ।

৬০। গানে অলিএঁ, টীকায় আলীত্যাদি। ৬১। পুথিতে পূর্ব্বক শব্দের পর একটি দুখা জা আছে। ৬২। পুথিতে জো উপরে তোলা। ৬৩। পুথি, রাজোর্থা। ৬৪। পুথি, ধর্ম্মাধিগমাদেন।

হেরি সে ইত্যাদি। স্বয়মাত্মানং সম্বোধ্য বদন্তি, ভো কৃষ্ণবজ্রপাদাঃ পঞ্চক্রমাম্বুপূর্ব্ব্যা পুনর্জ্জিনপুরং মহাসুখপুরং অতীব মম সন্নিহিতং বর্ত্ততে।

তথা চ **নাগার্জ্জুনপাদাঃ।**

উৎপত্তিক্রমসংস্থানাং উৎপন্নক্রমকাঙ্ক্ষিণাং।
উপায়শ্চৈষ সংবুদ্ধৈা সোপানমিব নির্ম্মিতঃ॥ ৭॥

৮

রাগ দেবক্রী

কম্বলাম্বরপাদানাম্। **সোনে ভরিতী [১৪] করুণা নাবী**
রূপা থোই মহিকে ঠাবী॥ ধ্রু॥
বাহতু কামলি গঅণ উবেসেঁ।
গেলী জাম বহু উই কইসেঁ॥ ধ্রু॥
খুন্টি উপাড়ী মেলিলি কাচ্ছি
বাহতু কামলি সদ্‌গুরু পুচ্ছি॥ ধ্রু॥
মাঙ্গত চঢ়্‌হিলে চউদিস চাহঅ
কেড়ুয়াল নাহি কেঁ কি বাহবকে পারঅ॥ ধ্রু॥
বাম দাহিণ চাপী মিলি মিলি মাগা
বাটত মিলিল মহাসুহ স(সু)ঙ্গা॥

পরমকরুণানন্দমুদিতহৃদয়কম্বলাম্বরপাদা[ঃ] করুণাব্যাজেন [ত]মেবার্থং দ্যোতয়ন্ত আহুঃ—

সোণেত্যাদি করুণেতি সন্ধ্যাভাষয়া তমেব বোধিচিত্তং নাবীতি উৎপ্রেক্ষালঙ্কারপরং বোদ্ধব্যং। তাং তাদাত্মতয়া সর্ব্বাকারবরোপেতশূন্যতয়া সদ্‌গুরুপ্রসাদরসং [সং]পূর্য্য মহাসুখচক্রগমনসমুদ্রোদ্দেশেনাত্মানং সংবোধ্য সিদ্ধাচার্য্যকম্বলাম্বরপাদাবাহয়ন্তি। রূপেত্যাদি রূপবেদনাসংজ্ঞাসংস্কারবিজ্ঞানাদীনাং অনেন স্থানভেদং নাস্তি। সর্ব্বমেব তন্ময়ত্বাৎ। এতেন চতুর্থোপায়নৌ(নো)বাহনেন বিনা মম সিদ্ধাচার্য্যস্য গতং [১৪ক] জন্মান্তরং ব্যাঘুটতীত্যর্থঃ। ইত্যাত্মানং সম্বোধ্য বদতি কম্বলাম্বরপাদঃ। নির্ব্বিকল্পপ্রবাহাভ্যাসং কুরু।

তথাচ **অপ্রতিষ্ঠান[প্র]কাশে—**

যাবান্ কশ্চিৎ বিকল্পঃ প্রভবতি মন[স]স্ত্যাজ্যরূপো[৬৫] হি তাবান্
যোঽসাবানন্দরূপঃ পরমসুখকরঃ সোঽপি সঙ্কল্পমাত্রঃ।

৬৫। তের নম্বরের গানে এই কবিতা তোলা আছে। তাহাতে স্পষ্ট মনসি ত্যাজ্যরূপঃ আছে। কিন্তু এখানে মনস্ত্যাজ্যরূপঃ আছে। কিন্তু তাহাতে ছন্দঃ থাকে না, তাই ব্রাকেটে স অক্ষরটি বসাইয়া দিলাম।

যো বা বৈরাগ্যভাবস্তদপি তদুভয়ং তত্ত্বসম্যগ্ৰহেতু
নির্ব্বাণং নাস্তদস্তি কচিদপি বিষয়ে নির্ব্বিকল্পাত্মচিত্তাৎ ॥

তথাচ **বোধিচর্য্যাবতারে**—

মানুষ্যং নাবমাসাদ্য তর দুঃখমহানদীং।
মূঢ় কালো ন নিদ্রায়া ইয়ন্নৌর্দুর্লভা পুনঃ ॥

পদান্তরেণ তমেবার্থং স্তোতয়ন্নাহ—

খংটীত্যাদি। প্রথমে খুণ্টিকা আভাষদোষং। গুরুবা[ে]ক্য দৃঢ়ীকৃত্য উৎপাট্য(ত্ব) ভো যোগিবর। কচ্ছিকাসু বিষ্ঠাসূত্রক মুক্তীকৃত্য ক্রুতং তস্যাঃ প্রবাহং কুরু। এতেনাভাষবিশেষেণ অমুত্তরধর্ম্মসাক্ষাৎবাটিকাচিত্তো(ত্বে) হি ভবতীতি নাত্র সংশয়ঃ।

তৃতীয়পদেন গুরোরসম্প্রদায়াৎ বিপর্য্যয়মাহ—

মাঙ্গতেত্যাদি। মার্গং বিরমানন্দং গত্বা চতুর্দিশং গ্রাহাদি বি[১৫]ন[া] সংসারে পততি।

তথাচ **চর্য্যাপাদঃ**—

খালত পড়িলেঁ কাপুর নাশই। ইতি।

যঃ পুনঃ সদ্গুরুবচনেন পবিপক্কজসুখাম্বেষণং করোতি স ভবজলধৌ পারং গচ্ছতীতি।

তথাচ **কৃষ্ণাচার্য্যপাদাঃ**—

জো সংবেঅণ মণরঅণ
অহরহ সহজ ফরন্ত।
সো পর জানই ধর্ম্মগই
অন্ন কিম্ নঅ কহন্ত ॥

চতুর্থপদেন ফলব্যক্তীকরণমাহ—

বামদাহিণেত্যাদি। বামদক্ষিণমাভাসদ্বয়ং মধ্যমায়াং প্রবেশয়িত্বা। মার্গাবিরমানন্দগতং বোধিচিত্তং নিজজ্ঞানপরিশোধিতং। মহাসুখচক্রসমুদ্রোদ্দেশেন যদা মিলিতং তস্মিন্ মার্গে মহাসুখসঙ্গনৈরাত্মাজ্ঞানাভিসংগং ময়া প্রাপ্তমিতি। ৮ ॥

৯

রাগ পটমঞ্জরী

কাহ্নুপাদানাম্। **এবংকার দৃঢ় বাখোড় মোড্ডিউ**
বিবিহ বিআপক বান্ধণ তোড়িউ ॥ ধ্রু ॥
কাহ্নু বিলসঅ আসবমাতা
সহজ নলিনীবন পইসি নিবিতা ॥ ধ্রু ॥

জিম জিম করিণা করিণিরেঁ রিসঅ
তিম তিম তথতা মঅ গল বরিসঅ ॥ ধ্রু ॥
ছড়গই সঅ[১৫ক]ল সহাবে সুধ
ভাবাভাব বলাগ ন ছুধ ॥ ধ্রু ॥
দশবলরঅণ হরিঅ দশ দিসেঁ
বিস্থাকরি দমকুঁ অকিলেসেঁ ॥ ধ্রু ॥

ঘনানন্দোৎকীর্ণতয়া কৃষ্ণাচার্য্যপাদাশ্চিত্তগজেন্দ্রশব্দ[৬৬] সন্ধ্যাভাষয়া তমেবার্থং উৎপ্রেক্ষয়ন্ত[৬৭] আহুঃ।

এবংকার ইত্যাদি। একারশ্চন্দ্রা[৬৮]ভাসং বংকারঃ সূর্য্যঃ উভয়ং দিবারাত্রিজ্ঞানং বাথোড় স্তম্ভদ্বয়ং মর্দ্দয়িত্বা নিরাভাসীকৃত্য বজ্রজাপক্রমেণ। অপরং বিবিধপ্রকারানবধূতীব্যাপকবন্ধন[ং] তোড়িঅ তোড়য়িত্বা এষাং ত্রয়াণাম[৬৯]সুপলম্ভাসবপানেন প্রমত্ত[ঃ] সন্ জ্ঞানগজেন্দ্র-কৃষ্ণাচার্য্যচরণাঃ। নলিনীবনং মহাসুখকমলং কৃত্বা নির্ব্বিকল্পাকারে ক্রীড়ন্তীতি।

তথাচার্য্য **নাগার্জ্জুনপাদাঃ—**

বাহ্যং যত্তদসৎ স্বভাববিরহাৎ জ্ঞানঞ্চ বীক্ষ্য চ্যবৎ
শূন্যং যৎ[৭০] পরিকল্পিতং তদপি চাশূন্যং মতং কেবলম্।
ইত্যেবং পরিভাব্য ভাববিভবং নির্ব্বিন্নতত্ত্বৈকধী-
র্মায়ানাটক[নাট]নৈকনিপুণো যোগীশ্বরঃ ক্রীড়তি ॥

পদান্তরে[১৬]ণ তমেবমাহুঃ। জিম জিমেত্যাদি।
যথা বাহ্যকরী করিণ্যামীর্ষ্যামদং বহতি। তদ্বদ্ভগবতীনৈরাত্মাসঙ্গতয়া চিত্তগজেন্দ্রকৃষ্ণাচার্য্যপাদাঃ তথতামদং প্রবর্ষন্তি।

অতএব তৃতীয়পদেন ভাবানাং স্বরূপোপলব্ধিমাহুঃ।

ছড়িগই[৭১] ইত্যাদি। অণ্ডজা জরায়ুজা উপপাদুকা[ঃ] সংস্বেদজা দেবাসুরাদিপ্রকৃতিকাঃ। সর্ব্বে ভাবাঃ স্বভাবেন পরিশুদ্ধা যোগীন্দ্রস্য। বালাগ্রমপ্যপরিশুদ্ধং কিঞ্চিন্ন বিদ্যতে।

তথাচ **মধ্যমকশাস্ত্রঃ—**

নাপনেয়মতঃ কিঞ্চিৎ প্রক্ষেপ্তব্যং ন কিঞ্চন।
দ্রষ্টব্যং ভূততো ভূতং ভূতদর্শী বিমুচ্যতে ॥

৬৬। শব্দ শব্দের পর একটি অনুস্বার বাড়তি আছে।
৬৭। পুথি, উৎপ্রেক্ষায়ন্ত। ৬৮। পুথি, চন্দ্রাসভাসং। ৬৯। পুথি, ত্রয়ানাং মমু।
৭০। যৎ শব্দের পর একটি বৃথা তৎ শব্দ আছে। ৭১। গানে ছড়গই; টীকায় ছড়িগই।

চতুর্থপদেন পরিপক্বকুশল''লক্ষণমাহঃ—

দশবলেত্যাদি দশবলবৈশারদ্যাদিগুণযুক্তং তথতারত্নং দশদিগ্‌ব্যাপকতয়া অনুভবাভ্যাস-বলেন হারিতমস্মাকং। অতএব তথতারত্নপ্রভাবেণাবিদ্যাকরীন্দ্রস্যানাসঙ্গেন(ণ) দমনং (মদনং) কুরু ॥ ৯ ॥

১০

রাগ দেশাখ

নগর বাহিরিরেঁ ডোম্বি তোহোরি কুড়িআ
ছইছোই যাই সো বাহ্ম নাড়িআ [১৬ক] ॥ ধ্রু ॥
আলো ডোম্বি তোএ সম করিবে ম সাঙ্গ
নিঘিণ কাহ্ন কাপালি জোই লাগ ॥ ধ্রু ॥
একসো পদমা চৌষঠ্‌ঠী পাখুড়ী
তহিঁ চড়ি নাচঅ ডোম্বী বাপুড়ী ॥ ধ্রু ॥
হালো ডোম্বী তো পুছমি সদভাবে
অইসসি জাসি ডোম্বি কাহরি নাবেঁ ॥ ধ্রু ॥
তান্তি বিকণঅ ডোম্বী অবর না চঙ্গতা
তোহোর অন্তরে ছাড়িনড় এট্টা ॥ ধ্রু ॥
তু লো ডোম্বী হাউঁ কপালী
তোহোর অন্তরে মোএ ঘলিলি হাড়েরি মালী ॥ ধ্রু ॥
সরবর ভাঞ্জীঅ ডোম্বী খাঅ মোলাণ
মারমি ডোম্বী লেমি পরাণ ॥ ধ্রু ॥

তমেবার্থং নৈরাত্মধর্ম্মাধিগমেন কৃষ্ণপাদাঃ। ডোম্বীশব্দসন্ধ্যাভাসয়া কথয়ন্তি—

নগরীত্যাদি অস্পৃশযোগত্বাৎ ডোম্বীতি পরিশুদ্ধাবধূতী নৈরাত্মা বোদ্ধব্যা। ব্রাহ্মণেতি ব্রহ্ম-হূঁকারবীজজাতং চপলযোগত্বাৎ চিত্তবটুকং। অসম্প্রদায়যোগিনাং বোধিচিত্তং সংবৃত্তিরূপং মণিমূলাৎ বিরমানন্দাৎ স্পৃষ্ট্বা স্পৃষ্ট্বা গচ্ছসি। ভো নৈরাত্মা। নগরিকেতি[:৭]। রূপাদি-বিষয়সমূহং বোদ্ধব্যং। তস্য বাহ্যে। ইন্দ্রিয়াণা[ম]গোচরত্বেন গুরুসম্প্রদায়াৎ ভবাগারং মহাসুখচক্রং ময়া সিদ্ধাচার্য্যেণ কৃষ্ণপাদেনাবগতমিতি।

৭২। পুথি, কণসং।

অলো[১৩] ডোম্বি ইত্যাদি। ভো ডোম্বি নৈরাত্মে ত্বয়া সহ ময়া অভিষঙ্গঃ কর্ত্তব্যঃ। যাদৃশ-স্বভাবস্তাদৃশো[১৪]নির্ঘৃণো লজ্জাদিদোষরহিতোঽহম্। তেনাহং সততং নিরন্তর[ং] গৃহীত্বা প্রজ্ঞোপায়াত্মিকাং মহামুদ্রাং সিদ্ধিং লভে।

তথাচ শ্রীহেবজ্রে—

প্রজ্ঞোপায়াত্মকং তন্ত্রং তন্মে নিগদিতং শৃণু।

দ্বিতীয়পদেনাভ্যাসস্থানমাহ—

এক সো ইত্যাদি। পদ্মৈকং নির্ম্মাণচক্রং চতুঃষষ্টিদলযুক্তং তত্র স্থিত্বা ভগবত্যা নৈরাত্ময়া সহ একরসতয়া মহারাগানন্দসুন্দরোহি কৃষ্ণাচার্য্যো নৃত্যতি।

তথাচ শ্রীহেবজ্রে—

নাট্যং কুরু হেরুকরূপেণানুস্মৃতিশ্রুতিযোগতঃ।

তৃতীয়পদেন নৈরাত্মাধিগমং দৃঢ়ীকরোতি। হক্ লো[১৫] ইত্যাদি। ভো নৈরাত্মে সদ্ভাবেন স্বরূপাশয়েন ত্বাং পৃচ্ছাম্যহং সর্ব্বধর্ম্মনৈরা[১৭ক]ত্ময়া কস্য সংবৃত্তিবোধিচিত্ত[ত্তা]নৌকামার্গেণ যাতায়াতং করোষি ন করোষীত্যর্থঃ।[১৬] সর্ব্বসহজময়ত্বেনেতি।

তথাচ শ্রীহেবজ্রে—

তস্মাৎ সহজং জগৎ সর্ব্বং সহজং স্বরূপমুচ্যতে।
স্বরূপমেব নির্ব্বাণং বিশুদ্ধাকারচেতসা॥

চতুর্থপদেন নৈরাত্মধর্ম্মস্বরূপমাহ—

তান্তীত্যাদি। তন্ত্রীতি ভগং পদ্মস্থানং অবিদ্যারূপং। চাঙ্গিতমিত্যাদি[১৭]। তস্য পল্লবং বিষয়াভাসং। এতয়োঃ শ্রীগুরুপাদপ্রসাদান্ম(ন্ম)ম বিক্রয়ণং পরিত্যাগং করোষি(সি) ভো ডোম্বি নৈরাত্মে। অতএব নটবৎ সংসারপেটকং ময়া পরিত্যক্তং তবান্তরেণেতি।

পঞ্চমপদেন যোগীন্দ্রস্য সপ্রপঞ্চচর্য্যামাহ—

তুলে[১৮]ত্যাদি। ভো ডোম্বি নৈরাত্মে স্বরূপতয়া ত্বাং ভদ্রেণ সদ্গুরুপ্রসাদাৎ জানামি। হউঁ[১৯] কাপালিকঃ। চর্য্যাধরশ্চ। কং তব সুখং পালিতুং সমর্থঃ। অতএব তবান্তরেণ ময়া কৃষ্ণাচার্য্যেণ ষট্‌তথাগতচক্রীকুণ্ডলকণ্ঠিকাদিনিরংশুচর্য্যাং(য়াং) বিধৃত্য বাহ্যমন্ত্রতন্ত্রনিরপেক্ষ্যতয়া পঞ্চব[১৮]র্ণ বিহরণং কৃতং।

১৩। গানে আলো; টীকায় অলো।
১৪। পুথি, যাদৃশ স্বভাবতাদৃশো।
১৫। গানে হালো; টীকায় হক্‌লো।
১৬। পুথি, করোমি, ন করোসীত্যর্থঃ।
১৭। গানে চঙ্গেড়া; টীকায় চাঙ্গিতং।
১৮। গানে তু লো; টীকায় তুলে ইত্যাদি।
১৯। গানে হাউঁ; টীকায় হউঁ।

তথাচ কৃষ্ণাচার্য্যপাদাঃ—

একু ন কিজ্জই মন্ত ন তন্ত
ণিঅঘরণী লই কেলি করন্ত।
ণিঅ ঘরে ঘরণী জাব ণ মজ্জই
তাব কি পঞ্চবাণ্ন বিহরিজ্জই॥

ষষ্ঠপদেন ডোম্বিনীদ্বিধাভেদমাহ—

১৩০। বোধনাস্তে, না-এর আকারের মাথায় একটি খুটুনী দেওয়া আছে। তাহাতে বোধ হইতে পারে, ওটি কাটা।

১৩১। গানে অবণাগবণ, টীকায় অবণাগবন।

অনুভব সহজ মা ভোলরে জোই
চৌকোট্টি বিমুকা জইসো তইসো হোই ॥ ধ্রু ॥
জইসনে অছিলে স তইছন অচ্ছ।
সহজ পিথক জোই ভান্তি মাহো বাস ॥ ধ্রু ॥
বাণ্ডকুরু সন্তারে জাণী।
বাক্‌পথাতীত কাঁহি বখাণী ॥ ধ্রু ॥
ভণই[৫৩ক] তাড়ক এথু নাহিঁ অবকাশ।
জো বুঝই তা গলেঁ গলপাস ॥ ধ্রু ॥

জ্ঞানপানপ্রমোদেন সিদ্ধাচার্য্যো হি তাড়কস্তমেবার্থং প্রতিপাদয়তি—

অপণেত্যাদি। গুরুচরণরেণুপ্রসাদাৎ তথাগতবচনোপায়দ্বারে[ণ] স্বকায়বিচারণাত্মীয়সম্বন্ধ-লেশোপি ময়ি নাস্তি। অতএব আগন্তুকস্কন্ধক্লেশমৃত্যুমারাদীনাং শঙ্কা ভয়ং চ মে ন বিদ্যতে।

তথাচাগমঃ।

আত্মবিশতীত্যাদি।

তদিদানীং মম তদর্থবিকল্পভাবে মহামুদ্রাসিদ্ধিবাঞ্ছা দূরং পলায়িতা চ।

তথাচাগমঃ।

নৈব ক্বচিৎ পুরা বন্ধোঽধুনা মুক্তির্ন বিদ্যতে।
বন্ধমুক্তিবিকল্পোঽয়ং কিঞ্চিজ্‌জ্ঞানমলক্ষণম্‌।

ধ্রুবপদেন উক্তার্থং কথয়তি—

অনুভবেত্যাদি। আত্মানং সম্বোধ্য বদতি, ভো তাড়ক। অনুভবার্থং কথং বক্তুং শক্যতে। তস্মাদনুভব[ং] সহজমিতি কৃত্বা কথং বহসি। উত ভাবনাসংবৃত্যানুরোধেন পরং ভণ্যতে। নতু[৫৪] স্বরূপতঃ।

তথাচাগমঃ।

দেশনীয়দযোগেন বুদ্ধোঽদ্বয়কল্পিতঃ।
পরমা[১৬২]চিন্তযোগেন ন বুদ্ধো নাপি অদ্বয়ঃ ॥

তস্মাচ্চতুষ্কোটিবিনির্মুক্তভাবাৎ পুনস্তেন প্রকারেণ তিষ্ঠামীতি।

তথাচাগমঃ।

ন সন্নাসন্নসদেত্যাদি।

১৬২। পুথি, পরমাচ বাচিন্তযোগেণ ন বুদ্ধো নাপি অদ্বয়ঃ।

দ্বিতীয়পদেন তমেবার্থং প্রতিনির্দেশয়তি—

জইসনীত্যাদি। উৎপাদকালে পবিধরনৈরাত্ম্যাভিষঙ্গাৎ মহাসুখময়োৎপন্নোহং মহাবজ্রধরঃ। পুনরপি বজ্রগুরুণ[া] তস্মিন্নেবা(তা)র্থে দৃঢ়ীকৃতোস্মীতি তস্মাৎ ভো সিদ্ধাচার্য্য সহজ[ং] পৃথক্ ইতি মা কুরু। নিঃশঙ্কং সিংহরূপেণ ভ্রম[১৬৩]।

তৃতীয়পদেন যোগীন্দ্রস্য নিমিত্তমাহ—

বণ্টেত্যাদি[১৬৪]। যথা পারাবারে তরপতিস্তরদানগ্রহণায় পারেচ্ছূনাং বাসবিমোক্ষণে কপর্দ্দিকান্বেষণমপি করোতি তেষাং বণ্ডকুরুণ্ডাদি বাধকবিশেষঞ্চ পশ্যতীতি। বাক্‌তীতং স্বসংবেদ্যলক্ষণসংযুক্তং[৫৪ক] ধর্ম্মং কথং লোকে বচনদ্বারেণ প্রতিপাদয়িতব্যং। তথা বাক্‌প্রতীতিধর্ম্মাধিগমাৎ। কৃত্যাদ্বিগুণনিমিত্তং লোকেন নিরূপ্যতে যোগীন্দ্রস্য।

তথাচাগমঃ।

ধূমেন জ্ঞায়তে বহ্নিরিত্যাদি।

চতুর্থপদেনাত্যন্তনির্বিকল্পতাং প্রতিপাদয়তি—

ভণই ইত্যাদি। সিদ্ধাচার্য্যো হি তাড়ক এবং বদতি। অস্মিন্ ধর্ম্মে বালযোগিনামবকাশমাত্রং নাস্তীতি। যেহপি পরমার্থবিদঃ তেপি যদি বদন্তি(তি) অস্মাভিঃ ধর্ম্মাধিগমং কৃতং। তদা তৈরেব স্বগ্রীবা সংসারপাশেন বদ্ধা।

তথাচাগমঃ।

তিলতু সন তু বিষণ্ণ ইত্যাদি ।৩৭।

৩৮

রাগ ভৈরবী

সরহপাদানাং।

কাঅ ণাবড়ি খান্টি মণ কেড়ুআল
সদ্‌গুরুবঅণে ধর পতবাল ॥ ধ্রু ॥
চীঅ থির করি ধরহুরে নাহী
অন উপায়ে পার ণ জাই ॥ ধ্রু ॥
নৌবাহী নৌকা টাণুঅ গুণে
মেলি মেল সহজেঁ জাউ ণ আণেঁ ॥ ধ্রু ॥

১৬৩। পুথিতে সিংহরূপেণ জতি ভ্রম। ১৬৪। গানে বাণ্ড, টীকায় বণ্ট, ব্যাখ্যায় বণ্ড।

বাটত ভঅ খাণ্ট[৫৫]বি বলআ
ভব উলোলেঁ ষঅ বি বোলিআ ॥ ধ্রু ॥
কুল লই খরে সোন্তে উজাঅ
সরহ ভণই গণেঁ পমাএঁ ॥ ধ্রু ॥

মৈত্রীময়ঃ সরহপাদস্তমেবার্থং কায়নৌকাব্যাজেন প্রতিপাদয়তি—

কাঅ নাবড়ী খণ্টীত্যাদি[১৬৫]। আধারাধেয়সম্বন্ধেন কায়[ং] নৌকা[ং] পরিকল্প্য মনোবিজ্ঞান[ং] কেলিপাতঞ্চ। সৎগুরুবচ[নং] পতবাল[ং] গৃহীত্বা। বজ্রজলজসংযোগভবজলধিমধ্যে পঞ্চজ্ঞানাত্মকং বিলক্ষণশোধিতসংবৃতিবোধিচিত্তং স্থিরীকৃত্য কায়নৌরক্ষাং কুরু ভো সরহপাদ। ভবসমুদ্রং তর্ত্তুং নান্যোপায়ো বিদ্যতে।

তথাচ ইউড়ীপাদানাং।

এতে পঞ্চ যংতি মোহতটিনীপারমিত্যাদি।

দ্বিতীয়পদেন মার্গস্যানুশংসামাহ—

নোবাঅ ইত্যাদি[১৬৬] যথা বাহে নৌকাং বাহয়তি কর্ণধার[ঃ] গুণেনাকর্ষয়তি চ তথাপিয়ং নৌর্ন[১৬৭] ভবতি। ভো যোগিন্ বজ্রগুরৌ সহজানন্দোপায়ং গৃহী[৫৫ক]ত্বা নৌপরিত্যাগং কুরু। সত্ত্ব[ঃ] যেন মহাসুখদ্বীপং গচ্ছ।

তৃতীয়পদেন মারকর্ম্মাধিষ্ঠানমাহ—

বাটত ইত্যাদি। খানপানবিষয়াশক্তিত্বেন সাধকো যদা মার্গভ্রষ্টো ভবতি, অবধূতীং গত্বা অহা(হ)তীতি। খণ্টমিতি[১৬৮]। তদা চন্দ্রসূর্য্যো দ্বৌ বলবন্তৌ ভবতঃ তেন হেতুনা ভবসমুদ্রবিষয়োল্লালনেন নৈরাত্ম্যধর্ম্মসর্ব্বপ্রকারেণ বোলিতমিতি।

চতুর্থপদেন অবধূতীমার্গস্যানুশংসামাহ—

কুলল ইত্যাদি কুলমিতি। কুমার্গচন্দ্রাদিকং যস্মিন্নবধূত্যাং লয়ং গচ্ছতি সা প্র[কৃ]তিপরিশুদ্ধা অবধূতিকা কু[ল?]শব্দেন বোদ্ধব্যা। লঅ[১৬৯] ইতি তাং গৃহীত্বা খরসোন্তেমেতি

১৬৫। গানে কাম পাবড়ি খাণ্টি ; টীকায় কাঅ নাবড়ীখণ্টি। ১৬৬। গানে নৌবাহী ; টীকায় নোবাঅ।

১৬৭। পুথি, নৌয়।

১৬৮। গানে খাণ্ট ; টীকায় খণ্ট। ১৬৯। গানে লই ; টীকায় লঅ।

মহাসুখরাগস্রোতাবর্ত্তেন পরমার্থবিদাং যো বোধিচিত্তবজ্রঃ স উর্দ্ধং গচ্ছতি। গগনেতি[১১০] বৈমল্যচক্রদীপে অন্তর্ভবতি। ৩৮।

৩৯

রাগ মালশী

সরহপাদানাং। সুইণা হ অবিদারঅরে নিঅমন[৫৬] তোহোরেঁ দোসে
গুরুবঅণ বিহারেঁরে থাকিব তই ঘুণ্ড কইসে ॥ ধ্রু ॥
অকট হুঁ ভবই অণা
বঙ্গে জায়া নিলেসি পরে ভাগেল তোহার বিণাণা ॥ ধ্রু ॥
অদঅভুঅ ভব মোহারো দিসই পর অপ্যণা
এ জগ জলবিম্বকারে সহজেঁ সুণ অপণা ॥ ধ্রু ॥
অমিয়া আচ্ছন্তেঁ বিস গিলেসি রে চিঅ পসর বস অপা
ঘারেঁ পারেঁ কা বুঝ্ঝিলে মরে খাইব মই দুঠ কুণ্ডবা ॥ ধ্রু ॥
সরহ ভণন্তি বর সুণ গোহালী কিমো দুঠ্য বলন্দেঁ
একেলে জগ নাশিঅ রে বিরহুঁই চ্ছন্দেঁ ॥ ধ্রু ॥

সিদ্ধাচার্য্যো হি সরহপাদস্তমেবার্থং ভাবস্বরূপাবগমাৎ লোকার্থায় বদতি—

সুইণেমিত্যাদি[১১১]। ভো নিজমন(ণ) চিত্তরা[জ] তবাবিদ্যাদোষাৎ সদ্রূপাবগমকত্বাৎ স্বপ্নেপি দ্রব্যাভিলাষ[া]ৎ গুরুবচনেন্দুরশ্ময়স্ত্রৈলোক্যে স্ফারিতাঃ। অতঃ কুত্র স্থানে ত্বয়া স্থাতব্যং ভো চিত্তরাজ।

ধ্রুবপদেন তমেবার্থং দ্রঢ়য়তি—

অকটেত্যাদি। আকটঃ[৫৬ক] আশ্চর্য্যং। গুরুপাদপদ্মপ্রসাদাল্লীলয়া ময়াবগতোসি। হুঙ্কার(রো) বীজোদ্ভব(বা) ভো চিত্তরাজ। গঅণেতি[১১২] প্রভাস্বরে প্রবিষ্টোসি ইদানীং অবিদ্যাদোষবিনাশকৌকৃত্যং ভগ্নং তব।

দ্বিতীয়পদেনাধিমাত্রসত্ত্বস্যানুশংসামাহ—

অদঅ ইত্যাদি। ভবসত্ত্বস্ত হি মোহোয়মদ্ভুতঃ। যস্মাদাত্মস্বরপরাপরভেদবিভাগং[১১৩] স

১১০। গানে গণে, টীকায় গগনেতি।

১১১। গানে সুইণাহ অবিদারঅরে; টীকায় সুইণে অবিদ্যাদোষাৎ।

১১২। গানে অণা; টীকায় গঅণেতি। গানেও গঅণেতি হইবে বোধ হয়।

১১৩। এখানে 'স্বর' কেন আসিল বুঝা যায় না।

পশ্যতি। অতএব সাহঙ্কারেণ[১৭৪]মনসি পরমার্থচিত্তস্তোদয়স্তব নাস্তীতি। (স্যোদয়াতবনীতি)।

তথাচাগমঃ। সাহঙ্কারে মনসি বিশমং যাজিজন্মপ্রবন্ধো

নাহঙ্কারশ্চলতি হৃদয়াদাত্মদৃষ্টৌ তু সত্যাং[১৭৫]।

নাস্তঃ শাস্তা জগতি জয়িনো নাস্তি নৈ[রা]ত্মবাদী

নান্যস্তস্মাদুপশমবিধেস্তন্মতাদস্তি মার্গঃ ॥

তত্ত্ববিদাং প্রতীয়ে নীরেন্দ্রা(ন্দ্রা)দিবাদশদৃষ্টান্তদ্বারেণ ভবেৎ সর্ব্বশূন্যপ্রমাণো[প]পন্না সিদ্ধির্ভবতীতি।

তৃতীয়পদেন চতুর্থান[ন্দ]মাম্নাহ—

অমিঅমিত্যাদি[১৭৬]। সহজজ্ঞান[ন্দে] স্থিতে সতি রূপাদিবিষ[য়]বিপ[া]ক[ন্] [৫৭] প্রস[ৈ]ন্থব হরসি। ভো কর্ম্মেব বশুচিত্ত[১৭৭] বিচারক। গৃহমিতি স্বকং কায়ং পীনকমিতি। রাগদ্বেষমোহাদিকং সমূহং তব নিজগৃহিণীজ্ঞানমুদ্রানৈরাত্মাং সমালিঙ্গ্য তস্য ভক্ষণং নিঃস্বভাবী-করণং ময়া কর্ত্তব্যম্।

তথাচ সরহপাদাঃ—ঘরণিঞে পরবিষ খজ্জই ইত্যাদি।

ঘরবিতো খজ্জই সঙ্গি রজ্জই গঠো রাঅ বেরাঅণী।

অকুল পন্ধী চিত্তা ভট্টী জোইনী সো পতিদাস ॥

চতুর্থপদেন স্বচ্ছন্দচর্য্যামাহ। সরহপাদসিদ্ধাচার্য্যো হি বদতি। সরহ ভণ ইত্যাদি। দুষ্ট বলদমিতি। দুষ্টবিষয়ং বলং দদাতি ইতি দুষ্টবলদ চিত্তরাজো বোধব্যঃ। একেন তেন দুষ্টে ত্রৈলোক্যং নাশিতং। তেন দুষ্টবলদেন ময়া কিং কর্ত্তব্যম্। গো ইতি ইন্দ্রিয়ং। তস্য সালম্বনং স্বকায়ং তং শূন্যপ্রভাস্বররূপং কৃত্বা গুরুবচনপ্রসাদাৎ স্বচ্ছন্দেন ত্রিজগতি বিহরণং করোমি ইতি।

তথাচ শান্তিদেবপাদাঃ—

স্ব[৫৭ক]চ্ছন্দচর্য্যানিলয় ইত্যাদি ॥৩৯॥

৪০

রাগ মালসী গবুড়া।

কাহ্নপাদানাং। জো মণ গোএর আলা জালা

আগম পোথী ইষ্টামালা ॥ ধ্রু ॥

ভণ কইসেঁ সহজ বোল বা জায়

কাঅবাক্চিঅ জসু ণ সমায় ॥ ধ্রু ॥

১৭৪। সাহঙ্কারেণ ণ-টা বৃথা বোধ হয়। ১৭৫। পুথিতে, তু মসত্যাং।

১৭৬। গানে আমিয়া, টীকায় অমিঅমিত্যাদি।

১৭৭। ভো কর্ম্মবশ আত্মন্ হইলে মানে হয়, নহিলে 'কর্ম্মেব' ইহার মধ্যে যে ইব আছে, তাহার মানে হয় না।

আলে গুরু উএসই সীস
বাক্‌পথাতীত কাহিব কীস ॥ ধ্রু ॥
জে তই বোলী তে তবি টাল
গুরুবোধসে সীসা কাল ॥ ধ্রু ॥
ভণই কাহ্নু জিণ রঅণ বিকসই সা।
কালেঁ বোব সংবোহিঅ জইসা ॥ ধ্রু ॥

সহজানন্দমুদিতঃ কৃষ্ণাচার্য্যঃ[১৭৮] প্রতিপাদয়তি—

জো মণ ইত্যাদি। মন ইন্দ্রিয়[া]ণস্য গোচরো যঃ সকলবিকল্পজালঃ ॥ আগমমন্ত্রশাস্ত্রাদি-জ্ঞানং বা তৎ সর্ব্বঞ্চ। তথাচ। আগম বেঅপুরাণেত্যাদি।

ধ্রুবপদেন সহজদৌর্লভ্যং প্রতিপাদয়তি—

অতএব বেদঃ কথং সহজমনুত্তরজ্ঞান[ং] বক্তুং শক্যতে। পৃথক্‌জনানাং কায়বাক্‌চিত্তং যস্মিন্ সহজে নাস্তর্ভবতি।

তথাচ তিলোপাদঃ—

সসং[৫৮]বেঅণ তত্তফল তিলোপাএ ভণন্তি।
জো মণ গোঅর পোইয়া সো পরমথে ন হোন্তি ॥

দ্বিতীয়পদেন তত্ত্বস্বরূপমাহ—

অলেমিত্যাদি[১৭৯]। অলং নিষ্ফ(স্ক)লং গুরুঃ শিষ্যায়োপদেশং দদাতি। যোঽপি সহজঃ স কথা বেদ্যো ন ভবতি। তেন গুরুণা কিং কৃত্বা বক্তব্যমিতি।

তথাচ সরহপাদাঃ—

ন তং বাএ গুরু কহই ইত্যাদি।

তৃতীয়পদেন তমেবার্থং দৃঢ়য়তি—

তেজই ইত্যাদি[১৮০]। তস্মাৎ ভগবতী(তি) মাত্রগত্যা যন্মন্তুন্মতে সহজং তৎ সর্ব্বং টালনমসদ্রূপং। যোপি বজ্রগুরুঃ সোপ্যস্মিন্ ধর্ম্মে বচনদরিদ্রত্বে(র্ত্বে)ন যুক্তঃ। তস্য শিষ্যেণাপ্যবচত্বেন কিঞ্চিন্ন শ্রুতম্।

১৭৮। পুথি, কৃষ্ণাচার্য্য মুদিত প্রতিপাদয়তি।
১৭৯। গানে আলে, টীকায় অলে।
১৮০। গানে জেতই; টীকায় তেজই।

অতএব সোঽপি চ বধিরস্তস্মিন্ গম্ভীরধর্ম্মে মতিং প্রতিপাদয়।ত—

ভণই ইত্যাদি। কৃষ্ণাচার্য্যো হি বদতি। কীদৃশং জিনরত্নং রতিমনস্তমহত্ত্বরসুখং তনোতীতি রত্নং চতুর্থানন্দং বোদ্ধব্যং। যথা বধিরঃ সংকেতাদিনা মূকস্য সংবোধনং [৫৮ক] করোতি তদ্বদ্ দূরে সদ্গুরুঃ শিষ্যে রতিস্বপ্রভাবেণ মহাসুখং তনোতি।

তথাচ ইণ্ডীপাদাঃ।

অদূরে দূরে বেত্যাদি ॥৪০॥

৪১

রাগ কহ্ণুগুংজরী

ভুসুকুপাদানাং। আইএ অণুঅনাএ জগরে ভাংতি এঁসো পড়িহাই
রাজসাপ দেখি জো চমকিই ষারে কিং তং(কং) বোড়ো খাই ॥ ধ্রু ॥
অকট জোইআরে মা কর হথা লোহ্না
আইস সভাবেঁ জই জগ বুঝষি তুট বাষণা তোরা ॥ ধ্রু ॥
মরুমরীচিগন্ধনইরীদাপতিবিম্বু জইসা।
বাতাবত্তেঁ সো দিট ভইআ অপেঁ পাথর জইসা ॥ ধ্রু ॥
বাঁঝিসুআ জিম কেলি করই খেলই বহুবিহ খেড়া
বালুআত্তেলেঁ সসরসিংগে আকাশফুলিলা ॥ ধ্রু ॥
রাউতু ভণই কট ভুসুকু ভণই কট সঅলা অইস সহাব।
জই তো মূঢ়া অচ্ছসি ভান্তী পুচ্ছতু সদ্গুরু পাব ॥ ধ্রু ॥

সহজানন্দমুদিতো হি ভুসুকুপাদস্তমেবার্থং প্রতিপাদয়তি—

আই ইত্যাদি। আদৌ অনুৎপন্নভাবত্বে[৫৮]ন জগদিদং স্বয়ং পরমার্থস্তৈরবগতং তেন তেষাস্তথাভাবং ন গচ্ছতি।

তথাগমঃ—

অকারো মুখং সর্ব্বধর্ম্মাণামাদ্যনুৎপন্নত্বাৎ।

অথ ভ্রান্ত্যা বিদ্যাতিমিরলোচনান্নীলপীতাদিরূপেণ ভো বালযোগিন্ ভাবং স্বাং প্রতি ভাসতে।

তথাচার্য্যানিদস্তকাঃ

কেশোণ্ডকং যথাকাশে দৃশ্যতে তৈমিরকৈর্জনৈঃ।
তথালোকাদিদোষেণ ভাবো বালৈর্বিকল্প্যতে ॥

অথ রজ্জৌ(জ্জো) সর্পাভিজ্ঞানং কৃত্বা সংত্রাসিতো যঃ। সোঽপি তেন রজ্জু(রাজ্জ)সর্পেণ কিং সত্যেন খাদিতঃ।

ধ্রুবপদেন মার্গভাস্বুশংসামাহ—

অকটেত্যাদি। আকটাশ্চর্য্যং ভো বালযোগিন্ অত্র হস্তামর্ষং মা কুরু। ঈদৃশস্বভাবেন যদি জগৎস্বরূপাবগমং করোষি তদা অনাদিভববিকল্পবাসনাদোষসংগ্রহং পলায়তে তব।

দ্বিতীয়পদেন তমেবার্থং সংবৃত্তিদৃষ্টান্তেন স্পষ্টয়তি—

মরুমরীচীত্যাদি। মৃগতৃষ্ণাগন্ধর্ব্বনগরদর্শনাদি প্রতিভাসমাত্রং ভাবস্য যোগিবরেণ[৫৯ক] দৃশ্যতে।

তথা চাগমঃ—

যথা মায়া যথা স্বপ্নং[১৮১] তথাস্মি হস্তরাভবমিত্যাদি ॥

এতৎ সর্ব্বমবিদ্যাবাসনাদোষেণ মিথ্যা বালৈর্বিকল্প্যতে। যথা বাতাবর্ত্তেন নীরমপি প্রস্তরং ভূতং তদ্বৎ ভাবগ্রামো যোগীন্দ্রেণ বোদ্ধব্যঃ।

তথা চাগমঃ—

শূন্যৈব ভবেদ্ভাবো বাসনাবাসিতা সতী।
বাতাবর্ত্তে[১৮২] দৃঢ়ীভূতা আপ এব ঘনোপলাঃ ॥

তৃতীয়পদেনাত্যন্তাভাবং সূচয়তি—

বান্ধীত্যাদি[১৮৩]। বংধ্যা ভাগবতী নৈরাত্মা তস্যাঃ সুতঃ পরমার্থসত্যং বালুকাতৈলোপমং শশশৃ(স্)ঙ্গোপমংচ। এতেনানুৎপন্নস্বভাবো হি তস্য সু(শূ)চিতঃ। স এব উৎপন্নো হি পরমার্থসত্য[ং] মহাসুখপঞ্চজ্ঞানাত্মকঃ জগতি নানাপ্রকারেণ ক্রীড়ারসমনুভবতীতি।

তথাচ সূত্রকে—

পঞ্চবুদ্ধ্যাত্মকসর্ব্বজগোয়মিত্যাদি।

চতুর্থপদেন ভাবপরিশুদ্ধিমাহ—

ভুসুকু ইত্যাদি। ভুসুকুপাদো হি বদতি ভাব[া]নামেষ রূপো হি ময়া কথিতঃ। ভো বালযোগিন্ যদি [৬০] তব ভ্রান্তিরভ্রান্তি তদা সদ্‌গুরুচরণারাধনং কুরু ॥৪১॥

১৮১। পুথি, যথা মায়াপক খা স্বপ্নং তথাস্মিহস্তরাভবং।

১৮২। এইখানে পুথিতে একটি বৃথা ভু শব্দ আছে।   ১৮৩। গানে বাঁঢ়ি, টীকায় বান্ধি।

৪২

রাগ কামোদ

কাহ্নুপাদানাং। চিঅ সহজে শূণ সংপুন্না
কান্ধবিয়োএ মা হোহি বিসন্না ॥ ধ্রু ॥
ভণ কইসে কাহ্নু নাহি
ফরই অনুদিনং তৈলোএ পমাই ॥ ধ্রু ॥
মূঢ়া দিঠ নাঠ দেখি কাঅর
ভাগতরঙ্গ কি সোষই সাঅর[১৮৪] ॥ ধ্রু ॥
মূঢ়া অচ্ছন্তে লোঅ ন পেখই।
দুধ মাঝেঁ লড় অচ্ছংতেঁ দেখই ॥ ধ্রু ॥
ভব জাই ণ আবই এথু কোই।
আইস ভাবে বিলসই কাহ্নিল জোই ॥ ধ্রু ॥

জ্ঞানামৃতপরিতুষ্টো হি কৃষ্ণাচার্য্যপাদস্তমেবার্থং প্রতিপাদয়তি—

চিঅ ইত্যাদি। সহজেনেত্যাদি। প্রকৃতিস্বরূপেণ সর্ব্বদৈব ষোড়শীশূন্যতায়া[ং] সংপূর্ণোয়ং মম চিত্তরাজঃ। অতএব স্কন্ধবিয়োগেনেতি। ভো জনা মম স্কন্ধাভাবাৎ বিষাদ[ং] মা কুরু ॥

তথাচ হেবজ্রে—

স্কন্ধাভাবপরমমিতি।

ধ্রুবপদেন স্বরূপং প্রতিপাদয়তি—

ভো বালযোগিন্ বদ কথং কৃষ্ণাচার্য্যো হি[৬০ক] ন বিদ্যতে ত্রৈলোক্যস্বরূপং ত[ং][বি]ভাব্য। অনুদিনং স্ফুরতি পরমার্থজলধৌ ক্রীড়তীত্যর্থঃ।

তথা চাগম[ঃ]—

যথা নদীজলাৎ স্বচ্ছাৎ মীন(নে) উৎপততি দ্রুতম্।
সর্ব্বশূন্যাত্তথা স্বচ্ছাৎ মায়াজালমুদীর্য্যতে ॥

দ্বিতীয়পদেন দৃষ্টান্তদ্বারেণ তমেবার্থং বিস্পষ্টয়তি—

মূঢ়া ইত্যাদি। নীলপীতাদিবর্ণসংস্থানো হি যো ভাবস্তস্য ভংগং দৃষ্ট্বা মূর্খাঃ কিমর্থং কাতরা ভবন্তি(তি)। কিমম্ভোধের্ভগ্নতরঙ্গং তং সাগরং শোষয়তীতি।

তৃতীয়পদেন পরিনিষ্পন্নতামাহ—

১৮৪। পুথিতে সাঅর।

ভব জাইণ ইত্যাদি ॥ সদ্‌গুরুপঙ্কজ(জা)রজঃ ন করোতীত্যর্থঃ। এতত্তবস্বভাবপরিজ্ঞানেন কৃষ্ণাচার্য্যপাদো ভবেঽপ্যত্র বিলসতি ক্রীড়তীতি ॥৪২॥

৪৩

রাগ বঙ্গাল

ভুসুকুপাদানাং। সহজ মহাতরু ফরিঅএ তেলোএ
খসমসভাবে রে বাণত কা কোএ ॥ ধ্রু ॥
জিম জলে পাণিআ টলিয়া ভেড় ন জাঅ
তিম মরণ অঅণা[১৮৫] রে সমরসে গঅণ সমাঅ ॥ ধ্রু ॥
জৎপুণা[৬১]হি অধ্যাতা স্বপরেলা কাহি
আই অনুঅণারে জামমরণভব ণাহি ॥ ধ্রু ॥
ভুসুকু ভণই কট রাউতু ভণই কট সঅলা এহ সহাব
জাই ণ আবয়ি রে ণ তংহি ভাবাভাব ॥ধ্রু ॥

সহজমদমুদিতো হি ভুসুকুপাদস্তমেবার্থং প্রকটয়তি—

সহজ ইত্যাদি। গুরুচরণরেণুপ্রসঙ্গেন পবিপদ্মসংযোগসুখাকারবীজং গৃহীত্বা ত্রৈলোক্যং ব্যাপ্য যোগীন্দ্রস্য সহজচিত্ত[ং] স্ফুরিতং(তঃ)। এতস্য খসমোপমসুখস্বভাবেন ত্রৈলোক্যে ন কো বিদ্বান্ মুক্তো বেতি।

তথাচ দ্বিকল্পে—

ব্যাপ্যব্যাপকরূপেণ সুখেন ব্যাপিতং জগৎ।

পদস্যোত্তরপদেন ধ্রুবপদং বোদ্ধব্যং।

দ্বিতীয়পদেন দৃষ্টান্তোপমাং[১৮৬] করোতি—

জিমজলেত্যাদি। যথা বাহ্যনীরান্তরপতনভেদো ন জ্ঞায়তে বুধৈঃ। তথা মনোবোধিচিত্ত-রত্নযোগীন্দ্রসমরসীভূতং গগনেতি। প্রভাস্বরে বিশতি তত্র তস্য জ্ঞানোপলম্ভো ন[৬১ক] স্যাদিতি।

তথা চাগমঃ—

যথা জলে জলং ন্যস্ত[ং] জ্ঞানচক্রং তথা স্থিতমিতি।

১৮৫। গানে, মরণ অঅনারে আছে। টীকায় যেরূপ অর্থ করিয়াছে, তাহাতে মণ রঅনারে হইবে বলিয়াই বোধ হয়।

১৮৬। পুথি, দৃষ্টান্তোপম পদ করোতি।

তৃতীয়পদেন ভাবস্বরূপমাহ—

জাম্বুণাহীত্যাদি[১৮৭]। যস্য যোগীন্দ্রস্য আত্মাত্মীয়সম্বন্ধো ন স্যাৎ (স্তুৎ) তস্য পরসম্বন্ধঃ স (স্ব) ইতরস্তর এব। যস্মাদ(দো)নুৎপন্না যে ভাবাঃ তেষামুৎপাদস্থিতিভঙ্গা ন দৃশ্যন্তে(ন্তে) সিদ্ধপুরুষৈঃ।

তথা চাগমঃ—

ন জাতো ন মৃ(ম্র)তশ্চৈব ন রূপী নাধিরূপবান্।
ন সংসারে ন নির্ব্বাণে নকারস্তেন স্থ(শূ)চ্যতে॥

চতুর্থপদেন ভাবস্বরূপমাহ—

ভুসুকু ভণই ইত্যাদি। কটমিতি পূর্ব্বোক্তার্থং। ভুসুকুপাদো বদতি। সকলভাবানামেষঃ স্বরূপঃ। এতস্মিন্ গম্ভীরসহজানন্দানুভাবাত্তাবাভাববিকল্পপরিহারেণ ন কোঽপি যোগী জিন-সংসারকা(চা)রাগারে যাতায়াতং দৃশ্যতে।

তথাচ সরহপাদঃ—

গম্ভীর অই উআণ স উপরণো অপ্যাণ॥
সহজানন্দ চউজ্জহ লুণিঅ সংবেঅণ জাণ॥৪৩॥

৪৪

রাগ মল্লারী

কোঙ্কণপাদানাং।

সুনে সুন মিলিআ জবেঁ
সঅলধাম উইআ তবেঁ॥ ধ্রু॥
আচ্ছু হুঁ চউখণ সংবোহী
মাঝ নিরোহ অণুঅর বোহী॥ ধ্রু॥
বিন্দুণাদ ণহিঁ এ পইঠা
অণ চাহন্তে আণ বিণঠা॥ ধ্রু॥
জথাঁ আইলেঁসি তথা জান
মাসং থাকী সঅল বিহাণ॥ ধ্রু॥
ভণই কঙ্কণ কলএল সাদেঁ
সর্ব্ব বিচ্ছুরিল তথতানাদেঁ॥ ধ্রু॥

[১৮৭]। পাঠে, জৎপুণাহি; টীকায় জাম্বুণাহি। টীকার পাঠ ঠিক বলিয়া বোধ হয়।

পরমকরুণাসবপানতঃ(পত) প্রমুদিতোহি কঙ্কণসিদ্ধাচার্য্য(র্য্যো)স্তমেবার্থং শব্দান্তরেণ ব্যুৎপাদয়তি।

শুনে ইত্যাদি। তৃতীয়স্বাধিষ্ঠানশূন্যে বজ্রগুরোশ্চাধি[১৮৮]ষ্ঠানাচ্চতুর্থ[ং] পদ[ং] শূন্যং [য]দা মীলতি স্বয়ং তদা তস্মিন্ সময়ে। সর্ব্বধর্ম্মমিতি যুগনদ্ধফলোদয়ো ভবতীতি।

ধ্রুবপদেন তমেবার্থং কথয়তি—

চউখণমিতি। তস্মাদ্বিচিত্রাদিক্ষণেন চতুর্থানন্দং সংবোধয়িত্বা তিষ্ঠামি ; তেনাহং মধ্যমানিরোধেতি। সপ্তপ্রকৃতিদোষাসমাধিমলনিধানাদনুত্তরবোধিং লভ্যতে।

তথাচ দ্বিকল্পে—

আনন্দাস্তত্র জায়ন্ত ইত্যাদি [৬২ক]

দ্বিতীয়পদেন অভ্যাসমাহ—

নাদমিত্যাদি দীর্ঘহুংকারো নাপায়গ্রাহকজ্ঞানবিকল্পং বিন্দুরিতি। প্রজ্ঞাগ্রাহ্যজ্ঞানবিকল্পঃ নাদঃ। এতদুভয়ং বিকল্পেন তস্মিন্ সময়ে পরিত্যক্তো(ক্তা)হস্মি। অতঃ সর্ব্বধর্ম্মানুপলম্ভং পশ্যন্ চিত্তবোধনক্ষ প্রণষ্টং মম (নে)।

তৃতীয়পদেন সংবৃতিবোধিচিত্তস্য ফারতামাহ—

যথেত্যাদি। আদৌ যস্মাদ্বোধিচিত্তাদুৎপন্নোহসি তস্মিন্ নিজবোধিচিত্তে ইন্দুবিষয়বিকল্পবিরহিতে যচ্চ[তু]র্থ সুখসংবেদনরূপ[ং] জানীহি।

তথাচ সরহপাদাঃ—

জং দিট চিঅ বিলোঅ টাউ পবনে সমরস হোহী।
ইন্দি যঅ অউআ সদ্ধিঅ অন্নে কিসমে সংবোহি॥

চতুর্থপদেন স্বকীয়প্রভা[বং] প্রতিপাদয়তি—

ভণই ইত্যাদি। কঙ্কণপাদসিদ্ধাচার্য্যোহি বদতি। সাকারনিরাকারাদি বালযোগিনাং কলকলঃ সমতথতানাদেন ভগ্নঃ।

তথা চাগমঃ।—

শূন্যতাসিংহনাদেন ত্রাসিতাঃ সর্ব্বশত্রবঃ॥ ৪৪॥

৪৫

রাগ মল্লারী

কাহ্নুপাদানাং। মণ তরু[৬৩] পাঞ্চ ইন্দি তসু সাহা
আসা বহল পাত ফলাহা (হ বাহা)॥ ধ্রু॥

১৮৮। পুথি, বজ্রগুরোচাধিষ্ঠান।

বরগুরুবঅণে কুঠারেঁ ছিজঅ
কাহ্ন ভণই তরু পুণ ন উইজঅ ॥ ধ্রু ॥
বাটই সো তরু সুভাসুভ পাণী
ছেবই বিদুজন গুরুপরিমাণী ॥ ধ্রু ॥
জো তরু ছেব ভেবউ ন জাণই[১৮৯]
সড়ি পড়িআঁ রে মূঢ় তা ভব মাণই ॥ ধ্রু ॥
সু[ন]তরু গঅণকুঠার
ছেবহ সো তরু মুল ন ডাল ॥ ধ্রু ॥

তমেবার্থ[ং] পরমানন্দমু।দতোহি কৃষ্ণাচার্য্যঃ প্রতিপাদয়তি—

মনতরু ইত্যাদি। অনাদিভববাসনাপল্লবাশ্রয়ত্বাৎ কৃষ্ণাচার্য্যপাদেন স্বচিত্ত[ং] তরু(র)ত্বেন উৎপ্রেক্ষিতং। তস্য চিত্ততরোঃ। পঞ্চেন্দ্রিয়েণ শাখামধিমুচ্য। আসা তস্য পত্র(যন্ত্র)বহল-ফলঞ্চেতি।

ধ্রুবপদেন তস্যানুৎপাদং সূ(শূ)চয়তি—

বরগুরু ইত্যাদি। বরগুরুবচনকুঠারেণ তস্য বাসনা ছিদ্যমানা সতী কৃষ্ণাচার্য্যো বদতি স এব চিত্ততরুরেব ভূমৌ পুনর্ন্নোৎপদ্যতে।

তথাচ দ্বিকল্পে—

ন বুদ্ধো লভ্যতেঽন্যতেত্যাদি ॥ [৬৩ক]

দ্বিতীয়পদেন গুরুবচনপ্রভাবমাহ—

বাটই ইত্যাদি। সোঽপি চিত্ততরুঃ স্বশুভাশুভং জলং গৃহীত্বা স্ব[য়]মনাদিসংসারভূমৌ বর্দ্ধতে। অ[থ] শ্রীগুরুং পৃষ্ট্বা তস্য বচনানুভবং কৃত্বা বিদুজনেতি যোগীন্দ্রাস্তস্য চিত্তবৃক্ষস্য ছেদং কুর্ব্বন্তি।

তৃতীয়পদেনাসম্প্রদায়যোগিনাং সংসারতামাহ—

জো তরু ইত্যাদি। যেঽপি বালযোগিনশ্চিত্তবৃক্ষস্য ছেদমিতি নিঃস্বভাবীকরণং ন জানন্তি তেঽপি সংসারদুঃখবারিধৌঁ। ষটিত্বা(ত্বং) পতন্তি। পুনস্তত্রৈব ভবগ্রহং কুর্ব্বন্তি। মোক্ষমার্গং ন জানন্তীতি।

চতুর্থপদেন মার্গানুশংসামাহ—

সুন তরুবর ইত্যাদি। তস্মাদবিদ্যাশূন্যতরোঃ। ভো বালযোগিনমিতি। প্রকৃতিপ্রভাস্বর-কুঠারেণ গুরুসম্প্রদায়াৎ বাসনাং ছেদং কুরু। ডালমিতি। যেন পুনরিন্দ্রিয়স্যাধীনং ন ভবতীতি। ৪৫ ॥

১৮৯। গানে জাইণ; টীকায় জানন্তি। গানে জানই হওয়া উচিত, তাই উপরে করিয়া দিলাম।

৪৬

রাগ শবরী

জয়নন্দীপাদানাং। পেখু সুঅণে অদশ জইসা।
অন্তরালে মোহ[৬৪] তইসা॥ ধ্রু॥
মোহ(দ) বিমুক্কা জই মাণা।
তবেঁ তুটই অবণা গমণা॥ ধ্রু॥
নৌ দাটই নৌ তিমই ন চ্ছিজ্জই
পেখ মোঅ মোহে বলি বলি বাঝই॥ ধ্রু॥
ছাঅ মাআ কাঅ সমাণা।
বেণি পাখেঁ সোই বিণা॥ ধ্রু॥
চিঅ তথাতাস্বভাবে ষোহিঅ
ভণই জঅনন্দি ফুডঅণ ণ হোই॥ ধ্রু॥

পরমকরুণার্জ্জনায় তমেবার্থং অভিজ্ঞালাভী জয়নন্দিপাদঃ প্রতিপাদয়তি—

পেখই ইত্যাদি[১২০]। যথা স্বপ্নে স্বপ্রতিভাস[ং] যথাদর্শে প্রতিবিম্বং তাদৃশমন্তরা ভব-বিজ্ঞানং পশ্য।

তথা চর্গামঃ।—

জিম জলমঝে[১২১] চংদ স হি নোস ইত্যাদি।

ভো অনধিগত(তং)মার্গ যদি ত্বং বিজ্ঞানসংক্রমণকালেঽপি সদ্গুরুবচনমার্গমনুস্মরন্[১২২] স্বচিত্ত[ং] মোহবিমুক্তং[১২৩] করোষি তদভাবে সংসারে যাতায়াতং ত্রুট্যতি। তস্মাৎ স্বাত্মানং মিথ্যার্থে(হে) ন কিমর্থং নিষ্ফলং বাধয়সে।

তথাচ ভুসুকুপাদাঃ।

ক্লেশাবিষয়েষিত্যাদি—

দ্বিতীয়পদেন পরমাত্মচিত্তস্যাসু[৬৪ক]শংসামাহ—

নো দাটই ইত্যাদি। সদ্গুরুচরণপঙ্কজরজঃপ্রসঙ্গাৎ তদেবং সংসারমনো যদি মোহবিমুক্তং।

১২০। গানে পেখু; টীকায় পেখই। ১২১। পুথি, জিম জল মধ্যে ঝে।
১২২। পুথি, মার্গানুস্মরন্।
১২৩। গানে আছে মোদ, বোধ হয় মোহ হইবে। কারণ, টীকায় মোহ লিখিতেছে।

ভবতি। তদাগ্নিনা ন দগ্ধং ভবতি। জলে ন প্লাবনীয়ং[১২৪] ভবতি। শস্ত্রেণ চ্ছেত্তুং ন পার্য্যতে। পরমার্থচিত্তস্তাক্ষমদঃ(দং)। এবং পশ্যন্ সন্ তথাপি কুধিয়ো মোহে পরং বদ্ধা ভবন্তি।

তথাচ বহিশাস্ত্রে—

যত্নেন পার্য্যাণি সমাচরন্তি পুণ্যপ্রসঙ্গাদপি * * * *।

আশ্চর্য্যমেতদ্ধি মনুষ্যলোকে ক্ষীরং পরিত্যজ্য বিষং পিবন্তি(ত)॥

তৃতীয়পদেন পরমার্থসত্যস্য লক্ষণ[ম্]—

ছায়েত্যাদি। মোহবিমুক্তা যদা পরমার্থবিদো ভবন্তি। তদা ছায়ামায়াসমং স্ববিগ্রহং জ্ঞানলোচনেন পশ্যন্তি(তি) পক্ষাপক্ষভিন্নং শ্রীহেরুকরূপং চাকলয়ন্তি(তি)।

তথাচ সরহপাদাঃ—

মহামায়াদেবীত্যাদি।—

চতুর্থপদেন চিত্তফলস্বরূপমাহ—

তথেতি। প্রজ্ঞাপারমিতার্থমহারসেন চিত্তবাসনাদোষবিশোধনং যদি ক্রিয়তে বুধৈঃ। তদা জয়নন্দিপাদো হি বদতি। চিত্তমন্যথাভাবং ন ভবতি। তথতাবিশু[৬৫]দ্ধো হি যঃ স তথাপরং ভবতি।

তথাচ শ্রীদ্বিকল্পরাজে—

সর্ব্বেষাং খলু বস্তুনাং বিশুদ্ধিস্তথত[১২৫] মতা ॥ ৪৬ ॥

৪৭

গুঞ্জরীপাদানাং। কমল কুলিশ মাঝেঁ ভইঅ মিঅলী

সমতা জোএঁ জলিঅ চণ্ডালী ॥ ধ্রু ॥

ডাহ ডোম্বী ঘরে লাগেলি আগি

সহ মলি লই সিঞ্চ হুঁ পাণী ॥ ধ্রু ॥

নউ খর জালা ধুম ন দিশই

মেরু শিখর লই গঅণ পইসই ॥ ধ্রু ॥

ফাটই হরিহর বাহ্ম ভরা

ফীটা হই ণবগুণ শাসন পড়া ॥ ধ্রু ॥

ভণই ধাম ফুড় লেহুরে জাণী

পঞ্চনালেঁ উঠে গেল পাণী ॥ ধ্রু ॥

১২৪। পুথি, প্রাবস্তীয়ং। ১২৫। পুথি, তথাতা মাতা।

তমেবার্থং পরমকরুণামৈত্রিকম[া]নসঃ সিদ্ধাচার্য্যো ধামপাদোহি প্রতিপাদয়তি—

কমলকুলিশমিত্যাদি। প্রজ্ঞোপায়সমতাং সত্যাক্ষরমহাসুখরাগানিলাবার্ত্তায়াভৌ নির্ম্মাণ-চক্রে চণ্ডালী জ্বলিতা মম।

ধ্রুবপদেন তমেবার্থং বিস্পষ্টয়তি—

দাহেত্যাদি[১৯৬]। মহাসুখরাগদাহযুক্তো হুগ্নিঃ। ডোম্বী পরিশুদ্ধাব[৬৫ক]ধূতি গৃহে লগ্নঃ। তেন মহাসুখরাগাগ্নিনা ময়া সকলবিষয়াদিবৃন্দাশ্রয়ো দগ্ধঃ।

সসহরমিতি।[১৯৭]—সদ্‌গুরুপ্রসাদাদ্বিলক্ষণপরিশোধিতং সংবৃতিবোধিচিত্তং গৃহীত্বা তস্ত বহ্নের্নি(নি)র্ব্বাপণং করোমীতি।

তথাচ দ্বিকল্পে—

চণ্ডালী জ্বলিতা নাভাবিত্যাদি।

দ্বিতীয়পদেন জ্ঞানবহ্নেঃ স্বরূপমাহ—

নৌখরেত্যাদি। যথা বাহ্যবহ্নেস্তীব্রং জ্বলনতাদি ধূমাদিকং দৃশ্যতে তদ্বদয়ং জ্ঞানবহ্নিঃ[ন ?] দৃশ্যতে। কিন্তু ভাবাভাবং দগ্ধা পূর্ব্বোক্তসুমেরুশিখরাগ্রে গগনমিতি মহাসুখচক্রে অন্ত×র্ভবতীতি।

তৃতীয়পদেনোক্তার্থ[ং] প্রতিনির্দ্দেশয়তি—

দাটই ইত্যাদি। বান্ধেতি সন্ধ্যাচনেন বিটনাড়িকা বোধব্যা। হরিরিতি। মূত্রনাড়ী। হর ইতি শুক্রনাড়িকা। এতা দগ্ধা[১৯৮]। উর্দ্ধে ললনারসনাদি×কাশ্চ। নবগুণমিতি নবপবনঞ্চ। শাসনমিতি চক্ষুরিন্দ্রিয়াদিবিষয়াখ্যংচ দগ্ধ্,। স এব রাগানলো নিঃস্বভাবং গতঃ।

তথাচ সরহপাদাঃ—

মনমর ইত্যাদি।

চতুর্থপদেন চতুর্থানন্দপ্রত্যয়িতামাহ—

ধামেত্যাদি। ধামপাদোহি[১৯৯] বদতি ভো অনধিগতমার্গ শ্রীগুরুচরণোপায়েন সম্যক্ কুলিশাব্জসংযোগো স্ফুটং কৃত্বা স [৬৭][২০০]

কুক্কুরীপাদেন ভো যোগিন্ অঙ্গুলির্মূর্দ্ধীকৃত্যোক্ত[ঃ] এতত্ত্রৈলোক্যামিতি কায়বাক্‌চিত্তস্তা-ভাসদোষো মহাসুখেন জিতঃ।

তথাচ সরহপাদাঃ—

ঘর অচ্ছন্তে মা জাজ বণেত্যাদি। ৪৮ ॥

১৯৬। গানে ডাহ, টীকায় প্রতীক তুলিতেছে, যদি দোহ। যদি থাকার কোনই কারণ নাই, দোহটি দাহ হইবে বোধ হয়।

১৯৭। গানে সহ বলিলই ; টীকায় সসহরমিতি। টীকাকার সসহর কোথায় পাইলেন জানা যায় না।

১৯৮। দুই চেরার মধ্যে লেখাটুকু উপরে বাঙ্গালা অক্ষরে তুলিয়া দেওয়া আছে।

১৯৯। গানের মাথায় গুঞ্জরীপাদানাং, গানের ভণিতায় ভণই ধাম, টীকায়ও ধামপাদ, তবে গুঞ্জরীপাদ এবং ধামপাদ বা ধর্ম্মপাদ একই ব্যক্তি। ২০০। ৬৫ পাতের পর ৬৬-র পাত পাওয়া যায় নাই।

৪৯

রাগ মল্লারী

ভুসুকুপাদানাম্। বাজ ণাব পাড়ী পঁউআ খালেঁ বাহিউ
অদঅবঙ্গালে ক্লেশ[২০১] লুড়িউ ॥ ধ্রু ॥
আজি ভুসু বঙ্গালী ভইলী
ণিঅ ঘরিণী চণ্ডালী লেলী ॥ ধ্রু ॥
ডহি জো পঞ্চধাট ণই দিবি সংজ্ঞা ণঠা
ণ জানমি চিঅ মোর কহিঁ গই পইঠা ॥ ধ্রু ॥
সোণ তরুঅ মোর কিম্পি ণ থাকিউ
নিঅ পরিবারে মহাসুহে থাকিউ ॥ ধ্রু ॥
চউকোড়ি ভণ্ডার মোর লইআ সেস
জীবন্তে মইলেঁ নাহি বিশেষ ॥ ধ্রু ॥

প্রজ্ঞাপারমিতাম্ভোধিপরিমথনস্বামৃতপরিস্নপিতঃ সিদ্ধাচার্য্য ভুসুপাদো বঙ্গালিকাব্যাজেন তমেবার্থং প্রতিপাদয়তি—

প্রজ্ঞারবিন্দকুহরহ্রদে সদ্গুরুচরণোপায়েন প্রবেশিতং। তত্রানন্দা[৬৭ক]দি শব্দোহীত্যাদি অক্ষরসুখাদ্বয়বঙ্গালেন বাহিত ইতি। অভিন্নত্বং কৃতম্।

তথাচাগমঃ—

ন ক্লেশা বোধিতো ভিন্ন[া] ন বোধৌ ক্লেশসম্ভবঃ।
ভ্রান্তিতঃ ক্লেশসঙ্কল্পো ভ্রান্তিঃ প্রকৃতিনির্ম্মলা ॥

ধ্রুবপদেন তমেবার্থমভিদ্যোতয়তি।

আজীত্যাদি। স্বয়মেবাত্মানং সম্বোধ্য বদতি। ভো ভুসুকুপাদ ধ্যানপরিপাকাবস্থা-বিয়োগেনাদ্যৈব[২০২] বঙ্গালিকা ভূতা। যস্মাৎ নিজগৃহিণী স্বপরিশুদ্ধাবধূতী বাসুরূপা। চণ্ডালেনেতি। স্পর্শপ্রকৃতিপ্রভাস্বরেণ নীতা।

দ্বিতীয়পদেন ভাবনিঃসঙ্গতামাহ—

২০১। পুথি, বঙ্গালে ক্লেশ। টীকা বলে—বঙ্গালিকা আর ক্লেশ। উপরে তাহাই করিয়া দিলাম।
২০২। এখানে দুই বার অদ্যৈব আছে।

দহিঅ[২০৩] ইত্যাদি। তেন মহাসুখা[ন]লেন। পঞ্চপাটনমিতি। পঞ্চস্কন্ধাশ্রিতাহংকারমম-কারাদিকং দগ্ধং। ইন্দ্রিয়বিষয়ঞ্চ। অতএব স্বয়ং কল্পপরিহারায় জানীমঃ চিত্তরত্নং[২০৪]।

তথাচ সরহপাদাঃ—

জথে তথেবিত্যাদি—

তৃতীয়পদেন তমেব নির্দ্দিশতি—

সোন[ত]রুঅ ইত্যাদি। সোনমিতি শূন্যতাগ্রহঃ। [ত]রুয় ইতি ভাবগ্রহঃ। উভয়[৬৮]বিকল্পং স্বরূপবিচার্য্যমাণে সতি কিঞ্চিন্ন স্থিতম্। নিজপরিবারেণেতি। অতএব নির্ব্বিকল্পপরিহারেণ মহাসুখরত্ননিমগ্নোহং।

তথাচাগমঃ—

অর্থে(র্থি)না (ম)র্থিজনান বিনামতিতরাং(?) দূরং নয়ন্তীহ যে
ধন্যাস্তে নিজভোগ(গে)সঙ্গমধিয়ো ধ্যায়ন্তি নক্ত[ং]দিন[ম্]।
নো পশ্যাম্যনিশং[২০৫] সুখাশ্রয়পদং ধ্যায়ন্নহং মূঢ়ধীঃ
সত্ত্বার্থে(র্থ) করুণারসেঽতিগহনে মজ্জাম্যকাংক্ষী পুনঃ ॥

চতুর্থপদেনাত্যন্তাভাবমাহ—

চউকোটীত্যাদি। যৎপরং চতুষ্কোটিবিচারভণ্ডারং মম তেন অদ্বয়বঙ্গালেন গৃহীতম্। অতএব [ম]মাত্মনি জীবণমরণধ্যানাদিবিকল্পং নাস্তি।

তথাচ হেবজ্রে—

পিতরি প্রাপ্তং যৎসৌখ্যমিত্যাদি। ৪৯ ॥

৫০

রাগ রামক্রী

শবরপাদানাম্। গঅণত গঅণত তইলা বাড্হী হেঞ্চে কুরাড়ী
কণ্ঠে নৈরামণি বালি জাগন্তে উপাড়ী ॥ ধ্রু ॥
ছাড়ু ছাড় মাআ মোহা বিষমে দুন্দোলী
মহাসুহে বিলসন্তি[৬৮ক]শবরো লইআ সুণমে হেলী ॥ ধ্রু ॥

২০৩। গানে ডহি, টীকার প্রতীকে দহিঅ।
২০৪। পুথি, নাজামিবে চিত্তরত্নং। ২০৫। পুথি, অহনিশং।

হেরি যে মেরি তইলা বাড়ী খসমে[১০৬] সমতুলা
ষুকড়এ সেরে কপাসু ফুটি(লিটি)লা ॥ ধ্রু ॥
তইলা বাড়ির পাসেঁর জোহ্ণা বাড়ী তাএলা ॥
ফিটেলি অন্ধারি রে অকাশ ফুলিআ ॥ ধ্রু ॥
কঙ্গুরি না পাকেলা রে শবরাশবরি মাতেলা
অণুদিণ শবরো কিম্পি ন চেবই মহাসুহেঁ ভেলা ॥ ধ্রু ॥
চারিবাক্ষে তাইলারেঁ দিআঁ চঞ্চালী
তঁহি তোলি শবরো হুকএলা কান্দশ সগুণ শিআলী ॥ ধ্রু ॥
মারিল ভবমত্তারে দহ দিহে দিধ লিবলী
হে রসে সবরো নিরেবণ ভইলা ফিটিলি ষবরালী ॥ ধ্রু ॥

তমেবার্থং পরমার্থসত্য[১০৭]সাক্ষাৎকরণেন জনার্থায় সিদ্ধাচার্য্যোহি শবরপাদঃ প্রতিপাদয়তি—

গঅণত গঅণত ইত্যাদি। গগণেত্যুক্তিদ্বয়েন শূন্যাতিশূন্যং বোদ্ধব্যম্। তল্লগ্নবটিকাসন্ধ্যায়া তৃতীয়ং মহাশূন্যং চ। হৃদয়েনেতি। প্রভাস্বরচতুর্থে[ন] শূন্যেন কুঠারিকাং কৃত্বা এতদা[৬৮] লোকাদিশূন্যত্রয়স্য দোষং ছিত্বা। কণ্ঠেতি। সম্ভোগচক্রে নৈরাত্মধর্ম্মাধিগমেনানুদিনং যোঽপি যোগিবরো জাগ্রতি(?) তস্য ত্রৈলোক্যং সুঘটং ভবতীতি।

ধ্রুবপদেনাসঙ্গপরিহারং করোতি—

ছাড় ইত্যাদি মাআ ইত্যাদি। বিষমদ্বন্দোলিকায়াং কর্ম্মাঙ্গনায়াং ভো যোগি[ন্] মো(মে)হত্যাগেন মহামুদ্রাসিদ্ধিং কুরুত।

দ্বিরুক্তিরতি(দ্বিরুক্তীদিতি)সম্ভ্রমে।

তথাচ সরহপাদাঃ—

যামই ইত্যাদি—

অতএব শবরোহি মহাসুখেন ভবে শূন্যে নৈরাত্মজ্ঞানমুদ্রা[ং] গৃহীত্বা বিলসতি ক্রীড়তি।

দ্বিতীয়পদেন কৃতকৃত্য[তা]মাহ—

মম তৃতীয়াবিধূতকা। খসমেতি গুরুবচনপ্রসাদাৎ প্রভাস্বরতুল্যভূতা। কপাসমিতি। ককারস্য পার্শ্ববর্ত্তী খকারশ্চতুর্থশূন্যং মমেদানীং স্ফুটীভূতম্। পুনরপ্যন্যথাভাবং ন ভবিষ্যতি।

তথাচ—

১০৬। পুথি, খঃ সমে।

১০৭। এখানে একটি বৃথা আকার আছে।

পড়ইত্বা পত্তনা থত্তা নিমলচান্দ জি[য়]সহজেঁ ফরিত্তা।

তৃতীয়পদেন তমেবার্থং[৬৯ক]বিশেষয়তি—

তইলা বাড়ীতি। তৃতীয়শূন্যপার্শ্বে জোহ্নবাটিকেতি জ্ঞানেন্দুমণ্ডলস্যোদয়ো যদা ভূতঃ। তস্মিন্ সময়ে সকলক্লেশান্ধকারং স্ফেটিতমিতি পলায়িতম্। আকাশেতি। কং সুখং সম্বৃত্তি-বোধিচিত্ত[ং] তেন যস্য অঙ্গচিনমিতি।

চতুর্থস্য অনুশংসানুৎপাদপ্রকৃতিপ্রভাস্বররূপং গুরুপ্রসাদাৎ যোগিবরস্য উভয়মেকীভূয় পরি-কল্পিতম্। অতএব সরশ্চিত্তবজ্রঃ। শবরীতি। জ্ঞানপানপ্রমত্তাং জ্ঞানমুদ্রাং গৃহীত্বা অনাসঙ্গনাদা-নন্দপ্রমোদেন অহ্নদিনং কিমপি নিশ্চেতনয়তে। অতঃ মহাসুখশয্যায়া[ং] বিহ্বলীভূয় সুপ্ত ইতি।

পঞ্চমপদেন প্রবেশোপায়মাহ—

চারিত্যাদি। চতুর্থসন্ধ্যায়া[২০৮] চতুরানন্দা বোদ্ধব্যাঃ। কর্ম্মমুদ্রাসঙ্গাৎ। গড়িল ইতি যোগীন্দ্রেন স্থিরীকৃতাঃ।

তথাচাগমঃ—

আনন্দাস্তত্র জায়স্ত ইত্যাদি—

তস্যোর্দ্ধে চণ্ডালীতি বিষয়েন্দ্রিয়ং দগ্ধ্যা সর্ব্বর ইতি। সকারায় পরোয়ং। হ

২০৮। পুথি, শসন্ধ্যায়া।

চর্য্যাপদগুলির পাঠ-সংস্কার ও ব্যাখ্যা

চর্য্যাপদগুলি শাস্ত্রী মহাশয় কর্তৃক আবিষ্কৃত (১৯০৭ খ্রী) ও প্রকাশিত (১৯১৬ খ্রী) হইবার পর ডক্টর প্রবোধচন্দ্র বাগচী, ডক্টর মুহম্মদ শহীদুল্লাহ, ডক্টর সুনীতিকুমার চট্টোপাধ্যায় প্রভৃতি ভাষাতত্ত্ববিদ্‌ পণ্ডিতেরা এইগুলি লইয়া বহু গবেষণা করিয়াছেন। তাঁহাদের চেষ্টায় পদগুলির পাঠের কিছু সংস্কার সাধিত হইয়াছে। পরিষৎ-সংস্করণে বাংলা ভাষায় কোনও ব্যাখ্যা দেওয়া ছিল না। পরিষদের পুথিশালার পণ্ডিত শ্রীতারাপ্রসন্ন ভট্টাচার্য্য মহাশয় বহু পরিশ্রমে পরবর্ত্তী গবেষণার সাহায্যে এই পাঠসংস্কার ও ব্যাখ্যা প্রস্তুত করিয়া পরিষৎকে কৃতজ্ঞতাপাশে বদ্ধ করিয়াছেন।

নমঃ শ্রীবজ্রযোগিন্যৈ।

১

রাগ [পটমঞ্জরী]

লুইপাদানাম্—কাআ তরুবর পঞ্চ বি ডাল।
চঞ্চল চীএ পইঠো কাল॥ ধ্রু॥
দিঢ় করিঅ মহাসুহ পরিমাণ।
লুই ভণই গুরু পুচ্ছিঅ জাণ॥ ধ্রু॥
সঅল সমাহিঅ কাহি করিঅই।
সুখ দুখেতেঁ নিচিত মরিঅই॥ ধ্রু॥
এড়ি এউ ছান্দক বান্ধ করণক পাটের আস।
সুনুপাখ ভিতি লেহু রে পাস॥ ধ্রু॥
ভণই লুই আম্হে ঝাণে দিঠা।
ধমণ চমণ বেণি পিণ্ডি বইঠা॥ ধ্রু॥

শরীর বৃক্ষ, পঞ্চ ইন্দ্রিয় তাহার পাঁচখানা ডাল। [ইন্দ্রিয়দ্বারে রূপাদি প্রবিষ্ট হইয়া চিত্তকে চঞ্চল করায়] চঞ্চল চিত্তে কাল প্রবিষ্ট হইল। [সুতরাং কালের কবল হইতে নিষ্কৃতির জন্য] দৃঢ় করিয়া মহাসুখ পরিমাণ কর। লুই বলিতেছেন,—গুরুকে জিজ্ঞাসা করিয়া ইহা অবগত হও। [সুখরহিত] সমাধি-সকল দ্বারা কি করিবে? তাহাতে সুখ-দুঃখ ভোগ দ্বারা মৃত্যু সুনিশ্চিত। [সুতরাং] এই ছন্দোবন্ধ এবং ইন্দ্রিয়পারিপাট্যের আশা ছাড়িয়া, শূন্যতারূপ পক্ষকে ভিত্তি [আশ্রয়রূপে গ্রহণপূর্ব্বক, তাহার] সামীপ্য গ্রহণ কর। লুই বলিতেছেন, [এই যুগনদ্ধ রূপ] আমি ধ্যানে দেখিয়াছি এবং ধমণ ও চমণের বেণী বা যুক্ততাকে পিড়ি করিয়া, তাহাতে উপবেশন করিয়াছি।

২

রাগ গবড়া

কুক্কুরীপাদানাম্। দুলি দুহি পিটা ধরণ ন জাই।
রুখের তেন্তুলি কুম্ভীরে খাঅ॥
আঙ্গন ঘরপণ সুন ভো বিআতী।
কানেট চৌরে নিল অধরাতী॥ ধ্রু॥
সুসুরা নিদ গেল বহুড়ী জাগঅ।
কানেট চোরে নিল কা গই [ন] মাগঅ॥ ধ্রু॥

দিবসই বহুড়ী কাড়ই ডরে ভাঅ।
রাতি ভইলে কামরু জাঅ ॥ ধ্রু ॥
অইসন চর্য্যা কুক্কুরীপাএঁ গাইড়।
কোড়ি মঝেঁ একু হিঅহি সমাইড় ॥ ধ্রু ॥

দুলিকে (দ্বয়াকার যেখানে লীন হয়, সেই মহাসুখকমলকে) দোহন করিয়া, পিটা (পীঠে বা বজ্রমণিতে) ধারণ করা যায় না। বৃক্ষের তেঁতুল (শরীরবৃক্ষের ফলরূপ বোধিচিত্ত) কুম্ভীরে (কুম্ভকসমাধি) খায়। ওহে বিআতী, শ্রবণ কর, (ঐ উভয়কে বিরমানন্দাবধূতির) গৃহাঙ্গনের দিকে লইয়া যাও। (সেখানে) অর্দ্ধরাত্রিতে কর্ণের অভীষ্ট আভরণ (প্রবেশাদিবাতদোষবিভব; কর্ণেষ্ট—কানেট্ট, কানেট) (সহজানন্দরূপ) চৌর কর্ত্তৃক অপহৃত হইল। শ্বশুর (ত্বরিতাদি শ্বাস) নিদ্রিত হইল (যোগনিদ্রা প্রাপ্ত হইল), বধূ (যোগিনীগণ) জাগিয়া রহিল। কর্ণাভরণ [যখন] চোরে নিল, [তখন] (গ্রাহ্যাদির অভাবে যোগী আর) কোথাও গিয়া কিছু প্রার্থনা করেন না। দিবাভাগে বধূ ভয়ে ভাবকালি করে (কায়কালপুরুষ হইতে ভীত হয়), রাত্রি হইলে কাম সেবার্থ (মহাসুখচক্ররূপ স্বস্থানে) যায়। কুক্কুরীপাদ এইরূপ চর্য্যা গান করিতেছেন, [ইহার তাৎপর্য্য] কোটি (যোগীর) মধ্যে একজনের হৃদয়ে প্রবেশ করে।

৩

রাগ গবড়া

বিরুবাপাদানাম্। এক সে শুণ্ডিনি দুই ঘরে সান্ধঅ।
চীঅণ বাকলঅ বারুণী বান্ধঅ ॥ ধ্রু ॥
সহজে থির করি বারুণী সান্ধ।
জেঁ অজরামর হোই দিঢ় কান্ধ ॥ ধ্রু ॥
দশমি দুআরত চিহ্ন দেখিআ।
আইল গরাহক অপণে বহিআ ॥ ধ্রু ॥
চউশটি ঘড়িয়ে দেল পসারা।
পইঠেল গরাহক নাহি নিসারা ॥ ধ্রু ॥
এক সে ঘড়লী সরুই নাল।
ভণন্তি বিরুআ থির করি চাল ॥ ধ্রু ॥

(ছয়টি পথ যেখানে মিলিত হইয়াছে), একস্বরূপিণী সেই শুণ্ডিনী (অবধূতিকা রহিয়াছেন। প্রৌঢ় যোগী বাম ও দক্ষিণে প্রবাহিত) দুইকে (চন্দ্র ও সূর্য্যকে) ঘরে (মধ্যমায়) প্রবেশিত করিয়া দিলেন। [তখন শুণ্ডিনী স্বয়ং আসিয়া] চিকণ (অবিদ্যামলরহিত) বল্কল দ্বারা

(বোধিচিত্তরূপ) বারুণী মদ্য বাঁধিলেন। (হে বালযোগি!) সহজকে (সহজানন্দকে) স্থির করিয়া (সংবৃত্তিবোধিচিত্তরূপ) বারুণীতে প্রবেশ কর, যদ্দ্বারা (তুমি) অজর ও অমর হইয়া দৃঢ় স্কন্ধ লাভ করিবে। দশম দুয়ারে (বৈরোচনদ্বারে, মহারাগসুখ-প্রমোদ)-চিহ্ন দেখিয়া গ্রাহক (গন্ধর্ব্বসত্ত্ব) আপনি বহিয়া আসিল (এবং সেই দ্বার দিয়া প্রবেশ করিয়া) দিবারাত্র (মহাসুখকমলরস পানে) [নিজেকে] প্রসারিত করিয়া দিল। গ্রাহক সেই যে প্রবেশ করিল, আর বাহিরে আসিল না। সেই যে একটি ঘটী (পূর্ব্বোক্ত অবধূতিকা), (আভাসত্রয়নিরোধবশতঃ) তার নাল সরু অর্থাৎ সূক্ষ্ম। বিরুবাপাদ বলিতেছেন—বোধিচিত্তকে নিস্তরঙ্গরূপে চালিত কর।

রাগ অরু

গুণ্ডরীপাদানাম্—তিয়ড্ডা চাপী জোইনি দে অঙ্কবালী।
কমলকুলিশ ঘান্টি করহুঁ বিআলী ॥ ধ্রু ॥
জোইনি তঁই বিনু খনহিঁ ন জীবমি।
তো মুহ চুম্বী কমলরস পীবমি ॥ ধ্রু ॥
খেপহুঁ জোইনি লেপ ন জাঅ।
মণিকুলে বহিআ ওড়িআণে সমাঅ ॥ ধ্রু ॥
সাসু ঘরেঁ ঘালি কোঞ্চা তাল।
চান্দসুজবেণি পখা ফাল ॥ ধ্রু ॥
ভণই গুণ্ডরী অম্হে কুন্দুরে বীরা।
নরঅ নারী মাঝেঁ উভিল চীরা ॥ ধ্রু ॥

নাড়ীত্রিতয়ে আরূঢ় হইয়া (পরিশুদ্ধাবধূতিকা নিরাত্মা) যোগিনী-(সাধককে) অঙ্কবালী (অঙ্ক, স্বচিহ্ন অর্থাৎ স্বরূপতা) দান করেন এবং (বালী—পালী) তাহাকে পালন করেন। (ওহে যোগিবর!) [সুতরাং তুমি] কমল ও কুলিশের (সম্যক্ সংযোগ ও) ঘর্ষণে কালরহিত (মহামুদ্রাসিদ্ধির সাক্ষাৎকার লাভ) কর। হে (নৈরাত্ম)-যোগিনি! তোমাকে বিনা আমি ক্ষণমাত্রও বাঁচিব না। (সংজ্ঞানন্দরূপ) তোমার মুখ চুম্বন করিয়া আমি (বোধিচিত্তরূপ) কমলরস পান করিব। খেপহুঁ (স্বস্থানযোগ হইতে উৎক্ষিপ্ত হইয়া) যোগিনী (মণিমূলে গিয়া, মোহমলে) অবলিপ্তা হয় না; মণিকুলে ক্রীড়ারস অনুভব করিয়া, আবার (মহাসুখচক্র) উড্ডীয়ানে প্রবেশ করে। শ্বাসকে তাহার ঘরে অবরুদ্ধ করিয়া দৃঢ় তালা লাগাও, চন্দ্র ও সূর্য্যের যুক্ত প্রবাহপক্ষকে খণ্ডন কর। গুণ্ডরী বলিতেছেন—কুন্দুরযোগের অনুষ্ঠান দ্বারা (ক্লেশরূপ শত্রু মর্দ্দন করিয়া) আমি বীর হইয়াছি

এবং নরনারীসকলের মধ্যে উর্দ্ধলোকবাসী যোগীদের চীর (বস্ত্রখণ্ড বা বল্কল) ধারণ করিয়াছি।

রাগ গুর্জ্জরী

চাটিল্লপাদানাম্—ভবণই গহণ গম্ভীর বেগেঁ বাহী।
দুআন্তে চিখিল মাঝেঁ ন থাহী ॥ ধ্রু ॥
ধামার্থে চাটিল সাঙ্কম গঢ়ই।
পারগামি লোঅ নিভর তরই ॥ ধ্রু ॥
ফাড্ডিঅ মোহতরু পাটি জোড়িঅ।
অদঅ দিঢ় টাঙ্গী নিবাণে কোরিঅ ॥ ধ্রু ॥
সাঙ্কমত চড়িলে দাহিণ বাম মা হোহী।
নিয়ড়ি বোহি দূর মা জাহী ॥ ধ্রু ॥
জই তুম্হে লোঅ হে হোইব পারগামী।
পুচ্ছতু চাটিল অনুত্তরসামী ॥ ধ্রু ॥

(অবিরত বিষয়তরঙ্গের উৎপত্তি ও বিনাশবশতঃ) ভবনদী অতিশয় গহন, (প্রকৃতির দোষবত্তাহেতু) অত্যন্ত গভীর (এবং ষট্‌পথদ্বারে অতিশয়) বেগে প্রবহণশীল। ইহার দুই তীর (প্রকৃতিদোষরূপ কর্দ্দমপূর্ণ বলিয়া) অতিশয় পিচ্ছিল এবং ইহার মধ্যদেশে থই পাওয়া যায় না। [এইরূপ ভবনদীর উপর] চাটিলাচার্য্য ধর্ম্মার্থে সংক্রম (সাঁকো) নির্ম্মাণ করিতেছেন, পারগমনে সমুৎসুক লোকসকল [তাহার উপর] নির্ভর করিয়া [এই নদী] উত্তীর্ণ হইতেছে। (সংবৃতিবোধিচিত্তরূপ) মোহতরুকে (উৎপাটনপূর্ব্বক) চিরিয়া ফেল (এবং তাহার বিষয়গ্রহণসামর্থ্য খণ্ডিত করিয়া, সতত আলোকস্বরূপ) পাটকের (পাটক—পীঠ, বোধিচিত্তের নিবাসস্থান) সহিত তাহাকে সংযুক্ত কর। (পরে সফলতা লাভের জন্য যুগনদ্ধরূপ) অদ্বয় পরশু দ্বারা নির্ব্বাণপথে প্রেরণের জন্য তাহাকে দৃঢ় কর। (ওহে যোগি!) এই সাঁকোতে চড়িলে (আবার যেন) দক্ষিণ ও বামমুখী (পূর্ব্বেই বজ্রজপদ্বারা নিরুদ্ধ চন্দ্রসূর্য্যাভাসমুখী) হইও না। [কেন না, এখানে] অতি নিকটেই বোধি (মহামুদ্রাসিদ্ধি) রহিয়াছে; সুতরাং তুমি দূরে (বিমার্গে) যাইও না। (হে যোগিগণ!) তোমরা সকলে যদি পারগামী হইবে, তবে অনুত্তরস্বামী চাটিলকে জিজ্ঞাসা কর।

রাগ পটমঞ্জরী

ভুসুকুপাদানাম্—কাহেরে ঘিণি মেলি অচ্ছহু কীস।
বেটিল হাক পড়অ চৌদীস ॥ ধ্রু ॥
অপণা মাংসেঁ হরিণা বৈরী।
খনহ ন ছাড়অ ভুসুকু অহেরি ॥ ধ্রু ॥
তিন ন চ্ছুপই হরিণা পিবই ন পানী।
হরিণা হরিণীর নিলঅ ন জানী ॥ ধ্রু ॥
হরিণী বোলঅ সুণ হরিণা তো।
এ বণ চ্ছাড়ী হোহু ভান্তো ॥ ধ্রু ॥
তরংগতে হরিণার খুর ন দীসঅ।
ভুসুকু ভণই মূঢ়হিঅহি ন পইসই ॥ ধ্রু ॥

কাহাকে গ্রহণ করিয়া এবং কাহাকে ত্যাগ করিয়া, আমি কিরূপ ভাবে আছি? (মৃত্যু ও মার কর্ত্তৃক) বেষ্টিত হইয়া চতুর্দ্দিকে (মার মার) হাঁক ডাক পড়িয়াছে, (আমার চিত্তহরিণ ইহা শুনিতে পাইয়াছিল। এখন গুরুচরণরেণুপ্রভাবে সেই অবস্থা ত্যাগ করিয়া, সর্ব্বধর্ম্মের অনুপলম্ভ এবং গ্রাহ্য ও গ্রাহকের অভাববশতঃ আমি মুক্ত হইয়া অবস্থান করিতেছি।) নিজ মাংসের জন্য হরিণ যেমন সকলের বৈরী, (এই চিত্তহরিণও সেইরূপ নিজ অবিদ্যা ও মাৎসর্য্যদোষে সকলের বদ্ধবৈরী।) ভুসুকু ব্যাধ তাহাকে ক্ষণমাত্রও ছাড়িয়া দেয় নাই, (সদ্‌গুরুর উপদেশরূপ বাণ দ্বারা তাহাকে অনন্যভাবে প্রহার করিয়াছে।) [তাহার ফলে] এই চিত্তহরিণ (বাহ্য জগতের মৃগের ন্যায়) আহার ও জল পান করে না। [কিন্তু] (নৈরাত্মরূপিণী) হরিণীর নিবাসস্থলও সে (ইন্দ্রিয়দ্বারা) জানিতে পারিতেছে না। (বিষয়পানরূপ ভবগ্রহ হরণ করেন, এই জন্য জ্ঞানমুদ্রা নৈরাত্মার নাম হরিণী। যোগীর অভ্যাসপ্রকর্ষবশতঃ তখন) হরিণী বলিতেছেন—ওহে হরিণ, শুন। তুমি এই (শরীররূপ) বন ছাড়িয়া (মহাসুখকমলবনে গিয়া ভ্রান্তিশূন্যভাবে) ভ্রমণ কর। (হরিণীর এই বাক্যে) হরিণ এমন ত্বরিতগতিতে (মহাসুখকমলবনে চলিয়া গেল যে), তাহার আর ক্ষুরসঞ্চালন দেখা গেল না। ভুসুকু বলিতেছেন—মূঢ় ব্যক্তির হৃদয়ে এই তত্ত্ব প্রবেশ করে না।

৭

রাগ পটমঞ্জরী

কাহ্নুপাদানাম্—আলিএ কালিএঁ বাট রুন্ধেলা।
তা দেখি কাহ্নু বিমন ভইলা ॥ ধ্রু ॥

কাহ্নু কহিঁ গই করিব নিবাস।
জো মনগোঅর সো উআস ॥ ধ্রু ॥
তে তিনি তে তিনি তিনি হো ভিন্না।
ভণই কাহ্নু ভব পরিচ্ছিন্না ॥ ধ্রু ॥
জে জে আইলা তে তে গেলা।
অবণাগবণে কাহ্নু বিমন ভইলা ॥ ধ্রু ॥
হেরি সে কাহ্নি নিঅড়ি জিনউর বট্টই।
ভণই কাহ্নু মো হিঅহি ন পইসই ॥ ধ্রু ॥

আলি (লোকজ্ঞান, স্বরবর্ণ বা চন্দ্রনাড়ী), এবং কালি (লোকভাস, ব্যঞ্জনবর্ণ বা সূর্য্যনাড়ী), (এই দুইকে একীকৃত করিয়া), তদ্দ্বারা (কৃষ্ণাচার্য্য অবধূতীর বহির্গমন)-পথ রুদ্ধ করিলেন। তাহা (অবধূতির বহির্গমনপথ রুদ্ধ) দেখিয়া (প্রকৃতিপরিশুদ্ধাবধূতিকারূপে) কৃষ্ণাচার্য্য বিমনা (পরিশুদ্ধমনা) হইলেন। (তিনি নিজেকে সম্বোধন করিয়া বলিতেছেন)— ওহে কানু, [তুমি এখন] কোথায় গিয়া বাস করিবে ? [তাৎপর্য্য—মন পরিশুদ্ধ হইলে সুখলাভার্থ স্থানান্তরগমনের প্রয়োজন হয় না]। [কিন্তু] যে (যোগী) মনোগোচর (মন ও ইন্দ্রিয়সাহায্যে জ্ঞানলাভে প্রযত্নশীল), সে (এই ধর্ম্ম হইতে) দূরে অবস্থান করে। (বাহ্যে স্বর্গ, মর্ত্ত, রসাতল, অধ্যাত্মে কায়, বাক্, চিত্ত) এই সব তাহার নিকট তিন তিন রূপে প্রতিভাত হয় এবং সে তিনও আবার পরস্পর ভিন্ন। কাহ্নু বলিতেছেন—(সে যোগীর নিকট) এই ভবসংসার পরিচ্ছিন্নরূপে প্রতিভাত হয়। (কিন্তু পরমার্থবিৎ যোগীর এই ভেদোপলব্ধি থাকে না)। যাহারা যাহারা (যে সকল ভাব) আসিল, তাহারা তাহারা চলিয়া গেল। (ইহাদের) আসা-যাওয়ায় (উৎপাদ ও ভঙ্গদর্শনে, সংবৃতিসত্যের স্বভাব পরিজ্ঞাত হইয়া) কাহ্নু বিশুদ্ধমনা হইলেন। কাহ্নু বলেন—(মন বিশুদ্ধ হওয়ায়) সেই জিনপুর কাহ্নুর নিকটেই বর্ত্তমান দেখিতেছি, কিন্তু এখনও আমার হৃদয়ে প্রবিষ্ট হইতেছে না।

৮

রাগ দেবক্রী

কম্বলাম্বরপাদানাম্—সোনে ভরিতী করুণা নাবী।
রূপা থোই নাহিক ঠাবী ॥ ধ্রু ॥
বাহতু কামলি গঅণ উবেসেঁ।
গেলী জাম বহু উই কইসেঁ ॥ ধ্রু ॥

খুন্টি উপাড়ী মেলিলি কাচ্ছি।
বাহতু কামলি সদ্‌গুরু পুচ্ছি ॥ ধ্রু ॥
মাঙ্গত চড়্হিলে চউ দিস চাহঅ।
কেডুআল নাহি কেঁ কি বাহবকে পারঅ ॥ ধ্রু ॥
বাম দাহিণ চাপী মিলি মিলি মাঙ্গা।
বাটত মিলিল মহাসুহসাঙ্গা ॥ ধ্রু ॥

করুণা (বোধিচিত্ত)-রূপ [আমার] নৌকা (সদ্‌গুরুপ্রসাদরসরূপ) স্বর্ণে (শূন্যতায়) পরিপূর্ণ রহিয়াছে, [তাহাতে] রূপা (রূপ-বেদনা-সংজ্ঞাদি) থুইব, [এমন] স্থান নাই। ওহে কামলি ! ঐ গগন-[সমুদ্রের] উদ্দেশে [বোধিচিত্তরূপ নৌকা] বাহিয়া চল ; [দেখি], বহু বহু গত [জন্মের ন্যায় আবার] জন্ম কি করিয়া উদিত হয়। খুঁটি (আভাসদোষ) উৎপাটিত করিয়া, (অবিদ্যারূপ) কাছি খুলিয়া দিয়াছ, [এখন] সদ্‌গুরুকে জিজ্ঞাসা করিয়া [নৌকা] বাহিতে থাক। পথে (বিরমানন্দে) উঠিলে পর (সেখানে গ্রাহ্যাদি কিছু আছে কি না, তাহা দেখিবার জন্য) চতুর্দ্দিকে চাহিও। [কেন না], কেডুআল (বৈঠা) যদি না থাকে, তবে কে কি প্রকারে [নৌকা] বাহিতে পারে ? বাম ও দক্ষিণ (আভাসদ্বয়কে মধ্যমায়) চাপাইয়া, পথের সঙ্গে মিলিয়া মিলিয়া (বিরমানন্দগত বোধি-চিত্তকে 'নিজ'জ্ঞানের দ্বারা পরিশোধিত করিয়া) (যখন মহাসুখচক্রসমুদ্রের উদ্দেশে চলিলাম, তখন সেই) পথেই (নৈরাত্মজ্ঞানরূপ) মহাসুখসঙ্গ প্রাপ্ত হইলাম।

৯

রাগ পটমঞ্জরী

কাহ্নুপাদানাম্—এবংকার দৃঢ় বাখোড় মোড্ডিউ।
বিবিহ বিআপক বান্ধণ তোড়িউ ॥ ধ্রু ॥
কাহ্নু বিলসঅ আসবমাতা।
সহজনলিনীবন পইসি নিবিতা ॥ ধ্রু ॥
জিম জিম করিণা করিণিরেঁ রিসঅ।
তিম তিম তথতামঅগল বরিসঅ ॥ ধ্রু ॥
ছড়গই সঅল সহাবে সুধ।
ভাবাভাব বলাগ ন[া]ছুধ ॥ ধ্রু ॥
দশবলরঅণ হরিঅ দশদিসেঁ।
[অ]বিদ্যাকরিকুঁ দম অকিলেসেঁ ॥ ধ্রু ॥

একার (চন্দ্রনাড়ী) ও বংকার[১] (সূর্য্যনাড়ীরূপ দুইটি) দৃঢ় স্তম্ভ (বজ্রজপক্রমদ্বারা) মর্দ্দিত করিয়া এবং (অনবধৃতিকারূপ) বিবিধপ্রকার ব্যাপক বন্ধন ছিন্ন করিয়া, (এই তিনের অনুপলম্ভরূপ) আসবপানে প্রমত্ত (জ্ঞানগজেন্দ্র) কৃষ্ণাচার্য্য ক্রীড়া করিতে লাগিলেন এবং [ক্রমে] সহজরূপ পদ্মবনে (মহাসুখকমলে) প্রবেশপূর্ব্বক নিবৃ`তি লাভ করিলেন (নির্ব্বিকল্পাকারে ক্রীড়াপরায়ণ হইলেন)। (বাহ্য জগতের করী) যেমন যেমন করিণীকে দেখিয়া ঈর্ষামদ বহন করে, (ভগবতী নৈরাত্মার সঙ্গ লাভ করিয়া চিত্তগজেন্দ্র কৃষ্ণাচার্য্য) সেইরূপ তথতামদধারা (তথাগতের ঐশ্বর্য্য) বর্ষণ করিতে লাগিলেন। (দেব, অসুর, মনুষ্য প্রভৃতি) ষড়্গতিশীল ভাবসকল (তখন যোগীন্দ্রের নিকট) স্বভাবতই পরিশুদ্ধ বলিয়া উপলব্ধ হইল। ভাব এবং অভাব, (উভয়ের) কেশাগ্র (মাত্রও) অশুদ্ধ উপলব্ধ হইল না। দশ দিকে [বিস্তৃত] দশবলরত্ন (তথতারত্ন) (আমাদের অবিদ্যাজনিত অনুভবের অভ্যাসবলে) হারাইয়া গিয়াছে। (অতএব তথতারত্নের প্রভাবে) অবিদ্যারূপ করীকে অক্লেশে দমন কর।

১০

রাগ দেশাখ

কাহ্নুপাদানাম্—নগরবাহিরি রে ডোম্বি তোহোরি কুড়িআ।
ছোই ছোই জাহ সো বাহ্মনাড়িআ ॥ ধ্রু ॥
আলো ডোম্বি তোএ সম করিব ম সাঙ্গ।
নিঘিন কাহ্ন কাপালি জোই লাংগ ॥ ধ্রু ॥
এক সো পদুমা চৌষঠ্ঠী পাখুড়ী।
তহিঁ চড়ি নাচঅ ডোম্বী বাপুড়ী ॥ ধ্রু ॥
হা লো ডোম্বি তো পুছমি সদভাবে।
আইসসি জাসি ডোম্বি কাহরি নাবেঁ ॥ ধ্রু ॥
তান্তি বিকণঅ ডোম্বি অবরনা চাংগেড়া।
তোহোর অন্তরে ছাড়ি নড়পেড়া ॥ ধ্রু ॥
তু লো ডোম্বী হাঁউ কপালী।
তোহোর অন্তরে মোএ ঘেণিলি হাড়ের মালী ॥ ধ্রু ॥

১। একার বকার, চন্দ্র সূর্য্য, দিবা রাত্রি, এই সব শব্দ দ্বারা দ্বন্দ্বাত্মক বিপরীত জ্ঞানকে লক্ষ্য করা হইয়াছে। দ্বন্দ্বাত্মক জ্ঞানই সংসারবন্ধনের প্রধান কারণ, এই জন্য উহাকে 'দৃঢ় স্তম্ভ' বলা সঙ্গতই হইয়াছে। পরম তত্ত্বকে এই জন্য 'দ্বন্দ্বাতীত' বলা হয়। নাড়ী অর্থে জ্ঞানপ্রবাহ।

সরবর ভাঞ্জিঅ ডোম্বী খাঅ মোলাণ।

মারমি ডোম্বি লেমি পরাণ॥ ধ্রু॥

রে ডোম্বি! (পরিশুদ্ধাবধূতি নৈরাত্মে!) (রূপাদি বিষয়সমূহরূপ) নগরের বাহিরে তোমার বাসগৃহ। [সেখান হইতে] (ব্রহ্মহুঙ্কারবীজজাত) ব্রহ্মনাড়িকাকে (বোধিচিত্তরূপ বালককে তুমি) ছুঁইয়া ছুঁইয়া যাইতেছ। ওলো ডোম্বি! তোমার সহিত [এখন] আমার সঙ্গ করা কর্ত্তব্য; [কেন না], (তোমার যেরূপ স্বভাব), কাপালিক যোগী কাহ্নও (সেইরূপ) নির্ঘৃণ (লজ্জাদিদোষরহিত) এবং উলঙ্গ। (নির্ম্মাণচক্র নামে) একটি পদ্ম, [তাহার] চৌষট্টিটি দল; বাপুড়ী (জগদ্বীজবপনকর্ত্রী) ডোম্বী তাহাতে চড়িয়া নৃত্য করিতেছে। হালো ডোম্বি! সদ্ভাবে (স্বরূপাশয়ে আমি) তোমাকে জিজ্ঞাসা করিতেছি, (কাহার সংবৃত্তিবোধিচিত্তরূপ) নৌকায়, হে ডোম্বি! তুমি যাতায়াত কর? (তাৎপর্য্য এই যে, কর না।) হে ডোম্বি! (তুমি অবিদ্যারূপ) তন্ত্রী (তাঁত) এবং (বিষয়াভাসরূপ) আবরণকারী চাঙাড়ি বিক্রয় করিয়া থাক, (কিন্তু গুরুপাদপ্রসাদে আমার নিকট ঐ দুইটি জিনিষ বিক্রয় করা তুমি পরিত্যাগ করিয়াছ), (অতএব আমিও) তোমার জন্য (সংসাররূপ এই) নট-পেটিকা ত্যাগ করিয়াছি। তুমি ডোম্বী (নৈরাত্মা), আমি কপালী (তোমার সুখস্বরূপতা পালন অর্থাৎ ধারণ করিতে সমর্থ)। তোমার জন্য আমি হাড়ের মালা গ্রহণ করিয়াছি। এই ডোম্বী (গুরুসম্প্রদায়হীনের শরীররূপ) সরোবর ভাঙ্গিয়া, (বোধিচিত্তরূপ) মৃণাল ভক্ষণ করে। (সংবৃতিশুক্ররূপ) সেই ডোম্বীকে আমি মারিব এবং তাহার প্রাণ লইব (নিঃস্বভাব করিব)।

১১

রাগ পটমঞ্জরী

কৃষ্ণাচার্য্যপাদানাম্—নাড়িশক্তি দিঢ় ধরিঅ খট্টে।

অনহা ডমরু বাজই বীরনাদে॥

কাহ্ন কপালী যোগী পইঠ অচারে।

দেহনঅরী বিহরই একাকারে॥ ধ্রু॥

আলি কালি ঘণ্টা নেউর চরণে।

রবি শশী কুণ্ডল কিউ আভরণে॥ ধ্রু॥

রাগ দেষ মোহ লাইঅ ছার।

পরম মোখ লবএ মুত্তাহার॥ ধ্রু॥

মারিঅ শাসু নণন্দ ঘরে শালী।

মাঅ মারিআ কাহ্ন ভইল কবালী॥ ধ্রু॥

নাড়ীশক্তিকে (বিরমানন্দরূপা প্রধানা অবধূতিকে) দৃঢ়ভাবে (সহজরূপ প্রভাস্বর) শূন্যতায় ধারণ করিয়া, অনাহত ডমরু বীরনাদে (শূন্যতারূপ সিংহনাদে) বাদিত হইতেছে। [তাহাতে] কাপালিক যোগী কৃষ্ণাচার্য্য অচার (অচর, জড়) দেহনগরীতে প্রবিষ্ট [থাকিয়াই] একাকারে (অদ্বয়ভাবে) বিহার করিতেছেন। আলি ও কালিকে তিনি চরণের ঘণ্টা ও নূপুর এবং রবি ও শশীকে [কর্ণের] কুণ্ডল আভরণ করিলেন। (মহাসুখ-রাগরূপ বহ্নিতে) রাগ, দ্বেষ ও মোহকে (দগ্ধ করিয়া) [তাহার] ভস্ম লইয়া [অঙ্গে লেপন করিলেন এবং] পরম মোক্ষরূপ মুক্তাহার লাভ করিলেন। শ্বাসকে (পূর্ব্বোক্ত মনঃপবনকে) মারিয়া, নয়টি নন্দকে[১] (চক্ষুরাদি বিজ্ঞানপ্রবাহকে তাহাদের) ঘরে প্রবিষ্ট করাইয়া, মায়ারূপিণী (অবিদ্যাকে) মারিয়া, কৃষ্ণাচার্য্য (বজ্র)কাপালিক হইলেন।

১২

রাগ ভৈরবী

কৃষ্ণপাদানাম্—করুণা পিহাড়ি খেলহুঁ নঅবল।
সদ্‌গুরুবোহেঁ জিতেল ভববল ॥ ধ্রু ॥
ফীটউ দুআ মাদেসি রে ঠাকুর।
উআরিউএসেঁ কাহ্ন ণিঅড় জিনউর ॥ ধ্রু ॥
পহিলেঁ তোড়িআ বড়িআ মারিউ।
গঅবরেঁ তোড়িআ পাঞ্চজনা ঘালিউ ॥ ধ্রু ॥
মতিএঁ ঠাকুরক পরিনিবিতা।
অবশ করিআ ভববল জিতা ॥ ধ্রু ॥
ভণই কাহ্ন, আম্হে ভাল দান দেহুঁ।
চউষঠ্‌ঠি কোঠা গুণিয়া লেহুঁ ॥ ধ্রু ॥

করুণা(রূপ স্বাধিষ্ঠানচিত্তকে) পীঠ (ছক) করিয়া, (তাহার সপ্ত সমাধিমল নিরাসপূর্ব্বক আমি) নববল (দাবা বা মন্ত্রনয়রহস্যাত্মক চতুর্থানন্দবল) খেলিতেছি এবং সদ্‌গুরুপ্রদত্ত জ্ঞানের সাহায্যে ভববলকে (বিষয়াভাসবলকে) জয় করিয়াছি। [এই খেলায় প্রথমেই] দুয়াকে (আভাসদ্বয়কে, বজ্রজপক্রমে) কাটিলাম। রে ঠাকুর! (রাজা বা অবিদ্যাগ্রস্ত চিত্ত!) [এই তুমি] মাৎ (মৃত) হইলে। উপকারিকের উপদেশে[২] কাহ্ন

১। ইন্দ্রিয়পথে প্রবাহিত জ্ঞান দ্বারাই জাগতিক আনন্দ লাভ করা যায়। এই জন্যই বোধ হয়, নয়টি ইন্দ্রিয়কে 'ন নন্দ' বলা হইয়াছে।

২। দাবা খেলায় অপরে চাল বলিয়া দেয়, সাধনাবস্থাতেও অনেকে উপদেশাদি দিয়া সাহায্য করেন। উভয়ত্রই ইঁহারা উপকারিক বলিয়া খ্যাত।

[তখন] নিকটে জিনপুর [দেখিতে পাইলেন]। প্রথমে বড়িয়াসকলকে (প্রকৃতির বহুবিধ দোষাভিব্যক্তিকে) কাটিয়া মারিলাম। গজবর (চিত্তগজেন্দ্র) দ্বারা পাঁচ জনকে (পঞ্চস্কন্ধাত্মক পঞ্চবিষয়গত অহঙ্কারাদিকে) কাটিয়া ঘায়েল করিলাম। মন্ত্রীর (প্রজ্ঞা-পারমিতার অনুগামী বুদ্ধির) দ্বারা ঠাকুরকে (রাজা বা ক্লেশারোপিত চিত্তকে) পরিনির্ব্বৃত করা হইল। [রাজাকে এইরূপে] অবশ (অচল) করিয়া ভববল জিত হইল। কাহ্নু বলিতেছেন—আমি ভাল দান দিয়াছি এবং চৌষট্টি কোঠা (চৌষট্টি ঘর বা নির্ম্মাণচক্র) গুণিয়া নিয়াছি (তাহাতে চিত্ত স্থির করিয়া প্রকৃতিপ্রভাস্বর রূপ গ্রহণ করিয়াছি)।

১৩

রাগ কামোদ

কৃষ্ণাচার্য্যপাদানাম্—তিশরণ ণাবী কিঅ অঠকুমারী।
নিঅ দেহ করুণাশূণমে হেরী॥ ধ্রু॥
তরিত্তা ভবজলধি জিম করি মাঅ সুইনা।
মঝ বেণী তরঙ্গম মুনিআ॥ ধ্রু॥
পঞ্চ তথাগত কিঅ কেড়ুআল।
বাহঅ কাঅ কাহ্নি ল মাআজাল॥ ধ্রু॥
গন্ধ পরস রস জইসোঁ তইসোঁ।
নিংদ বিহুনে সুইনা জইসো॥ ধ্রু॥
চিঅকণ্ণহার সুণতমাঙ্গে।
চলিল কাহ্ন মহাসুহসাঙ্গে॥ ধ্রু॥

ত্রিশরণকে (তিন—কায়, বাক্, চিত্ত, ইহাদের যিনি আশ্রয়, সেই মহাসুখকায়কে) নৌকা করা হইল; (অতএব) নিজ দেহকে করুণা ও শূন্যে দর্শন করিয়া (অর্থাৎ নিজ দেহে শূন্যতা ও করুণার ঐক্যরূপ যুগনদ্ধ রূপ দেখিয়া) অষ্ট কুমারী (অষ্ট প্রকৃতির উপর আধিপত্য-রূপ বুদ্ধৈশ্বর্য্যসুখ অনুভূত হইল)। [তখন] যেমন মায়াময় ও স্বপ্নসদৃশ [বস্তুতে কোনরূপ আস্থা থাকে না, সেই প্রকার] করিয়া (কৃষ্ণাচার্য্য) ভবজলধি উত্তীর্ণ হইয়া, (পরমানন্দরূপ) মধ্যবেণিতে (স্বাধিষ্ঠানচিত্তের) তরঙ্গ (উল্লোল সুখ) মননপূর্ব্বক (ভোগ করিতে লাগিলেন)। পঞ্চপ্রকার তথাগত-[শক্তিকে] বৈঠা করিয়া, ল কাহ্নি! [তুমি] কায়-(রূপ মহাসুখনৌকা) বাহিয়া, মায়াজাল [উত্তীর্ণ হও]। (বাহ্যে) গন্ধ, স্পর্শ, রস (ইত্যাদি বিষয়সকল) যেমন আছে, তেমন (থাকুক), (আমাদের) নিদ্রাবিহীন (এই জাগরাবস্থায়) যেমন স্বপ্ন, (ঐ সকল তেমনই বোধ হয়)। শূন্যতারূপ নৌকামার্গে চিত্তরূপ কর্ণধারকে (সমারোপিত করিয়া) কৃষ্ণাচার্য্য মহাসুখসঙ্গরূপ (চক্রদ্বীপে) চলিলেন।

১৪

ধনসী রাগ

ডোম্বীপাদানাম্—গঙ্গা জউনা মাঝেঁরে বহই নাঈ।
তহিঁ বুড়িলী মাতঙ্গী পোইআ লীলে পার করেই ॥ ধ্রু ॥
বাহতু ডোম্বী বাহ লো ডোম্বী বাটত ভইল উছারা।
সদ্গুরুপাঅপসাএ জাইব পুণু জিণউরা ॥ ধ্রু ॥
পাঞ্চ কেড়ুআল পড়ন্তেঁ মাঙ্গে পিঠত কাচ্ছী বান্ধী।
গঅণদুখোলেঁ সিঞ্চহু পাণী ন পইসই সান্ধি ॥ ধ্রু ॥
চন্দ সূজ্জ দুই চকা সিঠি সংহার পুলিন্দা।
বাম দাহিণ দুই মাগ ন চেবই বাহতু ছন্দা ॥ ধ্রু ॥
কবড়ী ন লেই বোড়ী ন লেই সুচ্ছড়ে পার করই।
জো রথে চড়িলা বাহবা ণ জা[ন]ই কুলেঁ কুল বুড়ই ॥ ধ্রু ॥

গঙ্গা এবং যমুনার (চন্দ্রাভাস ও সূর্য্যাভাসের) মধ্যে (ঐ উভয়ের শুক্রনাড়িকারূপ[১] একখানি) নৌকা চলাচল করিতেছে, তাহাতে নিমজ্জিতা থাকিয়া (সহজযানপ্রমত্তাঙ্গী), সুতরাং মাতঙ্গী ডোম্বী (যোগি)-পুত্রসকলকে অবলীলাক্রমে পার করিয়া দেন। (শুক্র-নাড়িকারূপ নৌকা যখন বিরমানন্দরূপ নৌমার্গ প্রাপ্ত হইয়াছে, তখন) ডোম্বি! [তুমি] বাহিয়া চল। লো ডোম্বি! পথে বেলা অধিক হইল, (তুমি আর পানাহারে আসক্তি না করিয়া, নৌকা) বাহিতে থাক। সদ্গুরুপাদপ্রসাদে [আমি] আবার জিনপুরে যাইব। (গুরুর পাঁচটি উপদেশরূপ) পাঁচখানি বৈঠা নৌমার্গে পড়িতেছে, পীঠে (মণিমূলে) কাছি [খুলিয়া] বান্ধিয়া রাখা হইয়াছে। [তুমি এখন] শূন্যতারূপ সেচনী দ্বারা (বিষয়রূপ) জল ছেঁচিতে থাক, যেন তাহা শরীরে প্রবিষ্ট না হয়। চন্দ্র (প্রজ্ঞাজ্ঞান), সূর্য্য (অদ্বয়জ্ঞান), [এই] দুইটি চক্র [হাতে লইয়া] পুলিন্দ (নপুংসক সত্তাটি এই সংসারের) সৃষ্টি ও সংহার (করিতেছেন)। (হে ডোম্বি! সর্ব্বধর্ম্মের অনুপলম্ভরূপ সমুদ্রে নৌকা বাহিয়া যাইতে যাইতে তুমি আর) বাম ও দক্ষিণ, এই দুই পথে সচেতন হইয়া উঠিও না, তুমি স্বচ্ছন্দে (বোধিচিত্তরূপ নৌকা) বাহিতে থাক। (পারাপারের জন্য তরপতি কপর্দ্দক গ্রহণ করে, কিন্তু ভগবতী নৈরাত্মা ডোম্বী) কড়িও নেন না, পয়সাও নেন না; (তিনি পরিচর্য্যা দ্বারা লভ্য, এ জন্য) তিনি [সাধককে] স্বচ্ছন্দে পার করেন। (নৈরাত্মধর্ম্মের সহিত পরিচয় না থাকায়) যে [সাধনরূপ] রথে (নৌকায়?) চড়িয়াছে, অথচ তাহা বাহিতে জানে না, তাহার কুল (সাধনশক্তি) কুলে (শরীরে) নিমজ্জিত হইয়া থাকে।

১। যে নাড়ী হইতে গঙ্গা যমুনার উৎপত্তি হইয়াছে। এই নাড়ী বিরমানন্দাবধূতির মধ্যে অবস্থিত।

১৫

রাগ রামক্রী

শান্তিপাদানাম্—সঅসম্বেঅণসরুঅবিআরেঁ অলকথ লকখণ ন জাই।
জে জে উজুবাটে গেলা অনাবাটা ভইলা সোই ॥ ধ্রু ॥
কুলেঁ কুল মা হোই রে মূঢ়া উজুবাট সংসারা।
বাল ভিণ একু বাকু ণ ভূলহ রাজ পথ কন্ধারা ॥ ধ্রু ॥
মায়ামোহসমুদা রে অন্ত ন বুঝসি থাহা।
অগে নাব ন ভেলা দীসঅ ভন্তি ন পুচ্ছসি নাহা ॥ ধ্রু ॥
সুনা পান্তর উহ ন দীসই ভান্তি ন বাসসি জান্তে।
এষা অটমহাসিদ্ধি সিঝই উজুবাট জাঅন্তে ॥ ধ্রু ॥
বাম দাহিণ দোবাটা চ্ছাড়ী শান্তি বুলথেউ সংকেলিউ।
ঘাট ন গুমা খড় তড়ি ণ হোই আখি বুজিঅ বাট জাইউ ॥ ধ্রু ॥

(বজ্র ও পদ্মের সংযোগে) স্বসংবেদনের স্বরূপ বিচার দ্বারা, যথার্থতঃ যাহা অদৃশ্য, তাহার দর্শন(রূপ বিকল্প) প্রাপ্ত হওয়া যায় না। যে যে (অতীত যোগীরা এই বিরমানন্দাবধূতিরূপ) সরল পথে গিয়াছেন, তাঁহারা (সকলে) অনাবর্ত্তনশীল হইয়াছেন। কুলে (প্রত্যেক শরীরে) কুল (বিরমানন্দাবধূতি রহিয়াছে), রে মূঢ়! (তাহাকে ছাড়িয়া) সরল পথরূপে (আপাত-প্রতীয়মান) সংসারের (অন্যান্য পথাভিমুখী) হইও না। হে বাল(যোগি! শূন্যতা এবং বিকল্প, এই উভয়) ভিন্ন বা পৃথক্, (এই জাতীয়) একটি বাক্যেও [তুমি] ভুলিও না। রাজা (যেমন) কন্ধারা পথ (কনকধারাপথ ধরিয়া ক্রীড়োদ্যানে প্রবিষ্ট হন, তুমিও সেইরূপ অবধূতিমার্গ ধরিয়া মহাসুখচক্রকমলোদ্যানে প্রবেশ কর)। রে (বালযোগি!) মায়া ও মোহরূপ (এই যে) সমুদ্র, এর অন্ত ও গভীরতা বুঝিতেছ না; সম্মুখে নৌকা বা ভেলা দৃষ্ট হইতেছে না, [তথাপি] ভ্রান্তিবশতঃ নাথকে (সদ্গুরুকে) [পারের উপায়] জিজ্ঞাসা করিতেছ না। [ঐ যে] শূন্যতারূপ প্রান্তর, উহা [এখন তোমাকর্ত্তৃক] দৃষ্ট হইতেছে না, [কিন্তু ঐ পথে] যাইতে [তুমি] ভুল করিও না। [কেন না], এই সরল পথে যাইতে যাইতে এই (শূন্যতাই) তোমায় অষ্ট মহাসিদ্ধি লাভ করাইবে। (আভাসদ্বয়রূপ) বাম ও দক্ষিণ, দুইটি পথ ছাড়িয়া, শান্তিপাদ (সহজানন্দে) ক্রীড়া করিয়া বেড়াইতেছেন। [তিনি বলেন],—এই পথে ঘাট, গুল্ম, খড়, তৃণ, [কিছু প্রতিবন্ধক] নাই; চক্ষু বুজিয়া পথ চলিয়া যাও।

১৬

রাগ ভৈরবী

মহীধরপাদানাম্—তিনিএঁ পাটেঁ লাগেলি রে অণহ কসণ ঘণ গাজই।

তা সুনি মার ভয়ঙ্কর রে বিসঅমণ্ডল সঅল ভাজই ॥ ধ্রু ॥

মাতেল চীঅগএন্দা ধাবই।

নিরন্তর গঅণন্ত তুসেঁ ঘোলই ॥ ধ্রু ॥

পাপ পুণ্ণ বেণি তোড়িঅ সিকল মোড়িঅ খম্ভাঠাণা।

গঅণটাকলি লাগি রে চিত্ত পইঠ নিবাণা ॥ ধ্রু ॥

মহারসপানে মাতেল রে তিহুঅন সএল উএখী।

পঞ্চবিসঅনায়ক রে বিপথ কোবি ন দেখি ॥ ধ্রু ॥

খররবিকিরণসন্তাপেঁ রে গঅণাঙ্গণ গই পইঠা।

ভণন্তি মহিত্তা মই এথু বুড়ন্তে কিম্পি ন দিঠা ॥ ধ্রু ॥

(কায়, বাক্, চিত্ত, এই) তিনটি, পাটে (পীঠে, সততালোক বোধিচিত্তে) সংলগ্ন হইয়া গেল, [তখন] ঘন ঘন ভয়ানক অনাহতধ্বনি (শূন্যতাশব্দ) গর্জ্জন করিতে লাগিল। তাহা শুনিয়া ভয়ঙ্কর মার ও বিষয়মণ্ডলসকল ভগ্ন হইয়া গেল। (জ্ঞানাসবপানে) মত্ত চিত্তগজেন্দ্র [তখন] তুষ [সদৃশ অসার] (চন্দ্রসূর্য্যাদি বিকল্প) ধ্বংস করিয়া, নিরন্তর (মহাসুখসরোবররূপ) গগনান্তে (শূন্যতার দিকে) ধাবিত হইল। পাপ ও পুণ্য, এই দুই (সংসারপাশ) ছিন্ন করিয়া, (অবিদ্যারূপ) স্তম্ভস্থানে [নিবদ্ধ] শৃঙ্খল মর্দ্দন করিয়া, শূন্যতাশিখরে সংলগ্ন হইয়া, চিত্ত [গজেন্দ্র] নির্ব্বাণ-(সরোবরে) প্রবিষ্ট হইল। [তখন সে] ত্রিভুবনসকল উপেক্ষা করিয়া, (ভাব ও অভাবের ঐক্যরূপ) মহা(সুখ)-রসপানে মত্ত হইল। [চিত্তগজেন্দ্র তখন পঞ্চস্কন্ধাত্মক] পঞ্চ বিষয়ের নায়ক হইল (তাহাদের উপর আধিপত্য লাভ করিয়া মহাবজ্রধর হইল), (ক্লেশাদিরূপ) কোনও বিপক্ষ দেখিতে পাইল না। (মহাসুখরাগরূপ) প্রখর রবিকিরণের সন্তাপে সে গগনাঙ্গনে (টীকামতে—গগনগঙ্গারূপ মহাসুখচক্রে) গিয়া প্রবিষ্ট হইল। মহিত্তা (মহীধর) বলিতেছেন,—আমি ইহাতে নিমজ্জিত থাকিয়া [অন্য] কিছুই দেখি নাই।

১৭

রাগ পটমঞ্জরী

বীণাপাদানাম্—সুজ লাউ সসি লাগেলি তান্তী।

অণহা দাণ্ডী একি কিঅত অবধূতী ॥ ধ্রু ॥

বাজই অলো সহি হেরুঅবীণা।
সুনতান্তিধনি বিলসই রুণা ॥ ধ্রু ॥
আলি কালি বেণি সারি সুণিআ।
গঅবর সমরস সান্ধি গুণিআ ॥ ধ্রু ॥
জবে করহা করহকলে চাপিউ।
বতিশ তান্তিধনি সঅল বিআপিউ ॥ ধ্রু ॥
নাচন্তি বাজিল গান্তি দেবী।
বুদ্ধ নাটক বিসমা হোই ॥ ধ্রু ॥

সূর্য্যকে (সূর্য্যনাড়ী বা সূর্য্যাভাসকে) লাউ (করা হইল), শশী (চন্দ্রনাড়ী বা চন্দ্রাভাস) তন্ত্রী [হইয়া তাহাতে] সংলগ্ন হইল, অনাহত-(শূন্যতাধ্বনিরূপ) দণ্ডে (তাহাদিগকে লাগাইয়া, বিষয়-চক্রী) অবধূতির (সহিত) তাহাদিগকে একীকৃত করা হইল। ওলো সখি নৈরাত্মে! হেরুকবীণা বাজিতেছে (উক্তরূপ বীণা দ্বারা, বীণাপাদ 'শ্রীহেরুক' এই চারিটি অক্ষরার্থ ঘোষণা করিতেছেন), [তাহাতে] শূন্যতারূপ তন্ত্রীধ্বনি (প্রভাস্বর অনাহতধ্বনি) রুনু রুনু শব্দে বিলসিত হইতেছে। আলি ও কালির (স্বরবর্ণ ও ব্যঞ্জনবর্ণের) বেণি (যুক্ততায় উৎপন্ন) সা, রি [প্রভৃতি স্বর] শুনিয়া, সমরসসন্ধি (বীণার যে সকল সন্ধি বা ঘাঁট অঙ্গুলি দ্বারা স্পর্শ করিয়া সুরের সমতা রক্ষা করা হয়, তাহা) গণনা করিয়া, গজবর (চিত্তগজেন্দ্র) যখন করভসকলকে (চিন্তাসঞ্জাত চিত্তগজেন্দ্রের শিশু বা ভাবসকলকে) করভকল (করভকে যিনি কলন বা ধ্বংস করেন, সেই প্রভাস্বর রাহু) দ্বারা চাপিয়া ধরিলেন (আক্রমণ করিলেন, তখন) বত্রিশ তন্ত্রীধ্বনি সমস্তকে ব্যাপ্ত করিল (দেহের দ্বাত্রিংশ নাড়ীতে অবস্থিত দেবতাদের শরীর হইতে শূন্যতাধ্বনি উঠিয়া, ভাব ও অভাব, সমস্তকে ব্যাপ্ত করিল)। (বীণাপাদ তখন) বাজিল (বজ্রধরপদ দ্বারা) নাচিতে লাগিলেন, দেবী (নৈরাত্মা যোগিনী) গান করিতে লাগিলেন। (অতএব) বুদ্ধ [হইয়া যিনি] নর্ত্তক [হন, তাহাতে তাঁহার] বিশ্রাম (নির্ব্বাণ) হইয়া থাকে।

১৮

রাগ গউড়া

কৃষ্ণবজ্রপাদানাম্—তিণি ভুঅণ মই বাহিঅ হেলেঁ।
হাউ সুতেলি মহাসুহলীলেঁ ॥ ধ্রু ॥
কইসণি হালো ডোম্বী তোহোরি ভাভরিআলী।
অন্তে কুলিণজণ মাঝেঁ কাবালী ॥ ধ্রু ॥

তঁই লো ডোম্বী সঅল বিটালিউ।
কাজণ কারণ সসহর টালিউ ॥ ধ্রু ॥
কেহো কেহো তোহোরে বিরুআ বোলই।
বিদুজণ লোঅ তোরে কণ্ঠ ন মেলই ॥ ধ্রু ॥
কাহ্নে গাই তু কামচণ্ডালী।
ডোম্বী ত আগলি নাহি চ্ছিণালী ॥ ধ্রু ॥

(বজ্রবনিতার অভিষঙ্গবশতঃ) তিন ভুবন (কায়, বাক্, চিত্ত) আমাকর্ত্তৃক অবহেলাক্রমে বাধিত হইয়াছে। (অতএব) আমি মহাসুখলীলায় (যোগনিদ্রায়) সুপ্ত হইয়াছি। হালো ডোম্বি! (পরিশুদ্ধাবধূতিকে!) এ তোমার কি রকম চালাকি? (অসৎ আরোপের দ্বারা তুমি এ কি করিয়াছ?) কুলীন ব্যক্তিকে বাহিরে এবং কাপালিককে [গৃহ]-মধ্যে [স্থান দিয়াছ?] (কু অর্থাৎ শরীরে লীন যে প্রভাস্বর জ্যোতিঃস্বরূপ, তাহাকে অজ্ঞানরস পান করাইয়া বাহ্যে স্থাপিত করিয়াছ এবং ক অর্থাৎ সংবৃত্তিবোধিচিত্তকে যে পালন করে, সেই কাপালিককে বজ্রচিত্তে স্থান দিয়াছ।) লো ডোম্বি! তুমি (অপরিশুদ্ধাবধূতিকারূপে দেব, অসুর ও মনুষ্যাদি ত্রৈধাতুক) সকলকে (মিথ্যাজ্ঞানে নিমজ্জিত করিয়া) বিনাশ করিয়াছ। (আবার অসম্প্রদায়যোগিনীরূপে জগৎরূপ) কার্য্যের কারণ [কল্পনা করিয়া, অন্যান্য যোগীদের] (সংবৃত্তিবোধিচিত্তরূপ) শশধরকে বিনাশ করিয়াছ। (স্বরূপে অনভিজ্ঞ) কেহ কেহ (তোমাকে না জানার জন্য কর্ম্মবশতা প্রাপ্ত হইয়া সংসারদুঃখানুভববশতঃ) তোমাকে বিরূপ (বিরুদ্ধ কথা) বলে। [কিন্তু] (যাঁহারা তোমাকে অক্ষরসুখরূপে জানেন, সেই) বিদ্বজ্জন লোকেরা তোমাকে (সম্ভোগচক্ররূপ) কণ্ঠ হইতে (কখনও) ত্যাগ করেন না। কৃষ্ণাচার্য্য গান করিতেছেন,— হে ডোম্বি! তুমি কর্ম্মচণ্ডালী (কর্ম্মস্থ সাধন-সকলের উপায়রূপিণী চণ্ডালিনী), তোমা অপেক্ষা অগ্রবর্ত্তিনী ছিনালী (ছিন্ননাসিকা) আর কেহ নাই, (যেহেতু সত্ত্বভেদ প্রাপ্ত হইয়া, ভিন্ন ভিন্ন সত্ত্বরূপে তুমিই অধিষ্ঠিত রহিয়াছ)।

১৯

রাগ ভৈরবী

কৃষ্ণপাদানাম্—ভবনির্ব্বাণে পড়হ মাদলা।
মণপবণবেণি করণ্ডকশালা ॥ ধ্রু ॥
জঅ জঅ দুন্দুহিসাদ উছলিআঁ।
কাহ্ন ডোম্বীবিবাহে চলিআ ॥ ধ্রু ॥
ডোম্বী বিবাহিআ অহারিউ জাম।
জউতুকে কিঅ আণুতু ধাম ॥ ধ্রু ॥

অহণিসি সুরঅপসঙ্গে জাঅ।
জোইণিজালে রঅণি পোহাঅ ॥ ধ্রু ॥
ডোম্বীএর সঙ্গে জো জোই রত্তো।
খণহ ন ছাড়অ সহজ উন্মত্তো ॥ ধ্রু ॥

(সংসারে পুনঃ পুনঃ জন্মমৃত্যুরূপ) ভব (এবং তাহা হইতে মুক্তিরূপ) নির্ব্বাণ, (এই দুইটি বিকল্পজ্ঞানকে[১] পরিশোধিত করিয়া) পটহ ও মাদল-(রূপে কল্পনা করা হইল), মন ও পবনের যুক্ত প্রবাহ-(রূপ বিকল্পজ্ঞানকে শোধন করিয়া) করণ্ডকগৃহ-(রূপে[২] পরিণত করা হইল)। [এইরূপ করিয়া] (কৃষ্ণাচার্য্য যখন) ডোম্বীকে (অপরিশুদ্ধাবধূতিকাকে) বিবাহ করিতে (তাহার বহির্মুখী প্রবাহ ভঙ্গ করিতে) চলিলেন, (তখন আকাশে) জয় জয় (ধ্বনি) ও দুন্দুভিশব্দ উচ্ছলিত হইয়া উঠিল। ডোম্বীকে বিবাহ করিয়া (কৃষ্ণাচার্য্য) জন্মকে (উৎপাদ ও ভঙ্গ আদি দোষকে) আহার করিলেন এবং অনুত্তর ধর্ম্মকে যৌতুক করিয়া (লাভ করিলেন)। (তখন জ্ঞানমুদ্রারূপিণী ডোম্বীর সহিত) সুরতপ্রসঙ্গে (কৃষ্ণাচার্য্যের) দিন ও রাত্রি চলিয়া যাইতে লাগিল এবং যোগিনীজাল (জ্ঞানরশ্মি) দ্বারা (ক্লেশান্ধকাররূপ) রজনী পোহাইল। (জ্ঞানমুদ্রা) ডোম্বীর সঙ্গে যে যোগী রত হইয়াছেন, সহজানন্দে উন্মত্ত (সেই যোগী) ক্ষণকালের জন্যও তাহাকে পরিত্যাগ করেন না।

২০

রাগ পটমঞ্জরী

কুক্কুরীপাদানাম্—হাঁউ নিরাসী খমণভতারি।
মোহোর বিগোআ কহণ ন জাই ॥ ধ্রু ॥
ফেটলিউ গো মাএ অন্তউরি চাহি।
জা এথু চাহাম সো এথু নাহি ॥ ধ্রু ॥
পহিল বিআণ মোর বাসনপূড়া।
নাড়ি বিআরন্তে সেব বাপুড়া ॥ ধ্রু ॥
জাণজোবণ মোর ভইলেসি পূরা।
মূল নখলি বাপ সংঘারা ॥

১। ভববন্ধন ও নির্ব্বাণ, সহজমতে এই দুইটি বিকল্পজ্ঞান। অতত্ত্বদর্শীর নিকট ইহা প্রতিভাত হয়, তত্ত্বদর্শীর নিকট ইহার অস্তিত্ব নাই।—দোহাকোষ, সহজাম্নায় টীকা, ১১৫ পৃ. দ্রষ্টব্য।

২। দোহাকোষ, মেখলা টীকা, ১২৩ পৃ. 'ধর্ম্মকরণ্ডক' শব্দের অর্থ দ্রষ্টব্য।

ভণথি কুক্কুরীপা এ ভব থিরা।
জো এথু বুঝই সো এথু বীরা॥ ধ্রু॥

আমি (ভগবতী নৈরাত্মা) আসঙ্গরহিতা (নিরাসী), শূন্যস্বরূপ মন আমার ভর্ত্তা (খমণভতারি)। আমার পালয়িতা[1] (শূন্যস্বরূপ মনের সহিত সুরতাভিষঙ্গে যে অক্ষর সুখানুভব), তাহা কহা যায় না (বাক্যের দ্বারা বুঝান যায় না)। ওগো মা! (আমার মহাসুখচক্ররূপ) অন্তঃপুরীর (স্বকুটীর) [দিকে] চাহিয়া (বিষয়াদিকে আমি) নিস্তম্ভিত করিলাম। যে (বিষয়রূপ শত্রুকে) এখানে (বাহ্য জগতে) দেখা যায়, সেই (শত্রু) এখানে (মহাসুখচক্ররূপ অন্তঃপুরে) নাই। (কেন না, এখানে সকলেরই মহাসুখময়ত্ব দৃষ্ট হয়)। (সংবৃত্তি)-বাসনাপুট (এই কায়) আমার প্রথম বিয়ান (আমা কর্ত্তৃক প্রথম প্রসূত হইয়াছে)। (সদ্গুরুর বচনপ্রমাণে এই কায়ের দ্বাত্রিংশ) নাড়ী বিচার করিয়া দেখিলে (দেখা যায় যে), সেই সকলই বাপুড়া (বরাকী, অতিশয় নীচ)। আমার জ্ঞান ও যৌবন পূর্ণ হইলে পর, (সংবৃত্তিবোধিচিত্তকে) [বাসনার] মূল [বলিয়া আমি] দেখিলাম (নথলি) এবং (বিষয়মণ্ডলের) জনকস্বরূপ (তাহাকে মণিমূলে) সংহার করিলাম (সংঘারা)। কুক্কুরীপাদ বলেন,—এই ভব স্থির হইয়া আছে (এ আসেও না, যায়ও না)। যে (যোগী) এই তত্ত্বটি বুঝেন, তিনি এই তত্ত্বে [আরূঢ় হইয়া] বীর হইয়াছেন।

২১

রাগ বরাড়ী

ভুসুকুপাদানাম্—নিসি অন্ধারী মুসঅ চারা।
অমিঅভখঅ মুসা করঅ আহারা॥ ধ্রু॥
মার রে জোইআ মুসা পবণা।
জেণ তুটঅ অবণাগবণা॥ ধ্রু॥
ভববিন্দারঅ মুসা খণঅ গাতী।
চঞ্চল মুসা কলিআঁ নাশক থাতী॥ ধ্রু॥
কাল মুসা উহ ণ বাণ।
গঅণে উঠি চরঅ অমণধাণ॥ ধ্রু॥
তাব সে মুসা উঞ্চল পাঞ্চল।
সদ্গুরুবোহে করহ সো নিচ্চল॥ ধ্রু॥
জবেঁ মুসাএর চার তুটঅ।
ভুসুকু ভণঅ তবেঁ বান্ধন ফিটঅ॥ ধ্রু॥

১। বিগোআ—বিগোপা, বিশিষ্টভাবে পালয়িতা।

রাত্রি (কায়জকর্মশক্তিরূপিণী প্রজ্ঞা) অন্ধকারময়ী, [সেই অন্ধকারে] (চিত্তপবনরূপ) মূষিক চরিয়া বেড়াইতেছে (এবং বিচিত্র ক্ষণে কুলিশারবিন্দসংযোগে কায়ানন্দাদি ব্যাপার দ্বারা) অমৃতভক্ষক (বোধিচিত্তের স্বাদ ঐ) মূষিক আহার করিতেছে। (কিন্তু ইহাতে যখন সংসারচক্রে যাতায়াত ও স্বয়াকার ক্রটিত হয় না এবং চিত্তও শোভমান হয় না, তখন) রে যোগি ! মূষিকরূপ ঐ চিত্তপবনকে মারিয়া ফেল, যাহা দ্বারা তোমার আসা যাওয়া টুটিয়া যাইবে। (চঞ্চলপ্রকৃতি ঐ) মূষিক (তোমার শরীররূপ) ভব বিদারিত করিতেছে (এবং তোমাকে তির্য্যক্ নরকাদি দুর্গতিতে পাতিত করার জন্য) গর্ত্ত খনন করিতেছে। (অতএব) চঞ্চল (চিত্ত)-মূষিকের (প্রকৃতিগত এই সব দোষ) গণনা করিয়া, (হে যোগি ! তুমি ইহার) নাশক-(রূপ) স্থিতি (অবলম্বন কর)। (সংবৃত্তিবোধিচিত্তরূপ এই) মূষিক (নিজেকে নিজে নাশ করে বলিয়া) কালস্বরূপ, উহার কোন বর্ণ নাই। [কিন্তু এ-ই আবার] (গুরুসম্প্রদায়গত হইলে) গগনে (শূন্যতায়) উঠিয়া আমনধান-[ক্ষেতে] (অমনোধ্যানভূমিতে)[১] বিচরণ করে। তাবৎকালই সেই মূষিক ওচলাপাচলা (ভক্ষণ করিবে, সুতরাং তুমি) তাহাকে সদ্গুরুর নিকট প্রাপ্ত জ্ঞান-(যন্ত্র) দ্বারা নিশ্চল কর। ভুসুকু বলেন,—মূষিকের বিচরণ যখন টুটিয়া যাইবে, তখনই সংসারবন্ধন কাটিয়া যাইবে।

২২

রাগ গুঞ্জরী

সরহপাদানাম্—অপণে রচি রচি ভবনির্বাণা।
মিছেঁ লোঅ বন্ধাবএ অপণা ॥ ধ্রু ॥
অম্হে ণ জাণহুঁ অচিন্তজোই।
জাম মরণ ভব কইসণ হোই ॥ ধ্রু ॥
জইসো জাম মরণবি তইসো।
জীবন্তে মঅলেঁ ণাহি বিশেসো ॥ ধ্রু ॥
জা এথু জাম মরণে বিসঙ্কা।
সো করউ রস রসানেরে কঙ্খা ॥ ধ্রু ॥
জে সচরাচর তিঅস ভমন্তি।
তে অজরামর কিম্পি ন হোন্তি ॥ ধ্রু ॥

১। বাহ্য অর্থ—মূষিক আমনধানের ক্ষেতে বিচরণ করে। অন্তর্গত অর্থ অমনোধ্যানভূমি, যে ভূমি প্রাপ্ত হইলে মনের দ্বারা ধ্যান করিতে হয় না।

জামে কাম কি কামে জাম।

সরহ ভণতি অচিন্ত সো ধাম ॥ ধ্রু ॥

(অনাদি অবিদ্যার বাসনাদোষে) ভব ও নির্ব্বাণ (এই দুইটি বিকল্পজ্ঞান) আপনিই রচিয়া রচিয়া, লোকে (ভ্রান্তিবশতঃ) মিছাই আপনাকে (ভববন্ধনে) বন্ধনদশাগ্রস্ত করে। (গুরুচরণরেণুপ্রসাদে ভাবের স্বরূপজ্ঞান দ্বারা) অচিন্ত্যযোগী (অচিন্ত্যধামনিবাসী) আমরা [কিন্তু] জন্ম-মরণ-[রূপ] ভব-[বন্ধন] কি রকম হয়, তাহা জানি না। (নৈরাত্মাকে অবগত হওয়ায় আমাদের নিকট) জন্মও যাদৃশ, মরণও তাদৃশ ; জীবন্ত ও মৃত অবস্থার মধ্যে [কোনও] বিশেষ নাই। এই জগতে জন্ম ও মরণে যাহার ভয় আছে, সেই (যোগী) রস [পারদকল্প] ও রসায়নের [বিবিধ কল্প] (প্রয়োগের) আকাঙ্ক্ষা করুক। যে সকল (বালযোগী মন্ত্রশক্তি ও ঔষধশক্তি দ্বারা) সচরাচর দেবলোকে ভ্রমণ করে, (গুরুনির্দ্দিষ্ট পন্থা না জানার জন্য) তাহারা অজর ও অমর, কিছুই হয় না। সরহ বলেন,—(কর্ত্তৃকর্ম্ম-বিহীন যোগীন্দ্রের) জন্ম হইতে কর্ম্ম, কি কর্ম্ম হইতে জন্ম (কি প্রকারে হইবে ?) [কেন না, সেরূপ যোগীর যে] ধাম (নিবাস-স্থান), সে অচিন্ত্য।

২৩

রাগ বড়ারী

ভুসুকুপাদানাম্—জই তুম্হে ভুসুকু অহেরি জাইবেঁ মারিহসি পঞ্চজণা।

নলিণীবন পইসন্তে হোহিসি একুমণা ॥ ধ্রু ॥

জীবন্তে ভেলা বিহণি মএল রঅণি।

হণবিণু মাঁসে ভুসুকু পদ্মবণ পইসহি ণি ॥ ধ্রু ॥

মাআজাল পসরি উরে বধেলি মাআহরিণী।

সদ্‌গুরুবোহেঁ বুঝি রে কাসু কহিনি ॥ ধ্রু ॥

ওহে ভুসুকু! তুমি যদি মৃগয়ায় যাইবে, [তবে পঞ্চস্কন্ধরূপ] পঞ্চ জনাকে [বিষয়রূপ পঞ্চ মৃগকে] মারিও। [এবং মহাসুখরূপ] নলিনীবনে প্রবেশের সময়ে একমনা হইও। [তোমার] জীবদবস্থাতে [জ্ঞানোদয়রূপ] প্রভাত হইল, [অজ্ঞানরূপ] রজনী মরিয়া গেল। হে ভুসুকু! নিহতদের মাংস [উপহার][1] বিনা তুমি পদ্মবনে [মহাসুখকমলবনে] প্রবেশ করিও না। মায়াজাল প্রসারিত করিয়া, হৃদয়ের মায়া-হরিণীকে [তুমি] বধ করিয়াছ। [সুতরাং] কাহার কি বৃত্তান্ত, সদ্‌গুরুদত্ত জ্ঞানে তাহা এখন বুঝিতেছি।

১। নিহত মৃগের মাংস উপহার নেওয়ার তাৎপর্য্য—বিষয়ের মূলীভূত শক্তিপ্রবাহকে পরমতত্ত্বে বিলীন করা।

২৬

রাগ শবরী

শান্তিপাদানাম্—তুলা ধুণি ধুণি আঁসু রে আঁসু।
আঁসু ধুণি ধুণি নিরবর সেসু ॥ ধ্রু ॥
তউসে হেরুঅ ণ পাবিঅই।
সান্তি ভণই কিণ স ভাবিঅই ॥ ধ্রু ॥
তুলা ধুণি ধুণি সুণে অহারিউ।
পুন লইআঁ অপণা চটারিউ ॥ ধ্রু ॥
বহল বট দুই মার ন দিশঅ।
শান্তি ভণই বালাগ ন পইসঅ ॥ ধ্রু ॥
কাজ ন কারণ জ এহু জুগতি।
সঅসংবেঅণ বোলথি সান্তি ॥ ধ্রু ॥

(কায়, বাক্, চিত্ত এবং তদুদ্ভূত ত্রৈলোক্যরূপ) তুলাকে ধুনিয়া ধুনিয়া আঁশ আঁশ [করা হইল এবং সেই] আঁশসকল ধুনিয়া ধুনিয়া পরিশেষে [তাহাদিগকে] নিরবয়ব [করা হইল]। (তাহারা) তাদৃশ (নিরবয়ব) হওয়ায় এবং তাহাদের পুনরভ্যুদয়ের (হেতুর না থাকায় তাহাদিগকে আর) দেখিতে পাওয়া যাইতেছে না। শান্তি বলিতেছেন—(যখন দেখাই যাইতেছে না, তখন) তাহাকে কেন ভাবিব? তুলা ধুনিয়া ধুনিয়া (প্রভাস্বর) শূন্য [তাহা] আহার করিয়াছে। আবার (প্রভাস্বর শূন্যকে) লইয়া আপনাকে (ভাবক ও ভাব্যরূপ আত্মগ্রহকে) বাধিত করা হইয়াছে। বিস্তৃত [এই] বর্ত্ম, দ্বয়াকারকে এখানে মারিয়া ফেলা হইয়াছে, [তাহাকে আর] দেখা যাইতেছে না। শান্তি বলিতেছেন,—বালক ও অজ্ঞ[১] (লোকে এই ধর্ম্মে) প্রবেশ করিতে পারে না। (কেন প্রবেশ করিতে পারে না?) কার্য্য ও কারণবিহীন যে স্বসংবেদন, [তাহারই কথা] শান্তি বলিতেছেন, এই হইল যুক্তি।

২৭

রাগ কামোদ

ভুসুকুপাদানাম্—অধরাতি ভর কমল বিকসিউ।
বতিস জোইণী তসু অঙ্গ উহ্লসিউ ॥ ধ্রু ॥
চালিঅ ষষহর মাগে অবধূই।
রঅণহু সহজে কহেই ॥ ধ্রু ॥

১। বাল ও অজ্ঞ—অগ্‌গ = বালাগ।

চালিঅ ষষহর গউ ণিবাণে।
কমলিনি কমল বহই পণালেঁ ॥ ধ্রু ॥
বিরমানন্দ বিলক্ষণ সুধ।
জো এথু বুঝই সো এথু বুধ ॥ ধ্রু ॥
ভুসুকু ভণই মই বুঝিঅ মেলেঁ।
সহজানন্দ মহাসুহ লীলেঁ ॥ ধ্রু ॥

পূর্ণ অর্দ্ধরাত্রিতে (চতুর্থীসন্ধ্যায়) (বজ্ররূপ সূর্য্যরশ্মি দ্বারা আমার) কমল (উষ্ণীষকমল, মস্তকস্থ সহস্রদল পদ্ম) বিকশিত হইল। (তখন) বত্রিশ যোগিনী (ললনা, রসনা আদি বোধিচিত্তবহা সূক্ষ্ম দ্বাত্রিংশ নাড়ী, আনন্দসন্দোহবশতঃ) তাহাদের অঙ্গ (শরীর) উনাইয়া তুলিল [উষ্ণতায় ঘর্ম্মোদ্‌গমের ন্যায় তাহারা শরীর হইতে আনন্দস্রাব করিতে লাগিল]। (সেই সময়) শশধর (বোধিচিত্তরূপ চন্দ্র) অবধূতিমার্গে (বজ্রশিখরে) চালিত হইয়া, রঅণহু (সদ্‌গুরুর বচনরূপ তত্ত্বরত্নের প্রভাবে আমাকে) সহজানন্দের কথা কহিতে লাগিল। (অবধূতিমার্গে) চালিত শশধর (বজ্রশিখরাগ্রে) নির্ব্বাণ প্রাপ্ত হইল। [তখন] কমলিনী (প্রকৃতিপরিশুদ্ধাবধূতিকা নৈরাত্মা) কমল-(রসরূপ বোধিচিত্তমহাসুখরসে কায়বজ্রকে প্রীণিত করিয়া) প্রণালে (প্রকৃষ্ট নাল, অবধূতিমার্গে) প্রবহমাণ হইতে লাগিলেন। (এই) বিরমানন্দ বিলক্ষণ (চতুর্থানন্দ দ্বারা) পরিশুদ্ধ। (গুরুর প্রসাদে) যে (যোগীন্দ্র) ইহা বুঝেন, তিনি ইহাতে বোধশীল হয়েন। ভুসুকু বলেন,—মেলেঁ (প্রজ্ঞা ও উপায়ের মিলন দ্বারা) সহজানন্দরূপ মহাসুখ (সদ্‌গুরুপ্রসাদে) আমি অবলীলাক্রমে বুঝিয়াছি।

২৮

রাগ বলাড্ডি

শবরপাদানাম্—উঁচা উঁচা পাবত তহিঁ বসই সবরী বালী।
মোরঙ্গিপীচ্ছ পরহিণ সবরী গিবত গুঞ্জরী মালী ॥ ধ্রু ॥
উমত সবরো পাগল সবরো মা কর গুলী[১] গুহাডা[২] তোহৌরি।
ণিঅ ঘরিণী নামে সহজ সুন্দারী ॥ ধ্রু ॥

১। 'গুহা' শব্দের 'গু' এবং 'লীন' শব্দের 'লী'—এই দুইয়ের সংযোগে 'গুহালীন' অর্থে 'গুলী' শব্দ নিষ্পন্ন।

২। গুহায়াং অটতি ইতি গুহাট, 'ট' স্থানে 'ড' হইয়া 'গুহাড,' স্ত্রীলিঙ্গে 'আ'—গুহাডা, গুহাবিচরণ-কারিণী।

নানা তরুবর মৌলিল রে গঅণত লাগেলী ডালী।
একেলী সবরী এ বণ হিণ্ডই কর্ণকুণ্ডলবজ্রধারী ॥ ধ্রু ॥
তিঅ ধাউ খাট পাড়িলা সবরো মহাসুহে সেজি ছাইলী।
সবরো ভুঅঙ্গ নৈরামণি দারী পেহ্ম রাতি পোহাইলী ॥ ধ্রু ॥
হিঅ তাঁবোলা মহাসুহে কাপুর খাই।
সুন নৈরামণি কণ্ঠে লইআ মহাসুহে রাতি পোহাই ॥ ধ্রু ॥
গুরুবাক পুঞ্চআ বিন্ধ নিঅমণ বাণেঁ।
একে শরসন্ধানেঁ বিন্ধহ বিন্ধহ পরমণিবাণেঁ ॥ ধ্রু ॥
উমত সবরো গরুআ রোষে।
গিরিবরসিহরসন্ধি পইসন্তে সবরো লোড়িব কইসে ॥ ধ্রু ॥

উচ্চ [হইতে] উচ্চ পর্ব্বত (সুমেরুশিখরাগ্র), সেইখানে (মহাসুখচক্রে) বালিকা শবরী (বজ্রধর শবরের গৃহিণী, জ্ঞানমুদ্রা নৈরাত্মা) বাস করেন। শবরীর পরিধান (নানাবিধ ভাববিকল্পরূপ) ময়ূরপুচ্ছ, গ্রীবাতে (সম্ভোগচক্রে, গুরুমন্ত্ররূপ) গুঞ্জামালা। (তিনি শবরকে বলিতেছেন—ওহে) উন্মত্ত (বিষয়বিহ্বলচিত্ত) শবর! (সুতরাং ওহে) পাগল শবর! [আমাকে তুমি, মেরু]-গুহায় লীন করিও না [আমাকে মেরুগুহায় লীন করিয়া রাখিয়া, তুমি বিকল্পের দিকে যাইও না]। সহজসুন্দরী নামে আমি তোমার নিজ গৃহিণী, তোমারই [মেরুপর্ব্বত]-গুহায় বিচরণ করিতেছি। [ঐ দেখ, বিকল্পের দিকে] (অবিদ্যারূপ) প্রধান তরু নানাপ্রকারে মুকুলিত হইল, (পঞ্চস্কন্ধরূপ তাহার) ডালসকল (প্রভাস্বর) গগনেতে লাগিল (অর্থাৎ গগন আবৃত করিল)। [কিন্তু এ দিকে] (নৈরাত্মা) শবরী কর্ণে (নানা স্থানে, পঞ্চমুদ্রারূপ নিরংশুকালঙ্কার) কুণ্ডল [কুণ্ডলীকৃত, নানা শক্তির একীকৃত আকৃতি এবং] বজ্র (সহজস্বরূপপ্রাপ্তির উপায়রূপ জ্ঞান) ধারণ করিয়া এই (শরীররূপ) বনে একাকিনী ক্রীড়া করিতেছেন। [এই কথা শুনিয়া] শবর তিন ধাতুকে (কায়-বাক্-চিত্তকে, প্রভাস্বর-সুখরূপ) খাট করিয়া পাতিলেন এবং সেই মহাসুখরূপ খাটে শয্যা বিছাইলেন। ভুজঙ্গ[ধারী][1] শবর [সেই শয্যায়] দারী (ক্লেশ-বিদারণকারিণী নিজগৃহিণী) নৈরাত্মার সহিত (অনুপম) প্রেমলীলারসে রাত্রি পোহাইলেন (অন্ধকাররূপ বিকল্প নাশ করিলেন)। [সেই প্রেমলীলায় তাঁহারা] হৃদয়কে তাম্বুল করিয়া (ভোগসম্বন্ধ হইতে মুক্ত করিয়া), মহাসুখকে (যুগনদ্ধ রূপকে, ফলহেতুসম্বন্ধ হইতে মুক্ত করিয়া) কর্পূররূপে ভক্ষণ করিলেন। এবং শূন্য নিরামণিকে কণ্ঠে (সম্ভোগচক্রে) লইয়া মহাসুখে (মহাসুখরূপ জ্ঞানরশ্মির দ্বারা) রাত্রি পোহাইলেন (স্বকায়ক্লেশরূপ তমঃ

১। ভুজঙ্গ অর্থ শক্তি। সাধনাপ্রভাবে শক্তির উপর যিনি আধিপত্য লাভ করেন, তিনি ভুজঙ্গধারিরূপে বর্ণিত হন।

নাশ করিলেন)। গুরুবাক্যকে (গুরূপদিষ্ট জ্ঞানকে) ধনু (পুঙ্খা) করিয়া, নিজ মনকে (বোধিচিত্তকে) বাণ করিয়া, এক শরসন্ধানে পরম নির্ব্বাণকে বিদ্ধ কর, বিদ্ধ কর। (জ্ঞানানন্দপানরূপ) গুরুতর রোষে উন্মত্ত হইয়া শবর গিরিবরশিখরের সন্ধিদেশে প্রবেশ করিলেন। [সেখান হইতে] শবর কিরূপে লড়িবেন? [তাৎপর্য্য—আর তিনি লড়িবেন না]।

২৯

রাগ পটমঞ্জরী

লুইপাদানাম্—ভাব ন হোই অভাব ণ জাই।
আইস সংবোহেঁ কো পতিআই ॥ ধ্রু ॥
লুই ভণই বট দুলক্‌খ বিণাণা।
তিঅ ধাএ বিলসই উহ লাগে ণা ॥ ধ্রু ॥
জাহের বাণচিহ্নরূব ণ জাণী।
সো কইসে আগম বেএঁ বখাণী ॥ ধ্রু ॥
কাহেরে কিস ভণি মই দিবি পিরিচ্ছা।
উদকচান্দ জিম সাচ ন মিচ্ছা ॥ ধ্রু ॥
লুই ভণই মই ভাইব কিস।
জা লই অচ্ছম তাহের উহ ণ দিস ॥ ধ্রু ॥

[বস্তুসকলের যে] ভাব (সত্তা), [তাহা] (তত্ত্ব) হয় না; (কেন না, একটি পিণ্ড গ্রহণপূর্ব্বক তাহার অণুসকল ভেদ করিলে, ভাবের কোনও উপলব্ধি থাকে না)। অভাবকেও (তত্ত্বরূপে পাওয়া) যায় না; (কেন না, সে ত একেবারে অসৎ)। [ভাব ও অভাব, এই দুই বিকল্পের] এইরূপ সংবোধ—সম্যক্ বোধ হইলে, তদ্দ্বারা (বিকল্পময় জগতে) কে [যাথার্থ্য] প্রত্যয় করিতে পারে? লুই বলিতেছেন—(তত্ত্ব)-বিজ্ঞান (বালযোগীর) দুর্লক্ষ্যই বটে। (যেহেতু) [সহজতত্ত্ব] (কায়-বাক্-চিত্তরূপ) তিন ধাতুতে ক্রীড়া করে, অথচ ঐ ত্রিধাতুতে সংলগ্ন হয় না। যাহার বর্ণ, চিহ্ন ও রূপ (কিছুই) জানা যায় না, আগম ও বেদ-(শাস্ত্র দ্বারা) সেই [তত্ত্ববস্তু] কিরূপে ব্যাখ্যা করা যায়? (অতত্ত্বজ্ঞ ব্যক্তি) প্রশ্ন করিলে, আমি [কি উত্তর] দিব এবং কাহাকে কি প্রকারে [তত্ত্বের কথা] বলিব? যেমন জলে প্রতিবিম্বিত চন্দ্র সত্যও নহে, মিথ্যাও নহে। লুই বলিতেছেন—(ভাব্য, ভাবক ও ভাবনা, এই তিনের অভাব হওয়ায়) আমি আর কাহার [ভাবনা] ভাবি? যাহাকে (যে চতুর্থ রূপটিকে) লইয়া আছি, তাহারও উদ্দেশ দেখিতেছি না।

৩০

রাগ মল্লারী

ভুসুকুপাদানাম্‌— করুণা মেহ নিরন্তর ফরিআ।
ভাবাভাব দ্বন্দল দলিআ॥ ধ্রু॥
উইত্তা গঅণ মাঝেঁ অদভুআ।
পেখ রে ভুসুকু সহজসরুআ॥ ধ্রু॥
জাসু সুনন্তে তুটুই ইন্দিআল।
নিহুরে ণিঅ মন দে উলাস॥ ধ্রু॥
বিসঅ বিশুদ্ধেঁ মই বুজ্‌ঝিঅ আনন্দে।
গঅণহ জিম উজোলি চান্দে॥ ধ্রু॥
এ তৈলোএ এ ত বিসারা।
জোই ভুসুকু ফেটই অন্ধকারা॥ ধ্রু॥

ভাব ও অভাবরূপ (বিকল্প)দ্বয়কে দলিত করিয়া, (গুরুর প্রসাদে পরিশুদ্ধসম্ভোগকায়রূপ) করুণা [বর্ষণকারী] মেঘরূপে নিরন্তর স্ফুরিত হইতেছে। রে ভুসুকু! দেখ—(প্রভাস্বর) গগনের মধ্যে অদ্ভুত সহজস্বরূপ উদিত হইয়াছে; যাহার [কথা] শুনিতে শুনিতে ইন্দ্রিয়জাল ত্রুটিত হইয়া যায় এবং নিজের মন (বোধিচিত্ত) নিভৃত দেশে গিয়া (নির্ব্বিকল্পাকারে সহজ)-উল্লাস দান করে। বিষয়সকলের বিশুদ্ধি দ্বারা আমি (বিরমানন্দ পরম) আনন্দকে বুঝিয়া, চন্দ্র যেমন গগনকে উজ্জ্বল করে, (সেইপ্রকার সহজানন্দরূপ চন্দ্রের দ্বারা মোহান্ধকার নাশ করিয়াছি)। এই ত্রৈলোক্যে এই (চতুর্থানন্দই) ত বিসারিত [রহিয়াছে], যোগী ভুসুকু (যাহার উদয়ে ক্লেশরূপ) অন্ধকার বিনাশ করিয়াছেন।

৩১

রাগ পটমঞ্জরী

আর্য্যদেবপাদানাম্‌—জহি মণ ইন্দিঅ পবণ হোই ণঠা।
ণ জানমি অপা কহিঁ গই পইঠা॥ ধ্রু॥
অকট করুণাডমরুলি বাজঅ।
আজদেব নিরাসে রাজই॥ ধ্রু॥
চান্দরে চান্দকান্তি জিম পতিভাসঅ।
চিঅ বিকরণে তহিঁ টলি পইসই॥ ধ্রু॥

ছাড়িঅ ভয় ঘিণ লোআচার।
চাহন্তে চাহন্তে সুণ বিআর ॥ ধ্রু ॥
আজদেবেঁ সঅল বিহরিউ।
ভয় ঘিণ দুর নিবারিউ ॥ ধ্রু ॥

যাহাতে (যে প্রভাস্বর) [শূন্যতায়] (সংহারমণ্ডলাদি ক্রম দ্বারা) মন, ইন্দ্রিয় এবং পবন নষ্ট হইয়া যায়, (সেখানে) আত্মা (চিত্তরাজ) কোথায় গিয়া প্রবিষ্ট হইল, [তাহা] জানিতেছি না। করুণারূপ ডমরু আশ্চর্য্যভাবে বাজিতেছে (গুরুসংপ্রদায়গত সংবৃতি-বোধিচিত্ত অনাহতধ্বনি করিতেছে)। [সেই বাদ্য শুনিতে শুনিতে] আর্য্যদেব (সর্ব্বধর্ম্মে) আসঙ্গরহিত হইয়া (নিরালম্বযোগে) বিরাজমান রহিয়াছেন। চন্দ্র (অস্তগত হইলে) চন্দ্রের কান্তি যেমন প্রতিভাসিত হয়, (অর্থাৎ চন্দ্রের সহিত যেমন চন্দ্রকান্তি চলিয়া যায়), চিত্ত বিকরণতা প্রাপ্ত হইলে (প্রভাস্বরে প্রবিষ্ট হইলে, তাহার বিকল্পজালও তখন) সেইখানে ঘুরিয়া প্রবেশ করে (অর্থাৎ লীন হইয়া যায়)। (অতএব আমি) ভয়, লজ্জা ও লোকাচার ছাড়িয়া (গুরুনির্দ্দিষ্ট পন্থা) দেখিতে দেখিতে, বিচার-(পূর্ব্বক জানিলাম যে, ভাবসকল) শূন্য (নৈরাত্মরূপ বটে)। [সবই যখন নৈরাত্মরূপ, তখন] আর্য্যদেব ভয় ও লজ্জা দূরে নিবারণ করিয়াছেন এবং সকল [বস্তুতেই] বিহার করিতেছেন। (যেহেতু নৈরাত্মধর্ম্মে সিদ্ধি লাভ করায় তাঁহার নিকট আর সংসার-দূষণ বলিয়া কিছু প্রতিভাত হয় না)।

৩২

রাগ দেশাখ

সরহপাদানাম্—নাদ ন বিন্দু ন রবি ন শশিমণ্ডল।
চিঅরাঅ সহাবে মুকল ॥ ধ্রু ॥
উজু রে উজু ছাড়ি মা লেহু রে বঙ্ক।
নিঅহি বোহি মা জাহু রে লাঙ্ক ॥ ধ্রু ॥
হাথেরে কাঙ্কণ মা লেউ দাপণ।
অপণে অপা বুঝ তু নিঅমণ ॥ ধ্রু ॥
পার উআরেঁ সোই গজিই।
দুজ্জণ সাঙ্গে অবসরি জাই ॥ ধ্রু ॥
বাম দাহিণ জো খাল বিখলা।
সরহ ভণই বাপা উজুবাট ভাইলা ॥ ধ্রু ॥

নাদ ও বিন্দু-(রূপ জ্ঞানবিকল্প) নাই, রবি ও শশিমণ্ডল-(রূপ বিকল্পজ্ঞান) নাই। [সুতরাং] চিত্তরাজ স্বভাবতই মুক্তরূপে [অবস্থান করিতেছে]। (এই অবধূতিমার্গ বড়) সরল রে! [এই] সরল (পন্থা) ছাড়িয়া, রে (বালযোগি!) বক্র (পথ) লইও না। (এই পথে চলিতে চলিতে তুমি) নিজেতেই বোধি [পরম জ্ঞান, লাভ করিতে পারিবে]। ওরে! [সে জন্য তুমি সমুদ্রপারে] লঙ্কায় যাইও না। রে (বালযোগি!) [যে] কঙ্কণ হাতে [রহিয়াছে, তাহা দেখিবার জন্য তুমি] দর্পণ লইও না। (বজ্রগুরুর প্রসাদে) নিজের মন দ্বারা তুমি আপনি আপনাকে বুঝ। [আপনাকে আপনি বুঝিয়া, সেই] (বোধিচিত্তের অনুগত হইয়া চলিলে), সে-ই উপকার দ্বারা (উদ্ধারে) [তোমাকে সংসারসমুদ্রের] পারে গতিশীল করিবে। [কিন্তু] দুর্জ্জনের (মোহাদির) সঙ্গ করিলে, [ঐ বোধিচিত্ত] অপহৃত হইয়া যাইবে, (তখন তুমি সংসারসমুদ্রে ডুবিয়া যাইবে)। সরহ বলেন—বাম এবং দক্ষিণে যে [দুইটি পথ বিস্তৃত রহিয়াছে, তাহা] খাল ও ডোবা-[রূপ নানা প্রতিবন্ধকে দুর্গম], (মহাসুখপুরে গমনের জন্য) ওরে বাবা! (অবধূতীমার্গই) সরল ও ভাল পথ।

৩৩

রাগ পটমঞ্জরী

টেণ্টণপাদানাম্—টালত মোর ঘর নাহি পড়বেষী।
হাড়ীত ভাত নাহি নিতি আবেশী॥ ধ্রু॥
বেঙ্গ সংসার বড্হিল জাঅ।
দুহিল দুধু কি বেণ্টে যামাঅ॥
বলদ বিআএল গবিআ বাঁঝে।
পিটা দুহিএ এ তিনা সাঁঝে॥
জো সো বুধী সোধ নিবুধী।
জো যো চৌর সোই সাধী॥
নিতে নিতে ষিআলা ষিহে ষম জুঝঅ।
ঢেণ্টণপাএর গীত বিচরিলে বুঝঅ॥

(টা—কায়-বাক্-চিত্তের ১৬০ প্রকার প্রকৃতিদোষ, সেই সব দোষ যাহাতে লয় প্রাপ্ত হয়, সেই) টালেতে (মহাসুখচক্রে) আমার গৃহ। [সেখানে আমার কোন] প্রতিবেশী নাই; (কেন না, পার্শ্বস্থ চন্দ্র ও সূর্য্যকে বজ্রজপক্রমে তাহারই মধ্যে লীন করা হইয়াছে)। (স্বকায়রূপ) হাঁড়িতে ভাত (সংবৃত্তিবোধিচিত্ত) নাই, (অতএব যোগীন্দ্র নৈরাত্মরূপে)

নিত্য (তাহাতে) আবেশিত হইতেছে। [এইরূপে আমার] অঙ্গহীন (সুতরাং প্রভাস্বর) সংসার বাড়িয়া যাইতেছে। কি (অদ্ভুত ব্যাপার !) দোহান দুগ্ধ [আবার] বাঁটে প্রবেশ করিতেছে ! (কূর্ম্মমুদ্রাপ্রসঙ্গে বজ্রাগার হইতে আগত বোধিচিত্ত, যোগীন্দ্রের মূলীভূত মহাসুখচক্রে যাইতেছে)। (বোধিচিত্তরূপ) বলদ গরু বিয়াইল [সে তাহার জ্ঞানরূপ সন্তান প্রসব করিতে লাগিল], গাই গরু (যোগীন্দ্রের নৈরাত্মরূপিণী গৃহিণী) বন্ধ্যা হইল [সংবৃত্তিবোধিচিত্তরূপ সন্তান প্রসবে নিরস্ত হইল]। [আমি এখন] ত্রিসন্ধ্যা (বোধিচিত্তরূপ বলদের) পিটা (পীঠ—আধাররূপ মহাসুখচক্র) দোহন করিতেছি। (বালযোগীদের) সেই যে বুদ্ধি (সবিকল্পজ্ঞান), শুদ্ধ-[চিত্ত যোগীর নিকট তাহা] নির্ব্বুদ্ধি [নিকৃষ্ট জ্ঞানরূপে প্রতিভাত হয়]। (বালযোগীদের চিত্তরূপ) সেই যে চোর (বিষয়রূপ পরদ্রব্য-গ্রহণকারী), (পরমার্থরূপ বোধিচিত্ত তাহার বিপক্ষ ; অতএব দুঃখেতেই) তাহাকে (পরমার্থসত্যকে, বালযোগীর) সাধন করিতে হয়। শৃগাল (সংসরণশীল চিত্ত, প্রভাস্বর-বিশুদ্ধ হইয়া) নিত্য নিত্য (যুগনদ্ধরূপ) সিংহের সহিত যুদ্ধ করিতেছে। ঢেণ্ঢনপাদের [এই] গীত [গীতবর্ণিত তত্ত্বে] বিচংণশীল হইলে বুঝা যায়।

৩৪

রাগ বরাড়ী

দারিকপাদানাম্—সুনকরুণরি অভিনচারেঁ কাঅবাক্‌চিএ।
বিলসই দারিক গঅণত পারিমকুলেঁ ॥ ধ্রু ॥
অলক্‌খলক্‌খণচিত্তা মহাসুহেঁ।
বিলসই দারিক গঅণত পারিমকুলেঁ ॥ ধ্রু ॥
কিন্তো মন্তে কিন্তো তন্তে কিন্তো রে ঝাণবখানে।
অপইঠানমহাসুহলীলেঁ দুলখ পরমনিবাণে ॥ ধ্রু ॥
দুঃখেঁ সুখেঁ একু করিআ ভুঞ্জই ইন্দীজানী।
স্বপরাপর ন চেবই দারিক সঅলানুত্তরমাণী ॥ ধ্রু ॥
রাআ রাআ রাআ রে অবর রাঅ মোহেরে বাধা।
লুইপাঅপসাএঁ দারিক দ্বাদশ ভুঅণেঁ লধা ॥ ধ্রু ॥

শূন্য (পরমার্থসত্য), করুণা (সংবৃত্তিসত্য), এই উভয়ের অভিন্ন আচার (অভেদরূপে ব্যবহার) দ্বারা, দারিক (পরিশুদ্ধ)-কায়-বাক্-চিত্তে, গগনান্তে (শূন্যত্রয়ের পরপারে) পারিমকুলে (পরমকুলস্বরূপ প্রভাস্বর-শূন্যে) বিহার করিতেছেন। [তখন তাঁহার চিত্তের

অবস্থা কিরূপ, তাহা বলিতেছেন]। দারিক অলক্ষ্যলক্ষণচিত্ত[1] [হইয়া] মহাসুখে, গগনান্তে পারিমকূলে বিহার করিতেছেন। রে (বালযোগি!) তোমার মন্ত্রজপেই বা কি, তন্ত্রপাঠেই বা কি, ধ্যান এবং [শাস্ত্র]-ব্যাখ্যানেই বা কি [হইবে?] মহাসুখলীলায় অপ্রবিষ্ট [তোমার নিকট] পরম নির্ব্বাণ দুর্লক্ষ্য [রহিয়াছে]। [জাগতিক] দুঃখ ও সুখকে (পরমার্থসত্যের সহিত) একীকৃত করিয়া, দারিক ইন্দ্রিয় ও তদুৎপন্ন (বিষয়) ভোগ করে। (এই উপায়ে) সমস্তই অনুত্তর-[স্বরূপ, এই তত্ত্ব] মনন করিয়া, (এই সংসারে আর সে) স্ব, পর, অপর, [এইরূপ ভেদদৃষ্টিতে] জাগ্রত হয় না। ওরে! [আমি] রাজা—রাজা—রাজা। অপর (যে সকল নাগেন্দ্রাদি দেবগণ) রাজা, [তাহারা] (বিষয়মোহে) বদ্ধ। লুইপাদপ্রসাদে দারিক দ্বাদশ ভুবনে (বুদ্ধের সদৃশ আধিপত্য) লাভ করিয়াছে।

৩৫

রাগ মল্লারী

ভাদেপাদানাম্—এত কাল হাঁউ অচ্ছিলেঁ। স্বমোহেঁ।
এবেঁ মই বুঝিল সদ্গুরুবোহেঁ॥ ধ্রু॥
এবেঁ চিঅরাঅ মকুঁ ণঠা।
গঅণসমুদে টলিআ পইঠা॥ ধ্রু॥
পেখমি দহ দিহ সর্ব্বই শূন।
চিঅ বিহুন্নে পাপ ন পুন্ন॥ ধ্রু॥
বাজুলে দিল মো লকৃখ ভণিআ।
মই অহারিল গঅণত পসিআ॥ ধ্রু॥
ভাদে ভণই অভাগে লইআ।
চিঅরাঅ মই অহার কএলা॥ ধ্রু॥

(অনাদি সংসারে) এত কাল (বহু কল্পান্তকাল) আমি (বাহ্য বিষয়সঙ্গরূপ) স্বগত মোহ দ্বারা [বশীভূত ছিলাম]। এখন আমি সদ্গুরুপ্রদত্ত জ্ঞান দ্বারা (চিত্তের স্বরূপ) বুঝিলাম। (বজ্র ও পদ্মের সংযোগরূপ অক্ষর সুখে) এখন আমার চিত্তরাজ নষ্ট হইয়া গিয়াছে [মোহভাব ত্যাগ করিয়াছে এবং] গগনসমুদ্রে (প্রকৃতিপ্রভাস্বরে) ঘুরিয়া প্রবিষ্ট হইয়াছে। (সর্ব্বধর্ম্মের অনুপলম্ভরূপ যোগ দ্বারা এখন আমি) দশ দিক্ সবই শূন্য

১। চিত্ত হইতে সর্ব্বদা কিছু না কিছু উৎপন্ন হইতেছে; এই জন্য উৎপাদ বা উৎপন্ন হওয়াকে চিত্তের লক্ষণ বলা হয়। যে চিত্তের সেই লক্ষণ অলক্ষ্য হইয়া যায়, তাহাকে অলক্ষ্যলক্ষণচিত্ত বলে।

(প্রভাস্বরময়) দেখিতেছি এবং চিত্ত বিহনে (।চত্তের অনুদয়ে) পাপ পুণ্য [কিছুই আমার নিকট প্রতিভাত হইতেছে] না। বাজুল (বজ্রকুল বা বজ্রগুরু) আমাকে লক্ষ্য (চতুর্থানন্দ এবং তৎপ্রাপ্তির উপায়) বলিয়া দিলেন ; (নিরন্তর আদরের সহিত তাহার অভ্যাস দ্বারা) আমি গগনে (প্রভাস্বর শূন্যে) প্রবেশ করিয়া [চিত্তকে] আহার [নির্ব্বিকল্প] করিলাম। ভাদে বলেন,—[চিত্তের] অভাগকে (অনুৎপাদরূপ ভাগকে) লইয়া, (অনাদি ভববিকল্পের আধার) চিত্তরাজকে আমি আহার করিলাম (সর্ব্বধর্ম্মের অনুপলম্ভরূপ সমুদ্রে প্রবেশ করাইলাম)।

৩৬

রাগ পটমঞ্জরী

কৃষ্ণাচার্য্যপাদানাম্—সুণ বাহ তথতা পহারী।
মোহভণ্ডার লই সঅলা অহারী ॥ ধ্রু ॥
ঘুমই ণ চেবই সপরবিভাগা।
সহজনিদালু কাহ্নিলা লাঙ্গা ॥ ধ্রু ॥
চেঅণ ন বেঅন ভর নিদ গেলা।
সঅল সুফল করি সুহে সুতেলা ॥ ধ্রু ॥
স্বপণে মই দেখিল তিহুবণ সুণ।
ঘোরিঅ অবণাগমণ বিহুন ॥ ধ্রু ॥
শাখি করিব জালন্ধরিপাএ।
পাখি ণ রাহঅ মোরি পাণ্ডিআচাএ ॥ ধ্রু ॥

তথতারূপ[১] (খড়্গ) প্রহার করিয়া বাহ অর্থাৎ প্রবহমাণ, (সুতরাং অনন্ত বাসনার আগার) [চিত্তকে] শূন্য [প্রভাস্বর করা হইয়াছে], [তদ্দ্বারা] (বিষয়াসঙ্গলক্ষণ) মোহের ভাণ্ডারকে গ্রহণ করিয়া সকল [মোহজাল] আহার [ধ্বংস] করা হইয়াছে। (এইরূপ করিয়া কৃষ্ণাচার্য্য) ঘুমাইতেছেন (যোগনিদ্রাগত হইয়াছেন), স্ব এবং পর, এইরূপ বিভাগ-[দৃষ্টিতে তিনি] জাগ্রত হইতেছেন না। (অতএব) উলঙ্গ [সর্ব্বপ্রকার দোষবিমুক্ত] কাহ্নিল সহজনিদ্রালু [বটে]। (বোধিসহায়ে) [তিনি] চেতন ও বেদন-(রূপ বিকল্পজ্ঞান) [ধ্বংস করিয়া] পূর্ণভাবে নিদ্রা গেলেন (এবং সেই জ্ঞানের দ্বারা) সকল সুফল করিয়া (ত্রৈলোক্য শোধনপূর্ব্বক) [সহজ]-সুখে শয়ন করিলেন। [শয়ান অবস্থায়] আমি স্বপ্নে দেখিলাম—ত্রিভুবন শূন্য [অস্তিত্ববিহীন হইয়া গিয়াছে এবং]

১। সর্ব্বেষাং খলু বস্তূনাং বিশুদ্ধিস্তথতা মতা।—৭১ পৃঃ দ্রষ্টব্য।

(অবধূতিকা) [জন্মমৃত্যুরূপ] আগমন গমন বিহনেই ঘুরিতেছে। [এ বিষয়ে আমি] জালন্ধরিপাদকে সাক্ষী করিব। [কেন না], (পুস্তকসম্বল) পণ্ডিতাচার্য্যেরা [এ বিষয়ে] আমার পক্ষে রহে না।

৩৭

রাগ কামোদ

তাড়কপাদানাম্—অপণে নাহিঁ সো কাহেরি শঙ্কা।
তা মহামুদেরী টুটি গেলি কংখা ॥ ধ্রু ॥
অনুভব সহজ মা ভোল রে জোই।
চৌকোটিবিমুকা জইসো তইসো হোই ॥ ধ্রু ॥
জইসনে অছিলে স তইসন অচ্ছ।
সহজ পিথক জোই ভান্তি মা হো বাস ॥ ধ্রু ॥
বাণ্ডকুরুণ্ড সন্তারে জাণী।
বাক্‌পথাতীত কাঁহি বখাণী ॥ ধ্রু ॥
ভণই তাড়ক এথু নাহিঁ অবকাশ।
জো বুঝই তা গলেঁ গলপাস ॥ ধ্রু ॥

(গুরুচরণরেণুপ্রসাদে দেখিলাম যে, স্বকায়ে আত্ম এবং আত্মীয়বুদ্ধিতে বিচরণশীল যে) আপনি, সে আর নাই ; (সুতরাং মৃত্যু, মার, ক্লেশ ইত্যাদির) ভয় করিব কিসের জন্য ? (অতএব) মহামুদ্রা-(সিদ্ধির যে) আকাঙ্ক্ষা, তাহাও (আমার) টুটিয়া গেল, (কেন না, উহাও ত একটি বিকল্প ভাব মাত্র)। রে যোগি ! সহজ অনুভবের (অর্থ বলিয়া বুঝান যায় না, এ কথা তুমি) ভুলিও না। (কেন না, বলিতে গেলেই উহা পর হইয়া যায়, ভাবনাসংবৃত্তির অনুবোধে স্বরূপ আর থাকে না)। (সুতরাং) চতুষ্কোটি ভাব[১] হইতে বিমুক্ত [আমি, আসলে] যেমন, তেমনই হই। (বজ্রধর ও নৈরাত্মার মিলনে সুখময় হইতে উৎপন্ন হইয়া তুমি) যে প্রকার (বজ্রধর) ছিলে, (বজ্রগুরু কর্ত্তৃক আবার তাহাতেই দৃঢ়ীকৃত হইয়া) তেমনই আছ। হে যোগি ! সহজ বস্তু পৃথক্, এই ভ্রান্তিতে তুমি বাস করিও না। নদী পার করিবার সময় (পাটনী পারগমনেচ্ছু ব্যক্তির নিকট পারের কড়ি আছে কি না, তাহা তাহার) বাঁটুয়া ও করণ্ড (অনুসন্ধান করিয়া) জানিয়া লয়, [কিন্তু] বাক্‌পথের অতীত (স্বসংবেদ্য-লক্ষণযুক্ত যে ধর্ম্ম), তাহা কি করিয়া ব্যাখ্যা করিব ? (তাহা কি সেই ভাবে অন্বেষণ বা) ব্যাখ্যা করা যায় ? তাড়ক বলেন—এই ধর্ম্মে (বালযোগীদের প্রবেশ

১। সৎ নয়, অসৎ নয়, সদসৎ নয়, অনুভয়াত্মক নয়,—ইহার নাম চতুষ্কোটি।

করিবার) অবকাশ নাই। [আর এই ধর্ম্ম] যে বুঝে, তাহার গলদেশে (সংসাররূপ) গলপাশ (বাঁধা আছে)। [কেন না, এই ধর্ম্ম মাত্র বুঝিবার নয়, অনুভব করিবার ধর্ম্ম]।

৩৮

রাগ ভৈরবী

সরহপাদানাম্—কাঅ ণাবড়ি খাণ্টি মণ কেড়ুআল।
সদ্‌গুরুবঅণে ধর পতবাল ॥ ধ্রু ॥
চীঅ থির করি ধরহু রে নাই।
অন উপায়ে পার ণ জাই ॥ ধ্রু ॥
নৌ বাহী নৌকা টাণঅ গুণে।
মেলি মেল সহজে জাউ ণ আণেঁ ॥ ধ্রু ॥
বাট অভঅ খাণ্টবি বলআ।
ভব উলোলেঁ বিষঅ বোলিআ ॥ ধ্রু ॥
কুল লই খর সোন্তে উজাঅ।
সরহ ভণই গঅণেঁ সমাঅ ॥ ধ্রু ॥

কায়কে নৌকা, [তাহার] খুঁটিতে [বদ্ধ] মনকে (মনের পঞ্চবিধ বিজ্ঞানকে) বৈঠা এবং সদ্‌গুরুর বাক্যকে হাইল [করিয়া] ধর। রে (সরহপাদ !) চিত্তকে (পঞ্চজ্ঞানাত্মক, বিলক্ষণশোধিত সংবৃতিবোধিচিত্তকে) স্থির করিয়া (ভবজলধিমধ্যে) কায়নৌকাকে ধারণ কর (রক্ষা কর)। [কেন না, এই নৌকা ভিন্ন] অন্য [কোনও] উপায়ে (ভবসমুদ্রের) পারে যাওয়া যায় না। (বাহ্য জগতে নাবিক) নৌকা বাহে এবং গুণের দ্বারা টানিয়া নেয়, (কিন্তু এই কায়নৌকা বাহা সেরূপ নহে)। (সহজানন্দপ্রাপ্তির উপায় বজ্রগুরুর সহিত) মিলিত হইয়া, (কায়নৌকা পরিত্যাগপূর্ব্বক) [বজ্রগুরুর সহিত] সহজানন্দে মিলিত হও। অন্য [কোনও উপায়ে] সহজানন্দে যাইতে পারিবে না। এই পথ অভয় পথ ; (কিন্তু পানাহার ও বিষয়াসক্তিবশতঃ সাধক এই পথ হইতে ভ্রষ্ট হইলে চন্দ্র ও সূর্য্যরূপ দুই) খড়্গধারী দস্যু বলবান্ হইয়া উঠে। [তাহাতে] ভব-(সমুদ্র) বিষয়রূপে উল্লোলিত হইয়া, (তদ্দ্বারা নৈরাত্মধর্ম্ম সর্ব্বপ্রকারে) খণ্ডিত হইয়া যায়। [সুতরাং তুমি] কুলকে (চন্দ্রাদি কুমার্গ যাহাতে লয় প্রাপ্ত হয়, সেই প্রকৃতিপরিশুদ্ধাবধূতিকাকে) গ্রহণ করিয়া, (মহাসুখরাগরূপ) খর স্রোতে উজাইয়া চল (ঊর্দ্ধে চল)। সরহ বলেন,—[তুমি] (বৈমল্যচক্রদ্বীপরূপ) গগনে প্রবেশ কর।

৩৯

রাগ মালশী

সরহপাদানাম্—সুইণা হ অবিদার অরে নিঅমন তোহোর দোসে।

গুরুবঅণবিহারেঁ রে থাকিব তই ঘুণ্ড কইসে ॥ ধ্রু ॥

অকট হুঁভব ই গঅণা।

বঙ্গে জায়া নিলেসি পরে ভাগেল তোহোর বিণাণা ॥ ধ্রু ॥

অদভুঅ ভবমোহ রে দিসই পর অপ্পণা।

এ জগ জলবিম্বাকারে সহজেঁ সুণ অপণা ॥ ধ্রু ॥

অমিআ অচ্ছন্তেঁ বিস গিলেসি রে চিঅ পরবস অপা।

ঘরেঁ পরেক বুঝ্‌ঝিলে রে খাইব মই দুঠ কুণ্ডবা ॥ ধ্রু ॥

সরহ ভণন্তি বর সুণ গোহালী কি মো দুঠ বলন্দেঁ।

একেলে জগ নাশিঅ রে বিহরহুঁ সুচ্ছন্দে ॥ ধ্রু ॥

অরে নিজমন! [এই জগৎ] স্বপ্ন-[সদৃশ অবাস্তব হইলেও] তোমার অবিদ্যার দোষে (তুমি ইহাকে সৎরূপে অবগত হইতেছ)। রে (চিত্তরাজ!) [কোথায় তুমি] গুরুবচন-[রূপ জ্ঞানে] বিহার করিতে থাকিবে, [তা না করিয়া] তুমি [দেখ না], কি প্রকারে [ইতস্ততঃ] ঘুরিয়া বেড়াইতেছ! রে হুংভব! (হুঙ্কারবীজোদ্ভব চিত্তরাজ!) এই [দেখ না, তুমি এক] আশ্চর্য্য (প্রভাস্বর) গগনে (প্রবিষ্ট হইয়া) বঙ্গদেশোদ্ভবা জায়া (অদ্বৈতজ্ঞান) গ্রহণ করিলে, পরক্ষণেই তোমার (অবিদ্যাদোষজাত বিষয়)-বিজ্ঞান ভগ্ন হইয়া গেল। ওরে! (সত্বগণের এই) ভবমোহ অতিশয় অদ্ভুত, (যে মোহ হইতে তাহারা) পর ও আপন, (এইরূপ ভেদ) দর্শন করিয়া থাকে। (কিন্তু তত্ত্বদর্শীর নিকট) এই জগৎ জলবিম্বাকারে (জলে প্রতিবিম্বিত চন্দ্রাকারে প্রতিভাত হয়) এবং আপনাকে [তাঁহারা] সহজ শূন্যরূপে [অনুভব করেন]। রে পরবশীভূত [আমার] আপন চিত্ত! (সহজানন্দরূপ) অমৃত বর্ত্তমান থাকিতে [তুমি] (বিষয়রূপ) বিষ গলাধঃকরণ করিতেছ। রে চিত্ত! [এত দিন তুমি] ঘরে (স্বকায়ে) পরকে (রাগ-দ্বেষ-মোহাদিকে) বুদ্ধিস্থ করিয়া রাখিয়াছিলে। [এখন] (নিজ গৃহিণী নৈরাত্মাকে আলিঙ্গন করিয়া) আমি [ঐ] দুষ্টসর্কলের কুণ্ডকে (মূল উৎসকে) খাইয়া ফেলিব। সরহ বলেন,—দুষ্ট বলদের (দুষ্ট বিষয়ে বলদাতা চিত্তের) দ্বারা আমি কি (করিব?), ওরে! (সে যে) একলাই (ত্রি)-জগৎ নাশ করিল। [তদপেক্ষা আমার] শূন্য গোহাইল (ইন্দ্রিয়ের অবলম্বন প্রভাস্বর স্বকায়) শ্রেষ্ঠ; (তাহাতে আমি) স্বচ্ছন্দে (ত্রিজগতে) বিহার করিতে পারিব।

৪০

রাগ মালসী গবুড়া

কাহ্নুপাদানাম্—জো মণগোঅর আলাজালা।
আগম পোথী ইষ্টামালা ॥ ধ্রু ॥
ভণ কইসেঁ সহজ বোল বা জাঅ।
কাঅ বাক্ চিঅ জসু ণ সমাঅ ॥ ধ্রু ॥
আলে গুরু উএসই সীস।
বাক্পথাতীত কাহিব কীস ॥ ধ্রু ॥
জে তই বোলী তে ত বিটাল।
গুরু বোব সে সীসা কাল ॥ ধ্রু ॥
ভণই কাহ্নু জিণরঅণ বিকসই সা।
কালেঁ বোব সংবোহিঅ জইসা ॥ ধ্রু ॥

আগম, (মন্ত্রশাস্ত্রাদির) পুথি, ইষ্ট-[মন্ত্রের জপ]-মালা [ইত্যাদি] যাহা [কিছু] মন ও ইন্দ্রিয়পথে [গ্রহণীয় জ্ঞান, সে সমস্তই] আগম-নির্গমশীল (বিকল্পজাল)। [সুতরাং] বল, (পৃথক্ জনগণের) কায়-বাক্-চিত্ত যাহাতে প্রবেশ করে না, [তাহাদের নিকট] সহজরূপ (অনুত্তর জ্ঞান) কি প্রকারেই বা বলা যায়? গুরু বৃথাই শিষ্যকে উপদেশ দান করেন। [কেন না, যে সহজধর্ম্ম] বাক্পথের অতীত, [তাহা তিনি] কি প্রকারে কহিবেন? যিনি তাহা বলেন, তিনি (সহজধর্ম্মকে) বিটালিত (অসৎরূপে প্রতিপন্ন) করেন। (যিনি বজ্র)-গুরু, (তিনি এই ধর্ম্মব্যাখ্যা বিষয়ে) বোবা [মুখে কিছুই বলেন না]; সেহেতু (তাঁহার) শিষ্যও কালা (গুরু কিছু বলেন না, সুতরাং শিষ্যও কিছু শুনে না)। কাহ্নুপাদ বলেন,—(চতুর্থানন্দরূপ) জিনরত্ন বিকসিত হইয়া রহিয়াছে; বোবা লোক (সঙ্কেত ও অঙ্গস্পর্শাদি দ্বারা) যেমন কালা ব্যক্তিকে সম্বোধিত করে, (সদ্গুরু তেমনি স্বশক্তিপ্রভাবে শিষ্যকে সহজসুখে সম্বোধিত করেন)।

৪১

রাগ কহ্নুগুঞ্জরী

ভুসুকুপাদানাম্—আইএ অণুঅনা এ জগ রে ভাংতিএঁ সো পড়িহাই।
রাজসাপ দেখি জো চমকিই সাঁচে কি তাক বোড়ো খাই ॥ ধ্রু ॥
অকট জোইআ রে মা কর হথা লোহা।
অইস সভাবেঁ জই জগ বুঝসি তুটই বাষণা তোরী ॥ ধ্রু ॥

মরুমরীচি গন্ধনইরী দাপণপতিবিম্বু জইসা।
বাতাবত্তেঁ সো দিঢ় ভইআ অপেঁ পাথর জইসা॥ ধ্রু॥
বাঙ্কিসুআ জিম কেলি করই খেলই বহুবিহ খেলা।
বালুআতেলেঁ সসর সিংগে আকাশফুলিলা॥ ধ্রু॥
রাউতু ভণই কট ভুসুকু ভণই কট সঅলা অইস সহাব।
জই তো মূঢ়া অচ্ছসি ভান্তী পুচ্ছতু সদ্‌গুরুপাব॥ ধ্রু॥

(পরমার্থতত্ত্বজ্ঞ ব্যক্তি) এই জগৎকে আদৌ অনুৎপন্ন (বলিয়া জানেন), [কিন্তু] রে (বালযোগি! অবিদ্যারূপ) ভ্রান্তিবশতঃ [তোমার নিকট] সেই (জগৎ উৎপন্ন বলিয়া) প্রতিভাত হইতেছে। রজ্জুতে সর্প দেখিয়া, যে চমকিত হইয়া উঠে, তাহাকে কি সত্যই বোড়ো সাপে খায়? রে যোগি! [কি] আশ্চর্য্য [ব্যাপার! তুমি সংসারকে উৎপন্ন বলিয়া গ্রহণ করিয়া] হাত লবণাক্ত করিও না। জগৎকে যদি [তুমি] ঈদৃশস্বভাবে বুঝ, (তবেই) তোমার (অনাদি ভববিকল্প)-বাসনা টুটিয়া যাইবে। মরুভূমিতে যেমন মরীচিকা, [আকাশে] যেমন গন্ধর্ব্বনগরী, যেমন দর্পণে প্রতিবিম্ব, যেমন বায়ুর আবর্ত্তে দৃঢ়ীভূত হইয়া জল, প্রস্তরবৎ দৃষ্ট হয়, যেমন বন্ধ্যাপুত্র কেলি করে, বহুবিধ খেলা খেলে, যেমন বালুকার তেল, শশকের শৃঙ্গ, আকাশপুষ্প, (এই সব কথায় যেমন উহাদের অনুৎপন্ন-স্বভাবই সূচিত হয়), রাউত [এই] আশ্চর্য্য [কথা] বলেন, ভুসুকু [এই] আশ্চর্য্য [কথা] বলেন—সকল (ভাবপদার্থেরই) এইরূপ স্বভাব। (ওহে বালযোগি!) তুমি যদি (এ বিষয়ে) মোহমুগ্ধ ও ভ্রান্তিযুক্ত থাক, (তবে) সদ্‌গুরুচরণ-[সমীপে গিয়া] জিজ্ঞাসা কর।

৪২

রাগ কামোদ

কাহ্নুপাদানাম্—চিঅ সহজে শূণ সংপুন্না।
কান্ধবিয়োএঁ মা হোহি বিসন্না॥ ধ্রু॥
ভণ কইসে কাহ্নু নাহি।
ফরই অনুদিন তৈলোএ পমাই॥ ধ্রু॥
মূঢ়া দিঠ নাঠ দেখি কাঅর।
ভাগ তরঙ্গ কি সোষই সাঅর॥ ধ্রু॥
মূঢ়া অচ্ছন্তে লোঅ ন পেখই।
দুধ মাঝেঁ লড় অচ্ছন্তে ন দেখই॥ ধ্রু।

ভব জাই ণ আবই এথু কোই।
আইস ভাবে বিলসই কাহ্নিল জোই ॥ ধ্রু ॥

(আমার) চিত্ত স্বভাবতই (সর্ব্বক্ষণ ষোড়শী) শূন্যতায় সংপূর্ণ। [সুতরাং] (ওহে জনগণ! আমার) স্কন্ধবিয়োগে [রূপাদি পঞ্চ স্কন্ধরূপ বাহ্য বিজ্ঞানের সহিত বিচ্ছিন্নতায়, আমি মরিয়া গিয়াছি বলিয়া তোমরা] বিষণ্ণ হইও না। (ওহে বালযোগি!) কাহ্নু নাই, [এ কথা তুমি] কিরূপে বল? [সে ত] ত্রৈলোক্য প্রমাপিত করিয়া [ব্যাপ্ত করিয়া] অনুদিন (পরমার্থসমুদ্রে) ক্রীড়া করিতেছে। মূঢ়েরা দৃষ্ট [বস্তুকে] নষ্ট [হইতে] দেখিয়া কাতর হয়। [কিন্তু তাহারা এই কথা বুঝে না যে], (সমুদ্রের যে) তরঙ্গটি ভগ্ন [হইয়া গেল, সে] কি [তাহার উৎপত্তিস্থল] সাগরকে শোষণ করিয়া ফেলিল? দুগ্ধের মাঝে মাখম আছে, [ইহা যেমন] দেখা যায় না, মূর্খেরা [তেমনি সূক্ষ্মরূপে বিদ্যমান] লোক-[সকল] প্রত্যক্ষ করে না। [এই] ভব-[সংসার হইতে] কেহ চলিয়াও যায় না, এখানে কেহ আসেও না, এইরূপ ভাবে (ভবস্বভাব পরিজ্ঞাত হইয়া) কাহ্নিল যোগী ক্রীড়া করিতেছেন।

৪৩

রাগ বঙ্গাল

ভুসুকুপাদানাম্—সহজমহাতরু ফরিঅ এ তেলোএ।
খসমসভাবে রে বা ণ মুকা কোএ ॥ ধ্রু ॥
জিম জলে পাণিআ টলিয়া ভেড় ন জাঅ।
তিম মণরঅণা রে সমরসে গঅণ সমাঅ ॥ ধ্রু ॥
জাসু নাহি অপ্পা তাসু পরেলা কাহি।
আই অনুঅণা রে জামমরণ ভাব নাহি ॥ ধ্রু ॥
ভুসুকু ভণই কট রাউতু ভণই কট সঅলা এহ সহাব।
জাই ণ আবই রে ণ তহিঁ ভাবাভাব ॥ ধ্রু ॥

(বজ্র ও পদ্মের সংযোগে সমুদিত সুখরূপ বীজ) সহজ-মহাতরুরূপে এই ত্রৈলোক্য (ব্যাপ্ত করিয়া) স্ফুরিত হইতেছে। ওরে! (ইহার) গগনোপম (সুখ)-স্বভাব [জানিয়া] (ত্রিলোকমধ্যে) কোন্ (বিদ্বান্ ব্যক্তি) মুক্ত না হয়? যেমন জলে জল টলিয়া উঠিলে [জল তরঙ্গিত হইলে] (বিদ্বজ্জন কর্ত্তৃক) ভেদ [দৃষ্ট] হয় না, তেমনি (যোগীন্দ্রের) মনোরত্ন-(রূপ বোধিচিত্ত) সমরসীভূত [হইয়া] (প্রভাস্বর) গগনে প্রবেশ করে। যাঁহার (যে যোগীন্দ্রের) আত্মা (ও আত্মীয়-বোধ) নাই, তাঁহার পরবোধ কি করিয়া থাকিবে? ওরে! [যে] জন্ম-মরণ-ভাব আদৌ অনুৎপন্ন, (সেই সিদ্ধ পুরুষের

তাহা) নাই। ভুসুকু [এই] আশ্চর্য্য [কথা] বলেন, রাউতু [এই] আশ্চর্য্য [কথা] বলেন,—সকল (ভাবের) ইহাই স্বভাব (স্বরূপ)। ওরে! তাহাতে (সেই গম্ভীর সহজানন্দানুভবে) ভাব ও অভাব-(রূপ বিকল্প) নাই; [অতএব] (ত্রিনসংসারকারাগারে কোনও যোগী) আসেও না, যায়ও না।

৪৪

রাগ মল্লারী

কঙ্কণপাদানাম্—সুনে সুন মিলিআ জবেঁ।
সঅল ধাম উইআ তবেঁ॥ ধ্রু॥
আছহুঁ চউ খণ সংবোহী।
মাঝ নিরোহেঁ অণুঅর বোহী॥ ধ্রু॥
বিন্দু ণাদ ণ হিএঁ পইঠা।
আণ চাহন্তে আণ বিণঠা॥ ধ্রু॥
জথাঁ আইলেঁসি তথা জান।
মাসং থাকী সঅল বিহাণ॥ ধ্রু॥
ভণই কঙ্কণ কলঅল সাদেঁ।
সর্ব্ব বিচুরিল তথতানাদেঁ॥ ধ্রু॥

শূন্যে (তৃতীয় স্বাধিষ্ঠানশূন্যে, বজ্রগুরুর অধিষ্ঠানবশতঃ) শূন্য (চতুর্থ শূন্য) যখন (নিজেই আসিয়া) মিলিয়া যায়, সেই সময়ে সকল ধর্ম্ম (যুগনদ্ধমূর্ত্তি দর্শনের ফল) উদিত হয়। (সেই হেতু বিচিত্রাদি) ক্ষণ দ্বারা চতুর্থানন্দকে সম্বোধিত করিয়া (আমি) অবস্থিত আছি। [তার পর] মধ্যমার নিরোধ দ্বারা (সপ্ত প্রকৃতিদোষরূপ সমাধিমল ধ্বংস করিয়া) [আমি] অনুত্তর বোধি (লাভ করিলাম)। বিন্দু (উপায়গ্রাহক জ্ঞানবিকল্প), নাদ (প্রজ্ঞাগ্রাহ্য জ্ঞানবিকল্প) [আমার] হৃদয়ে প্রবিষ্ট হয় নাই (এই উভয়কে আমি পরিত্যাগ করিয়াছি)। (অতএব) অন্যকে (সর্ব্বধর্ম্মের অনুপলম্ভকে) দেখিতে দেখিতে, অন্য (চিত্তের জাগ্রদবস্থা) বিনষ্ট হইয়াছে। যে স্থান হইতে [তুমি] আসিয়াছ (যে বোধিচিত্ত হইতে তুমি প্রথমে উৎপন্ন হইয়াছ), তথায় (বিষয়বিকল্পরহিত সেই নিজবোধিচিত্তে) [গিয়া, তাহাকে] জান। [পরে] মাংসে[১] [নিজ বোধিচিত্তের শক্তিতে, প্রতিষ্ঠিত] থাকিয়া, [সেই শক্তিসহায়ে] (চতুর্থসুখসংবেদনস্বরূপ প্রাপ্তির) সকল [প্রতিবন্ধক] হনন কর। কঙ্কণ বলেন,—(বালযোগীদের সাকার নিরাকার ইত্যাদি যে) কল-কল শব্দ, তথতানাদের (শূন্যতাসিংহনাদের) দ্বারা সে সব বিচূর্ণ হইয়া গেল।

১। ২৩ সংখ্যক চর্য্যাতেও 'শক্তি' অর্থে 'মাংস' শব্দ ব্যবহৃত হইয়াছে।

৪৫

রাগ মল্লারী

কাহ্নুপাদানাম্—মণ তরু পাঞ্চ ইন্দি তসু সাহা।
আসা বহল পাত ফলবাহা ॥ ধ্রু ॥
বরগুরুবঅণকুঠারেঁ ছিজঅ।
কাহ্ন ভণই তরু পুণ ন উইজঅ ॥ ধ্রু ॥
বাঢ়ই সো তরু সুভাসুভ পাণী।
ছেবই বিদুজন গুরু পরিমাণী ॥ ধ্রু ॥
জো তরু ছেব ভেবউ ন জাণই।
সড়ি পড়িআঁ রে মূঢ় তা ভব মাণই ॥ ধ্রু ॥
সুণ তরুবর গঅণ কুঠার।
ছেবহ সো তরু মূল ন ডাল ॥ ধ্রু ॥

(অনাদি ভববাসনারূপ পল্লব-সকলের আশ্রয় বলিয়া) মন [একটি] তরু-[বিশেষ], পঞ্চ ইন্দ্রিয় তাহার শাখা-[বিশেষ], আশা [তাহার] বহু বহু পত্র, ফল এবং ফলবাহক। তত্ত্বজ্ঞ গুরুর বচনরূপ কুঠার দ্বারা [সেই তরুকে তুমি] ছেদন কর। কাহ্ন বলেন,—[তবেই সেই মনরূপ] তরু পুনরায় (সংসারভূমিতে) উৎপন্ন হইবে না। (নিজের) শুভ এবং অশুভ [কর্ম্মরূপ] জল (গ্রহণ করিয়া) সেই তরু (অনাদি সংসার-ভূমিতে) বর্দ্ধিত হয়। (পক্ষান্তরে) বিদ্বান্ জন (যোগী), গুরুকে প্রমাণরূপে গ্রহণ করিয়া, (তাঁহার বচনানুভব দ্বারা, সেই তরুকে) ছেদন করেন। যে (বালযোগী, মনোরূপ) তরুকে ছেদ ও ভেদ করিতে জানে না, ওরে, [সেই] মূঢ় (সংসার-দুঃখজলধির) ষড়্‌গতিতে পতিত হইয়া, তাহাতে ভব (জন্মগ্রহণ) স্বীকার করে। (সুতরাং অবিদ্যারূপ সেই) শূন্য তরুবরকে (প্রকৃতিপ্রভাস্বর)-গগনরূপ কুঠার দ্বারা ছেদন কর, (যাহাতে) সেই তরুর মূল ও ডাল [কিছুই] না থাকে।

৪৬

রাগ শবরী

জয়নন্দীপাদানাম্—পেখু সুঅণে অদশে জইসা।
অন্তরালে মোহ তইসা ॥ ধ্রু ॥
মোহবিমুক্কা জই মণা।
তবেঁ তুটই অবণাগমণা ॥ ধ্রু ॥

ন উ দাঢ়ই ন উ তিমই ন চ্ছিজ্জই।
পেখ লোঅ মোহে বলি বলি বাঝই ॥ ধ্রু ॥
ছাআ মাআ কাঅ সমাণা।
বেণি পাখেঁ সোই বিণাণা ॥ ধ্রু ॥
চিঅ তথতাস্বভাবে ষোহই।
ভণই জঅনন্দি ফুড়ণ ণ হোই ॥ ধ্রু ॥

স্বপ্নে যেমন (নিজেরই প্রতিভাস) [দেখা যায়], আদর্শে যেমন [নিজেরই] (প্রতিবিম্ব) [দেখা যায়], (এই যে ভববিজ্ঞানরূপ) মোহ, [ইহাকেও] সেইরূপ অন্তরালে [নিজের মনোমধ্যে সমুদ্ভূত বলিয়া দর্শন কর]। (বিজ্ঞানসংক্রমণকালে সদ্গুরুর বচন স্মরণ করিয়া) যদি (তুমি) মনকে মোহবিমুক্ত (করিতে পার), তবেই [তোমার] (এই সংসারে) আসা যাওয়া টুটিয়া যাইবে। (সদ্গুরুর চরণরজঃপ্রসাদে মন যদি মোহবিমুক্ত হয়, তবে অগ্নি দ্বারা) উহা দগ্ধ হয় না, (জল দ্বারা) উহা প্লাবনীয় হয় না, (অস্ত্র উহাকে) ছেদন করিতে পারে না। (পরমার্থচিত্তের) [এইরূপ প্রভাব] লোকে দেখে, (তথাপি কুবুদ্ধি লোকেরা) ঘুরিয়া ঘুরিয়া [সেই] মোহেই বদ্ধ হয়। (পরমার্থবিৎ ব্যক্তি জ্ঞাননেত্রে নিজের) কায়াকে ছায়া ও মায়ার (সমান দর্শন করেন)। [এবং] বিনা পক্ষে (পক্ষাপক্ষ ত্যাগ করিয়া, শ্রীহেরুকরূপ) সেই বিজ্ঞান (আকলন করেন)। জয়নন্দী বলেন,—চিত্ত [যদি] তথতাস্বভাবে [বুদ্ধের ঐশ্বর্য্যে] শোভিত হয়, [তবে তাহার আর] (অন্যথাভাবে) স্ফুরণ হয় না।

৪৭

রাগ গুঞ্জরী

ধামপাদানাম্—কমল কুলিশ মাঝেঁ ভইঅ মিঅলী।
সমতাজোএঁ জলিঅ চণ্ডালী ॥ ধ্রু ॥
ডাহ ডোম্বীঘরে লাগেলি আগি।
সসহর লই সিঞ্চহুঁ পাণী ॥ ধ্রু ॥
ন উ খরজালা ধুম ন দিশই।
মেরুশিখর লই গঅণ পইসই ॥ ধ্রু ॥
দাঢ়ই হরি হর বাহ্ম ভড়া।
ফীটা হই নবগুণ শাসন পড়া ॥ ধ্রু ॥

ভণই ধাম ধুড় লেহু রে জাণী।
পঞ্চ নালেঁ উঠে গেল পাণী ॥ ধ্রু ॥

কমল (প্রজ্ঞারূপ চিত্ত) কুলিশের (সহজানন্দপ্রাপ্তি-উপায়ের) মধ্যে মিলিত হইল। [উভয়ের] সমতারূপ যোগদ্বারা (অক্ষর মহাসুখরাগরূপ অনিলাবর্ত্তে নাভিদেশে অবস্থিত নির্ম্মাণচক্রে, আমার) চণ্ডালী [স্বশক্তি] জ্বলিয়া উঠিল। (মহাসুখরাগরূপ) দহন-(শক্তিযুক্ত) [সেই] অগ্নি ডোম্বীর (পরিশুদ্ধাবধূতির) ঘরে লাগিয়া গেল। [তখন] (সদ্‌গুরুর প্রসাদে পরিশোধিত সংবৃতিবোধিচিত্তরূপ) শশধরকে লইয়া [আমি] জল সিঞ্চন করিতে লাগিলাম। (জাগতিক বহ্নির ন্যায়) এই (জ্ঞানবহ্নির) প্রখর জ্বালা ও ধূম দেখা যায় না। (কিন্তু এই জ্ঞানবহ্নি ভাব ও অভাব, উভয়কে দগ্ধ করিয়া, পূর্ব্বোক্ত) সুমেরুশিখরে লইয়া গিয়া, (মহাসুখচক্ররূপ) গগনে প্রবেশ করে। হরি (মূত্রনাড়ী), হর (শুক্রনাড়ী), ব্রহ্ম (মলনাড়ী), এই ভট-[ত্রয়কে] (সেই রাগানল) দগ্ধ করিল। (নব পবনরূপ) নব গুণ এবং শাসন (পূর্ব্বে যাহাদের শাসনে আমি অবস্থিত ছিলাম, সেই চক্ষুরাদি ইন্দ্রিয় ও বিষয়সকলও) [সেই রাগানলে] স্ফোটিত হইয়া পড়িল। ধামপাদ বলেন,—(হে অনধিগতসাধনমার্গ যোগি! শ্রীগুরুর চরণসন্নিধানে গিয়া, কুলিশ ও বজ্রকে সংযুক্ত করিবার উপায়) স্পষ্ট করিয়া জানিয়া লও। [তবেই তোমার] পানি (সংবৃতি-বোধিচিত্ত, পরিশোধিত হইয়া) পঞ্চ নালে (হরি, হর, ব্রহ্মা, নব গুণ ও বিষয়েন্দ্রিয়, এই পঞ্চ নাড়ী হইতে) উঠিয়া গেল।

৪৯

রাগ মল্লারী

ভুসুকুপাদানাম্—বাজণাব পাড়ী পঁউআ খালেঁ বাহিউ।
অদঅ বঙ্গালে ক্লেশ লুড়িউ ॥ ধ্রু ॥
আজি ভুসু বঙ্গালী ভইলী।
ণিঅ ঘরিণী চণ্ডালী লেলী ॥ ধ্রু ॥
দহিঅ পঞ্চধাটণ ইংদিবিসআ ণঠা।
ণ জানমি চিঅ মোর কহিঁ গই পইঠা ॥ ধ্রু ॥
সোণ রুঅ মোর কিম্পি ণ থাকিউ।
নিঅপরিবারে মহাসুহে থাকিউ ॥ ধ্রু ॥
চউকোড়ি ভণ্ডার মোর লইআ সেস।
জীবন্তে মইলেঁ নাহি বিশেষ ॥ ধ্রু ॥

(প্রজ্ঞারূপ) পদ্ম-(মধ্যস্থ) খালে বজ্র-(রূপ) নৌকা পাতিত করিয়া, বাহিতে লাগিলাম এবং (অক্ষর সুখস্বরূপ) অদ্বয় বঙ্গাল-[ভূমিতে উপস্থিত হইয়া, সমস্ত বিষয়]-ক্লেশ লুটাইয়া দিলাম। ওহে ভুসুকু! (ধ্যানের পরিপাক অবস্থা ছাড়িয়া) [তাহার ফলস্বরূপ] আজ [তুমি] বঙ্গালী [অদ্বৈতজ্ঞানারূঢ়] হইলে; (যেহেতু তুমি অপরিশুদ্ধাবধূতি) নিজ গৃহিণীকে (প্রকৃতিপ্রভাস্বররূপিণী) চণ্ডালী [করিয়া] লইয়াছ। পঞ্চ প্রকারের বিচরণ-[ক্ষেত্র] (পঞ্চ পত্তনকে, পঞ্চ স্কন্ধকে) দগ্ধ করিয়া, [আমি] ইন্দ্রিয়বিষয়সকল নষ্ট করিলাম। (অতএব বিকল্পসকল পরিহার করায়) আমার চিত্ত-(রত্ন) কোথায় গিয়া প্রবিষ্ট হইল, [তাহা আমি] জানিতেছি না। সোন (শূন্যতাগ্রহ), রুঅ (রূপ বা ভাবগ্রহ), (স্বরূপ বিচার করিয়া) [এই উভয়ের মধ্যে] কিছুই আমার থাকিল না। (অতএব) নিজ পরিবারের মধ্যে (নিরতিশয়রূপে বিকল্প পরিহার করিয়া, আমি) মহাসুখে অবস্থিত আছি। (সেই অদ্বয়রূপ বঙ্গাল) আমার চতুষ্কোটি (বিচার)-ভাণ্ডার [লুটিয়া] লইয়া শেষ করিয়াছে। (অতএব আমার আত্মাতে এখন আর) জীবন ও মরণে [কোনরূপ] বিশেষ নাই।

৫০

রাগ রামক্রী

শবরপাদানাম্—গঅণত গঅণত তইলা বাড়ী হেঞ্চে কুরাড়ী।
কণ্ঠে নৈরামণি বালি জাগন্তে উপাড়ী ॥ ধ্রু ॥
ছাড়ু ছাড় মাআ মোহা বিষম দুন্দোলী।
মহাসুহে বিলসন্তি শবরো লইআ সুণমেহেলী ॥ ধ্রু ॥
হেরি সে মেরি তইলা বাড়ী খসমে সমতুলা।
ষুকড় এ সে রে কপাসু ফুটিলা ॥ ধ্রু ॥
তইলা বাড়ির পাসেঁর জোহ্নাবাড়ী উএলা।
ফিটেলি অন্ধারি রে আকাশফুলিআ ॥ ধ্রু ॥
কঙ্গুচিনা পাকেলা রে শবরা শবরি মাতেলা।
অণুদিণ শবরো কিম্পি ন চেবই মহাসুহেঁ ভোলা ॥ ধ্রু ॥
চারি বাসে গড়িলা রেঁ দিআঁ চঞ্চালী।
তহিঁ তোলি শবরো ডাহ কএলা কান্দই সগুণশিআলী ॥ ধ্রু ॥
মারিল ভবমত্তা রে দহ দিহে দিধলি বলী।
হের সে সবরো নিরেবণ ভইলা ফিটিলি ববরালী ॥ ধ্রু ॥

গগনে গগনে (শূন্যে, অতিশূন্যে) এবং তৃতীয় মহাশূন্যে (তইলা, সংলগ্ন হইয়া) বাটিকা [বর্ত্তমান রহিয়াছে]। (প্রভাস্বর চতুর্থ শূন্যরূপ) হৃদয়কে (হেঞ্চে) কুঠার (করিয়া, এই শূন্যত্রয়ের দোষ উৎপাটনপূর্ব্বক যে যোগিবর) কণ্ঠে (সম্ভোগচক্রে) নৈরাত্মা বালিকাকে (অনুদিন) [সম্ভোগ করিতে করিতে] জাগিয়া থাকেন, (তাঁহার কাছে ত্রৈলোক্য অতীব সুঘটনীয় হয়)। (ওহে যোগি !) [ঐ] বিষম দ্বন্দোলী [দ্বন্দ্বময়ী] (কর্ম্মাঙ্গনাতে) [বর্ত্তমান] মায়া ও মোহকে ছাড় ছাড়। শূন্যরূপ মেহেলীকে (নৈরাত্ম জ্ঞানমুদ্রাকে) লইয়া, শবর মহাসুখে ক্রীড়া করিতেছে। (গুরুবচনপ্রসাদে) [আমি এখন] দেখিতেছি, আমার সেই তইলা বাড়ী (তৃতীয় মহাশূন্যে লগ্ন বাড়ী বা তৃতীয় অবধূতিকা) খসম (প্রভাস্বর আকাশের সহিত) সমতুলা (সমরূপতা) [প্রাপ্ত হইয়াছে]। ওরে! সুকড় এ [এ সুকট, বড়ই আশ্চর্য্য যে], সেই কপাসু (ককারের পার্শ্ববর্ত্তী খকাররূপ চতুর্থ শূন্য, এখন আমার) ফুটিয়া উঠিল। তইলা বাড়ীর পার্শ্ববর্ত্তী জ্যোৎস্না বাড়ী [যখন] উদিত হইল (জ্ঞানরূপ ইন্দুমণ্ডলের যখন উদয় হইল), (সেই সময়ে ক্লেশরূপ সকল) অন্ধকার আকাশ-পুষ্প-[বৎ হইয়া] পলায়ন করিল। ওরে! কঙ্গুচিনাফল (সংবৃত্তিবোধিচিত্ত) পাকিয়া উঠিল, [তাহা খাইয়া] শবর ও শবরী মাতিয়া উঠিল। অনুদিন (অনাসঙ্গনাদানন্দপ্রমোদে) [মত্ত] শবর [অন্য] কোন কিছুতেই জাগ্রত হয় না ; সে মহাসুখে বিভোর [হইয়া রহিয়াছে]। ওরে! (চতুর্থী সন্ধ্যায় যোগীন্দ্র) চারি (চতুরানন্দরূপ) বাসস্থান গড়িয়া তুলিল (স্থিরীকৃত করিল), এবং চঞ্চালী (চঞ্চল বিষয় ও ইন্দ্রিয়গণকে) সেইখানে তুলিয়া দিয়া, তাহাদিগকে শবর দাহ করিল। সগুণ শৃগালী [তখন] কান্দিতে লাগিল। ওরে! বলবান্ ভবমত্ততাকে, দশ দিকে দগ্ধ করিয়া শবর মারিল। [ঐ] দেখ, সেই শবর নির্ব্বাণ প্রাপ্ত হইল এবং [তাহার] শবরালি ঘুচিয়া গেল।

সংশোধন ও সংযোজন

পৃ. ৫৯, পংক্তি ১, 'বাটত ভঅ' স্থলে 'বাট অভঅ' হইবে।

পৃ. ৷/০, পংক্তি ২১, ৪র্থ চর্য্যার ব্যাখ্যার প্রথমে 'নাড়ীত্রিতয়ে' কথার পূর্ব্বে '(ললনা, রসনা, অবধূতিকা, এই)' কয়টি কথা বসিবে।

পৃ. ঐ, পংক্তি ঐ, 'নিরাত্ম) যোগিনী-(সাধককে)' স্থলে 'নিরাত্ম)-যোগিনী (সাধককে)' হইবে।

সরোজ-বজ্রের বাঙ্গালা

দোহাকোষ

অদ্বয়-বজ্রের সংস্কৃত টীকা সহ

নমঃ শ্রীবজ্রসত্ত্বায়।

নমস্কৃত্য জগন্নাথান্ গুরূন্ সততমাদরাৎ।
লিখ্যতে দোহকোষস্য সহজাম্নায়পঞ্জিকা॥
সরোজবজ্রপাদৈশ্চ কৃতং তদাগমানুগং।
ন কিঞ্চাপূর্ব্বমুদ্দিষ্টং ভগবৎকথিতং[1] পুরা॥
ষড়্দর্শনেষু যত্তত্ত্বং ন জানন্তি তদাশ্রিতাঃ।
জাতিবাদাদিমাশ্রিত্য ব্রাহ্মণাদিনিরর্থকাঃ॥
ভ্রমন্তি ষড়্গতৌ ভ্রষ্টা মোক্ষা মোক্ষাম্নগর্হিতাঃ[2]।
প্রত্যক্ষঞ্চানুমানঞ্চ প্রমাণদ্বয়বাহ্যকাঃ॥
সম্যগ্‌মার্গবিরহাচ্চৈব[3] পাপমিত্রেষু সঙ্গতাঃ।
তস্মাদ্‌গুর্ব্বারাধনং যৎ ক্রিয়তে সাধুভিঃ সদা॥
তস্য তুষ্ট্যা ভবেন্মুক্তিরিহ লোকে পরত্র চ।
দদাতি সর্ব্বসম্ভাবং তথাগতোক্তমাদরাৎ॥

অত্র তাবৎ ষড়্দর্শনানি উচ্যন্তে। ব্রহ্ম-ঈশ্বর-অর্হন্ত-বৌদ্ধ-লোকায়ত-সাংখ্যাঃ। এতেষাং ক্রমব্যতিক্রমেণ গ্রন্থকার[4] আহ।

বহ্মণেহিমিত্যাদিনা(ণা)—জাণিঅ তুল্লেমিতি পর্য্যন্ত[ং]।

ব্রাহ্মণস্য নিরাসার্থমুচ্যতে। তত্র

বহ্মণেহি ন জাণন্ত হি ভেড়ু ইতি। ব্রাহ্মণা ন জানন্তি ভেদং প্রভেদঞ্চেতি[5]।

তত্ কথং ভেদস্য ভেদ উচ্যতে।[6]

১। পুথি, ভগবতা কথিতং। ২। পুং, মোক্ষামোক্ষাম্নাগর্হিতাঃ। ৩। পুং, হাচ্চেব।
৪। পুং, গ্রন্থকারায় আহ। ৫। পুং, প্রভেদচেতি। ৬। পুং, ভেদ্যতে।

তত্র প্রথমতো জাতিভেদঃ(१)। তেষাং বাক্যং, যতশ্চতুর্ব্বর্ণানামুত্তমো ব্রাহ্মণবর্ণঃ। তন্নিষিধ্যতে। প্রমাণাগমাভ্যাং যুক্ত্যা চ। তর্হি যদি তাবৎ জাত্যা ব্রাহ্মণঃ। ব্রাহ্মণো মুখ[৭]-মাসীদিতি বচনাৎ। তদা তস্মিন্নেব[৮] কালে ব্রাহ্মণ উচ্যতে। নোঽন্যস্মাৎ[৯]। তৎ কথং। ইহ প্রত্যক্ষপ্রমাণাৎ যোনিসম্ভবা[১০]চ্চেতি। পূর্ব্বাভাবস্তস্মাৎ। একাভাবে অনেকপর্য্যালোচিতং বস্তু ন স্যাৎ। তেষামপি যৎমুখ আসীদিতি [২] মৃষেব বচনং ধূর্ত্তবচনাদিতি। অথবা সংস্কারেণ ব্রাহ্মণস্তদেব ন ভবতি। কথমাহ[১১] অন্ত্যজস্যাপি সংস্কারঃ ক্রিয়তে। স কথং ন ব্রাহ্মণঃ স্যাৎ। তস্মান্নিষিধ্যতে জাতিঃ। তৎ কথং জাত্যভাবেন বেদঃ স্বয়ম্ভূঃ। আহ।

এবই পঢ়িঅউ এ চউবেঅ ইতি।

জাতিভেদমজানদ্ভিরেবম্পঠিতাশ্চতুর্ব্বেদাঃ। ঋক্সামযজুথর্ব্বাঃ। এতএবান্ত্যজানা[ং] ন বিরুধ্যন্তে। পাঠাদিকরণঞ্চেতি। দ্বয়োর্নাববোধাৎ। অথ শব্দমাত্রে চাববোধঃ। তদা সর্ব্বেষামপি সাধারণত্বমায়াতি। যথা ব্যাকরণমধ্যে বেদাৎ তস্য শব্দঃ সাধ্যতে। তদেব শব্দমাত্রং লোকোক্তিলক্ষণং। ন পুন[ঃ] পরমার্থঃ কশ্চিৎ। শব্দোব[া]নিত্যরূপকো ন নিত্যো ভবতি; স্বয়ম্ভুশ্চেতি। কথমুচ্যতে নিত্য ইতি। যথা লোকস্য সত্তা নাস্তি অনিত্যত্ব[া]দিতি। তথা তদ্বিলীনং বেদেষু প্র[া]মাণ্যং নাস্তি। কারকভাবান্ন[১২]বিরোধঃ। গ্রামো নাস্তি কুতঃ সী(সি)মা। তৎকথং কারকং নাস্তি[১৩] আহ, স্বয়মেব সিদ্ধত্বাৎ। পুরুষ-কারকরূপং তচ্চ প্রত্যক্ষেঽপি কর্ম্মণা(না) বিনাশোঽস্তীতি[১৪] প্রতীত্যসমুৎপাদত্বাৎ। পূর্ব্ব[া]-ভাবাৎ পরস্য সত্তা নাস্তি। মায়াবদ্রূপদর্শনাৎ। স[ং]যোগমাত্রমেবেতি, ভ্রান্ত্যা সম্ভবাৎ[১৫]। এবং সর্ব্বসংসারং ভ্রান্তিমাত্রতয়া অজানানা ষড়্গতৌ ভ্রমন্তি। তন্নিরোধাৎ[১৬] সর্ব্বং সুস্থং ভবতি। অনেনাপি বেদঃ ক্রিয়ামাত্রং ন ভবতি। কারণাভাবে(ব) কার্য্যস্যোপচারণমলীক-মেবেতি বিস্তরঃ। তস্মাৎ অবিপ্রমাণ(ন)ত্বে সর্ব্বং ক্রিয়তে। স চাহ,

মট্টীত্যাদিনা অগ্‌গিহুণন্তেতি।

কিন্তেন অগ্নিহোত্রেণ[২ক] চ।

কজ্জে বিরহিঅ হুঅবহ ইতি।

কার্য্যবিরহিতেনাগ্নিহোত্রেণ। ঘৃতাদিহোমং নাস্তি। কথং পরমার্থমজানতাঞ্চ ফলং ভবতি। তদা অন্ত্য(ন্ত)জস্যাপি তাদৃশং তাদৃশং ভবেৎ নিষ্কৈবল্যং[১৭]।

অক্‌খি ডহাবিঅ কড়ুএ ধুমেমিতি।

৭। পুং, ব্রাহ্মণো মুখ আসীৎ। ৮। পুং, তস্মিনেব। ৯। পুং, গো স্মাৎ।
১০। সম্ভব চেতি। ১১। কথ আহ। ১২। পুং, কারকভাবান।
১৩। নাস্তিঃ। ১৪। বিনাসো অস্তীতি। ১৫। পুং, সম্ভাবাৎ।
১৬। পুং, তংনিরোধাৎ। ১৭। পুং, নিষ্কৈবলং।

অত্যন্তকটুধূমেন চক্ষুষি দাহ[ং] করোতি। যয়া রোগপীড়া ভবিষ্যতি। তর্হি কথং। তেষা[ং] তত্ত্বমাহ। পরমব্রহ্মমিতি। তচ্চ নানাপ্রকারং বদন্তি। ব্রহ্মজ্ঞানমিত্যাদি। তত্র পরমব্রহ্মমিতি। যাজ্ঞিকবচনহোমেন ব্রহ্মত্ব[ং] যান্তি। তচ্চ স্বর্গকামোপভোগফল[ং] তেষামভিলষিতঞ্চ। তয়া শ্বেতচ্ছাগনিপাতনয়া নরকাদিদুঃখমনুভবন্তি। সন্ধ্যাভাষমজ্ঞানানন্থা[ং] চ। তস্মাদ্ব্রহ্ম ব্রহ্মহত্যা[১৮]বেত্যাপাদি।

সর্ব্ব[ং] ব্র[হ্ম]মিতি বচনাৎ। এবং ব্রহ্মজ্ঞানমিতি। তদপি ন সিধ্যতি। কুতো যচ্চ(চ)তুর্ব্বেদার্থর্ব্বণেন চ তেষাং যোগাচারদর্শন[ং] স ন বেত্তি। বেদত্রয়েষু পাঠমাত্রমপি ন সিদ্ধং। তদা সত্যবিচ্ছিন্নং মৃষৈ(ষে)[ব] বচনং। অথ তত্রোক্তং সর্ব্বং নাস্তি ব্রহ্মজ্ঞানং। তদা বেদত্রয়স্য প্রামাণ্যং নাস্তি তয়া নিষেধাৎ। চতুর্থস্যাথর্ব্বণস্য স নাস্তি, অন্যোহন্যবিরোধাৎ। তস্মাদ্বিনাগমেষু কথং ব্রহ্মজ্ঞানং সিধ্যতি। অসিদ্ধমেবেতি। অথবা যত্ত্বনুভবং ভবতি। তদাত্যন্তমৃষাবচন[ং]। কুতঃ? যৎ সর্ব্বং শূ(স্থ)ন্যমিতি। বস্তুন উপলব্ধির্নাস্তি কুতস্তত্ত্বজ্ঞানং ভবতি।

অনুভবঞ্চ সাকারত্বেনোপলব্ধিস্তদাজ্ঞানমেবেষ্যতে সর্ব্ববস্তুনো অনুপলম্ভাদিতি। বস্তু চ লোককল্পিতমজ্ঞানস্বভাবং। ন পুনঃ পরমার্থঃ স্যাদিতি।[১৯] [ত]পরমার্থশ্চাস্য[২০]দ্দর্শনে সদ্গুরোমুখাৎ লভ্যত ইতি।

এবং ব্রাহ্মণস্য পুনরপি চত্বারো বেদাঃ। ব্রহ্মচারী। বানস্পত্য। গার্হপত্য। যদিশ্চ[২১]। তদপ্য(স্য)সঙ্গতং। কুতঃ যতো বালত্বে নাস্তি নিশ্চয়ঃ। রক্ষণভক্ষণাদিভাবেষু। তথা ব্রহ্মচারিত্বং। সর্ব্বদর্শনানাং দৃঢ়-প্রতিব[ন্ধঃ] ক্রিয়তে। আজীব[ং] যাবৎ। ন তেষা[ং] নিশ্চয়ঃ ন পুনরপি বিবাহাদিনা গার্হপত্যত্বমাশ্রয়ন্তি, তত্রাপি চ ন নিশ্চয়ঃ। বানস্পত্যত্বমাশ্রয়ন্তি ধ্যানমন্ত্রজাপাদিকারণেন। তত্র চ ন নিশ্চয়ঃ। যদি যদিত্ব[২১]মভিলষতি সর্ব্বযজ্ঞোপবীতাদিনাধারণাৎ ভক্ষণাৎ নাস্তি ব্রাহ্মণ-চণ্ডালয়োর্ভেদঃ। এ(প্র)তাবতা(ত্তো) চাণ্ডালত্বমেবেতি সত্যং। কুতো যতঃ ব্রাহ্মণী চৌরচণ্ডা[লা]দিনা ভ্রংশং করোতি। তদা ব্রাহ্মণো বেদমালোচয়তি[২২]। তেন তস্যা ব্রাহ্মণ্যাঃ ঘৃতযোনিকরণাৎ শুদ্ধিঃ স্যাদিতি। তস্মাৎ সর্ব্বং চণ্ডালকর্ম্মৈবেতি। পুনরপি যত্নেনাপি ত্রয়ঃ প্রভেদাঃ।

দণ্ডি ইত্যাদি।

এক(ব)দণ্ডি ত্রিদণ্ডি ভঅবঁ বেশেঁ বিণুআ হোইঅ হংস উবেসঁ

মিতি।

একদণ্ডিত্রিদণ্ডি(া) ভগববেশং(সং) ভবতি। এব[ং] বেসেন বিচরতি। পুনরপ্যেতদ্ব্রতং ত্যাজ[্য]ং করোতি। অন্যমাশ্রয়ন্তি। এতদেবাহ।

১৮। পু, হাত্যা। ১৯। পরমার্থঃ স্যাদিতি দুই বার আছে। ২০। চাস্যাদ্দর্শনে।
২১। যতি হওয়া উচিত। ২২। পু, আলুকুতি।

বিনয়া হোইঅ হন্‌স উবেসেঁ ইতি। যাবন্ন পরমহংসবেশং ভবতি তাবজ্জ্ঞানং ন লভ্যতে, সর্ব্বসন্ন্যাসত্বাৎ। তদপি চ ন ভবতি। কুতঃ? অবিদ্যাবাসনাগ্রহগৃহীতত্বাৎ। প্রত্যক্ষং দৃশ্যতে। গার্হপত্যত্যাগকালে সর্ব্বং যৎকিঞ্চিৎ দ্রবিণাদি বস্তু সাধিতং, তৎ সর্ব্বং পুত্রপুত্রাদি[েক]ভ্যো দত্তং ন সর্ব্বসত্ত্বেষু সাধারণ[ং] করোতি। ন কেবল[ং]জাতিমবরোপন[ং] করোতি মদীয়কুলাকুলানষ্টত্বাৎ। তস্মাৎ;

নষ্টাস্তে মূর্খদেহিনোঽসৎকর্ম্মবাদিনঃ সদা।

ন জানন্ত্যে(ংতৈ)ব সত্তসত্ত্বং মোহিতাঃ পূর্ব্বকর্ম্মতঃ॥

তে তয়া স্বয়ং নষ্টাঃ পরানপি নাশয়ন্তি; এতদেবাহ।

মিচ্ছে ইত্যাদি।

মিচ্ছেহিঁ জগ বাহিঅ ভুল্লেঁ ইতি।

মৃষাবাক্যেন সমস্তং জগৎ মূর্খলোকঃ কুমার্গে বাহিতঃ।

ইদ[ং] চ ধর্ম্মাধর্ম্ম ণ জাণিঅ তুল্লে মিতি।

ইহ ধর্ম্মাঃ সর্ব্বপদার্থাঃ সত্ত্বনিকায়াদিরূপাঃ করুণাবিষয়াশ্চ তত্র হিতা অন্তেঽধর্ম্মকায়াদিলক্ষণাঃ তাভ্যাং তুল্যমদ্বয়ং ন জানন্তি বিশিষ্টমার্গমিতি সিদ্ধান্তঃ। সংক্ষেপতো বিস্তরোঽন্যত্রাবসেয়ঃ। ন পুনঃ পুণ্যপাপাদিতুল্যমিতি ॥০॥

ইদানীমীশ্বরাশ্রিতানামুচ্যতে।

